ছ) ই-মেইল ঠিকানায় আবশ্যিক চিহ্নটি কী?

উত্তর: @

জ) মিয়ানমারের সাথে বাংলাদেশের কয়টি জেলার সীমান্ত রয়েছে?

উত্তর: ৩ টি

ঝ) কোন দেশকে 'ইউরোপের রুটির ঝুড়ি' বলা হয়?

উত্তর: ইউক্রেন

ঞ) CPU বলতে কী বোঝায়?

উত্তর: Central Processing Unit

ট) কম্পিউটারের Keybord কী ধরণের ডিভাইস।

উত্তর: ইনপুট ডিভাইস

ঠ) DOS এর পূর্ণরূপ কী?

উত্তর: Disk Operating System

ড) DATA সংরক্ষণকারী একটি ডিভাইসের নাম লিখুন?

উত্তর: হার্ডডিস্ক

ঢ)'জুলিয়াস সিজার' কে ছিলেন?

উত্তর: রোমান সম্রাট

ণ) হাজং উপজাতিরা বাস করে এমন দু'টি জেলার নাম লিখুন।

উত্তর: ময়মনসিংহ, নেত্রকোনা

ত) বরিশালের প্রাচীন নাম কী?

উত্তর: চন্দ্রদ্বীপ

থ) বাংলাদেশের দুটি ক্যাশলেস মোবাইল ব্যাংকিং এর নাম লিখুন।

উত্তর: বিকাশ, নগদ

দ) ব্যাকটেরিয়ার কাজ কী?

উত্তর: ব্যাকটেরিয়া পুষ্টি চক্র বজায় রাখা, খাদ্য প্রক্রিয়াজাতকরণ, ঔষধ ও জৈব সার তৈরি, পরিবেশ পরিষ্কারকরণ, হজম প্রক্রিয়ায় সহায়তা এবং রোগ প্রতিরোধে ভূমিকা রাখে; তবে কিছু ব্যাকটেরিয়া রোগও সৃষ্টি করে।

ধ) ২৬৩, ২৫৩, ২৪১ এদের মধ্যে কোনটি মৌলিক সংখ্যা?

উত্তর: ২৪১

ন) বাংলাদেশ কী 'ডি-৮' এর সদস্যভুক্ত দেশ?

উত্তর: হ্যা

৪২৯

জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর

অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক

সময়: ৯০ মি | তারিখ: ৩১-০১-২৫ | মান: ১০০

বাংলা

০১। 'তারুণ্যের উৎসব' সম্পর্কে একটি অনুচ্ছেদ লিখুন।

তারুণ্যের উৎসব

"তারুণ্যের উৎসব" হলো একটি জাতীয় পর্যায়ের বার্ষিক অনুষ্ঠান, যা বাংলাদেশের তরুণ প্রজন্মকে কেন্দ্র করে আয়োজিত হয়। এই উৎসব তরুণদের সৃজনশীলতা, উদ্ভাবনী চিন্তা, নেতৃত্বের গুণাবলি এবং দেশপ্রেম জাগ্রত করার লক্ষ্যে নানা ধরনের কার্যক্রমের মাধ্যমে উদযাপন করা হয়। প্রতিবারই এই উৎসবে থাকে ক্রীড়া প্রতিযোগিতা, সাংস্কৃতিক অনুষ্ঠান, বিতর্ক ও বক্তৃতা প্রতিযোগিতা, বিজ্ঞান ও প্রযুক্তি প্রদর্শনী, লিডারশিপ প্রশিক্ষণ এবং বিভিন্ন সামাজিক সচেতনতা বিষয়ক কর্মসূচি। ২০২৫ সালের উৎসবের মূল প্রতিপাদ্য ছিল "এসো দেশ বদলাই, পৃথিবী বদলাই", যা তরুণদের পরিবর্তনের বাহক হিসেবে গড়ে তোলার আহ্বান জানায়। সরকারি ও বেসরকারি বিভিন্ন সংস্থা এই উৎসবে অংশগ্রহণ করে, ফলে এটি একটি বড় যৌথ উদ্যোগে রূপ নেয়। এই উৎসব তরুণদের মধ্যে বন্ধন সৃষ্টি করে, তাদের আত্মবিশ্বাস ও দায়িত্ববোধ বাড়ায়, এবং ভবিষ্যতের জন্য প্রস্তুত হতে সাহায্য করে। এটি কেবল বিনোদন নয়, বরং জাতি গঠনে তরুণদের সক্রিয় ভূমিকা রাখার একটি গুরুত্বপূর্ণ প্ল্যাটফর্ম। "তারুণ্যের উৎসব" বাংলাদেশের তরুণদের এক নতুন দিগন্তে উন্মোচনের এক উজ্জ্বল আলোকবর্তিকা।

০২। এক কথায় প্রকাশ করুন:

ক) মোরগের ডাক = শকুনিবাদ
খ) বহুর মধ্যে একটি = অন্যতম
গ) দুয়ের মধ্যে একটি = অন্যতর
ঘ) ক্ষুদ্র চিহ্ন = বিন্দু
ঙ) ক্ষুদ্র জাতীয় বক = বলাক

০৩। বাগধারাগুলোর অর্থ ও বাক্য তৈরি করুন:

ক) খন্ড প্রলয় = ভীষণ ব্যাপার
খ) কানি খাওয়া = পক্ষপাতিত্ব
গ) ইন্দ্রপতন = বিখ্যাত ব্যক্তির মৃত্যু
ঘ) অরণ্যে রোদন = নিষ্ফল আবেদন
ঙ) ইতর বিশেষ = পার্থক্য

০৪। নাটোরে জেলার টেকসই উন্নয়নের লক্ষ্যে মূল সমস্যাগুলো চিহ্নিত করে সমাধানের উপায়গুলো লিখুন।

০৫। Write a paragraph on 'Chalanbil of Natore'

০৬। Make sentences with idioms:

a) For good = He left the village for good.
b) Red letter day = The 16th December is a red letter day for the people of Bangladesh.
c) Cats & dogs = It is raining cats and dogs.
d) Get rid of = You should get rid of smoking.
e) To and fro = He is moving to and fro.

৭। Write a joining letter to the Deputy Commissioner of Natore for the post you have applied for.

To
The Deputy Commissioner
Office of the Deputy Commissioner
Natore, Bangladesh

Subject: Joining Letter for the Post of Office Assistant

Respected Sir,

With due respect, I would like to inform you that I have been selected for the post of Office Assistant under your kind office. In response to the appointment letter issued to me, I am reporting today to formally join the post.

I am grateful for the opportunity and sincerely express my commitment to carry out all duties and responsibilities assigned to me with honesty, dedication, and diligence. I am ready to begin my service from this day onward.

Kindly accept my joining and oblige me by issuing further instructions regarding my posting and responsibilities.

Yours faithfully,
Md. Jamil

৮। সমাধান করুন: $\frac{6x+1}{15} - \frac{2x-4}{7x-1} = \frac{2x-1}{5}$

সমাধান $\frac{6x+1}{15} - \frac{2x-4}{7x-1} = \frac{2x-1}{5}$

বা, $\frac{6x+1}{15} - \frac{2x-1}{5} = \frac{2x-4}{7x-1}$

বা, $\frac{6x+1-6x+3}{15} = \frac{2x-4}{7x-1}$

বা, $\frac{4}{15} = \frac{2x-4}{7x-1}$

বা, $30x - 60 = 28x - 4$

বা, $2x = 56$

$\therefore x = 28$ (Answer)

৯। কবির সাহেব তার 56000 টাকার কিছু টাকা বার্ষিক 12% মুনাফায় ও বাকি টাকা বার্ষিক 10% মুনাফায় বিনিয়োগ করলেন। দুই বছর পর তিনি মোট 12800 টাকা মুনাফা পেলেন। তিনি 12% মুনাফায় কত টাকা বিনিয়োগ করেছেন?

সমাধান মনে করি, কবির সাহেব 12% মুনাফায় x টাকা বিনিয়োগ করছেন।

$\therefore$ 10% মুনাফায় বিনিয়োগ করেছেন (56000– x) টাকা।

100 টাকায় 1 বছরের মুনাফা 12 টাকা

1 " 1 " " $\frac{12}{100}$ "

x " 2 " " $\frac{12 \times x \times 2}{100}$ "

$= \frac{6x}{25}$

আবার,

100 টাকায় 1 বছরের মুনাফা 10 টাকা

1 " 1 " " $\frac{10}{100}$ "

$(56000 - x)$ " 2 " " $\frac{10 \times (56000 - x) \times 2}{100}$ "

$= \frac{56000 - x}{5}$

প্রশমতে, $\frac{6x}{25} + \frac{56000 - x}{5} = 12800$

বা, $\frac{6x + 280000 - 5x}{25} = 12800$

বা, $x + 280000 = 320000$

বা, $x = 320000 - 280000$

$\therefore x = 40,000$

$\therefore$ কবির সাহেব 12% মুনাফায় 40,000 টাকা বিনিয়োগ করেছেন।

উত্তর: 40,000 টাকা।

১০। একটি সমদ্বিবাহু ত্রিভুজের ভূমির দৈর্ঘ্য ৬০ সে.মি। এর ক্ষেত্রফল ১২০০ বর্গ সে.মি হলে সমান সমান বাহুর দৈর্ঘ্য নির্ণয় কত?

সমাধান মনে করি, সমদ্বিবাহু ত্রিভুজের ভূমি b = 60 সে.মি. এবং সমান সমান বাহুর দৈর্ঘ্য a।

ত্রিভুজটির ক্ষেত্রফল $= \frac{b}{4}\sqrt{4a^2 - b^2}$

প্রশ্নানুসারে, $\frac{b}{4}\sqrt{4a^2 - b^2} = 1200$

বা, $\frac{60}{4}\sqrt{4a^2 - (60)^2} = 1200$

বা, $15\sqrt{4a^2 - 3600} = 1200$

বা, $\sqrt{4a^2 - 3600} = 80$

বা, $4a^2 - 3600 = 6400$ [বর্গ করে]

বা, $4a^2 = 10000$

বা, $a^2 = 2500$ $\therefore a = 50$

$\therefore$ ত্রিভুজটির সমান বাহুর দৈর্ঘ্য 50 সে.মি.

উত্তর: 50 সে.মি.

১১। শাহিন 240 টাকায় কতকগুলো কলম কিনল। সে যদি ঐ টাকায় একটি কলম বেশি পেতো তবে প্রতিটি কলমের দাম গড়ে 1 টাকা কম পড়তো। সে কতগুলো কলম কিনল?

সমাধান মনে করি, শাহিন 240 টাকায় মোট x টি কলম কিনেছিল। এতে প্রতিটি কলমের দাম পড়ে $\frac{240}{x}$ টাকা।

সে যদি 240 টাকায় (x + 1) টি কলম পেতো তবে প্রতিটি কলমের দাম পড়তো $\frac{240}{x+1}$ টাকা।

প্রশ্নমতে, $\frac{240}{x+1} = \frac{240}{x} - 1$

বা, $\frac{240}{x+1} = \frac{240 - x}{x}$

বা, $240x = (x + 1)(240 - x)$

বা, $240x = 240x + 240 - x^2 - x$

বা, $x^2 + x - 240 = 0$

বা, $x^2 + 16x - 15x - 240 = 0$

বা, $x(x + 16) - 15(x + 16) = 0$

বা, $(x + 16)(x - 15) = 0$

$\therefore x + 16 = 0$, অথবা $x - 15 = 0$

বা, $x = -16$ বা, $x = 15$

কিন্তু কলমের সংখ্যা x ঋণাত্মক হতে পারে না।

$\therefore x \neq -16$; $\therefore x = 15$

$\therefore$ শাহিন 15 টি কলম কিনেছিল। উত্তর : 15 টি।

১২। একটি ঘরের ছাদের কোনো বিন্দুতে ঐ বিন্দু থেকে 20 মিটার দূরের ভূতলস্থ একটি বিন্দুর অবনতি কোণ 30° হলে– ক) ঘরটির উচ্চতা নির্ণয় করুন।
খ) ঘরটির পাদবিন্দু হতে ভূতলস্থ বিন্দুটির দূরত্ব কত?

সমাধান



মনে করি, ঘরটির উচ্চতা AB = h মিটার। শীর্ষবিন্দু A থেকে 20 মিটার দূরে ভূতলস্থ অপর একটি বিন্দু C. তাহলে, AC = 20 মিটার।

যেহেতু AD ∥ BC এবং AC তাদের ছেদক।

$\therefore \angle DBC = \angle ACB = 30°$ [একান্তর কোণ বলে]

এখন, সমকোণী ত্রিভুজ ABC-এ

$$\sin\angle ACB = \frac{AB}{AC}$$

$$\text{বা, } \sin 30° = \frac{h}{20}$$

$$\text{বা, } \frac{1}{2} = \frac{h}{20}$$

$$\text{বা, } 2h = 20$$

$$\text{বা, } h = \frac{20}{2} \quad \therefore h = 10$$

$\therefore$ ঘরটির উচ্চতা 10 মিটার।

উত্তর: 10 মিটার।

সাধারণ জ্ঞান ও কম্পিউটার

১৩। 'উত্তরা গণভবন' সম্পর্কে যা জানুন লিখুন।

উত্তর: বাংলাদেশের নাটোর শহরে অবস্থিত উত্তরা গণভবন। নাটোর শহর থেকে প্রায় ২.৪ কিমি দূরে প্রাসাদটি অবস্থিত। বর্তমানে এটি উত্তরা গণভবন বা উত্তরাঞ্চলের গভর্মেন্ট হাউস নামে পরিচিত। ১৯৭২ সালে দিঘাপতিয়া রাজবাড়ীকে উত্তরা গণভবন নামকরণ করেন।

১৪। বুড়িগঙ্গা কোন নদীর শাখা নদী?
উত্তর: ধলেশ্বরী

১৫। কাজী নজরুল ইসলামকে কত তারিখে জাতীয় কবির মর্যাদা দিয়ে গেজেট প্রকাশিত হয়?
উত্তর: ২৪ ডিসেম্বর ২০২৪ গেজেট প্রকাশ হয়

১৬। বাংলাদেশের সর্বশেষ আদমশুমারি কত সালে হয়?
উত্তর: ২০২২

১৭। বাংলাদেশের কোন জেলার সাথে দুটি দেশের সীমান্ত রয়েছে?
উত্তর: রাঙ্গামাটি

১৮। পৃথিবীর জমজ গ্রহ বলা হয় কোন গ্রহকে?
উত্তর: শুক্র

১৯। বাংলাদেশের মোট স্থলবন্দর কতটি?
উত্তর: ২৪টি

২০। বঙ্গোপসাগরের গভীরতম স্থানের নাম কী?
উত্তর: সোয়াচ অব নো গ্রাউন্ড

২১। বাংলাদেশের সর্ব পশ্চিমের উপজেলার নাম কী?
উত্তর: শিবগঞ্জ

২২। ফিলিস্তিন রাষ্ট্রকে সর্বপ্রথম কোন দেশ স্বীকৃতি দেয়?
উত্তর: আলজেরিয়া

২৩। গোলান মালভূমি কোন দেশে অবস্থিত?
উত্তর: সিরিয়া

২৪। USB এর পূর্ণরূপ কী?
উত্তর: Universal Serial Bus

২৫। কম্পিউটারের গতি ও ক্ষমতা কিসের উপর নির্ভর করে?
উত্তর: সিপিইউ

২৬। কী-বোর্ডে কতটি ফাংশন কী এবং কতটি সংখ্যা সূচক কী আছে?
উত্তর: ফাংশন কী ১২টি এবং সংখ্যা সূচক ১০টি

২৭। গ্রাফিক্স ট্যাবলেট কী?
উত্তর: গ্রাফিক্স ট্যাবলেট হচ্ছে কম্পিউটারের একটি ইনপুট ডিভাইস যা ব্যবহার করে ছবি আঁকা, অ্যানিমিশন তৈরি করা যায়।

২৮। কম্পিউটার মনিটরে তথ্য প্রদর্শনের ক্ষুদ্রতম একক কী?
উত্তর: পিক্সেল

২৯। Software piracy কাকে বলে?
উত্তর: কোন সফটওয়্যার প্রস্তুতকারীর বিনা অনুমতিতে তার সফটওয়্যার কপি করা, নিজের নামে বিতরণ করা কিংবা সামান্য কিছু পরিবর্তন করে নিজের নামে চালিয়ে দেওয়াকে Software piracy বলে।

৩০। কৃত্রিম বুদ্ধিমত্তার মাধ্যমে কোন জটিল বিষয়ে সিদ্ধান্ত নেয়ার মাধ্যমকে কী বলে?
উত্তর: DSS- Decision Support System

৩১। ১ টেরাবাইট = কত গিগাবাইট?
উত্তর: ১০২৪ গিগাবাইট

৩২। কম্পিউটারের প্রধান মেমোরি বা প্রাইমারি মেমোরি কোনটি?
উত্তর: র‍্যাম ও রম।

৩৩। চেকে আধুনিক সংস্করণকে কী নামে ডাকা হয়?
উত্তর: MICR

৪৩০
বাংলাদেশ পুলিশ, পুলিশ হাসপাতাল
অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক

সময়: ৯০ মি | তারিখ: ০৭-০২-২৫ | মান: ১০০

০১। **অর্থসহ বাক্য রচনা করুন:**

ক) ওজন বুঝে চলা = আত্মসম্মান রক্ষা করা
খ) ভূঁইফোঁড় = নতুন আগমন
গ) লেফাফা দুরস্ত = বাইরে পরিপাটি
ঘ) খেজুরে আলাপ = অকাজের কথা
ঙ) চিনে জোঁক = নাছোড়বান্দা

০২। **সন্ধি বিচ্ছেদ করুন:**

ক) সঞ্চয় = সম্ + চয়
খ) আশীর্বাদ = আশীঃ + বাদ
গ) নীরোগ = নিঃ + রোগ
ঘ) লঘূর্মি = লঘু + ঊর্মি
ঙ) চলচ্ছক্তি = চলৎ + শক্তি

০৩। **'জন্ম' শব্দের ৫টি সমার্থক শব্দ লিখুন।**

উত্তর: উৎপত্তি, উদ্ভব, সৃষ্টি, ভূমিষ্ঠ, জনম, আবির্ভাব

০৪। **এক কথায় প্রকাশ করুন:**

ক) ক্ষুদ্র বাগান = বাগিচা
খ) সর্বজনের জন্য হিতকর = সর্বজনীন
গ) চৈত্র মাসের ফসল = চৈতালি
ঘ) হনন করার ইচ্ছা = জিঘাংসা
ঙ) যা অধ্যয়ন করা হয়েছে = অধীত

০৫। **বিপরীত শব্দ লিখুন:**

প্রদত্ত শব্দ	বিপরীত শব্দ
প্রাচীন	অর্বাচীন
সন্ধি	বিগ্রহ
সংকীর্ণ	প্রশস্ত
নির্জন	জনবহুল
অমৃত	বিষ, গরল

০৬। **'জুলাই অভ্যুত্থান' বিষয়ে একটি নাতিদীর্ঘ অনুচ্ছেদ রচনা করুন।**

জুলাই গণঅভ্যুত্থান

জুলাই গণঅভ্যুত্থান ২০২৪, যা 'জুলাই বিপ্লব' হিসেবেও পরিচিত, বাংলাদেশের ইতিহাসে একটি গুরুত্বপূর্ণ গণতান্ত্রিক আন্দোলন। এই আন্দোলন ২০২৪ সালের ১ জুলাই থেকে ৫ আগস্ট পর্যন্ত চলেছিল এবং এর মাধ্যমে ১৬ বছরের স্বৈরাচারী শাসনের অবসান ঘটে। আন্দোলনের সূচনা হয় সরকারি চাকরিতে কোটা পদ্ধতি বাতিলের দাবিতে। সরকারের কঠোর অবস্থানের কারণে আন্দোলন তীব্রতর হয় এবং ৫ আগস্ট চূড়ান্ত রূপ লাভ করে। এই সময়ে প্রায় ১,৫০০ মানুষ প্রাণ হারায়। পরবর্তীতে, সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা পদত্যাগ করে ভারতে পালিয়ে যান। হাসিনা সরকারের পতনের তিন দিন পর, ৮৪ বছর বয়সী নোবেল বিজয়ী অধ্যাপক মুহাম্মদ ইউনূসকে প্রধান উপদেষ্টা করে একটি অন্তর্বর্তী সরকার গঠিত হয়। এই অন্তর্বর্তী সরকারের মাধ্যমে দেশে গণতান্ত্রিক প্রক্রিয়া পুনঃপ্রতিষ্ঠা এবং স্বৈরাচারী শাসনের অবসান ঘটে। জুলাই গণঅভ্যুত্থান ২০২৪ বাংলাদেশের জনগণের সাহস, ঐক্য এবং গণতান্ত্রিক মূল্যবোধের এক উজ্জ্বল দৃষ্টান্ত হিসেবে চিহ্নিত হয়েছে।

০৭। **Fill in the gaps:**

a) The Pedestrian was killed ..... a falling tree.
Answer: by
b) The professor..... Australia amazed the students with her stories.
Answer: from
c) He sent me a cheque..... TK 500
Answer: for /of
d) Man must submit..... his fate.
Answer: to
e) My brother is well versed.... Economics.
Answer: in

০৮। **Correct the spelling:**

Incorrect	Correct
Phenix	Phenix
Quoram	Quorum
Superceed	Supersede
Miscriant	Miscreant
Quee	Queue

০৯। **Make sentence with meaning:**

a) At a pinch = প্রয়োজনীয়
This book is me at a pinch.
b) Big wig = নামকরা লোক
He is big wig of our locality.

c) Cold feet = ভয় পাওয়া

➪ She got cold feet before her wedding

d) Hall mark = বিশুদ্ধির চিহ্ন

➪ The symbol of the camel is the hall mark of purity of this product.

e) Point Blank = সরাসরি

➪ I told him point blank that I could not agree

১০। Translate into English:

ক) স্মার্ট ফোন একসময় জনপ্রিয় হারাবে।

➪ Smartphones will lose their popularity someday.

খ) গায়কের কণ্ঠ খুব সুরেলা।

➪ The singer has a very sonorous voice

গ) স্বাধীনতা যুদ্ধে আমারও অংশ ছিল।

➪ I also took part in our freedom fighting

ঘ) হলুদ এবং নীল মিলে সবুজ রং হয়।

➪ Yellow and blue makes green colour

ঙ) অন্যের দোষ ধরা সহজ।

➪ It is easy to find fault with others

১১। Write a paragraph on 'Gen-Z'

Gen-Z

Generation Z, commonly known as Gen-Z, refers to the group of people born roughly between 1997 and 2012. They are the first generation to grow up with the internet, smartphones, and social media as an integral part of their daily lives. Gen-Z is known for being tech-savvy, socially aware, and highly adaptive to change. They value individuality, inclusivity, and digital communication. Unlike previous generations, Gen-Z prefers flexible learning and working environments, and they are often driven by purpose, creativity, and innovation. As future leaders, their unique perspective and digital skills are shaping the modern world in powerful ways.

১২। একটি ঘরের দৈর্ঘ্য, প্রস্থের ৩ গুণ। প্রতি বর্গমিটারে ৭.৫০ টাকা দরে ঘরের মেঝে কার্পেট দিয়ে মুড়াতে মোট ১১০২.৫০ টাকা ব্যয় হয়। ঘরটির দৈর্ঘ্য ও প্রস্থ নির্ণয় করুন।

সমাধান ৭.৫০ টাকা খরচ হয় ১ বর্গমিটারে

১ " " " $\frac{১}{৭.৫০}$ "

১১০২.৫০ " " " $\frac{১ \times ১১০২.৫}{৭.৫০}$ "

= ১৪৭ বর্গমিটার

অর্থাৎ, ঘরের ক্ষেত্রফল ১৪৭ বর্গমিটার

মনে করি, প্রস্থ = ক মিটার

∴ দৈর্ঘ্য = ৩ক মিটার

∴ ক্ষেত্রফল = (দৈর্ঘ্য × প্রস্থ) বর্গ একক

= (৩ক × ক) বর্গমিটার = $৩ক^২$ বর্গমিটার

শর্তানুসারে, $৩ক^২ = ১৪৭$

বা, $ক^২ = \frac{১৪৭}{৩}$

বা, $ক^২ = ৪৯$

∴ $ক = \sqrt{৪৯} = ৭$

অতএব, প্রস্থ=৭ মিটার, এবং দৈর্ঘ্য=(৩×৭)মিটার বা ২১ মিটার

উত্তর: দৈর্ঘ্য ২১ মিটার এবং প্রস্থ ৭ মিটার

১৩। শতকরা বার্ষিক $৮\frac{১}{২}$ টাকা মুনাফায় কত টাকার ৬ বছরের মুনাফা ২৫৫০ টাকা হবে?

সমাধান ১০০ টাকার ১ বছরের মুনাফা $৮\frac{১}{২}$ টাকা

১০০ " ৬ " " $৮\frac{১}{২} \times ৬$ "

= $\frac{১০২}{২}$ টাকা

$\frac{১০২}{২}$ টাকা মুনাফা হয় আসল যখন ১০০ টাকা

১ " " " " " $\frac{১০০ \times ২}{১০২}$ "

২৫৫০ " " " " " $\frac{১০০ \times ২ \times ২৫৫০}{১০২}$ "

= ৫০০০

উত্তর: ৫০০০ টাকা

বিকল্প সমাধান:

মুনাফার হার $৮\frac{১}{২}\%$ বা $\frac{১৭}{২}\%$

আমরা জানি, $I = Prn$

বা, $P = \frac{I}{rn}$

$\therefore$ আসল $= \frac{২৫৫০}{\frac{১৭}{২ \times ১০০} \times ৬}$ টাকা

$= \frac{২৫৫০ \times ২ \times ১০০}{১৭ \times ৬}$ টাকা

$= ৫০০০$ টাকা

উত্তর: ৫০০০ টাকা

যেখানে,
মুনাফা, $I = ২৫৫০$ টাকা

মুনাফার হার, $r = ৮\frac{১}{২}\% = \frac{১৭}{২ \times ১০০}$

সময়, $n = ৬$ বছর

আসল, $p = ?$

১৪। উৎপাদকে বিশ্লেষণ করুন: $x^3 + 6x^2y + 11xy^2 + 6y^3$

সমাধান $x^3 + 6x^2y + 11xy^2 + 6y^3$

$= x^3 + 6x^2y + 12xy^2 + 8y^3 - xy^2 - 2y^3$

$= \{x^3 + 3.x^2.2y + 3.x.(2y)^2 + (2y)^3\} - xy^2 - 2y^3$

$= (x + 2y)^3 - y^2(x + 2y)$

$= (x + 2y)\{(x + 2y)^2 - y^2\}$

$= (x + 2y)(x + 2y + y)(x + 2y - y)$

$= (x + 2y)(x + 3y)(x + y)$

$= (x + y)(x + 2y)(x + 3y)$ (Answer)

১৫। $a + b + c = 2$ এবং $ab + bc + ac = 1$ হলে, $(a + b)^2 + (b + c)^2 + (c + a)^2$ এর মান কত?

সমাধান $(a + b)^2 + (b + c)^2 + (c + a)^2$

$= a^2 + 2ab + b^2 + b^2 + 2bc + c^2 + c^2 + 2ca + a^2$

$= (a^2 + b^2 + c^2 + 2ab + 2bc + 2ca) + (a^2 + b^2 + c^2)$

$= (a + b + c)^2 + (a + b + c)^2 - 2(ab + bc + ca)$

$= (2)^2 + (2)^2 - 2 \times 1$

$= 4 + 4 - 2$

$= 6$ (Answer)

১৬। নিচের প্রশ্নের উত্তর লিখুন:

ক) 'BTRC' এর ইংরেজি পূর্ণরূপ লিখুন?

উত্তর: Bangladesh Telecommunication Regulatory Commission

খ) বাংলাদেশের White Gold কী?

উত্তর: চিংড়ি

গ) 'লাইন অব কন্ট্রোল' কোন দুটি দেশের সীমান্তরেখা?

উত্তর: ভারত ও পাকিস্তান

ঘ) 'শাত-ইল-আরব' দ্বীপটি কোথায় অবস্থিত?

উত্তর: টাইগ্রিস ও ইউফ্রেটিস নদীর মিলনস্থলে

ঙ) স্ক্যান্ডিনেভিয়ান দেশ কয়টি? এরূপ ২টি দেশের নাম লিখুন?

উত্তর: ৫টি। যেমন: ফিনল্যান্ড, নরওয়ে ইত্যাদি।

চ) বাংলাদেশ ও মিয়ানমারের মধ্যে সমুদ্র সংক্রান্ত বিরোধ কোন আদালত কর্তৃক নিষ্পত্তি হয়?

উত্তর: ITLOS আদালতে।

ছ) ই-মেইল এর ক্ষেত্রে CC এর পূর্ণরূপ কী?

উত্তর: Carbon copy

জ) ক্ষমতার পৃথকীকরণ নীতির জনক কে?

উত্তর: মন্টেস্কু

ঝ) 'উয়ারী বটেশ্বর' কোথায় অবস্থিত?

উত্তর: নরসিংদী

ঞ) বাংলাদেশের মহিলা পুলিশ প্রথম নিয়োগ হয় কোন সালে?

উত্তর: ১৯৭৪ সালে

ট) বাংলাদেশের প্রধান বিচারপতির নাম লিখুন?

উত্তর: সৈয়দ রেফাত আহমেদ

ঠ) বাংলাদেশের প্রথম বাণিজ্য জাহাজের নাম কী?

উত্তর: বাংলার দূত

ড) বাংলা একাডেমী কত সালে প্রতিষ্ঠিত হয়?

উত্তর: ১৯৫৫

ঢ) সমুদ্রের গভীরতা মাপা হয় যে যন্ত্র দ্বারা তার নাম কী?

উত্তর: ফ্যাদোমিটার

ণ) বিখ্যাত 'ট্রয় নগরী' কোন দেশে অবস্থিত?

উত্তর: তুরস্কে

ত) ড. মুহাম্মদ শহীদুল্লাহ সম্পাদিত পত্রিকার নাম কী?

উত্তর: আঙুর

থ) যমুনা নদীর পূর্ব নাম কী?

উত্তর: জোনাই নদী

দ) ইউনেস্কো কত সালে একুশে ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসাবে স্বীকৃতি দেয়?

উত্তর: ১৭ নভেম্বর, ১৯৯৯ সালে

ধ) 'Captive Ladies' গ্রন্থটির রচয়িতা কে?

উত্তর: মাইকেল মধুসূদন দত্ত

ন) ICC বর্ষসেরা মহিলা ক্রিকেটারের তালিকায় একমাত্র বাংলাদেশী ক্রিকেটারের নাম কী?

উত্তর: নাহিদা আক্তার

৪৩১
বাংলাদেশ পুলিশ, পুলিশ হাসপাতাল
মেডিক্যাল টেকনোলজি (ল্যাব)

সময়: ৯০ মি | তারিখ: ০৭-০২-২৫ | মান: ১০০

০১। অর্থসহ বাক্য রচনা করুন:

ক) মনিকাঞ্চন যোগ = উপযুক্ত মিলন
খ) চশমখোর = বেহায়া
গ) ডানহাতের ব্যাপার = খাওয়া
ঘ) কাছাটিলা = অসাবধান
ঙ) কলমের এক খোঁচা = লিখিত আদেশ

০২। সন্ধি-বিচ্ছেদ করুন।

ক) শয়ন = শে + অন
খ) ষষ্ঠ = ষষ্ + থ
গ) চলচ্চিত্র = চলৎ + চিত্র
ঘ) বৃহস্পতি = বৃহৎ + পতি
ঙ) নিরাকার = নিঃ + আকার

০৩। 'দয়া' শব্দের ৫টি সমার্থক শব্দ লিখুন।

উত্তর: অনুগ্রহ, করুণা, কৃপা, অনুকম্প, মায়া

০৪। এক কথায় প্রকাশ করুন:

ক) ঋষির দ্বারা উক্ত = আর্ষ
খ) বয়সের তুল্য = বয়স্য
গ) যিনি ন্যায়শাস্ত্রে পণ্ডিত = নৈয়ায়িক
ঘ) যে শুনেই মনে রাখতে পারে = শ্রুতিধর
ঙ) পা ধোয়ার জল = পাদ্য

০৫। বিপরীত শব্দ লিখুন:

প্রদত্ত শব্দ	বিপরীত শব্দ
প্রসারণ	সংকোচন/ আকুঞ্চন
সংশয়	প্রত্যয়
অন্ত	অনন্ত
ভূত	ভবিষ্যৎ
লঘু	গুরু

০৬। 'তথ্য প্রযুক্তির সদ্ব্যবহার' বিষয়ে একটি অনুচ্ছেদ করুন।

তথ্য প্রযুক্তির সদ্ব্যবহার

তথ্য প্রযুক্তি আধুনিক সভ্যতার একটি অবিচ্ছেদ্য অংশ এবং মানবজীবনের প্রতিটি ক্ষেত্রে এর গুরুত্বপূর্ণ প্রভাব রয়েছে। এর সদ্ব্যবহার মানুষের জীবনকে সহজ, দ্রুত ও কার্যকর করে তুলেছে। শিক্ষা, চিকিৎসা, কৃষি, ব্যবসা, প্রশাসন ও যোগাযোগসহ নানা খাতে তথ্য প্রযুক্তির ইতিবাচক ব্যবহার উন্নয়নের পথ সুগম করেছে। ইন্টারনেট, মোবাইল অ্যাপস, অনলাইন ক্লাস ও ডিজিটাল প্ল্যাটফর্ম শিক্ষার্থীদের জন্য জ্ঞানার্জনের নতুন দিগন্ত খুলে দিয়েছে। চিকিৎসা ক্ষেত্রে তথ্য প্রযুক্তির ব্যবহারে রোগ নির্ণয় ও চিকিৎসা আরও দ্রুত ও নির্ভরযোগ্য হয়েছে। ই-কমার্স, মোবাইল ব্যাংকিং এবং অনলাইন সেবার মাধ্যমে অর্থনৈতিক কর্মকাণ্ডে গতি এসেছে। তবে, প্রযুক্তির অপব্যবহার যেমন: গুজব ছড়ানো, তথ্য চুরি, সাইবার অপরাধ ও প্রযুক্তি আসক্তি সমাজে নেতিবাচক প্রভাব ফেলতে পারে। তাই প্রযুক্তিকে নৈতিকতা ও দায়িত্বশীলতার সঙ্গে ব্যবহার করা অত্যন্ত প্রয়োজন। তথ্য প্রযুক্তির সদ্ব্যবহার নিশ্চিত করতে পারলে এটি আমাদের জীবন ও সমাজকে আরও উন্নত ও নিরাপদ করে তুলবে।

০৭। Fill in the blanks:

a) In Bangladesh we drive..... the left.
Answer: on
b) I cannot stop..... meanness.
Answer: for
fb: self preparation
c) The solution of the problem dawned..... me.
Answer: on
d) Copy this letter word..... word.
Answer: by
e) Many people in this country have no roof..... their heads.
Answer: over

০৮। Correct the spelling:

Incorrect	Correct
Beuranucracy	Bureaucracy
Aquerium	Aquarium
Asaination	Assignation
Cemouflage	Camouflage
Gynacology	Gynecology

০৯। Change the Voice:

a) We ought to obey our parents.
⇨ Our parents ought to be obeyed by us.
b) Pluck me a flower.
⇨ Let a flower be plucked for me.
c) I found it easy to do.

⇨ It was found easy to do by me.

d) His sudden death shocked me.

⇨ I was shocked at his sudden death.

e) Please keep quiet.

⇨ You are requested to keep quiet.

১০। **Translate into English:**

ক) ট্রেনটি সময়মত চলছে।

⇨ The train is running on time

খ) সে আমার কথায় আপত্তি করল।

⇨ He objected to what I said

গ) স্বাধীনতা কোন জাতির উপর নেমে আসে না।

⇨ Independence does not descend upon a nation

ঘ) সুখ ও দুঃখ পালাক্রমে আসে।

⇨ Weal and woe come by turns.

ঙ) তার কোন জোরালো রাজনৈতিক আদর্শ নেই।

⇨ He has no political axe to grind

১১। **Write a paragraph on 'International Mother Language Day'**

International Mother Language Day

International Mother Language Day is celebrated on February 21st every year. UNESCO declared this day on November 17, 1999, and it has been observed worldwide since February 21, 2000. We celebrate this day with seriousness and deep respect for the martyrs. In Bangladesh, the day holds special significance because it commemorates the brave sacrifice made during the Language Movement of 1952. At that time, some young students demanded that Bengali, their mother tongue, be recognized as a state language. Sadly, during a protest, several students were shot and killed by the police. We honor them as heroes, or "Shaheed" in Bengali. Because of their courage, this day is also known as "Shaheed Day." People in Bangladesh visit the Shaheed Minar with flowers to pay tribute to the fallen language martyrs. Schools and organizations arrange special programs, such as cultural events and competitions. One of the most famous songs associated with this day is "Amar Bhai-er Rokte Rangano Ekushey February," which expresses the nation's grief and pride.

১২। **৪০ মিটার দৈর্ঘ্য এবং ৩০ মিটার প্রস্থবিশিষ্ট একটি মাঠের ঠিক মাঝে আড়াআড়িভাবে ১.৫ মিটার প্রশস্ত দুইটি রাস্তা আছে। রাস্তা দুইটির মোট ক্ষেত্রফল কত?**

সমাধান দৈর্ঘ্য বরাবর রাস্তাটির ক্ষেত্রফল= ৪০×১.৫ বর্গমি.
= ৬০ বর্গমিটার

প্রস্থ বরাবর রাস্তাটির ক্ষেত্রফল = (৩০– ১.৫)×১.৫ বর্গমি.
= ২৮.৫ × ১.৫ বর্গমিটার
= ৪২.৭৫ বর্গমিটার

অতএব, রাস্তাদ্বয়ের ক্ষেত্রফল = (৬০ + ৪২.৭৫) বর্গমিটার
= ১০২.৭৫ বর্গমিটার

উত্তর: রাস্তাদ্বয়ের মোট ক্ষেত্রফল ১০২.৭৫ বর্গমিটার।

বিকল্প সমাধান:

রাস্তাবাদে মাঠের দৈর্ঘ্য = (৪০ – ১.৫) মি. = ৩৮.৫ মি.

রাস্তাবাদে মাঠের প্রস্থ = (৩০ – ১.৫) মি. = ২৮.৫ মি.

রাস্তাবাদে মাঠের ক্ষেত্রফল = (৩৮.৫ × ২৮.৫) বর্গমিটার
= ১০৯৭.২৫ বর্গমিটার

রাস্তাসহ মাঠের ক্ষেত্রফল = (৪০ × ৩০) বর্গ মি.
= ১২০০ বর্গ মি.

∴ রাস্তাদ্বয়ের মোট ক্ষেত্রফল= (১২০০–১০৯৭.২৫) বর্গমি.
= ১০২.৭৫ বর্গমিটার

উত্তর: ১০২.৭৫ বর্গমিটার।

১৩। **টাকায় ৩টি করে লেবু কিনে টাকায় ২টি করে বিক্রি করলে শতকরা কত লাভ হবে?**

সমাধান ২ টি লেবুর বিক্রয় মূল্য ১ টাকা

∴ ১ " " " $\frac{১}{২}$ টাকা

আবার,

৩ টি লেবুর ক্রয় মূল্য ১ টাকা

∴ ১ " " " $\frac{১}{৩}$ টাকা

এখানে, লাভ = $\left(\frac{১}{২} - \frac{১}{৩}\right)$ টাকা

= $\frac{৩ - ২}{৬}$ টাকা

= $\frac{১}{৬}$ টাকা

$\frac{১}{৩}$ টাকায় লাভ হয় $\frac{১}{৬}$ টাকা

$\therefore$ ১ " " " $\frac{৩}{৬}$ "

$\therefore$ ১০০ " " " $\frac{৩ \times ১০০}{৬}$ " = ৫০ টাকা

উত্তর : লাভ ৫০%।

১৪। উৎপাদকে বিশ্লেষণ করুন: $ax^2 + (a^2 + 1)x + a$.

সমাধান $ax^2 + (a^2 + 1)x + a$

$= ax^2 + a^2x + x + a$

$= ax(x + a) + 1(x + a)$

$= (x + a)(ax + 1)$ (Answer)

১৫। যদি $a = \sqrt{3} + \sqrt{2}$ হয়, তবে প্রমাণ করুন যে, $a^3 + \frac{1}{a^3} = 18\sqrt{3}$

সমাধান দেওয়া আছে, $a = \sqrt{3} + \sqrt{2}$

$\therefore \frac{1}{a} = \frac{1}{\sqrt{3} + \sqrt{2}}$

$= \frac{\sqrt{3} - \sqrt{2}}{(\sqrt{3} + \sqrt{2})(\sqrt{3} - \sqrt{2})}$

[লব ও হরকে $(\sqrt{3} - \sqrt{2})$ দ্বারা গুণ করে]

$= \frac{\sqrt{3} - \sqrt{2}}{(\sqrt{3})^2 - (\sqrt{2})^2}$

$= \frac{\sqrt{3} - \sqrt{2}}{3 - 2}$

$= \sqrt{3} - \sqrt{2}$

$\therefore a + \frac{1}{a} = (\sqrt{3} + \sqrt{2}) + (\sqrt{3} - \sqrt{2})$

$= \sqrt{3} + \sqrt{2} + \sqrt{3} - \sqrt{2}$

$= 2\sqrt{3}$

এখন, $a^3 + \frac{1}{a^3} = \left(a + \frac{1}{a}\right)^3 - 3.a.\frac{1}{a}\left(a + \frac{1}{a}\right)$

$= (2\sqrt{3})^3 - 3(2\sqrt{3}) \left[\because a + \frac{1}{a} = 2\sqrt{3}\right]$

$= 2^3.(\sqrt{3})^3 - 3 \times 2\sqrt{3}$

$= 8.3\sqrt{3} - 6\sqrt{3}$

$= 24\sqrt{3} - 6\sqrt{3}$

$= 18\sqrt{3}$ (প্রমাণিত)

১৬। নিচের প্রশ্নগুলোর উত্তর লিখুন:

ক) NSSS এর পূর্ণরূপ কী?

উত্তর: National Social Security Strategy

খ) বাংলাদেশের বাইরে প্রথম শহিদ মিনার কোথায় নির্মিত হয়?

উত্তর: যুক্তরাজ্যে

গ) 'রিকেটস' রোগ হয় কোন ভিটামিনের অভাবে?

উত্তর: ভিটামিন ডি এর অভাবে

ঘ) 'বাংলা' কোন দেশের দ্বিতীয় রাষ্ট্রভাষার মর্যাদা পেয়েছে?

উত্তর: সিয়েরা লিওন

ঙ) 4IR এর পূর্ণরূপ কী?

উত্তর: Fourth Industrial Revolution

চ) ১ ন্যানো সেকেন্ড ১ সেকেন্ডের কত ভাগ?

উত্তর: ১ শত কোটি ভাগের এক ভাগ/ $১০^{-৯}$ সেকেন্ড।

ছ) 'সোজন বাদিয়ার ঘাট' কাব্যগ্রন্থের রচয়িতা কে?

উত্তর: জসীমউদ্‌দীন

জ) বিশ্ব স্বাস্থ্য সংস্থার সদর দপ্তর কোন শহরে অবস্থিত?

উত্তর: জেনেভা, সুইজারল্যান্ড

ঝ) কোন ভিটামিন রক্ত জমাট বাঁধতে সাহায্য করে?

উত্তর: ভিটামিন কে

ঞ) Larynx কোন তন্ত্রের অংশ?

উত্তর: শ্বাস তন্ত্রের অংশ

১৭-২০ পদ সংশ্লিষ্ট প্রশ্ন

১৭। Mention the pathological tests for Covid-19 infection.

১৮। Elaborate: PBF, ALT, LDL, TSH

১৯। Write a short note on Virus.

২০। Describe the contents of First Aid Box.

৪৩২
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
অফিস সহায়ক

সময়: ৬০ মি | তারিখ: ০৭-০২-২৫ | মান: ৪০

০১। **সন্ধি বিচ্ছেদ করুন:**

ক) মরূদ্যান = মরু + উদ্যান

খ) পরিচ্ছদ = পরি + ছদ

গ) পৌঢ় = প্র + ঊঢ়

০২। **এক কথায় প্রকাশ করুন:**

ক) যা নিবারণ করা কষ্টকর = দুর্নিবার

খ) যে মেয়ের বিয়ে হয়নি = অনূঢ়া

গ) এক থেকে শুরু করে ক্রমাগত = একাদিক্রমে

০৩। **ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করুন:**

ক) শশব্যস্ত = শশকের ন্যায় ব্যস্ত - উপমান কর্মধারয়

খ) চতুরঙ্গ = চার অঙ্গের সমাহার -দ্বিগু সমাস

০৪। **বিভক্তিসহ কারক নির্ণয় করুন:**

ক) ডাক্তার ডাক = কর্মে শূন্য

খ) ছাত্ররা বল খেলে = করণে শূন্য

০৫। **Translate into English:**

ক) বাংলাদেশ একটি নদী মাতৃক দেশ।

➪ Bangladesh is a riverine country/ a land of river

খ) দুই ঘন্টা ধরে বৃষ্টি হচ্ছে।

➪ It has been raining for two hours.

গ) তোমার এটা করা উচিত।

➪ You should do this.

০৬। **Fill in the blanks:**

a) He lived in Dhaka..... ten years.

Answer: after

b) The test consists..... seventy questions.

Answer: of

c) Milk is preferable..... tea.

Answer: to

০৭। **Change the Gender:**

a) Drone = Bee

b) Monk = Nun

০৮। **Write five sentences about a 'Class room'**

০৯। একজন ব্যক্তি ব্যাংকে ৪০০০ টাকা রেখে ৪ বছর পর দেখলো মুনাফাসহ ব্যাংকে ৫২৮০ টাকা আছে। আর কত বছর পর সে তার একাউন্টে ৮৮০০ টাকা দেখতে পাবে?

সমাধান এখানে আসল = ৪০০০

৪ বছরের মুনাফা = ৫২৮০ − ৪০০০ = ১২৮০ টাকা

৮৮০০ টাকা জমা হলে সুদ = ৮৮০০ − ৪০০০ = ৪৮০০ টাকা

১২৮০ টাকা সুদ হয় ৪ বছরে

১ " " " $\frac{৪}{১২৮০}$ "

∴ ৪৮০০ " " " $\frac{৪ \times ৪৮০০}{১২৮০}$ "

= ১৫ বছরে

উত্তর: ১৫ বছর

১০। **নির্দিষ্ট দামে একটি দ্রব্য বিক্রয় করাতে ২০% ক্ষতি হলো। এটি ৬০ টাকা বেশি মূল্যে বিক্রয় করতে পারলে ১০% লাভ হতো। দ্রব্যটির ক্রয়মূল্য কত?**

সমাধান ২০% ক্ষতিতে বিক্রয়মূল্য (১০০−২০)= ৮০ টাকা

১০% লাভে বিক্রয়মূল্য (১০০+১০)= ১১০ টাকা

বিক্রয়মূল্য বেশি (১১০ − ৮০) = ৩০ টাকা

বিক্রয়মূল্য ৩০ টাকা বেশি হলে ক্রয়মূল্য ১০০ টাকা

" ১ " " " " $\frac{১০০}{৩০}$ "

" ৬০ " " " " $\frac{১০০ \times ৬০}{৩০}$ "

= ২০০ টাকা

উত্তর: ২০০ টাকা

১১। **$x + \frac{1}{x} = 5$ হলে, $\frac{x}{x^2 + x + 1}$ এর মান নির্ণয় করুন।**

সমাধান দেওয়া আছে, $x + \frac{1}{x} = 5$

বা, $\frac{x^2 + 1}{x} = 5$

$\therefore x^2 + 1 = 5x$

প্রদত্ত রাশি = $\frac{x}{x^2 + x + 1}$

$= \frac{x}{x^2 + 1 + x}$

$= \frac{x}{5x + x}$

$= \frac{x}{6x}$

$= \frac{1}{6}$ (Answer)

১২। $\frac{1}{a} = 1 - a$ হলে, $a^2 + \frac{1}{a^2}$ =এর মান কত?

সমাধান দেওয়া আছে, $\frac{1}{a} = 1 - a$

$\therefore a + \frac{1}{a} = 1$

প্রদত্ত রাশি $= a^2 + \frac{1}{a^2}$

$= \left(a + \frac{1}{a}\right)^2 - 2.a.\frac{1}{a}$

$= (1)^2 - 2$ [মান বসিয়ে]

$= 1 - 2$

$= -1$ **(Answer)**

১৩। সাধারণ জ্ঞান

ক) OIC এর সদর দপ্তর কোথায়?

উত্তর: জেদ্দা

খ) বিশ্ব ব্যাংকের সদর দপ্তর কোথায়?

উত্তর: ওয়াশিংটন ডিসি, যুক্তরাষ্ট্র

গ) 'সোয়াচ অব নো গ্রাউন্ড' কোথায় অবস্থিত?

উত্তর: বঙ্গোপসাগরে

ঘ) ধান উৎপাদনে শীর্ষ দেশ কোনটি?

উত্তর: চীন

ঙ) 'নামহীন গোত্রহীন' এর লেখক কে?

উত্তর: হাসান আজিজুল হক

চ) আইসিসি ট্রফিতে বাংলাদেশ ক্রিকেট দলের প্রথম অধিনায়ক কে?

উত্তর: শফিকুল হক হীরা

ছ) উড়োজাহাজের গতি নির্ণয়কারী যন্ত্রের নাম কী?

উত্তর: ট্যাকোমিটার

জ) অগ্নিশ্বর কোন ফলের/ফসলের উন্নতজাত?

উত্তর: কলা

ঝ) WIPO এর পূর্ণরূপ কী?

উত্তর: World Intellectual Property Organization

ঞ) বাংলাদেশ জাতিসংঘের কততম সদস্য?

উত্তর: ১৩৬তম

৪৩৩

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর

সময়: ৯০ মি | তারিখ: ০৭-০২-২৫ | মান: ৯০

০১। **সন্ধি বিচ্ছেদ করুন:**

ক) বধূৎসব = বধূ + উৎসব

খ) দ্যুলোক = দিব্ + লোক

গ) শীতার্ত = শীত + ঋত

ঘ) সজ্জন = সৎ + জন

ঙ) পবিত্র = পো + ইত্র

০২। **এক কথায় প্রকাশ করুন:**

ক) যা বিনা যত্নে লাভ করা গিয়েছে = অযত্নলব্ধ

খ) যা পূর্বে শোনা যায়নি = অশ্রুতপূর্ব

গ) যে সকল অত্যাচারই সয়ে যায় = সর্বংসহা

ঘ) যে ভবিষ্যৎ না ভেবেই কাজ করে = অবিমৃষ্যকারী

ঙ) যে শুনেই মনে রাখতে পারে = শ্রুতিধর

০৩। **ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করুন:**

ক) সপ্তর্ষি = সপ্ত ঋষির সমাহার -দ্বিগু

খ) বিদ্যাধন = বিদ্যা রূপ ধন -রূপক কর্মধারয়

গ) কানাকানি = কানে কানে যে কথা -ব্যতিহার বহুব্রীহি

ঘ) একাদশ = একের অধিক দশ -মধ্যপদলোপী কর্মধারয়

ঙ) বিষবৃক্ষ = বিষ সদৃশ বৃক্ষ -উপমান কর্মধারয়

০৪। **বিভক্তিসহ কারক নির্ণয় করুন:**

ক) বাবাকে বড্ড ভয় পাই। = অপাদানে ২য়া

খ) ফুলে ফুলে ঘর ভরেছে = করণে ৭মী

গ) ডাক্তার ডাক = কর্মে শূন্য

ঘ) তোমার দেখা পেলাম না = কর্মে ৬ষ্ঠী

ঙ) এ দেহে প্রাণ নেই = অধিকরণে ৭মী

০৫। **'আরব বসন্ত' বিষয়ে ১০টি বাক্য লিখুন।**

আরব বসন্ত

আরব বসন্ত ছিল একটি গণআন্দোলনের ধারাবাহিকতা, যা ২০১০ সালে তিউনিসিয়া থেকে শুরু হয়ে উত্তর আফ্রিকা ও মধ্যপ্রাচ্যের বহু আরব দেশে ছড়িয়ে পড়ে। এর সূচনা হয় এক তরুণ পথ বিক্রেতা মোহাম্মদ বৌআজিজির আত্মাহুতির মাধ্যমে, যিনি সরকারের দুর্নীতি ও নিপীড়নের প্রতিবাদে নিজেকে আগুনে পুড়িয়ে আত্মত্যাগ করেন। এই ঘটনার পর তিউনিসিয়ার জনগণ রাস্তায় নেমে আসে এবং প্রেসিডেন্ট জিনে আল-আবিদিন বেন আলি পদত্যাগে বাধ্য হন।

এরপর মিসর, লিবিয়া, সিরিয়া, ইয়েমেনসহ বহু দেশে স্বৈরশাসনের বিরুদ্ধে আন্দোলন শুরু হয়। মিসরে হোসনি মোবারকের শাসনের অবসান ঘটে এবং লিবিয়ায় মোয়াম্মার গাদ্দাফিকে বিদ্রোহীরা হত্যা করে। যদিও কিছু দেশে গণতন্ত্র প্রতিষ্ঠার চেষ্টা হয়, অনেক জায়গায় আবার গৃহযুদ্ধ, সন্ত্রাস ও রাজনৈতিক অস্থিরতা শুরু হয়। আরব বসন্ত আধুনিক বিশ্বে এক উল্লেখযোগ্য ঘটনা, যা গণতন্ত্র, মানবাধিকার ও সামাজিক ন্যায়ের প্রশ্নে বিশ্ববাসীকে নতুন করে ভাবতে বাধ্য করে।

০৬। Translate into English:

ক) আমি চেষ্টার কোন ত্রুটি করিনি।

➪ I left no stone unturned/ I spared no pains

খ) সে কঠোর পরিশ্রম করতে অভ্যস্ত।

➪ He is used to doing work hard.

গ) আমার লেখার কলম নেই।

➪ I have no pen to write with.

ঘ) প্রায় দুই ঘণ্টা ধরে বৃষ্টি হচ্ছে।

➪ It has been raining for about two hours.

ঙ) আমি অফিসে যাওয়ার জন্য তৈরি হচ্ছি।

➪ I am getting ready to go to the office.

০৭। Write the antonyms

Given word	Antonyms
Retreat	Advance
Harbinger	Follower
Trivial	Significant
Anarchy	Peace
Effective	Ineffective

০৮। Fill in the gaps:

a) He has no control..... himself

Answer: over

b) The second World War broke..... in September 1939.

Answer: out

c) Do not intrude..... my privacy.

Answer: upon/on

d) As soon as he saw me, he ..... away.

Answer: ran

e) Student should be attentive ..... their lessons.

Answer: to

০৯। Write Word Meaning in English:

a) Belated = delayed beyond the usual time

b) Coherent = logical and consistent

c) Hedge = a line of bushes or small trees planted very close together

d) Kinship = blood relationship

e) Omnipotent = having unlimited power

১০। Write a paragraph on "Blue Economy"

Blue Economy

The Blue Economy means using the ocean and its resources in a safe and smart way to help people and the planet. It includes things like fishing, sea travel, tourism, and making energy from waves and wind. The main goal is to earn money and create jobs while also taking care of the ocean. Healthy oceans give us food, jobs, and help keep the climate balanced. But problems like overfishing, pollution, and climate change are harming the sea. That's why we must use the ocean responsibly. Many countries are now working on the Blue Economy to get benefits without hurting nature. Eco-friendly tourism and careful fishing protect sea animals and plants. Governments and groups are making plans to grow the economy and save the ocean at the same time. If we protect the ocean today, future generations will also enjoy its benefits tomorrow.

১১। একই হার মুনাফায় কোন আসল ৬ বছরে মুনাফা–আসলে দ্বিগুণ হলে, কত বছরে তা মুনাফা–আসলে তিনগুণ হবে?

সমাধান মনে করি, আসল ১০০ টাকা

১ম ক্ষেত্রে,

মুনাফা–আসল (১০০ × ২) টাকা = ২০০ টাকা

মুনাফা = (২০০ − ১০০) টাকা = ১০০ টাকা

২য় ক্ষেত্রে,

মুনাফা আসলে (১০০ × ৩) টাকা = ৩০০ টাকা

মুনাফা = (৩০০ − ১০০) টাকা = ২০০ টাকা

১০০ টাকা সুদ হয় ৬ বছরে

∴ ১ " " " $\frac{৬}{১০০}$ "

∴ ২০০" " " $\frac{৬ \times ২০০}{১০০}$ "

= ১২ বছরে

উত্তর: ১২ বছর

১২। একজন দোকানদার $৭\frac{১}{২}\%$ ক্ষতিতে একটি দ্রব্য বিক্রয় করল। যদি দ্রব্যটির ক্রয়মূল্য ১০% কম হতো এবং বিক্রয়মূল্য ৩১ টাকা বেশি হত তাহলে ২০% লাভ হত। দ্রব্যটির ক্রয়মূল্য কত?

সমাধান ২০% লাভে বিক্রয়মূল্য=(১০০+ ২০)= ১২০ টাকা

১০% কমে ক্রয়মূল্য (১০০ − ১০) টাকা = ৯০ টাকা

২০% লাভে,

ক্রয়মূল্য ১০০ টাকা হলে বিক্রয়মূল্য ১২০ টাকা

" ১ " " " $\frac{১২০}{১০০}$ "

" ৯০ " " " $\frac{১২০ \times ৯০}{১০০}$ টাকা

= ১০৮ টাকা

$৭\frac{১}{২}\%$ ক্ষতিতে, বিক্রয়মূল্য $(১০০ - ৭\frac{১}{২})$ টাকা

$= \frac{১৮৫}{২}$ টাকা

দুই বিক্রয়মূল্যের মধ্যে পার্থক্য $= \left(১০৮ - \frac{১৮৫}{২}\right)$ টাকা

$= \frac{৩১}{২}$ টাকা

বিক্রয়মূল্য $\frac{৩১}{২}$ টাকা বেশি হলে ক্রয়মূল্য ১০০ টাকা

" ১ " " " " $\frac{২ \times ১০০}{৩১}$ "

" ৩১ " " " $\frac{১০০ \times ২ \times ৩১}{৩১}$ টাকা

= ২০০ টাকা

উত্তর: ২০০ টাকা।

১৩। একটি ট্রেন ২৫৪ মিটার দীর্ঘ একটি সেতুকে ২০ সেকেন্ডে এবং ১০০ মিটার দীর্ঘ অপর একটি সেতুকে ১৩ সেকেন্ডে অতিক্রম করল। ট্রেনটির দৈর্ঘ্য কত?

সমাধান ধরি, ট্রেনটির দৈর্ঘ্য x মিটার

ট্রেনটি ২০ সেকেন্ডে অতিক্রম করে (২৫৪ + x) মিটার

" ১ " " " $= \frac{২৫৪ + x}{২০}$ "

আবার,

ট্রেনটি ১৩ সেকেন্ডে অতিক্রম করে (১০০ + x) মিটার

" ১ " " " $\frac{১০০ + x}{১৩}$ "

প্রশ্নমতে, $\frac{২৫৪ + x}{২০} = \frac{১০০ + x}{১৩}$

বা, ৩৩০২ + ১৩x = ২০০০ + ২০x

বা, ২০x − ১৩x = ৩৩০২ − ২০০০

বা, ৭x = ১৩০২ বা, $x = \frac{১৩০২}{৭}$ ∴ x = ১৮৬

∴ ট্রেনটির দৈর্ঘ্য ১৮৬ মিটার।

উত্তর: ১৮৬ মিটার।

১৪। $a = 3^{\frac{1}{3}} + 3^{-\frac{1}{3}}$ হলে, $3a^3 - 9a + 1$ এর মান কত?

সমাধান দেওয়া আছে, $a = 3^{\frac{1}{3}} + 3^{-\frac{1}{3}}$

বা, $a^3 = \left(3^{\frac{1}{3}} + 3^{-\frac{1}{3}}\right)^3$ [উভয়পক্ষকে ঘন করে]

বা, $a^3 = \left(3^{\frac{1}{3}}\right)^3 + \left(3^{-\frac{1}{3}}\right)^3 + 3.3^{\frac{1}{3}}.3^{-\frac{1}{3}}\left(3^{\frac{1}{3}} + 3^{-\frac{1}{3}}\right)$

বা, $a^3 = 3 + 3^{-1} + 3.3^{\frac{1}{3}}.3^{-\frac{1}{3}}.a$

বা, $a^3 = 3 + \frac{1}{3} + 3.3^0.a$

বা, $a^3 = 3 + \frac{1}{3} + 3.1.a$

বা, $a^3 = \frac{9+1+9a}{3}$

বা, $3a^3 = 10 + 9a$

বা, $3a^3 - 9a = 10$

বা, $3a^3 - 9a + 1 = 10 + 1$

$\therefore 3a^3 - 9a + 1 = 11$ (Answer)

১৫। ল.সা.গু নির্ণয় করুন:

$x^2 + 3x + 2, x^2 - 1, x^2 + x - 2$

সমাধান ১ম রাশি $= x^2 + 3x + 2$

$= x^2 + 2x + x + 2$

$= x(x + 2) + 1(x + 2)$

$= (x + 2)(x + 1)$

২য় রাশি $= x^2 - 1$

$= (x + 1)(x - 1)$

৩য় রাশি $= x^2 + x - 2$

$= x^2 + 2x - x - 2$

$= x(x + 2) - 1(x + 2)$

$= (x + 2)(x - 1)$

নির্ণেয় ল.সা.গু $= (x+1)(x + 2)(x - 1)$ (Answer)

১৬। সাধারণ জ্ঞান

ক) কসোভোর রাজধানীর নাম কী?

উত্তর: প্রিস্টিনা

খ) মোট কয়টি বিষয়ে নোবেল পুরস্কার দেয়া হয়?

উত্তর: ৬টি

গ) 'The Wealth of Nation' গ্রন্থটির লেখক কে?

উত্তর: এডাম স্মিথ

ঘ) 'সোয়াচ অব নো গ্রাউন্ড' কোথায় অবস্থিত?

উত্তর: বঙ্গোপসাগরে

ঙ) সুইডেনের মুদ্রার নাম কী?

উত্তর: ক্রোনা

চ) বাংলাদেশে 'e-TIN' চালু করা হয় কত সালে?

উত্তর: ২০১৩

ছ) HTTP এর পূর্ণরূপ কী?

উত্তর: Hypertext Transfer Protocol

জ) ১ টেরাবাইট = কত মেগাবাইট?

উত্তর: ১০২৪ × ১০২৪ মেগাবাইট

ঝ) কম্পিউটার মেমোরি তৈরি হয় কী দিয়ে?

উত্তর: সিলিকন দিয়ে

ঞ) 'নামহীন গোত্রহীন' এর লেখক কে?

উত্তর: হাসান আজিজুল হক

ট) আইসিসি ট্রফিতে বাংলাদেশ ক্রিকেট দলের প্রথম অধিনায়ক কে?

উত্তর: শফিকুল হক হীরা

ঠ) উড়োজাহাজের গতি নির্ণয়কারী যন্ত্রের নাম কী?

উত্তর: ট্যাকোমিটার

ড) Green Peace কোন দেশের পরিবেশ আন্দোলকারী গ্রুপ?

উত্তর: নেদারল্যান্ড

ঢ) বিশ্ব ব্যাংকের সদর দপ্তর কোথায়?

উত্তর: ওয়াশিংটন ডিসি, যুক্তরাষ্ট্র

ণ) WIPO এর পূর্ণরূপ কী?

উত্তর: World Intellectual Property Organization

ত) IPEC এর পূর্ণরূপ কী?

উত্তর: International Programme on the Elimination of Child Labour

থ) সর্বপ্রথম ই-বিজনেস শুরু করে কোন কোম্পানি?

উত্তর: আমাজন

দ) কোন মুসলিম মনীষী সর্বপ্রথম নোবেল পুরস্কার পান?

উত্তর: আনোয়ার সাদাত

ধ) বাংলাদেশে ইন্টারনেট চালু হয় কবে?

উত্তর: ১৯৯৬

ন) আবু মুসা দ্বীপ কোন সাগরে অবস্থিত?

উত্তর: পারস্য উপসাগরে

সরকারি বিভিন্ন দপ্তরের গ্রেড ১১

৪৩৪

দি ইনস্টিটিউট অব ব্যাংকার্স বাংলাদেশ

ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর

সময়: ৯০ মি | তারিখ: ০৭-০২-২৫ | মান: ১০০

০১। সঠিক উত্তর লিখুন:

ক) অন্ধজনে দেহ আলো।- কোন কারক?
উত্তর: সম্প্রদানে ৭মী

খ) বাংলা ভাষায় মৌলিক ব্যঞ্জন ধ্বনি কতটি?
উত্তর: ৩০টি

গ) সাত সাগরের মাঝি কার কাব্যগ্রন্থ?
উত্তর: ফররুখ আহমদ

ঘ) 'বইটা আনা হয়েছে।'- কোন বাচ্যের উদাহরণ?
উত্তর: কর্মবাচ্য

ঙ) 'বিপদ এবং দুঃখ এক সময়ে আসে' কোন ধরনের বাক্য?
উত্তর: যৌগিক বাক্য

চ) মোজাম্মেল হক কোন পত্রিকার সম্পাদক ছিলেন?
উত্তর: মোসলেম ভারত

ছ) 'সুখের পায়রা' বাগধারার অর্থ কী?
উত্তর: সুসময়ের বন্ধু

জ) ক্রিয়াপদের মূল অংশকে কী বলা হয়?
উত্তর: ধাতু

ঝ) সন্ধি ব্যাকরণের কোন অংশের আলোচ্য বিষয়?
উত্তর: ধ্বনিতত্ত্ব

ঞ) 'কান্না' এর সন্ধি বিচ্ছেদ লিখুন।
উত্তর: কাঁদ + না

০২। অনুচ্ছেদ লিখুন: ' জুলাই গণঅভ্যুত্থান ২০২৪'

জুলাই গণঅভ্যুত্থান ২০২৪

জুলাই গণঅভ্যুত্থান ২০২৪, যা 'জুলাই বিপ্লব' হিসেবেও পরিচিত, বাংলাদেশের ইতিহাসে একটি গুরুত্বপূর্ণ গণতান্ত্রিক আন্দোলন। এই আন্দোলন ২০২৪ সালের ১ জুলাই থেকে ৫ আগস্ট পর্যন্ত চলেছিল এবং এর মাধ্যমে ১৬ বছরের স্বৈরাচারী শাসনের অবসান ঘটে। আন্দোলনের সূচনা হয় সরকারি চাকরিতে কোটা পদ্ধতি বাতিলের দাবিতে। সরকারের কঠোর অবস্থানের কারণে আন্দোলন তীব্রতর হয় এবং ৫ আগস্ট চূড়ান্ত রূপ লাভ করে। এই সময়ে প্রায় ১,৫০০ মানুষ প্রাণ হারায়। পরবর্তীতে, সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা পদত্যাগ করে ভারতে পালিয়ে যান। হাসিনা সরকারের পতনের তিন দিন পর, ৮৪ বছর বয়সী নোবেল বিজয়ী অধ্যাপক মুহাম্মদ ইউনূসকে প্রধান উপদেষ্টা করে একটি অন্তর্বর্তী সরকার গঠিত হয়। এই অন্তর্বর্তী সরকারের মাধ্যমে দেশে গণতান্ত্রিক প্রক্রিয়া পুনঃপ্রতিষ্ঠা এবং স্বৈরাচারী শাসনের অবসান ঘটে। জুলাই গণঅভ্যুত্থান ২০২৪ বাংলাদেশের জনগণের সাহস, ঐক্য এবং গণতান্ত্রিক মূল্যবোধের এক উজ্জ্বল দৃষ্টান্ত হিসেবে চিহ্নিত হয়েছে।

০৩। Translate into English:

ক) সে সাঁতার কাটতে জানে না।
⇨ He does not know how to swim

খ) তুমি কি কখনও চিড়িয়াখানা দেখেছো?
⇨ Have you ever seen the zoo?

গ) তিনি এক কথার মানুষ।
⇨ He is a man of word

ঘ) সূর্য আমাদের আলো ও তাপ দেয়।
⇨ The sun gives us light and heat.

ঙ) সকাল থেকে বৃষ্টি হচ্ছে।
⇨ It has been raining since morning

০৪। Fill in the blanks:

a) Divided the mangoes..... the ten boys.
Answer: among

b) He died ..... over eating.
Answer: from

c) Will you share your business..... me?
Answer: with

d) He has no interest..... Mathematics.
Answer: in

e) Khalid is good..... cricket.
Answer: at

০৫। Write a paragraph on 'Book Fair'

Book Fair

A book fair is a special event where many books are displayed and sold. In Bangladesh, the most popular book fair is the Ekushey Book Fair, held every February in honor of the Language Movement. It takes place at Bangla Academy and attracts thousands of visitors. I visited the book fair this year and enjoyed the beautiful environment filled with books, readers, and writers. I bought several books

by famous Bangladeshi authors, which were both interesting and inspiring. Book fairs are very useful because they encourage reading habits, introduce us to new writers, and help spread knowledge. They also promote our language, literature, and culture. Visiting a book fair is always a joyful and educational experience.

৬। উৎপাদকে বিশ্লেষণ করুন: $a^2 + 2ab - 2b - 1$

সমাধান $a^2 + 2ab - 2b - 1$

$= a^2 + 2ab + b^2 - b^2 - 2b - 1$

$= (a^2 + 2ab + b^2) - (b^2 + 2b + 1)$

$= (a + b)^2 - (b + 1)^2$

$= (a + b + b + 1)(a + b - b - 1)$

$= (a + 2b + 1)(a - 1)$ (Answer)

বিকল্প সমাধান: $a^2 + 2ab - 2b - 1$

$= (a^2 - 1) + (2ab - 2b)$

$= (a + 1)(a - 1) + 2b(a - 1)$

$= (a - 1)(a + 1 + 2b)$ (Answer)

০৭। কোন শ্রেণিতে যত জন ছাত্র ছিল তাদের প্রত্যেকে তত পাঁচ পয়সা করে চাঁদা দেওয়ায় মোট ১২৫ টাকা হলো। ঐ শ্রেণিতে মোট কত জন ছাত্র ছিল।

সমাধান মনে করি, ছাত্র সংখ্যা = x জন

প্রত্যেকে চাঁদা দেয় = 5x পয়সা

∴ মোট চাঁদার পরিমাণ = $5x^2$ পয়সা

প্রশ্নমতে, $5x^2 = 125 \times 100$ [∵ 1 টাকা = 100 পয়সা]

বা, $5x^2 = 12500$

বা, $x^2 = 2500$

∴ $x = 50$

উত্তর: ৫০ জন

০৮। যদি চিনির মূল্য ২৫% বৃদ্ধি পায় তবে চিনির ব্যবহার কত কমালে চিনি বাবদ ব্যয় বৃদ্ধি পাবে না?

সমাধান চিনির মূল্য ২৫% বৃদ্ধি পাওয়ায় বর্তমান মূল্য=১২৫ টাকা

বর্তমান মূল্য ১২৫ টাকা হলে পূর্বমূল্য ১০০ টাকা

" " ১ " " " $\frac{১০০}{১২৫}$ "

" " ১০০ " " $\frac{১০০ \times ১০০}{১২৫}$ "

= ৮০ টাকা

∴ চিনির ব্যবহার শতকরা কমাতে হবে = (১০০ − ৮০)%

= ২০%

উত্তর: ২০%।

বিকল্প সমাধান:

২৫% বৃদ্ধিতে বর্তমান মূল্য = ১২৫ টাকা

মূল্য বৃদ্ধি পায় = (১২৫ − ১০০) টাকা = ২৫ টাকা

১২৫ টাকায় কমাতে হবে ২৫ টাকা

১ " " " $\frac{২৫}{১২৫}$ "

১০০ " " " $\frac{২৫ \times ১০০}{১২৫}$ " = ২০ টাকা

উত্তর: ২০%।

০৯। ৬টি কমলার বিক্রয়মূল্য ৫টি কমলার ক্রয়মূল্যের সমান হলে শতকরা লাভ বা ক্ষতি কত?

সমাধান মনে করি,

৫ টি কমলার ক্রয়মূল্য ৩০ টাকা

১ টি " " $\frac{৩০}{৫}$ " = ৬ টাকা

আবার,

৬ টি কমলার বিক্রয়মূল্য ৩০ টাকা

১ টি " " $\frac{৩০}{৬}$ " = ৫ টাকা

∴ ক্ষতি হয় = (৬ − ৫) = ১ টাকা

৬ টাকায় ক্ষতি হয় ১ টাকা

১ " " " $\frac{১}{৬}$ "

১০০ " " " $\frac{১০০ \times ১}{৬}$ "

= ১৬.৬৬ টাকা

উত্তর : ১৬.৬৬% ক্ষতি।

সাধারণ জ্ঞান

১০। সঠিক উত্তর লিখুন:

ক) কোন দেশে বাংলা দ্বিতীয় রাষ্ট্রভাষার মর্যাদা পেয়েছে?
উত্তর: সিয়েরা লিওন

খ) জাতিসংঘের সদর দপ্তর কোথায় অবস্থিত?
উত্তর: নিউইয়র্ক, যুক্তরাষ্ট্র

গ) বাংলা একাডেমীর মূল ভবনের নাম কী?
উত্তর: বর্ধমান হাউজ

ঘ) সুন্দরবন বাংলাদেশের কোন কোন জেলাকে স্পর্শ করেছে?
উত্তর: খুলনা, সাতক্ষীরা, বাগেরহাট, পটুয়াখালী ও বরগুনা

ঙ) এভারেস্ট জয়ী প্রথম বাংলাদেশী নারীর নাম কী?
উত্তর: নিশাত মজুমদার

চ) বিশ্বের কোন কোন দেশের জাতীয় পতাকা অর্ধনমিত হয় না?
উত্তর: সৌদি আরব ও ইরান

ছ) সার্ক প্রতিষ্ঠিত হয়েছিল কত সালে?
উত্তর: ১৯৮৫

জ) আফ্রিকা ও ইউরোপ মহাদেশকে বিভক্ত করেছে কোন প্রণালী?
উত্তর: জিব্রাল্টার প্রণালি

ঝ) বাংলাদেশের জাতীয় দিবস কোনটি?
উত্তর: ২৬ মার্চ

ঞ) বাংলাদেশের নদীগুলোর মধ্যে দীর্ঘতম নদী কোনটি?
উত্তর: পদ্মা

কম্পিউটার বিষয়ক

১১। সঠিক উত্তর লিখুন:

ক) কোন মেনুতে প্রিন্ট কমান্ড থাকে?
উত্তর: ফাইল (File) মেনুতে

খ) কম্পিউটার ভাইরাস কী?
উত্তর: এক ধরনের ক্ষতিকারক প্রোগ্রাম

গ) কোন কম্পিউটার ডিভাইস একই সাথে ইনপুট ও আউটপুট হিসেবে কাজ করতে পারে?
উত্তর: টাচস্কিন মনিটর

ঘ) সচরাচর কোন ডিভাইসের সাহায্যে ডাটা ইনপুট দিতে হয়?
উত্তর: কি-বোর্ড

ঙ) বাংলাদেশের প্রথম সার্চ ইঞ্জিনের নাম কী?
উত্তর: পিপীলিকা

চ) প্রতিটি সফটওয়্যারকে কী বলা হয়?
উত্তর: প্রোগ্রাম

ছ) MS Excel এ Split কোন মেনুর অধীনে থাকে?
উত্তর: View মেনুতে

জ) DVD শব্দটির পূর্ণরূপ কী?
উত্তর: Digital Versatile Disc

ঝ) কম্পিউটারের যন্ত্রাংশ বা যন্ত্রকে কী বলে?
উত্তর: হার্ডওয়্যার

ঞ) MS Word এ নতুন চালু করার জন্য কি-বোর্ড এর কোন কোন শর্টকাট Key ব্যবহৃত হয়?
উত্তর: Ctrl + N

ট) কম্পিউটারের স্থায়ী স্মৃতিশক্তিকে কী বলে?
উত্তর: ROM

ঠ) MS PowerPoint কোন ধরনের Software?
উত্তর: প্রেজেন্টেশন সফটওয়্যার

ড) এমএস এক্সেলে কতটি কলাম থাকে?
উত্তর: ১৬৩৮৪ টি

ঢ) ডিফ্রাগমেন্ট করলে কম্পিউটারের কী ঘটে?
উত্তর: কম্পিউটারের ফাইলগুলো পুনর্বিন্যস্ত হয়

ণ) LAN এর দুইটি সুবিধা লিখুন।
উত্তর: ১। ল্যানের নেটওয়ার্কে দ্রুত তথ্য ও ফাইল শেয়ার করা যায়।
২। LAN এর নিরাপত্তা ব্যবস্থা শক্তিশালী



৪৩৫
সরকারি যানবাহন অধিদপ্তর
হিসাব সহকারী

সময়: ৯০ মি | তারিখ: ২৮-০২-২৫ | মান: ১০০

০১। ঢাকা শহরে যানজট নিরসনে ১০টি উপায় বর্ণনা করুন।

ঢাকা শহরের যানজট নিরসনের উপায়

ঢাকা শহরের অন্যতম বড় সমস্যা হলো যানজট, যা নাগরিক জীবনে ভোগান্তি ও অর্থনৈতিক ক্ষতির কারণ হয়ে দাঁড়িয়েছে। এ সমস্যা সমাধানে গণপরিবহন যেমন আধুনিক বাস, মেট্রোরেল ও ট্রেন সেবার উন্নয়ন জরুরি। ফ্লাইওভার, আন্ডারপাস ও বাইপাস নির্মাণের মাধ্যমে যান চলাচল সহজ করা যেতে পারে। সংকীর্ণ রাস্তা প্রশস্ত করা ও অবৈধ পার্কিং উচ্ছেদ করাও প্রয়োজন। ব্যক্তিগত গাড়ির ব্যবহার নিয়ন্ত্রণ, অফিস-স্কুলের সময়সূচিতে পরিবর্তন, এবং ফুটপাথ ও সাইকেল লেন চালু করাও কার্যকর পদক্ষেপ। ট্রাফিক ব্যবস্থায় আধুনিক প্রযুক্তির ব্যবহার, যেমন স্মার্ট ট্রাফিক লাইট এবং স্বয়ংক্রিয় নিয়ন্ত্রণ ব্যবস্থা, গুরুত্বের সঙ্গে বিবেচনা করা উচিত। অবৈধ স্ট্যান্ড বন্ধ এবং ট্রাফিক আইন কঠোরভাবে প্রয়োগ করাও দরকার। সর্বোপরি, জনগণের মধ্যে সচেতনতা বৃদ্ধি এবং আইন মেনে চলার অভ্যাস গড়ে তুলতে হবে।

০২। ভাব সম্প্রসারণ করুন: 'জন্ম হোক যথা তথা, কর্ম হোক ভালো"

জন্ম হোক যথা তথা, কর্ম হোক ভালো

মূলভাব: মানুষ পৃথিবীতে স্মরণীয় ও বরণীয় হয় তার কর্মগুণে। সেই সাথে জীবনে গৌরব ও মর্যাদার আসন লাভের পেছনেও থাকে কর্মের ভূমিকা। কর্মের দ্বারা মানুষ প্রতিষ্ঠা লাভ করে । জন্মের বা বংশের তথ্য সেখানে গৌণ।

ভাবসম্প্রসারণঃ কেউ কেউ ভাবেন, মানুষের প্রতিষ্ঠা ও গৌরব লাভের পেছনে বংশপরিচয় গুরুত্বপূর্ণ। প্রকৃতপক্ষে তা সঠিক নয়। কারণ মানুষ কোন বংশে জন্মগ্রহণ করেছে তা বিবেচনা না করে জীবনে সে কী অবদান রেখে গেছে সেটাই মানুষের মহিমাকে তুলে ধরে। সমাজের নীচু স্তরে জন্ম নিয়েও অনেক মানুষ কর্ম ও অবদানের মাধ্যমে বড় বলে পরিগণিত হয়েছে। মানবসমাজের ইতিহাসে এ রকম অজস্র উদাহরণ আছে। উঁচু বংশ বা নীচু বংশ বড় কথা নয়, মহৎ অবদানেই মানুষ বড় মাপের মানুষ হয়। কাজী নজরুল ইসলাম, বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর, মাইকেল মধুসূদন দত্ত, বিজ্ঞানী জগদীশ চন্দ্র বসুসহ আরও অনেকে তাদের কর্মের অবদানের জন্যে স্মরণীয় ও বরণীয় হয়ে আছেন। এঁরা কেউ জন্মপরিচয় বা বংশগৌরবের কারণে বড় বলে পরিগণিত নন। পদ্মফুলের জন্মস্থান বড় নয়, এর সৌন্দর্য বড়। তেমনি মানুষের কর্মের সাফল্যই বড়, বংশ ও জন্মপরিচয় নয়। কর্মই জীবন। জীবনে কাজ না থাকলে জীবনই ব্যর্থ হয়। মানুষই বিভিন্ন কর্ম দ্বারা দেশ, সমাজ ও জাতির উন্নতি সাধন করে। বংশ বা জন্মপরিচয় দিয়ে দেশের উন্নতি করা যায় না।

মানুষের জীবনের ব্রত হচ্ছে কর্ম কর্মের মধ্যে লুকিয়ে থাকে মানবজীবনের সাফল্য ও ব্যর্থতা। মানুষ কর্মের মাধ্যমে চেষ্টা চালায় জীবনে উন্নতি সাধনে, সাথে সাথে দেশ, জাতি ও সমাজের মঙ্গল সাধনে । মানুষের এ মহৎ কর্মগুণই তাকে অমরত্ব দান করে। জন্মপরিচয় বা বংশগৌরব কখনো মহৎ গুণের মাপকাঠি নয় ।

০৩। একটি করে সমার্থক শব্দ লিখুন:

ক) অধিক = অনেক
খ) ঊর্মি = ঢেউ
গ) ধেনু = গাভী, গরু

০৪। শব্দার্থসহ বাক্য রচনা করুন:

ক) থ মারা = অবাক হওয়া
খ) বাঘের দুধ = দুঃসাধ্য বস্তু
গ) সাতপাঁচ = নানা রকম
ঘ) হাতের পাঁচ = শেষ সম্বল

০৫। এক কথায় প্রকাশ করুন:

ক) অনেক দেখেছে যে = ভূয়োদর্শী
খ) বাঘের চামড়া = কৃত্তি
গ) রেশম দিয়ে নির্মিত = রেশমি

০৬। সম্প্রতি ভ্রমণ করেছেন এমনটি পর্যটন স্থানের বর্ণনা দিয়ে বন্ধুকে একটি পত্র লিখুন।

০৭। Make sentences with the idioms and Phrases

a) Above all = Above all he is a good man.
b) Crying need = Mass education is the crying need of Bangladesh
c) Black and white = We charged against him in black and white

d) Out and out = He is out and out a gentleman.

e) At daggers drawn = At present the two brothers are at daggers drawn.

০৮। Make Noun into Adjective

Noun	Adjective
Ambition	Ambitious
Voice	Vocal
Invent	Inventive
Need	Needed/Necessary
Trust	Trustworthy

০৯। Fill in the gaps with preposition:

a) He set out..... home.
Answer: for

b) It is a quarter..... nine.
Answer: past/to

c) The building is ..... repair.
Answer: under

d) He came ..... road.
Answer: by

e) You are..... time.
Answer: on

১০। Write a paragraph on 'Book Fair'

৪৩৪ নং প্রশ্নে উত্তর দেখুন

১১। Write an Application the Director (Roads) for 3 days Casual Leave.

Answer:
09 June 2025
To
The Director (Roads)
Department of Government Transport
Dhaka
Subject: Application for 3 Days' Casual Leave
Sir,
I respectfully beg to state that I am Jamil, working as an Office Assistant in your department. I would like to apply for 3 (three) days' casual leave from 10 June 2025 to 13 June 2025 due to personal reasons.
I shall be grateful if you kindly grant me the leave for the mentioned period.
Yours faithfully,
Jamil
Office Assistant
Department of Government Transport,
Dhaka

১২। ১২০০ টাকা একটি নির্দিষ্ট হারে সরল মুনাফায় ৫ বছরে ১৫৭৫ টাকা হলে মুনাফার হার কত?

সমাধান মুনাফা = ১৫৭৫ − ১২০০ = ৩৭৫
১২০০ টাকার ৫ বছরের মুনাফা ৩৭৫ টাকা
১ " ১ " " $\frac{৩৭৫}{১২০০\times৫}$ "
১০০ " ১ " " $\frac{৩৭৫\times১০০}{১২০০\times৫}$ "
= ৬.২৫ টাকা

উত্তর: ৬.২৫%

১৩। উৎপাদকে বিশ্লেষণ করুন:

a) $x^2 + x - 20$

সমাধান $x^2 + x - 20$
$= x^2 + 5x - 4x - 20$
$= x(x + 5) - 4(x + 5)$
$= (x + 5)(x - 4)$ (Answer)

b) $a^4 + 4$

সমাধান $a^4 + 4$
$= (a^2)^2 + 2a^2.2 + 2^2 - 4a^2$
$= (a^2 + 2)^2 - (2a)^2$
$= (a^2 + 2 + 2a)(a^2 + 2 - 2a)$
$= (a^2 + 2a + 2)(a^2 - 2a + 2)$ (Answer)

১৪। মান নির্ণয় করুন: $a + b = 12$ এবং $ab = 35$ হলে, $a^2 + b^2$ এর মান নির্ণয় করুন।

সমাধান প্রদত্ত রাশি $= a^2 + b^2$
$= (a + b)^2 - 2ab$
$= (12)^2 - 2 \times 35$ [মান বসিয়ে]
$= 144 - 70$
$= 74$ (Answer)

১৫। সংজ্ঞা লিখুন:

সূক্ষ্মকোণী ত্রিভুজ : যে ত্রিভুজের তিনটি কোণই সূক্ষ্মকোণ, তাকে সূক্ষ্মকোণী ত্রিভুজ বলে।

ভরকেন্দ্র : একটি ত্রিভুজের তিনটি মধ্যমার ছেদবিন্দুকে ভরকেন্দ্র বলে।

ট্রাপিজিয়াম : যে চতুর্ভুজের এক জোড়া বিপরীত বাহু সমান্তরাল, একে ট্রাপিজিয়াম বলে।

পরিবৃত্ত: কোন ত্রিভুজের তিনটি শীর্ষবিন্দু দিয়ে গমনকারী বৃত্তকে ঐ ত্রিভুজের পরিবৃত্ত বলে।

ঘনক: আয়তাকার ঘনবস্তুর দৈর্ঘ্য, প্রস্থ ও উচ্চতা সমান হলে, তাকে ঘনক বলে।

সাধারণ জ্ঞান

১৬। সংক্ষেপে উত্তর লিখুন:

ক) জাতিসংঘ কত সালে প্রতিষ্ঠিত হয়?

উত্তর: ১৯৪৫ সালে

খ) বাংলাদেশ কবে OIC এর সদস্যপদ লাভ করে?

উত্তর: ১৯৭৪ সালে

গ) দাভোস সম্মেলন কোন দেশে অনুষ্ঠিত হয়?

উত্তর: সুইজারল্যান্ড

ঘ) সুয়েজ খাল কোন দেশে অবস্থিত?

উত্তর: মিসর

ঙ) বাংলাদেশের জাতীয় পতাকার দৈর্ঘ্য ও প্রস্থের অনুপাত কত?

উত্তর: ১০ ঃ ৬

১৭। পূর্ণরূপ লিখুন:

a) BIMSTEC = Bay of Bengal Initiative for Multi-Sectoral Technical and Economic Cooperation

b) OMR = Optical Mark Reader

c) HTML = Hypertext Markup Language

d) TIN = Taxpayer's Identification Number

e) UNDP = United Nations Development Programme

১৮। টীকা লিখুন:

ক) অমর একুশে বইমেলা খ) রোহিঙ্গা সমস্যা

উত্তর:

ক) অমর একুশে বইমেলা

অমর একুশে বইমেলা বাংলাদেশের সর্ববৃহৎ ও সর্বাধিক জনপ্রিয় বইমেলা। প্রতি বছর ফেব্রুয়ারি মাসজুড়ে রাজধানী ঢাকার বাংলা একাডেমি প্রাঙ্গণ এবং সোহরাওয়ার্দী উদ্যানে এই মেলা অনুষ্ঠিত হয়। এটি ভাষা শহীদদের স্মরণে আয়োজিত এবং বাঙালি সংস্কৃতি ও সাহিত্যচর্চার এক গুরুত্বপূর্ণ অংশ হিসেবে বিবেচিত।

এই বইমেলায় দেশি-বিদেশি প্রকাশনা সংস্থাগুলো তাদের বই প্রদর্শন ও বিক্রির সুযোগ পায়। সাহিত্যপ্রেমী, পাঠক, লেখক ও প্রকাশকদের মিলনমেলা এটি। নতুন বই প্রকাশ, সাহিত্য আলোচনা, কবিতা আবৃত্তি, সাংস্কৃতিক অনুষ্ঠানসহ নানা আয়োজন বইমেলাকে প্রাণবন্ত করে তোলে। অমর একুশে বইমেলা কেবল বই কেনাবেচার স্থান নয়, বরং জ্ঞান, ভাষা ও সংস্কৃতির বিকাশের এক অনন্য ক্ষেত্র।

খ) রোহিঙ্গা সমস্যা

রোহিঙ্গারা মিয়ানমারের রাখাইন (আরাকান) রাজ্যে বসবাসকারী মুসলিম সংখ্যালঘু জনগোষ্ঠী। তারা ঐতিহাসিকভাবে মিয়ানমারের নাগরিক হলেও ১৯৮২ সালে তাদের নাগরিকত্ব কেড়ে নেওয়া হয় এবং মিয়ানমার সরকার তাদের অনুপ্রবেশকারী বলে দাবি করে। ১৭৮৪ সাল থেকে বর্মির অত্যাচারের কারণে রোহিঙ্গারা ধীরে ধীরে বাংলাদেশে আশ্রয় নিতে শুরু করে। ১৯৭৮ সালে 'অপারেশন নাগামিন ড্রাগন' পরিচালনার পর প্রায় দুই লাখ রোহিঙ্গা বাংলাদেশে আসে। ২০১৭ সালের ২৫ আগস্ট মিয়ানমারের সামরিক বাহিনীর হামলার ফলে প্রায় ৭ লাখ রোহিঙ্গা কক্সবাজারের টেকনাফ ও উখিয়া উপজেলায় শরণার্থী হয়েছে। কুতুপালং, নয়াপাড়া, দমদমিয়া ইত্যাদি ক্যাম্পে তারা বসবাস করছে এবং নোয়াখালীর ভাসানচরে বিশেষ আশ্রয়ণ প্রকল্প চলছে। ২০১৯ সালে পশ্চিম আফ্রিকার মুসলিম অধ্যুষিত দেশ গাম্বিয়া আন্তর্জাতিক বিচার আদালতে (ওঈঔ) মিয়ানমারের বিরুদ্ধে রোহিঙ্গাদের ওপর গণহত্যার মামলা করে, যা রোহিঙ্গা সমস্যার আন্তর্জাতিক স্বীকৃতি ও ন্যায়বিচার প্রতিষ্ঠার ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ ঘটনা হিসেবে বিবেচিত।

৪৩৬
সরকারি যানবাহন অধিদপ্তর
নিরাপত্তা প্রহরী

সময়: ৪০ মি | তারিখ: ২৮-০২-২৫ | মান: ৬০

০১। সন্ধি বিচ্ছেদ করুন:

ক) হিতাহিত = হিত + অহিত
খ) বৃহস্পতি = বৃহৎ + পতি
গ) নীলোৎপল = নীল + উৎপল
ঘ) অন্বেষণ = অনু + এষণ
ঙ) পবন = পো + অন

০২। বন্ধুর পিতার মৃত্যুতে সান্ত্বনা জানিয়ে বন্ধুকে একখানা পত্র লিখুন।

অথবা

ভাব সম্প্রসারণ করুন: " জীবে প্রেম করে যে জন, সেজন সেবিছে ঈশ্বর"

জীবে প্রেম করে যে জন, সেজন সেবিছে ঈশ্বর

জীবের আত্মারূপে স্রষ্টা জীবের মধ্যে অবস্থান করেন। তাই জীবের সেবা করলেই স্রষ্টার সেবা করা হয়। বস্তুত জীবের প্রতি আন্তরিক না হয়ে স্রষ্টার নৈকট্য লাভ করা যায় না। সৃষ্টিকে ভালোবাসার মাধ্যমেই কেবল স্রষ্টার সান্নিধ্য লাভ করা যায়। মহাবিশ্বে যা কিছু রয়েছে সবই স্রষ্টার সৃষ্টি। সমস্ত জীবজগৎ তিনিই সৃষ্টি করেছেন পরম যত্নে, যেমন পরম ভালোবাসায় সৃষ্টি করেছেন মানুষ। তাঁর মহাশক্তির ক্ষুদ্রাংশ শক্তি জীবজগতের প্রত্যেকের মধ্যে বিরাজমান। অর্থাৎ জীবজগতের সবকিছুর মধ্যেই তাঁর শক্তির উপস্থিতি রয়েছে। কাজেই জীবের প্রতি দয়া প্রদর্শন করা আমাদের প্রত্যেকেরই কর্তব্য। কেননা জীবসেবা করলেই প্রকারান্তরে স্রষ্টার সেবা করা হয়। জীবের প্রতি যত্নবান হলে বা জীবকে ভালোবাসলে সৃষ্টিকর্তার প্রতি ভালোবাসা প্রদর্শন করা হয়। এ জন্যেই স্বামী বিবেকানন্দ বলেছেন–

"জীবজগৎ সেবা করাই স্রষ্টার সেবা।"

এই মর্মবাণী আমাদের মনে করিয়ে দেয় যে জীবের সেবা এবং ভালোবাসা ছাড়া প্রকৃত ধর্মের ধারনা অসম্পূর্ণ। তাই আমাদের উচিত জীবের প্রতি সদয়, করুণাময় ও সহানুভূতিশীল হওয়া, কারণ এই ভক্তিভাবই স্রষ্টার প্রতি প্রকৃত প্রেমের প্রকাশ।

০৩। নিচের বাক্যগুলোর ইংরেজি করুন:

ক) আকাশ নীল
⇨ The sky is blue
খ) সে স্কুলে যায়
⇨ He goes to school.
গ) মানুষ মাত্রই মরণশীল
⇨ Man is mortal
ঘ) পৃথিবী গোলাকার
⇨ The earth is round.
ঙ) আমি ক্রিকেট খেলা পছন্দ করি।
⇨ I like to play cricket.

০৪। Write a Paragraph on 'International Mother Language Day'

৪৩১ নং প্রশ্নে উত্তর দেখুন

০৫। নাফিস ও তার মায়ের বয়সের সমষ্টি ৬০ বছর। মায়ের বয়স নাফিসের বয়সের ৪ গুণ। তাদের প্রত্যেকের বয়স কত?

সমাধান মনে করি, নাফিসের বয়স = ক বছর
মায়ের বয়স = ৪ক
প্রশ্নমতে, ৪ক + ক = ৬০
বা, ৫ক = ৬০
∴ ক = ১২
নাফিসের বয়স ১২ বছর; তার মায়ের বয়স(১২×৪)=৪৮ বছর

উত্তর: নাফিসের বয়স ১২ বছর; তার মায়ের বয়স ৪৮ বছর

০৬। ৫০ টাকা দরে ২৫টি খাতা কিনে ৮% লাভে বিক্রয় করা হলে প্রতিটি খাতার বিক্রয়মূল্য কত?

সমাধান
৮% লাভে বিক্রয়মূল্য ১০০ + ৮ = ১০৮ টাকা
ক্রয়মূল্য ১০০ টাকা হলে বিক্রয়মূল্য ১০৮ টাকা
" ১ " " " $\frac{১০৮}{১০০}$ "
" ৫০ " " " $\frac{৫০\times১০৮}{১০০}$ "
= ৫৪ টাকা

উত্তর: ৫৪ টাকা

০৭। সংজ্ঞা লিখুন: রেখা, বিন্দু, লম্ব, অতিভুজ, কর্ণ

উত্তর:

রেখা: বিন্দু চলার পথকে রেখা বলে।

বিন্দু : যার দৈর্ঘ্য, প্রস্থ, বা বেধ নেই, শুধুমাত্র অবস্থান আছে তাকে বিন্দু বলে।

লম্ব : একটি সরলরেখা অপর একটি সরলরেখার উপর দন্ডায়মান হয়ে যদি এক সমকোণ ৯০° ডিগ্রি কোণ উৎপন্ন করে, তবে ঐ সরলরেখাটিকে লম্ব বলে।

অতিভুজ : সমকোণী ত্রিভুজের সমকোণের বিপরীত বাহুকে অতিভুজ বলে।

কর্ণ: বহুভুজের বিপরীত শীর্ষবিন্দুর সংযোগকারী রেখাকে কর্ণ বলে।

০৮। সংক্ষেপে উত্তর লিখুন:

ক) জাতিসংঘের সদর দপ্তর কোথায় অবস্থিত?

উত্তর: নিউইয়র্ক, যুক্তরাষ্ট্র

খ) পৃথিবীর বৃহত্তম মরুভূমির নাম কী?

উত্তর: সাহারা মরুভূমি

গ) বিরিশিরি কোথায় অবস্থিত?

উত্তর: নেত্রকোণা

ঘ) লন্ডন শহর কোন নদীর তীরে অবস্থিত?

উত্তর: টেমস

ঙ) উত্তরা গণভবন কোন জেলায় অবস্থিত?

উত্তর: নাটোর

০৯। একজন নিরাপত্তা প্রহরীর ৫টি দায়িত্ব এবং কর্তব্য লিখুন।

নিরাপত্তা প্রহরীর দায়িত্ব ও কর্তব্য

একজন নিরাপত্তা প্রহরীর প্রধান দায়িত্ব হলো তিনি প্রতিষ্ঠান/অফিসে কর্মরত রয়েছেন সেই প্রতিষ্ঠান/অফিসের নিরাপত্তা নিশ্চিত করা। এ জন্য তাকে নিয়মিত পরিদর্শন করতে হয় যাতে কোনো অনাকাঙ্ক্ষিত ঘটনা ঘটার আগে তা শনাক্ত করা যায়। এছাড়া প্রবেশ ও বাহির পথ নিয়ন্ত্রণ করা এবং আগন্তুকদের উপর নজর রাখা তার গুরুত্বপূর্ণ কাজ। সন্দেহজনক ব্যক্তি বা কার্যকলাপ পর্যবেক্ষণ করে দ্রুত কর্তৃপক্ষকে জানানোও প্রহরীর দায়িত্বের অন্তর্ভুক্ত। জরুরি পরিস্থিতি, যেমন অগ্নিকাণ্ড বা দুর্ঘটনায় তাৎক্ষণিক সাড়া দিয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করাও তার করণীয়। নিরাপত্তা সরঞ্জাম যেমন সিসিটিভি, অ্যালার্ম ও অন্যান্য প্রযুক্তি সঠিকভাবে পরিচালনা করাও একজন দক্ষ নিরাপত্তা প্রহরীর অন্যতম দায়িত্ব। একজন নিরাপত্তা প্রহরী অবৈধ কার্যকলাপ রোধ, ক্ষতি কমানো এবং সার্বিক নিরাপত্তা বজায় রাখতে সহায়তা করে।

৪৩৭

প্রধান প্রশাসনিক কর্মকর্তার কার্যালয়

অফিস সহায়ক/নিরাপত্তা প্রহরী

সময়: ৬০ মি | তারিখ: ২৮-০২-২৫ | মান: ৪০

০১। সন্ধি বিচ্ছেদ করুন:

ক) বিদ্যালয় = বিদ্যা + আলয়

খ) পদ্ধতি = পদ্ + হতি

গ) মহৌষধ = মহা + ঔষধ

ঘ) নবান্ন = নব + অন্ন

০২। শুদ্ধ করুন:

অশুদ্ধ	শুদ্ধ
ভূল	ভুল
মুমুর্ষু	মুমূর্ষু
গড়মিল	গরমিল

০৩। এক কথায় প্রকাশ করুন:

ক) উপকারীর অপকার করে যে = কৃতঘ্ন

খ) যা পূর্বে শোনা যায়নি = অশ্রুতপূর্ব

গ) যার দু হাত সমান চলে = সব্যসাচী

ঘ) যা ঠাণ্ডা নয় খুব গরমও নয় = নাতিশীতোষ্ণ

০৪। বাগধারাগুলোর অর্থ লিখুন:

ক) ইঁদুর কপালে = নিতান্ত মন্দ ভাগ্য

খ) অকাল কুষ্মাণ্ড = অপদার্থ

গ) আদায়-কাঁচকলায় = শত্রুতা

ঘ) কাপুড়ে বাবু = বাহ্যিক সভ্য

০৫। Fill in the blanks:

a) I don't care..... you.

Answer: for

b) He lives..... Dhaka.

Answer: in

c) He is..... LLB.

Answer: an

d) .....Sun rises in the east.

Answer: The

e) I wish I ..... the wings of a bird.

Answer: had

০৬। Translate into English:

ক) তিন দিন যাবৎ বৃষ্টি হচ্ছে।

⇨ It has been raining for three days

খ) আমি তোমাকে খাওয়াবো।

⇨ I will treat you

গ) মানুষ মাত্রই ভুল করে।

⇨ To err is human

ঘ) আমি সাঁতার কাটতে জানি না।

⇨ I do not know how to swim

ঙ) একতাই বল।

⇨ Unity is strength

০৭। **Change the Gender:**

Given gender	Opposite Gender
Dog	Bitch
King	Queen
Nephew	Niece
Tiger	Tigress
Lord	Lady

০৮। **৬০ মিটার দীর্ঘ একটি ট্রেনের গতিবেগ ঘণ্টায় ৪৮ কি.মি। রেললাইনের পাশের একটি খুঁটিকে অতিক্রম করতে ট্রেনটির কত সময় লাগবে?**

সমাধান খুঁটিটি অতিক্রম করতে ট্রেনটিকে নিজের দৈর্ঘ্যের সমান দূরত্ব অতিক্রম করতে হবে।

৪৮ কি.মি. = ৪৮ × ১০০০ মিটার বা ৪৮০০০ মিটার

১ ঘন্টা = ৩৬০০ সেকেন্ড

ট্রেনটি ৪৮০০০ মি. অতিক্রম করে ৩৬০০ সেকেন্ডে

১ " " " $\frac{৩৬০০}{৪৮০০০}$ "

∴ ৬০ " " " $\frac{৩৬০০ \times ৬০}{৪৮০০০}$ "

$= \frac{৯}{২}$ সেকেন্ডে

$= ৪\frac{১}{২}$ সেকেন্ডে

উত্তর: $৪\frac{১}{২}$ সেকেন্ড।

০৯। **একজন দোকানদার প্রতি হালি ডিম ২৫ টাকা দরে ক্রয় করে প্রতি দুই হালি ডিম ৫৬ টাকায় বিক্রি করলে তার শতকরা কত লাভ বা ক্ষতি হবে।**

সমাধান ১ হালি ডিমের ক্রয়মূল্য ২৫ টাকা

২ " " " ২৫×২ " = ৫০ টাকা

লাভ হয় = (৫৬ – ৫০) = ৬ টাকা

৫০ টাকায় লাভ হয় ৬ টাকা

১ " " " $\frac{৬}{৫০}$ "

১০০ " " " $\frac{৬ \times ১০০}{৫০}$ " = ১২ টাকা

উত্তর: ১২% লাভ

১০। বাংলাদেশ জাতীয় সংসদের স্থপতি কে?

উত্তর: লুই আই কান

১১। ইউক্রেনের রাজধানীর নাম কী?

উত্তর: কিয়েভ

১২। বাংলাদেশের জাতীয় বৃক্ষের নাম কী?

উত্তর: আম গাছ

১৩। NATO এর পূর্ণরূপ কী?

উত্তর: North Atlantic Treaty Organization

১৪। রাশিয়ার মুদ্রার নাম কী?

উত্তর: রুবল

১৫। কত সালে জাতীয় কবি কাজী নজরুল ইসলাম জন্মগ্রহণ করেন?

উত্তর: ২৪ মে ১৮৯৯

১৬। আজ বাংলা পঞ্জিকা বর্ষের কোন মাসের কত তারিখ?

উত্তর: ১৫ই ফাল্গুন

১৭। তথ্য-প্রযুক্তিতে ব্যবহৃত AI এর পূর্ণরূপ কী?

উত্তর: Artificial Intelligence

১৮। বায়ুমন্ডলে কোন গ্যাসের পরিমান সবচেয়ে বেশি?

উত্তর: নাইট্রোজেন

১৯। আয়তনে বাংলাদেশের সবচেয়ে বড় জেলা কোনটি?

উত্তর: রাঙ্গামাটি

৪৩৮
প্রধান প্রশাসনিক কর্মকর্তার কার্যালয়
উচ্চমান সহকারী

সময়: ৯০ মি | তারিখ: ২৮-০২-২৫ | মান: ৭০

০১। **ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করুন:**

ক) নতজানু = নত যে জানু -কর্মধারয় সমাস

খ) সপুত্রক = পুত্রের সাথে বর্তমান/উপস্থিত -বহুব্রীহি

গ) প্রভাত = প্র (প্রকৃষ্ট রূপে) ভাত -প্রাদি সমাস

ঘ) সিংহাসন = সিংহ চিহ্নিত আসন - কর্মধারয়

ঙ) পঞ্চানন = পঞ্চ আনন যার -বহুব্রীহি

০২। **এক কথায় প্রকাশ করুন:**

ক) আপনাকে যে পন্ডিত মনে করে = পণ্ডিতম্মন্য

খ) ইন্দ্রিয়কে জয় করেছেন যিনি = জিতেন্দ্রিয়

গ) দিনে একবার আহার করে যে = একাহারী

ঘ) যার উপস্থিত বুদ্ধি আছে = প্রত্যুৎপন্নমতি

ঙ) যে নারী নিজে বর বরণ করে নেয় = স্বয়ংবরা

০৩। **বাগধারাগুলোর অর্থ লিখুন:**

ক) জগদ্দল পাথর = গুরুভার

খ) চিনির বলদ = নিষ্ফল পরিশ্রম

গ) খন্ড প্রলয় = তুমুল কাণ্ড

ঘ) কাছা ঢিলা = অসাবধান

ঙ) বিড়াল তপস্বী = ভণ্ড সাধু

০৪। **বানান শুদ্ধ করুন:**

অশুদ্ধ	শুদ্ধ
প্রতিদ্বিদ্ধিতা	প্রতিদ্বন্দ্বিতা
দধিচি	দধীচি
ইতিপূর্বে	ইতঃপূর্বে
অন্তষ্টিক্রিয়া	অন্ত্যেষ্টিক্রিয়া
মন্ত্রীপরিষদ	মন্ত্রিপরিষদ

০৫। **Fill in the blanks:**

a) I am opposed..... your proposal.
Answer: to

b) He is jealous..... my fame.
Answer: of

c) His words are susceptible..... flattery.
Answer: to

d) He looked as if he had not slept..... weeks.
Answer: for

e) Is the room large..... for you?
Answer: enough

০৬। **Translate into English:**

ক) পুষ্টিকর খাদ্য স্বাস্থ্যের জন্য উপকারী ।

➪ Nutritious food is good for health

খ) এখানে কখনো বৃষ্টি হয় না।

➪ It never rains here.

গ) ডাক্তার আসিবার পরে রোগী মারা গেল।

➪ The patient died after the doctor had come

ঘ) তুমি কি জানো সে কোথায় থাকে?

➪ Do you know where he lives?

ঙ) আমার যদি পাখির মত ডানা থাকতো।

➪ Had I the wings of a bird!

০৭। **Change the Gender:**

Given gender	Opposite Gender
Tailor	Seamstress
Steward	Stewardess
Bee	Drone
Fox	Vixen
Ram	Ewe

০৮। **Write the bengali meaning and make sentences:**

a) At finger's end = নখদর্পনে

✍ Your statement is at my finger's end

b) Bird's eye view = মোটামুটি ধারণা

✍ He took a bird's eye view of the subject.

c) Hard nut to crack = কঠিন সমস্যা

✍ Over-population is a hard nut to crack for Bangladesh.

d) From frying pan to fire = খারাপ অবস্থা

✍ She try to jump from the frying pan to the fire

e) In turns = পর্যায়ক্রমে

✍ Candidates were called in turn to the Interview Board.

৯। একজন মাঝি স্রোতের প্রতিকূলে t_1 ঘন্টায় a কি.মি. যেতে পারে। স্রোতের অনুকূলে ঐ পথ যেতে তার t_2 ঘন্টা লাগে। স্রোতের বেগ ও নৌকার বেগ কত?

সমাধান স্রোতের প্রতিকূলে, t_1 ঘণ্টায় যায় a কি.মি.

$\therefore$ ১ ঘণ্টায় যায় $= \frac{a}{t_1}$ কি.মি.

স্রোতের অনুকূলে, t_2 ঘণ্টায় যায় a কি.মি.

$\therefore$ ১ ঘণ্টায় যায় $= \frac{a}{t_2}$ কি.মি.

আমরা জানি,

$$\text{নৌকার গতিবেগ} = \frac{\text{স্রোতের অনুকূলে গতিবেগ} + \text{স্রোতের প্রতিকূলে গতিবেগ}}{২}$$

$$= \frac{\frac{a}{t_2}+\frac{a}{t_1}}{২} \text{ কি.মি/ঘন্টা}$$

$$= (\frac{a}{t_2}+\frac{a}{t_2}) \times \frac{1}{2} \text{ কি.মি./ঘন্টা}$$

$$= \frac{a}{2}(\frac{1}{t_2}+\frac{1}{t_1}) \text{ কি.মি/ঘন্টা}$$

আবার,

$$\text{স্রোতের বেগ} = \frac{\text{স্রোতের অনুকূলে গতিবেগ} - \text{স্রোতের প্রতিকূলে গতিবেগ}}{২}$$

$$= \frac{\frac{a}{t_2}-\frac{a}{t_1}}{২} \text{ কি.মি/ঘন্টা}$$

$$= (\frac{a}{t_2}-\frac{a}{t_2}) \times \frac{1}{2} \text{ কি.মি./ঘন্টা}$$

$$= \frac{a}{2}(\frac{1}{t_2}-\frac{1}{t_1}) \text{ কি.মি/ঘন্টা}$$

উত্তর: স্রোতের বেগ $\frac{a}{2}(\frac{1}{t_2}-\frac{1}{t_1})$ কি.মি/ঘন্টা ও নৌকার বেগ $\frac{a}{2}(\frac{1}{t_2}+\frac{1}{t_1})$ কি.মি/ঘন্টা

১০। একটি ঘরের দৈর্ঘ্য, প্রস্থের ৩ গুণ। প্রতি বর্গমিটারে ৭.৫০ টাকা দরে ঘরের মেঝে কার্পেট দিয়ে মুড়তে মোট ১১০২.৫০ টাকা ব্যয় হয়। ঘরটির দৈর্ঘ্য ও প্রস্থ নির্ণয় করুন।

সমাধান দেখুন: প্রশ্ন নং-৪৩০, সমস্যা নং-১২।

১১। $24x^3 - 81y^3$ কে উৎপাদকে বিশ্লেষণ করুন।

সমাধান $24x^3 - 81y^3$

$= 3(8x^3 - 27y^3)$

$= 3\{(2x)^3 - (3y)^3\}$

$= 3(2x - 3y)\{(2x)^2 + (2x) \times (3y) + (3y)^2\}$

$= 3(2x - 3y)(4x^2 + 6xy + 9y^2)$ **(Answer)**

১২। এশিয়ার ক্ষুদ্রতম দেশ কোনটি এবং এর রাজধানীর নাম কী?

উত্তর: মালদ্বীপ; মালে

১৩। পূর্ণরূপ লিখুন: ASEAN, URL, UNESCO, ATM

উত্তর:

ASEAN = Association of Southeast Asian Nations

URL = Uniform Resource Locator

UNESCO = United Nations Educational, Scientific and Cultural Organization

ATM = Automated Teller Machine

১৪। জাপানের মুদ্রার নাম কী?

উত্তর: ইয়েন

১৫। আয়তনে বাংলাদেশের সবচেয়ে বড় বিভাগের নাম কী?

উত্তর: চট্টগ্রাম

১৬। Pearl of Africa বলা হয় কোন দেশকে?

উত্তর: উগান্ডা

১৭। বিশ্বের দীর্ঘতম পর্বতমালার নাম কী?

উত্তর: আন্দিজ পর্বতমালা

১৮। দিন-রাতের পরিবর্তন হয় কোন গতির কারণে?

উত্তর: আহ্নিক গতির

১৯। কৃষ্ণ সাগর ও মর্মর সাগর/ভূমধ্যসাগরকে সংযুক্ত করেছে কোন প্রণালী?

উত্তর: বসফরাস প্রণালি

২০। এশিয়ার সর্বশেষ স্বাধীন দেশের নাম কী?

উত্তর: পূর্ব তিমুর

২১। বাংলাদেশের সর্ববৃহৎ দ্বীপ জেলার নাম কী?

উত্তর: ভোলা

২২। ২০২৬ সালে বিশ্বকাপ ফুটবল আয়োজনকারী যেকোনো ২টি দেশের নাম লিখুন।

উত্তর: যুক্তরাষ্ট্র , কানাডা

৪৩৯

প্রধান প্রশাসনিক কর্মকর্তার কার্যালয়

অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক

সময়: ৯০ মি | তারিখ: ০৮-০৩-২৫ | মান: ৭০

০১। সন্ধি বিচ্ছেদ করুন:

ক) আশাতীত = আশা + অতীত
খ) যথেষ্ট = যথা + ইষ্ট
গ) অত্যুক্তি = অতি + উক্তি
ঘ) দৈনিক = দিন + ইক
ঙ) বাগাড়ম্বর = বাক্ + আড়ম্বর

০২। এক কথায় প্রকাশ করুন:

ক) পঙ্‌ক্তিতে বসার অযোগ্য = অপাঙক্তেয়
খ) অধ্যাপনা করেন যিনি = অধ্যাপক
গ) একই সময়ে বর্তমান = সমসাময়িক
ঘ) ষাট বছর পূর্তিতে পালিত উৎসব = হীরক জয়ন্তী
ঙ) শত্রুকে বধ করেন যিনি = শত্রুঘ্ন

০৩। বানান শুদ্ধ করুন:

অশুদ্ধ	শুদ্ধ
মহত্ব	মহত্ত্ব
তিরষ্কার	তিরস্কার
নুন্যতম	ন্যূনতম
অদিনস্থ	অধীন
শুশ্রুষা	শুশ্রূষা

০৪। বিপরীত শব্দ লিখুন:

প্রদত্ত শব্দ	বিপরীত শব্দ
আবশ্যিক	ঐচ্ছিক
অতিবৃষ্টি	অনাবৃষ্টি
অনুগ্রহ	নিগ্রহ
আবির্ভাব	তিরোভাব
দ্যুলোক	ভূলোক

০৫। Fill in the blanks:

a) The cow lives..... grass.
Answer: on
b) Nazrul is ..... Shelley of Bangladesh.
Answer: the
c) He is..... B.A
Answer: a
d) He assured me..... safety.
Answer: of
e) He went through..... open heart surgery.
Answer: an

০৬। Change the Gender:

Given gender	Opposite Gender
Buck	Doe
Wizard	Witch
Bride	Bridegroom
Drake	Duck
Duke	Duchess

০৭। Change the Number:

Given Number	Opposite Number
Calf	Calves
Goose	Geese
Agenda	Agendum
Mouse	Mice
Data	Datum

০৮। Translate into English:

ক) মেয়েটি নাচতে নাচতে চলে গেল।
⇨ The girl went away dancing
খ) খালি কলসি বাজে বেশি।
⇨ An empty vessel sounds much.
গ) তিনি সৎ লোক ছিলেন, তাই না?
⇨ He was an honest person, wasn't he?
ঘ) যেমন বাপ তেমন বেটা
⇨ Like father like son
ঙ) এখন আটটা বাজতে পাঁচ মিনিট বাকী।
⇨ Now, it is five minutes to eight.

০৯। একটি পুকুরের দৈর্ঘ্য ৩২ মিটার, প্রস্থ ২০ মিটার এবং গভীরতা ৩ মিটার। একটি মেশিন দ্বারা পুকুরটির পানি শূন্য করা হচ্ছে যা প্রতি সেকেন্ডে ০.১ ঘনমিটার সেচ করতে পারে। পুকুরটি সম্পূর্ণ পানি শূন্য করতে কত সময় লাগবে?

সমাধান পুকুরের আয়তন=৩২×২০× ৩= ১৯২০ ঘন মি.

০.১ ঘনমিটার পানি সেচতে পারে ১ সেকেন্ডে

১ " " " " $\frac{১}{০.১}$ "

১৯২০ " " " " $\frac{১৯২০}{০.১}$ "

= ১৯২০০ সেকেন্ড

= ৫ ঘন্টা ২০ মিনিট

উত্তর: ৫ ঘন্টা ২০ মিনিট

১০। কোনো আসল ৩ বছরে মুনাফা-আসলে ৫৫০০ টাকা হয়। মুনাফা, আসলের $\frac{৩}{৮}$ অংশ হলে, আসল ও মুনাফার হার নির্ণয় করুন।

সমাধান মনে করি, আসল ৮ টাকা

মুনাফা = ৮ এর $\frac{৩}{৮}$ টাকা = ৩ টাকা

মুনাফা-আসল = (৮ + ৩) টাকা = ১১ টাকা

মুনাফা-আসল ১১ টাকা হলে আসল ৮ টাকা

∴ " ১ " " " $\frac{৮}{১১}$ "

∴ " ৫৫০০ " " " $\frac{৮ \times ৫৫০০}{১১}$ "

= ৪০০০ টাকা

∴ মুনাফা = (৫৫০০ − ৪০০০) টাকা বা ১৫০০ টাকা

৪০০০ টাকার ৩ বছরের মুনাফা ১৫০০ টাকা

∴ ১ " ১ " " $\frac{১৫০০}{৪০০০ \times ৩}$ "

∴ ১০০ " ১ " " $\frac{১৫০০ \times ১০০}{৪০০০ \times ৩}$ "

$= \frac{২৫}{২}$ টাকা = $১২\frac{১}{২}$ টাকা

উত্তর: আসল ৪০০০ টাকা, মুনাফার হার $১২\frac{১}{২}$ %

১১। $a + \frac{1}{a} = 7$ হলে, $a^3 + \frac{1}{a^3}$ এর মান নির্ণয় করুন।

সমাধান $a^3 + \frac{1}{a^3} = a^3 + \left(\frac{1}{a}\right)^3$

$= \left(a + \frac{1}{a}\right)^3 - 3 \times a \times \frac{1}{a}\left(a + \frac{1}{a}\right)$

$= (7)^3 - 3 \times 7$

$= 343 - 21$ = 322 (Answer)

সাধারণ জ্ঞান

১২। নিচের প্রশ্নগুলোর উত্তর দিন:

ক) আন্তর্জাতিক নারী দিবস কত তারিখ?

উত্তর: ৮ মার্চ

খ) MRT এর পূর্ণরূপ কী?

উত্তর: Mass Rapid Transit

গ) ২য় বিশ্বযুদ্ধের অক্ষশক্তি কারা?

উত্তর: জার্মানি, ইতালি, জাপান

ঘ) মঙ্গোলিয়ার রাজধানী ও মুদ্রার নাম লিখুন।

উত্তর: উলানবাটোর ; তুগরিক

ঙ) কৌটিল্যের অর্থশাস্ত্র গ্রন্থের লেখক কে?

উত্তর: চাণক্য

চ) টেসলা ও স্পেসএক্স এর প্রধানের নাম লিখুন।

উত্তর: ইলন মাস্ক

ছ) মহাস্থানগড় এর পূর্বনাম কী?

উত্তর: পুণ্ডবর্ধন/পুণ্ডনগর

জ) The Pearl of Indian Ocean কোন দেশকে বলা হয়?

উত্তর: শ্রীলংকা

ঝ) ফরায়েজী আন্দোলনের নেতা কে ছিলেন?

উত্তর: হাজী শরীয়তুল্লাহ

ঞ) আজ বাংলা পঞ্জিকাবর্ষের কত তারিখ?

উত্তর:

ট) Microsoft এর প্রথম প্রোগ্রাম কোনটি?

উত্তর: Ms Dos

ঠ) বাংলাদেশের কোথায় তেজস্ক্রিয় বালু পাওয়া যায়?

উত্তর: কক্সবাজার সমুদ্র সৈকতে

ড) SPARRSO তে কোন বিষয়ে গবেষণা করা হয়?

উত্তর: মহাকাশ গবেষণা

ঢ) পূর্ণরূপ লিখুন: IMF, DOS

উত্তর: IMF = International Monetary Fund

DOS = Disk Operating System

ণ) যুক্তরাষ্ট্রের ক্রীতদাস প্রথা বিলোপকারী প্রেসিডেন্টের নাম কী?

উত্তর: আব্রাহাম লিঙ্কন

৪৪০
প্রধান প্রশাসনিক কর্মকর্তার কার্যালয়
সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর

সময়: ৯০ মি | তারিখ: ০৮-০৩-২৫ | মান: ৭০

০১। সন্ধি বিচ্ছেদ করুন:

ক) আশাতীত = আশা + অতীত

খ) যথেষ্ট = যথা + ইষ্ট

গ) অত্যুক্তি = অতি + উক্তি

ঘ) দৈনিক = দিন + ইক

ঙ) বাগাড়ম্বর = বাক্ + আড়ম্বর

০২। এক কথায় প্রকাশ করুন:

ক) পঙ্‌ক্তিতে বসার অযোগ্য = অপাঙক্তেয়

খ) অধ্যাপনা করেন যিনি = অধ্যাপক

গ) একই সময়ে বর্তমান = সমসাময়িক

ঘ) ষাট বছর পূর্তিতে পালিত উৎসব = হীরক জয়ন্তী

ঙ) শত্রুকে বধ করেন যিনি = শত্রুঘ্ন

০৩। বানান শুদ্ধ করুন:

অশুদ্ধ	শুদ্ধ
মহত্ব	মহত্ত্ব
তিরষ্কার	তিরস্কার
নুন্যতম	ন্যূনতম
অদিনস্থ	অধীন
শুশ্রুষা	শুশ্রূষা

০৪। বিপরীত শব্দ লিখুন:

প্রদত্ত শব্দ	বিপরীত শব্দ
আবশ্যিক	ঐচ্ছিক
অতিবৃষ্টি	অনাবৃষ্টি
অনুগ্রহ	নিগ্রহ
আবির্ভাব	তিরোভাব
দ্যুলোক	ভূলোক

০৫। Fill in the blanks:

a) The cow lives..... grass.

Answer: on

b) Nazrul is ..... Shelley of Bangladesh.

Answer: the

c) He is..... B.A

Answer: a

d) He assured me..... safety.

Answer: of

e) He went through..... open heart surgery.

Answer: an

০৬। Change the Gender:

Given gender	Opposite Gender
Buck	Doe
Wizard	Witch
Bride	Bridegroom
Drake	Duck
Duke	Duchess

০৭। Change the Number:

Given Number	Opposite Number
Calf	Calves
Goose	Geese
Agenda	Agendum
Mouse	Mice
Data	Datum

০৮। Translate into English:

ক) মেয়েটি নাচতে নাচতে চলে গেল।

⇨ The girl went away dancing

খ) খালি কলসি বাজে বেশি।

⇨ An empty vessel sounds much.

গ) তিনি সৎ লোক ছিলেন, তাই না?

⇨ He was an honest person, wasn't he?

ঘ) যেমন বাপ তেমন বেটা

⇨ Like father like son

ঙ) এখন আটটা বাজতে পাঁচ মিনিট বাকী।

⇨ Now, it is five minutes to eight.

৯। একটি পুকুরের দৈর্ঘ্য ৩২ মিটার, প্রস্থ ২০ মিটার এবং গভীরতা ৩ মিটার। একটি মেশিন দ্বারা পুকুরটির পানি শূন্য করা হচ্ছে যা প্রতি সেকেন্ডে ০.১ ঘনমিটার সেচ করতে পারে। পুকুরটি সম্পূর্ণ পানি শূন্য করতে কত সময় লাগবে?

সমাধান দেখুন: প্রশ্ন নং-৪৩৯, সমস্যা নং-০৯

১০। কোনো আসল ৩ বছরে মুনাফা–আসলে ৫৫০০ টাকা হয়। মুনাফা, আসলের $\frac{৩}{৮}$ অংশ হলে, আসল ও মুনাফার হার নির্ণয় করুন।

সমাধান দেখুন: প্রশ্ন নং-৪৩৯, সমস্যা নং-১০

১১। সরল করুন: $3x - [5y - \{10z - (5x-10y+3z)\}]$

সমাধান $3x - [5y - \{10z - (5x-10y+3z)\}]$
$= 3x - [5y - \{10z - 5x+10y-3z)\}]$
$= 3x - [5y - 7z + 5x - 10y]$
$= 3x + 5y + 7z - 5x$
$= -2x + 5y + 7z$ (Answer)

১২। সাধারণ জ্ঞান

ক) টেসলা ও স্পেসএক্স এর প্রধানের নাম লিখুন।
উত্তর: ইলন মাস্ক

খ) মহাস্থানগড় এর পূর্বনাম কী?
উত্তর: পুণ্ডবর্ধন/পুণ্ডনগর

গ) The Pearl of Indian Ocean কোন দেশকে বলা হয়?
উত্তর: শ্রীলংকা

ঘ) ফরায়েজী আন্দোলনের নেতা কে ছিলেন?
উত্তর: হাজী শরীয়তুল্লাহ

ঙ) আজ বাংলা পঞ্জিকাবর্ষের কত তারিখ?
উত্তর:

চ) Microsoft এর প্রথম প্রোগ্রাম কোনটি?
উত্তর: Ms Dos

ছ) বাংলাদেশের কোথায় তেজস্ক্রিয় বালু পাওয়া যায়?
উত্তর: কক্সবাজার সমুদ্র সৈকতে

জ) SPARRSO তে কোন বিষয়ে গবেষণা করা হয়?
উত্তর: মহাকাশ গবেষণা

ঝ) পূর্ণরূপ লিখুন: IMF, DOS
উত্তর: IMF = International Monetary Fund
DOS = Disk Operating System

ঞ) যুক্তরাষ্ট্রের ক্রীতদাস প্রথা বিলোপকারী প্রেসিডেন্টের নাম কী?
উত্তর: আব্রাহাম লিঙ্কন

ট) ঢাকাকে বেস্টনকারী ২টি নদীর নাম লিখুন।
উত্তর: বুড়িগঙ্গা ও তুরাগ

ঠ) পূর্ণরূপ লিখুন:ICDDRB
উত্তর: International Centre for Diarrhoeal Disease Research, Bangladesh

ড) Twitter এর প্রতিষ্ঠাতার নাম লিখুন।
উত্তর: জ্যাক ডর্সি

ঢ) কত মেগাবাইটে ১ গিগাবাইট হয়?
উত্তর: ১০২৪ মেগাবাইট

ণ) জাতিসংঘের বর্তমান মহাসচিবের নাম কী?
উত্তর: অ্যান্টনিও গুতারেস

৪৪১

বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ

মুদ্রাক্ষরিক তথা অফিস সহকারী

সময়: ৯০ মি | তারিখ: ১৫-০৩-২৫ | মান: ৯০

০১। নিম্নোক্ত বিষয়ে একটি অনুচ্ছেদ লিখুন: (যে কোন ১টি)
ক) বায়ু দূষণ ও বাংলাদেশের প্রস্তুতি
খ) বাঙালি সাংস্কৃতির উন্নয়নে গনমাধ্যমের ভূমিকা

০২। বাক্যগুলো শুদ্ধ করে লিখুন (যে কোন ৫টি):
ক) সাস্থ্য সকল সুখের মুল।
➪ স্বাস্থ্য সকল সুখের মূল।
খ) সে ভীষন সার্থপর।
➪ সে ভীষণ স্বার্থপর।
গ) মহারাজ সভাগৃহে প্রবেশ করলেন।
➪ মহারাজ সভাকক্ষে প্রবেশ করলেন।
ঘ) মাতাহীন শিশুর কি দুঃখ!
➪ মাতৃহীন শিশুর কী দুঃখ!
ঙ) দূর্দিনে কেউ বন্ধু হয়না।
➪ দুর্দিনে কেউ বন্ধু হয় না।
চ) আধুনিক চেতনাই এই কবির বৈশিষ্ট্যতা।
➪ আধুনিক চেতনাই এই কবির বৈশিষ্ট্য।

০৩। নিচের বাগধারাগুলোর অর্থ লিখুন (যে কোন ৫টি):
ক) সাক্ষী গোপাল = নিষ্ক্রিয় দর্শক
খ) উজানের কৈ = সহজলভ্য
গ) ঘাটের মরা = অতি বৃদ্ধ
ঘ) ডুমুরের ফুল = দুর্লভ বস্তু
ঙ) ম্যাও ধরা = দায়িত্ব নেওয়া
চ) দাঁও মারা = মোটা দান করা

০৪। Write a letter to your friend about a place you visited recently during your holiday.

০৫। Translate into English:
মানুষ ও পরিবেশ একে অন্যের উপর নির্ভরশীল। মানব জীবনের গঠন ও বিকাশের জন্য পরিবেশের প্রভাব অত্যন্ত সুদূরপ্রসারী। সুস্থ জীবনযাপনের প্রধান পূর্বশর্ত হচ্ছে সুন্দর ও প্রশান্তিময় পরিবেশ। কিন্তু অপরিকল্পিত শিল্পায়নের প্রভাবে পরিবেশ প্রতিনিয়ত দূষিত হচ্ছে। এমতাবস্থায়, পরিবেশ দূষণ প্রতিরোধে সমন্বিত পদক্ষেপে গ্রহণ করা জরুরি।

Answer: Humans and the environment are dependent on each other. The influence of

the environment on the formation and maintenance of human life is very far-reaching. The main precondition for a healthy life is a beautiful and peaceful environment. But the environment is constantly being polluted due to the impact of unplanned industrialization. In such a situation, it is important to take coordinated steps to prevent environmental pollution.

০৬। **Make sentence with any five of the following:**

a) At least = At least one hundred boys will come to school today

b) In a fix = He is in a fix and does not know what to do

c) Strom in a tea cup = You should not raise a storm in a tea cup on this matter.

d) In no time = I will go there in no time.

e) Carry the day = Our team will surely carry the day.

f) Of course = Of course, I shall help you.

০৭। **যে-কোনো ২টি প্রশ্নের উত্তর দিন:**

ক) 'ক' একটি কাজ ১৫ দিনে, 'খ' তা ২০ দিনে এবং 'গ' ঐ কাজটি ১২ দিনে করতে পারে। তিন জন একত্রে ঐ কাজটি কত দিনে করতে পারবে?

সমাধান ক ১৫ দিনে করতে পারে ১ বা সম্পূর্ণ অংশ

∴ ,, ১ ,, ,, ,, $\frac{১}{১৫}$,,

আবার, খ ২০ দিনে করতে পারে ১ বা সম্পূর্ণ অংশ

∴ ,, ১ ,, ,, ,, $\frac{১}{২০}$,,

আবার, গ ১২ দিনে করতে পারে ১ বা সম্পূর্ণ অংশ

∴ ,, ১ ,, ,, ,, $\frac{১}{১২}$,,

ক, খ ও গ একত্রে ১ দিনে করে $= \left(\frac{১}{১৫} + \frac{১}{২০} + \frac{১}{১২}\right)$ অংশ

$= \frac{৪ + ৩ + ৫}{৬০}$ অংশ

$= \frac{১২}{৬০}$ অংশ $= \frac{১}{৫}$ অংশ

অর্থাৎ, তারা একত্রে $\frac{১}{৫}$ অংশ করে ১ দিনে

∴ ,, ,, ১(সম্পূর্ণ) ,, ,, $\frac{৫}{১}$ দিনে

= ৫ দিনে

উত্তর: ৫ দিন

খ) সমাধান করুন: $\frac{2}{2x-1} + \frac{3}{3x-1} = \frac{8}{4x+1}$

সমাধান $\frac{2}{2x-1} + \frac{3}{3x-1} = \frac{8}{4x+1}$

বা, $\frac{6x-2+6x-3}{(2x-1)(3x-1)} = \frac{8}{4x+1}$

বা, $\frac{12x-5}{6x^2-2x-3x+1} = \frac{8}{4x+1}$

বা, $\frac{12x-5}{6x^2-5x+1} = \frac{8}{4x+1}$

বা, $48x^2 - 20x + 12x - 5 = 48x^2 - 40x + 8$

বা, $48x^2 - 20x + 12x - 48x^2 + 40x = 8 + 5$

বা, $32x = 13$

$\therefore x = \frac{13}{32}$ (Answer)

গ) প্রমাণ করুন যে, দুইটি বৃত্ত পরস্পর স্পর্শ করলে, তাদের কেন্দ্রদ্বয় ও স্পর্শ বিন্দু সমরেখ হবে।



বিশেষ নির্বাচন: মনেকরি, A ও B কেন্দ্র বিশিষ্ট দুইটি বৃত্ত পরস্পরকে P বিন্দুতে স্পর্শ করেছে।

প্রমাণ করতে হবে যে A, P ও B সমরেখ।

অংকন: A, P ও B, P যোগ করি।

প্রমাণ: যেহেতু A ও B কেন্দ্র বিশিষ্ট বৃত্তদ্বয় পরস্পরকে P বিন্দুতে স্পর্শ করেছে, সেহেতু P বিন্দুতে এদের একটি সাধারণ স্পর্শ বিদ্যমান।

মনেকরি, ST হলো সাধারণ স্পর্শ যা দুইটি বৃত্তকেই P বিন্দুতে স্পর্শ করেছে।

∴ A কেন্দ্র বিশিষ্ট বৃত্তের ST স্পর্শ ও AP স্পর্শ বিন্দুগামী ব্যসার্ধ

∴ AP⊥ST

অনুরূপভাবে, BP⊥ST

∴ AP ও BP একই P বিন্দুতে ST সরলরেখার উপর লম্ব।

∴ AP ও BP একই সরলরেখার উপর অবস্থিত।

অর্থাৎ A, P, B সমরেখ। (প্রমাণিত)

০৮। নিম্নোক্ত প্রশ্নগুলোর উত্তর দিন:

ক) বাংলাদেশের সর্বোচ্চ বেসামরিক রাষ্ট্রীয় পুরস্কারের নাম কি? এটি কবে থেকে চালু হয়?

উত্তর: স্বাধীনতা পুরস্কার; ১৯৭৭

খ) 'অভ্র কী-বোর্ড' কে তৈরি করেন?

উত্তর: মেহেদী হাসান

গ) 'ইরাটম' কী?

উত্তর: উন্নত জাতের ধান

ঘ) কোন দেশ বাংলা ভাষাকে দ্বিতীয় মাতৃভাষার মর্যাদা দিয়েছে?

উত্তর: 'সিয়েরা লিওন'

ঙ) WFP এর পূর্ণরূপ কী? এর সদর দপ্তর কোথায় অবস্থিত?

উত্তর: World Food Programme; রোম, ইতালি

চ) আইসিসি চ্যাম্পিয়নস ট্রফি, ২০২৫ এর সর্বোচ্চ রান সংগ্রহকারী কে? উত্তর: রাচিন রবীন্দ্র (নিউজিল্যান্ড)

ছ) 'ডুরান্ড লাইন' কোন দুইটি দেশের সীমানা নির্ধারণ করে?

উত্তর: পাকিস্তান ও আফগানিস্তান

জ) এশিয়ার ক্ষুদ্রতম দেশ কোনটি?

উত্তর: মালদ্বীপ

ঝ) কম্পিউটারের Firewall বলতে কী বোঝেন?

উত্তর: ফায়ারওয়াল হলো একটি বিশেষ নিরাপত্তা ব্যবস্থা যা অনির্দিষ্ট বা অবাঞ্ছিত ব্যবহারকারীর হাত হতে কম্পিউটার সিস্টেমকে রক্ষা এবং সাইবার আক্রমণও রোধ করে।

ঞ) E-commerce বলতে কী বুঝায়?

উত্তর: ই-কমার্স(ইলেকট্রনিক কমার্স) হল এমন একটি বাণিজ্য ক্ষেত্র যেখানে ইন্টারনেট এর মাধ্যমে পণ্য বা সেবা ক্রয়-বিক্রয় হয়ে থাকে।

৪৪২

জেলা ও দায়রা জজ আদালত, নাটোর

অফিস সহায়ক

সময়:	৬০ মি	তারিখ:	২২-০৩-২৫	মান:	৫০

বাংলা

০১। বাংলা সাহিত্য:

ক) মুসলিম রেনেসার কবি কে? তার একটি কাব্যগ্রন্থের নাম লিখুন?

উত্তর: ফররুখ আহমেদ; সাত সাগরের মাঝি

খ) 'বিষাদসিন্ধু' কি? এর রচয়িতা কে?

উত্তর: উপন্যাস; মীর মশাররফ হোসেন

গ) 'তুমি অধম, তাই বলিয়া আমি উত্তম হইবা না কেন?' এর রচয়িতা কে?

উত্তর: বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়

০২। বাগধারা:

ক) চর্বিত চর্বণ = পুনরাবৃত্তি

খ) সাক্ষী গোপাল = নিষ্ক্রিয় দর্শক

০৩। সন্ধি বিচ্ছেদ করুন:

ক) বনস্পতি = বন্ + পতি

খ) উপর্যুক্ত = উপরি + উক্ত

০৪। এক কথায় প্রকাশ:

ক) উপকারীর অপকার করে যে = কৃতঘ্ন

ইংরেজি

০৫। Write a paragraph on 'Golden Fiber of Bangladesh'

Golden Fiber of Bangladesh

Jute is a natural fiber and is called the "Golden Fiber" of Bangladesh. It is golden in color and very useful. Jute helps Bangladesh earn foreign money by selling it to other countries. Many farmers grow jute and earn money, so it helps them live better lives. Jute also plays an important role in the economy of Bangladesh. People around the world now want eco-friendly products, so the demand for jute is growing again. Jute is not only a part of our agriculture but also a symbol of our pride.

০৬। **Fill in the blanks:**

a) Call ..... a doctor.

Answer: in

b) I went to Dhaka..... train.

Answer: by

০৭। Translate into Bangla 'What can't be cured must be endured'

Answer: প্রতিকারের উপায় না থাকলে সহ্য করতে হয়।

০৮। **ইংরেজি কর: বরফের মত সাদা**

Answer: White as snow/ice

০৯। Let the letters be posted এর active voice কর।

Answer: Post the letter.

সাধারণ জ্ঞান

১০। ২য় বিশ্বযুদ্ধ কত সালে হয়?

উত্তর: ১৯৩৯

১১। জাতিসংঘের বর্তমান মহাসচিবের নাম কী?

উত্তর: অ্যান্টনিও গুতারেস

১২। বঙ্গভঙ্গ রদ হয় কত সালে?

উত্তর: ১৯১১

১৩। বাংলাদেশের সবচেয়ে উষ্ণ স্থানের নাম কী?

উত্তর: নাটোরের লালপুর

১৪। রাজশাহী বিভাগে কতটি জেলা?

উত্তর: ৮টি

১৫। একটি স্থল বেষ্টিত দেশের নাম লিখুন?

উত্তর: ভুটান/ বলিভিয়া

১৬। বাংলাদেশের জাতীয় কবির নাম কী?

উত্তর: কাজী নজরুল ইসলাম

১৭। USA এর পূর্ণরূপ কী?

উত্তর: United States of America

১৮। College এর বাংলা অর্থ কী?

উত্তর: মহাবিদ্যালয়

১৯। আমার দেশ পত্রিকার সম্পাদকের নাম কী?

উত্তর: মাহমুদুর রহমান

সাধারণ গণিত

২০। একটি ব্যক্তি ঘণ্টায় ৩ কিলোমিটার বেগে 'ক' থেকে 'খ' স্থানে যায় এবং ঘন্টায় ৫ কিলোমিটার বেগে 'খ' থেকে 'ক' স্থানে ফিরে আসে। যাতায়াতে তার ৮ ঘন্টা সময় লাগে। 'ক' থেকে 'খ' স্থানের দূরত্ব কত?

সমাধান মনে করি, 'ক' থেকে 'খ' স্থানের দূরত্ব d কি.মি.

∴ 'ক' থেকে 'খ' স্থানে যেতে সময় লাগে $\frac{d}{3}$ ঘণ্টা

'খ' থেকে 'ক' স্থানে ফিরে আসতে সময় লাগে $\frac{d}{5}$ ঘণ্টা

∴ যাতায়াতে মোট সময় লাগে $\left(\frac{d}{3}+\frac{d}{5}\right)$ ঘণ্টা

প্রশমতে, $\left(\frac{d}{3}+\frac{d}{5}\right)=8$

বা, $\frac{5d+3d}{15}=8$

বা, $8d=120$

∴ $d=15$

∴ 'ক' থেকে 'খ' স্থানের দূরত্ব 15 কি.মি.।

২১। **যে পরিমাণ চালে ২০০ জন লোকের ২০ সপ্তাহ চলে উহাতে কত লোকের ৮ সপ্তাহ চলবে?**

সমাধান

২০ সপ্তাহে চলে ২০০ জন লোকের

১ " " ২০০ × ২০ " "

৮ " " $\frac{২০০\times২০}{৮}$ " "

= ৫০০ জন লোকের

উত্তর: ৫০০ জন

৪৪৩

জেলা ও দায়রা জজ আদালত, নাটোর

অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর

সময়: ৯০ মি | তারিখ: ২২-০৩-২৫ | মান: ৭০

বাংলা

০১। **বাগধারা লিখুন:**

ক) কলকাঠি নাড়া = গোপনে কু-পরামর্শ দেওয়া

খ) কেউকাটা = সামান্য

গ) উনপাজুরে = অপদার্থ/দুর্বল

ঘ) চক্ষুদান করা = চুরি করা

ঙ) ভানুমতির খেল = অবিশ্বাস্য ব্যাপার

০২। **সাহিত্য:**

ক) বাংলা সাহিত্যের প্রথম মহিলা কবি কে?

উত্তর: চন্দ্রাবতী

খ) 'আমার দেখা রাজনীতির পঞ্চাশ বছর' এর রচয়িতা কে?

উত্তর: আবুল মনসুর আহমদ

গ) 'সূর্যদীঘল বাড়ি' এর রচয়িতা কে?

উত্তর: আবু ইসহাক

ঘ) বাংলা সাহিত্যের ভোরের পাখি কে?

উত্তর: বিহারীলাল চক্রবর্তী

ঙ) 'Long Walk to Freedom' কার লেখা?

উত্তর: নেলসন ম্যান্ডেলা

০৩। **বঙ্গানুবাদ করুন:**

a) Too much courtesy too much craft.

⇨ অতি ভক্তি চোরের লক্ষণ

b) A bad workman quarrels with his tools.

⇨ নাচতে না জানলে উঠোন বাঁকা

c) Charity begins at home.

⇨ আগে ঘর, তবে ত পর

d) Make hay while the sun shines.

⇨ ঝোপ বুঝে কোপ মারা

e) A beggar can't be a bankrupt.

⇨ মাথা নেই, আবার মাথা ব্যথা

০৪। **সন্ধি বিচ্ছেদ করুন:**

ক) সঞ্চয় = সম্ + চয়

খ) লবণ = লো + অন

গ) উপর্যুক্ত = উপরি + উক্ত

ঘ) ষষ্ঠ = ষষ্ + থ

ঙ) অহরহ = অহঃ + অহ

ইংরেজি

০৫। **Write the Right form of verbs the following:**

a) It is high time we (to leave) the place.

Answer: left

b) The patient (to die) before the doctor came.

Answer: had died

c) Many years passed since (to meet) him last.

Answer: had met

d) I wish I (to be) a king.

Answer: were

e) I shall (do) the sum before the teacher comes.

Answer: have done

০৬। **Fill in the blanks:**

a) There is no free access..... the Secretary's room.

Answer: to

b) He was absent..... the meeting.

Answer: from

c) This job will be confirmed..... December.

Answer: in

d) The Meghna falls into..... Bay of Bengal.

Answer: the

e) He is..... FRCS.

Answer: an

০৭। **Write the following Word meanings in Bengali:**

a) Sessions Court = দায়রা আদালত

b) Plaint = অভিযোগ/আরজি

c) Acquittal = খালাস

d) Petition = দরখাস্ত/প্রার্থনা

e) Cognizance = আদালতের বিচারধিকার

০৮। **Amplify the idea in 5 meaningful sentences: As you sow, sow you reap**

As You Sow, So You Reap

The actions and efforts you put into something ultimately determine the results you receive. If you work hard, remain honest, and make positive choices, you are likely to be rewarded with success and fulfillment. In contrast, dishonesty, laziness, or negative behavior often lead to unwanted consequences. Just as a farmer who plants good seeds expects a healthy harvest, our daily actions shape our future in ways we may not immediately notice. That is why it is important to act wisely, develop good habits, and treat others with kindness to build a life that is both meaningful and prosperous.

গণিত

০৯। **পিতা ও পুত্রের বয়সের অনুপাত ৭:২। পিতার বর্তমান বয়স ৪২ বছর। ১০ বছর পূর্বে পুত্রের বয়স কত ছিল?**

সমাধান

মনে করি, পিতা বর্তমান বয়স = ৭ক বছর

পুত্রের বয়স = ২ক

প্রশ্নমতে, ৭ক = ৪২ ∴ক = ৬

সুতরাং পুত্রের বর্তমান বয়স = ২ × ৬ = ১২ বছর

১০ বছর পূর্বে পুত্রের বয়স ছিল = ১২ - ১০ = ২ বছর

উত্তর: ২ বছর

১০। **দৈনিক ৬ ঘন্টা পরিশ্রম করে ১০ জন লোক একটি কাজ করতে পারে ৭ দিনে। দৈনিক কত ঘন্টা পরিশ্রম করে ১৪ জন লোক ৬ দিন ঐ কাজ করতে পারে?**

সমাধান ১০ জন লোক ৭ দিনে শেষ করে ৬ ঘন্টা পরিশ্রমে

১ " " ১ " " " ৬×৭×১০ " "

১৪ " " ৬ " " " $\frac{৬\times৭\times১০}{১৪\times৬}$ " "

= ৫ ঘন্টা পরিশ্রমে

উত্তর: ৫ ঘন্টা

১১। **একটি প্যান্টের ক্রয়মূল্য ২৫০ টাকা। প্যান্টটি কত মূল্যে বিক্রয় করলে ২০% লাভ হবে?**

সমাধান ২০% লাভে বিক্রয়মূল্য ১২০ টাকা

ক্রয়মূল্য ১০০ টাকা হলে বিক্রয় মূল্য ১২০ টাকা

" ১ " " " " $\frac{১২০}{১০০}$ "

" ২৫০ " " " " $\frac{১২০\times২৫০}{১০০}$ " = ৩০০ টাকা

উত্তর: ৩০০ টাকা

১২। সাধারণ জ্ঞান

ক) বাংলাদেশের বর্তমান প্রধান বিচারপতির নাম কী?

উত্তর: সৈয়দ রেফাত আহমেদ (২৫তম)

খ) ড. মুহাম্মদ ইউনূস নোবেল পুরস্কার লাভ করে কত সালে?

উত্তর: ২০০৬ সালে

গ) 'উয়ারি বটেশ্বর' কোথায় অবস্থিত?

উত্তর: নরসিংদী

ঘ) 'Floor Crossing' কী?

উত্তর: সংসদে নিজ দলে বিপক্ষে ভোট দেওয়াকে Floor Crossing বলে।

ঙ) কোন খতিয়ানে জমিদারের নাম লেখা থাকে?

উত্তর: সি এস খতিয়ানে

চ) NATO এর সদর দপ্তর কোথায়?

উত্তর: ব্রাসেলস, বেলজিয়াম

ছ) AI কী? উত্তর: Artificial Intelligence

জ) DCR কী?

উত্তর: Duplicate Carbon Receipt

ঝ) 'আল আকসা' মসজিদ কোথায় অবস্থিত?

উত্তর: জেরুজালেমে অবস্থিত

ঞ) বাংলাদেশের তৈরি পোশাকের বৃহত্তম বাজার কোনটি?

উত্তর: যুক্তরাষ্ট্র

ট) a2i কী? উত্তর: Aspire to Innovate

ঠ) https এর পূর্ণরূপ কী?

উত্তর: Hypertext Transfer Protocol Secure

ঢ) তেভাগা আন্দোলনের জনক কে?

উত্তর: হাজী মোহাম্মদ দানেশ

ড) সম্প্রতি গণভবনকে কোন জাদুঘর করার সিদ্ধান্ত নেয়া হয়েছে?

উত্তর: 'জুলাই গণঅভ্যুত্থান স্মৃতি জাদুঘর'

ন) ফুটবলার হামজা চৌধুরী ইংলিশ প্রিমিয়ার লীগের কোন ক্লাবের খেলোয়াড়?

উত্তর: লেস্টার সিটি

৪৪৪

বাংলাদেশ পুলিশ, স্পেশাল ব্রাঞ্চ

স্টেনোগ্রাফার কাম কম্পিউটার অপারেটর

সময়:	৯০ মি	তারিখ:	১১-০৪-২৫	মান:	৭০

বাংলা

০১। অনুচ্ছেদ লিখুন: 'বাংলা নববর্ষ'

বাংলা নববর্ষ

বাংলা নববর্ষ বাঙালির প্রাণের উৎসব। প্রতি বছর ১লা বৈশাখে এই দিনটি সারা দেশে উৎসবমুখর পরিবেশে পালিত হয়। দেশের পাশাপাশি বিশ্বের যেখানেই বাঙালি রয়েছে, সবাই নতুন বছরকে বরণ করে নেয় আনন্দ আর উৎসাহে। একসময় এই দিনে 'পুণ্যাহ' অনুষ্ঠান হতো, আর এখন হয় হালখাতা, মঙ্গল শোভাযাত্রা, বৈশাখী মেলা, কবিগান, কীর্তন, যাত্রা, আবৃত্তি ও নাচ-গানের মাধ্যমে এই উৎসব পালিত হয়। বিভিন্ন এলাকায় হয় নৌকাবাইচ, হাডুডু, ষাঁড়ের লড়াই, মোরগের লড়াই ইত্যাদি। ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর মানুষেরা পালন করে তাদের তিন দিনব্যাপী 'বৈসাবি' উৎসব। পন্ডিতদের মতে, মুঘল সম্রাট আকবর বাংলা সন চালু করেন রাজস্ব আদায়ের সুবিধার্থে। এই দিনটি যেমন আনন্দ ও উল্লাসের, তেমনি কুশল বিনিময় ও কল্যাণ কামনারও। সবাই পরস্পরকে শুভ নববর্ষ বলে শুভেচ্ছা জানায়। ইদানীং শহরাঞ্চলে পান্তা-ইলিশ খাওয়ার প্রথাও জনপ্রিয় হয়ে উঠেছে। নতুন পোশাকে সব বয়সের মানুষ উৎসবে যোগ দেয়। বাংলা নববর্ষ এখন একটি জাতীয় উৎসব হিসেবে প্রতিষ্ঠিত হয়েছে।

০২। অর্থসহ বাক্যগঠন করুন:

ক) খন্ড প্রলয় = তুমুল কাণ্ড/ ভীষণ ব্যাপার

খ) নিরানব্বইয়ের ধাক্কা = সঞ্চয়ের প্রবৃত্তি

গ) বজ্র আঁটুনি ফস্কা গেরো = কঠিন সতর্কতার ভেতরে অসতর্কতা

ঘ) ছেঁড়া চুলে খোঁপা বাঁধা = বৃথা চেষ্টা করা

ঙ) কাকনিদ্রা = অগভীর সতর্ক নিদ্রা

০৩। বাংলা পরিভাষা লিখুন:

প্রদত্ত শব্দ	বাংলা পরিভাষা
North westerlies	কালবৈশাখী ঝড়
Subconscious	অবচেতন
Amicable	বন্ধুত্বপূর্ণ
Pragmatic	বাস্তববাদী
Aesthetic	নান্দনিক

০৪। শূন্যস্থান পূরণ করুন:

ক) বাংলা ভাষায় যতিচিহ্ন প্রচলন করেন.....?

উত্তর: ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর

খ) শব্দের সংক্ষিপ্ত ব্যবহারের ক্ষেত্রে যে বিরামচিহ্ন বসে তার নাম .....।

উত্তর: বিন্দু

গ) বক্তার প্রত্যক্ষ উক্তিকে অন্তর্ভূক্ত করে যে বিরামচিহ্ন দিয়ে তাকে..... বলে।

উত্তর: উদ্ধরণ চিহ্ন

ঘ) হৃদয়ের আবেগ প্রকাশ করা হয় যে বিরামচিহ্ন দিয়ে তার নাম.....।

উত্তর: বিস্ময় চিহ্ন

ঙ) দাঁড়ি, প্রশ্নবোধক ও বিস্ময়সূচক প্রভৃতি বিরামচিহ্নকে..... বলা হয়।

উত্তর: প্রান্তিক বিরাম চিহ্ন

০৫। Write a paragraph on 'Hazards in Dhaka City'

Hazards in Dhaka City

Dhaka, the capital of Bangladesh, faces many problems or hazards. Traffic jam is one of the biggest issues, causing people to waste hours on the road. Air and sound pollution are also major problems that harm people's health. Unplanned buildings, waterlogging during rain, and lack of clean water make life harder for city people. Garbage is often not cleaned properly, which creates a dirty environment. These problems need quick and proper steps to make Dhaka a safer and cleaner city.

০৬। Make sentence (with meaning) with the following Idioms and Phrases:

a) Nip in the bud = অঙ্কুরে বিনাশ

✍ All his hopes were nipped in the bud.

b) Blue chips = নিরাপদ বিনিয়োগ শেয়ার

✍ They invest it in blue-chip stocks

c) Make good = ক্ষতি পূরণ

✍ I shall make good the loss.

d) Turn over a new leaf = নতুন ভাবে শুরু করা

➪ He went to America to turn over a new leaf

e) Over head and ears = আপাদমস্তক

➪ He is over head and ears in debt.

০৭। **Fill in the blanks with prepositions:**

a) He died..... his country.
Answer: for

b) An honest man has no distrust..... anyone.
Answer: of

c) Early rising is conducive..... health.
Answer: to

d) Don't stand..... the desk.
Answer: on

e) There is a bank..... my house.
Answer: near

০৮। **Translate into English:**

ক) দশটা বাজতে সাত মিনিট বাকি আছে।

➪ It is seven minutes to ten.

খ) আমার বৃথা সময় নষ্ট করা উচিত নয়।

➪ I should not waste my time in vain

গ) গত তিন দিন ধরে মুষলধারে বৃষ্টি হচ্ছে।

➪ It has been raining cats and dogs for three days last

ঘ) হয় সংগ্রাম কর নতুবা অত্যাচারিত হও।

➪ Struggle or be oppressed

ঙ) তিনি কেবল স্বদেশে নয়, সমগ্র পৃথিবীতে বিখ্যাত।

➪ He is famous not only in his homeland, but also throughout the world.

গণিত

০৯। **আপনার মোবাইল ফোনের মাসিক বিল এসেছে ৪২০ টাকা। যদি এক বছর পর ১০% বৃদ্ধি পায় এবং আরো ৬ মাস পর ২০% বৃদ্ধি পায়, তাহলে ১৮ মাস পর আপনার বিল কত হবে?**

সমাধান ১০% বৃদ্ধিতে
১ বছরে বা ১২ মাসে বিল = ৪২০ + ৪২০ এর ১০%
= ৪৬২ টাকা

২০% বৃদ্ধিতে
আরও ৬ মাস পর বিল হবে = ৪৬২ + ৪৬২ এর ২০%
= ৫৫৪.৪ টাকা

উত্তর: ৫৫৪.৪ টাকা

১০। **চতুর্ভুজের চার কোণের অনুপাত ১:২:২:৩ হলে বৃহত্তম কোণের পরিমান কত?**

সমাধান অনুপাতের যোগফল = ১+২+২+৩=৮

১ম কোণের পরিমান= $৩৬০^\circ \times \frac{১}{৮} = ৪৫^\circ$

২য় কোণের পরিমান= $৩৬০^\circ \times \frac{২}{৮} = ৯০^\circ$

৩য় কোণের পরিমান= $৩৬০^\circ \times \frac{২}{৮} = ৯০^\circ$

৪র্থ কোণের পরিমান= $৩৬০^\circ \times \frac{৩}{৮} = ১৩৫^\circ$

সুতরাং বৃহত্তম কোণের পরিমান ১৩৫°
উত্তর: ১৩৫°

১১। **$x^2 - 3x + 1 = 0$ হলে $x^2 - \frac{1}{x^2}$ এর মান কত?**

সমাধান দেওয়া আছে, $x^2 - 3x + 1 = 0$

বা, $x^2 + 1 = 3x$

বা, $\frac{x^2 + 1}{x} = 3$

বা, $\frac{x^2}{x} + \frac{1}{x} = 3$

$\therefore x + \frac{1}{x} = 3$

আবার, আমরা জানি,

$$\left(x - \frac{1}{x}\right)^2 = \left(x + \frac{1}{x}\right)^2 - 4.x.\frac{1}{x}$$

বা, $\left(x - \frac{1}{x}\right)^2 = 3^2 - 4$ [মান নির্ণয়]

বা, $\left(x - \frac{1}{x}\right)^2 = 5$

বা, $\left(x - \frac{1}{x}\right) = \sqrt{5}$ [উভয় পক্ষকে বর্গমূল করে]

প্রদত্ত রাশি: $x^2 - \frac{1}{x^2} = \left(x + \frac{1}{x}\right)\left(x - \frac{1}{x}\right)$

$= 3\sqrt{5}$ (Answer)

১২। **উৎপাদকে বিশ্লেষণ করুন: $x^2 - y^2 + 2y - 1$**

সমাধান $x^2 - y^2 + 2y - 1$
$= x^2 - (y^2 - 2y + 1)$
$= x^2 - (y - 1)^2$
$= (x + y - 1)(x - y + 1)$ **(Answer)**

৪৪৫
বাংলাদেশ সুপ্রীম কোর্ট
ফটোস্ট্যাট মেশিন অপারেটর

সময়: ৪০ মি | তারিখ: ১২-০৪-২৫ | মান: ৬০

০১। সন্ধি বিচ্ছেদ করুন:
ক) প্রত্যেক = প্রতি + এক
খ) নীরোগ = নিঃ + রোগ

০২। এক কথায় প্রকাশ করুন:
ক) উপকারীর অপকার করে যে = কৃতঘ্ন
খ) অশ্বের ডাক = হ্রেষা

০৩। সঠিক বানান লিখুন:
ক) মন্ত্রীসভা = মন্ত্রিসভা
খ) মরিচিকা = মরীচিকা

০৪। বিপরীত শব্দ লিখুন:
ক) প্রসারিত = সংকুচিত
খ) বন্ধুর = মসৃণ/সমতল

০৫। নিচের বাক্য দুটিতে যতিচিহ্নের {কমা (,)} সঠিক ব্যবহার করুন:
ক) সুজন দেখ তো কে এসেছে।
উত্তর: সুজন, দেখ তো কে এসেছে।
খ) কাল তুমি যাকে দেখেছ তিনি আমার পিতা।
উত্তর: কাল তুমি যাকে দেখেছ, তিনি আমার পিতা।

০৬। Fill in the gaps with preposition:
a) He was absent..... the meeting.
Answer: from
b) The monkey climbed..... the tree.
Answer: up

০৭। Translate into English:
ক) সে আমাকে বোকা বানালো।
⇨ He made me fool
খ) সে হাসতে হাসতে ঘরে ঢুকলো।
⇨ He entered the room laughing

০৮। Correct the spelling:
a) Cornel = Colonel
b) Diarriah = Diarrhoea

০৯। Write the correct form of verbs:
a) Suger is (import) from Brazil.
Answer: imported
b) I have never (see) the Himalayas.
Answer: seen

১০। Use appropriate articles:
a) ..... Buriganga is a beautiful river.
Answer: The
b) My father had..... ram.
Answer: a

১১। ৪৫০০ টাকায় একটি গরু বিক্রয় করায় ১০% ক্ষতি হয়। গরুটির ক্রয়মূল্য কত?

সমাধান ১০% ক্ষতিতে বিক্রয়মূল্য= ১০০–১০= ৯০ টাকা
বিক্রয়মূল্য ৯০ টাকা হলে ক্রয়মূল্য ১০০ টাকা
" ১ " " " $\frac{১০০}{৯০}$ "
" ৪৫০০ " " " $\frac{১০০ \times ৪৫০০}{৯০}$ "
= ৫০০০ টাকা
উত্তর: ৫০০০ টাকা

১২। যদি $a + b + c = 0$ হয়, তবে দেখাও যে, $a^3 + b^3 + c^3 = 3abc$

সমাধান দেওয়া আছে, $a + b + c = 0$
বা, $a + b = -c$
দেখাতে হবে যে, $a^3 + b^3 + c^3 = 3abc$
বামপক্ষ $= a^3 + b^3 + c^3$
$= (a + b)^3 - 3ab(a + b) + c^3$
$= (-c)^3 - 3ab.(-c) + c^3$ [$\because a + b = -c$]
$= -c^3 + 3abc + c^3$
$= 3abc$ = ডানপক্ষ
$\therefore a^3 + b^3 + c^3 = 3abc$ (প্রমাণিত)

১৩। সাধারণ জ্ঞান
ক) SDG এর পূর্ণরূপ কী?
উত্তর: Sustainable Development Goals
খ) বাংলাদেশের আইনসভার নাম কী?
উত্তর: জাতীয় সংসদ
গ) জাতিসংঘের অফিসিয়াল ভাষা কয়টি?
উত্তর: ৬টি
ঘ) পানামা খাল কোন কোন মহাসাগরকে সংযুক্ত করেছে?
উত্তর: আটলান্টিক – প্রশান্ত মহাসাগর
ঙ) সেন্টমার্টিন দ্বীপ এর পূর্বের নাম কী?
উত্তর: নারিকেল জিঞ্জিরা
চ) কোন নদীকে বাংলাদেশের সবচেয়ে বড় প্রাকৃতিক মৎস্য প্রজনন কেন্দ্র বলা হয়?
উত্তর: হালদা নদী
ছ) বাংলাদেশ সুপ্রীম কোর্ট দিবস কবে?
উত্তর: ১৮ ডিসেম্বর
জ) বাংলাদেশের জাতীয় গাছ কোনটি?
উত্তর: আম গাছ
ঝ) দক্ষিণ এশিয়ার স্থল বেষ্টিত দুইটি রাষ্ট্রের নাম লিখুন?
উত্তর: আফগানিস্তান, নেপাল
ঞ) ভূমিকম্প নির্ণয়ক যন্ত্রের নাম কী?
উত্তর: সিসমোগ্রাফ

৪৪৬
হজ অফিস, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
অফিস সহায়ক

সময়: ৬০ মি | তারিখ: ১৮-০৪-২৫ | মান: ৭০

০১। **সন্ধি বিচ্ছেদ করুন:**

ক) সংলাপ = সম্ + লাপ
খ) দিগন্ত = দিক্ + অন্ত
গ) উচ্চারণ = উৎ + চারণ
ঘ) পরীক্ষা = পরি + ঈক্ষা

০২। **কারক ও বিভক্তি নির্ণয় করুন:**

ক) সে বই পড়ে = কর্মে শূন্য
খ) দীনে দয়া কর = সম্প্রদানে ৭মী
গ) সে অংকে ভালো = অধিকরণে ৭মী
ঘ) ট্রেন স্টেশন ছাড়ল = কর্তৃকারকে শূন্য

০৩। **এক কথায় প্রকাশ করুন:**

ক) একই সময়ে বর্তমান = সমসাময়িক
খ) যা বাক্যে প্রকাশ করা যায় না = অনির্বচনীয়
গ) মুক্তি পেতে ইচ্ছুক = মুমুক্ষু
ঘ) যার অন্য কোন উপায় নেই = অনন্যোপায়

০৪। **অর্থসহ বাক্য রচনা করুন:**

ক) শাপে বর = অনিষ্টে ইষ্ট লাভ
খ) ইতর বিশেষ = পার্থক্য
গ) অকালবোধন = অসময়ে আবির্ভাব
ঘ) পায়াভারী = অহংকার

০৫। **শুদ্ধ করে লিখুন:**

ক) তিনি স্বস্ত্রীক বেড়াতে গিয়েছেন।
⇨ তিনি সস্ত্রীক বেড়াতে গিয়েছেন।
খ) নিরাপরাধী ব্যক্তিকে ক্ষমা কর।
⇨ নিরপরাধ ব্যক্তিকে ক্ষমা কর।
গ) বানান ভূল দোষনীয়।
⇨ বানান ভুল দূষণীয়।
ঘ) সকল সদস্যবৃন্দ সভায় উপস্থিত ছিলেন।
⇨ সকল সদস্য/ সদস্যবৃন্দ সভায় উপস্থিত ছিলেন।

০৬। **Fill in the gaps with preposition:**

a) You must conform..... the regulations.
Answer: to
b) You should look..... your parents.
Answer: after
c) Prohibit..... all bad habits.
Answer: from
d) He died..... cancer.
Answer: of

০৭। **Make sentences with the phrases:**

(a) Get up = I get up in the morning at 6 a.m
(b) Come off = My sister's marriage ceremony comes off tomorrow.
(c) Live in = He lives in Dhaka.
(d) Take after = He takes after his father.

০৮। **Correct the following sentences**

a) I am seeing a bird
⇨ I see a bird
b) The house is made of bricks
⇨ The house is made of brick
c) He will go home yesterday
⇨ He went home yesterday
d) He said that he will go to school tomorrow
⇨ He said that he would go to school tomorrow

০৯। **Change the voice:**

a) He is writing a letter
⇨ A letter is being written by him.
b) Do the work
⇨ Let the work be done.
c) He has done the work
⇨ The work has been done by him.
d) He gave me a pen.
⇨ I was given a pen by him.

১০। **Make sentences with the following pairs of words:**

a) Zealous = She was zealous about her own goals
Jealous = He was jealous of his friend's new car
b) Stationary = He remained stationary in his decision
Stationery = She needed to buy more stationery.

১১। ১টি বইয়ের মূল্য 24 টাকা । এই মূল্যে বই তৈরির ব্যয় 80%। বাকি মূল্য সরকার ভর্তুকি দিয়ে থাকেন। ভর্তুকি কত?

সমাধান মনে করি, বইটির প্রকৃত মূল্য x টাকা

প্রশ্নমতে, x এর 80% = 24

বা, $\frac{80x}{100} = 24$

বা, $80x = 2400$

বা, $x = \frac{2400}{80}$

$\therefore x = 30$

সুতরাং, বই এর প্রকৃত মূল্য 30 টাকা

মূল্য ধরা হয়েছে 24 টাকা

ভর্তুকি দেন = (30 – 24) = 6 টাকা

উত্তর : 6 টাকা।

১২। মাতা ও ৩ পুত্রের বয়সের গড় অপেক্ষা পিতা ও ৩ পুত্রের বয়সের গড় ২.৫ বছর বেশি। পিতার বয়স ৫০ হলে মাতার বয়স কত?

সমাধান মনে করি, মাতার বয়স = ক বছর

৩ পুত্রের বয়স = খ বছর

মাতা ও ৩ পুত্রের বয়সের সমষ্টি = ক + খ

মাতা ও ৩ পুত্রের বয়সের গড় = $\frac{ক + খ}{৪}$

আবার, পিতার বয়স = ৫০

পিতা ও ৩ পুত্রের বয়সের সমষ্টি = ৫০ + খ

পিতা ও ৩ পুত্রের বয়সের গড় = $\frac{৫০ + খ}{৪}$

প্রশ্নমতে, $\frac{ক + খ}{৪} + ২.৫ = \frac{৫০ + খ}{৪}$

বা, $\frac{৫০ + খ}{৪} - \frac{ক + খ}{৪} = ২.৫$

বা, $\frac{৫০ + খ - ক - খ}{৪} = ২.৫$

বা, $\frac{৫০ - ক}{৪} = ২.৫$

বা, ৫০ - ক = ১০

$\therefore$ ক = ৪০

সুতরাং মাতার বয়স = ৪০ বছর

উত্তর: ৪০ বছর

১৩। একটি পণ্য বিক্রয় করে পাইকারি বিক্রেতার ২০% এবং খুচরা বিক্রেতার ২০% লাভ হয়। যদি পণ্যটির খুচরা বিক্রয়মূল্য ৫৭৬ টাকা হয়, তবে পাইকারি বিক্রেতার ক্রয়মূল্য কত?

সমাধান ২০% লাভে, খুচরা বিক্রেতার ক্রয়মূল্য ১০০ টাকা হলে বিক্রয়মূল্য (১০০ + ২০) টাকা বা ১২০ টাকা

অর্থাৎ,

খুচরা বিক্রয়মূল্য ১২০ হলে খুচরা বিক্রেতার ক্রয়মূল্য ১০০ টাকা

$\therefore$,, ,, ১ ,, ,, ,, ,, ,, $\frac{১০০}{১২০}$,,

$\therefore$,, ,, ৫৭৬ ,, ,, ,, $\frac{১০০ \times ৫৭৬}{১২০}$

= ৪৮০ টাকা

আবার,

খুচরা বিক্রেতার ক্রয়মূল্য পাইকারি বিক্রেতার বিক্রয়মূল্য ২০% লাভে, পাইকারি বিক্রেতার ক্রয়মূল্য ১০০ টাকা হলে বিক্রয়মূল্য (১০০ + ২০) বা ১২০ টাকা।

অর্থাৎ,

পাইকারি বিক্রয়মূল্য ১২০ হলে পাইকারি বিক্রেতার ক্রয়মূল্য ১০০ টাকা

$\therefore$,, ,, ১ ,, ,, ,, ,, $\frac{১০০}{১২০}$,,

$\therefore$,, ,, ৪৮০ ,, ,, ,, ,, $\frac{১০০ \times ৪৮০}{১২০}$,,

= ৪০০ টাকা

$\therefore$ পাইকারি বিক্রেতার ক্রয়মূল্য ৪০০ টাকা

১৪। a + b = 9 এবং a – b = 7 হলে ab = ?

সমাধান আমরা জানি, $ab = \left(\frac{a+b}{2}\right)^2 - \left(\frac{a-b}{2}\right)^2$

$= \left(\frac{9}{2}\right)^2 - \left(\frac{7}{2}\right)^2$

$= \frac{81}{4} - \frac{49}{4}$

$= \frac{81 - 49}{4}$

$= \frac{32}{4} = 8$ (Answer)

১৫। সাধারণ জ্ঞান

ক) বাংলাদেশের প্রাচীন জনপদ কোনটি?

উত্তর: পুণ্ড্র

খ) SDGs এর Goal কয়টি?

উত্তর: ১৭ টি

গ) বাংলাদেশের ভোটার হওয়ার সর্বনিম্ন বয়স কত?
উত্তর: ১৮
ঘ) বাংলাদেশ নেভাল একাডেমী কোথায়?
উত্তর: পতেঙ্গা
ঙ) বাংলাদেশের একমাত্র পাহাড়ী দ্বীপ কোনটি?
উত্তর: মহেশখালী
চ) বিশ্ব পরিবেশ দিবস কত তারিখে পালন করা হয়?
উত্তর: ৫ জুন
ছ) গম্ভীরা বাংলাদেশের কোন অঞ্চলের লোকসংগীত?
উত্তর: চাঁপাইনবাবগঞ্জ
জ) উন্নত জীবন ও মহৎ জীবন বইয়ের লেখক কে?
উত্তর: ডাঃ লুৎফর রহমান
ঝ) বাংলাদেশের প্রধান আইন কর্মকর্তার পদের নাম কী?
উত্তর: 'অ্যাটর্নি জেনারেল'
ঞ) জাতিসংঘ দিবস কবে পালন করা হয়?
উত্তর: ২৪ অক্টোবর

৪৪৭

হজ অফিস, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক

সময়: ৬০ মি | তারিখ: ১৮-০৪-২৫ | মান: ৭০

০১। **প্রকৃতি ও প্রত্যয় নির্ণয় করুন-**
ক) সাহিত্যিক = সাহিত্য+ষ্ণিক
খ) মানব = মনু+ষ্ণ
গ) কারক = √কৃ+ণক/অক

০২। **সন্ধি বিচ্ছেদ করুন:**
ক) উদ্যোগ = উৎ + যোগ
খ) বিজ্ঞান = বি + √জ্ঞা + অন
গ) মনস্তাপ = মনঃ + তাপ

০৩। **এক কথায় প্রকাশ করুন**
ক) যা পূর্বে শোনা যায়নি = অশ্রুতপূর্ব
খ) যে নিজেকে পণ্ডিত মনে করে = পণ্ডিতম্মন্য
গ) মাটি দিয়ে তৈরি = মৃন্ময়

০৪। **ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করুন-**
ক) শশব্যস্ত = শশের মতো ব্যস্ত -উপমান কর্মধারয়
খ) ধামাধরা = ধামা ধরে যে -উপপদ তৎপুরুষ
গ) ডাকমাশুল = ডাকের জন্য মাশুল -৪র্থ তৎপুরুষ

০৫। **কারক নির্ণয় করুন-**
ক) কাঁচের জিনিস সহজে ভাঙ্গে = করণে ৬ষ্ঠী
খ) টাকায় কী না হয় = করণে ৭মী

০৬। **শুদ্ধ করে লিখুন-**
ক) সে আকণ্ঠ পর্যন্ত পান করেছে
⇨ সে আকণ্ঠ পান করেছে।
খ) সে খুবই বিদ্যান ব্যক্তি
⇨ সে খুবই বিদ্বান ব্যক্তি।
গ) দৈন্যতা সবসময় ভালো নয়।
⇨ দৈন্য/দীনতা সবসময় ভালো নয়।

০৭। ক) 'সোনালী কাবিন' ও খ) 'সবিতা' কাব্য গ্রন্থের লেখকের নাম লিখুন।
উত্তর: ক) আল মাহমুদ খ) সত্যেন্দ্রনাথ দত্ত

০৮। 'বঙ্কিম' এর বিপরীত শব্দ কি?
উত্তর: ঋজু

০৯। **Fill in the blanks with prepositions:**
a) I want to live.....peace with you.
Answer: in
b) He is junior.....me.
Answer: to
c) Guard ..... all errors.
Answer: against
d) I was ignorant.....the plan.
Answer: of

১০। **Make sentences with the phrases:**
a) Look into = The police are looking into the case
b) Run short of = I ran short of money.
c) By fits and starts = He reads newspaper by fits and starts
d) Make good = I shall make good the loss.

১১। **Correct the following sentences:**
a) I insisted him to go there
⇨ I insisted on his going there.
b) His hairs are grey
⇨ His hair is grey
c) The food was very tasteful.
⇨ The food was very tasty.
d) His English knowledge is poor.
⇨ His knowledge of English is poor.

১২। **Change the voice:**
a) Honey tastes sweet.
⇨ Honey is tasted sweet. / Honey is sweet when it is tasted.
b) Do not open the window.

⇨ Let not the window be opened.
c) He fans himself.
⇨ He is fanned by himself
d) He blamed me for their sufferings.
⇨ I was blamed for their sufferings by him.

১৩। **Make sentences with the following pairs of words:**
a) Elicit = I could elicit no response from him
Illicit = She had an illicit affair with her boss
b) Coir = The doormat was made of coir fibers.
Choir = She has been a member of the school choir for three years.

১৪। **পূর্ণরূপ লিখুন:**
a) BGMEA= Bangladesh Garment Manufacturers and Exporters Association
b) UNGA= United Nations General Assembly
c) BSTI= Bangladesh Standards and Testing Institution

১৫। **গ্রন্থের লেখকের নাম লিখুন:**
(a) A passage to India = E. M Forster
(b) Wealth of Nations = Adam Smith

১৬। হিজরী সন গণনা করা হয় কত খ্রিষ্টাব্দ হতে?
উত্তর: ৬২২ সাল

১৭। বাংলাদেশের রিকশাচিত্র কোন আন্তর্জাতিক সংস্থার স্বীকৃতি লাভ করেছে?
উত্তর: ইউনেস্কো

১৮। আন্তর্জাতিক অপরাধ বিষয়ক আদালত কোথায় অবস্থিত?
উত্তর: হেগ, নেদারল্যান্ড

১৯। উপমহাদেশের প্রথম শিক্ষা কমিশনের নাম কি?
উত্তর: হান্টার শিক্ষা কমিশন

২০। প্রতি বছর নোবেল পুরস্কার আনুষ্ঠানিকভাবে কোন তারিখে প্রদান করা হয়?
উত্তর: ১০ ডিসেম্বর

২১। 'ক্যাটালন' কোন দেশের ভাষা?
উত্তর: স্পেন

২২। বাংলাদেশের সংবিধানের অভিভাবক ও ব্যাখ্যাকারক কে?
উত্তর: সুপ্রীম কোর্ট

২৩। ECNEC এর প্রধান কে?
উত্তর: প্রধানমন্ত্রী (বর্তমান- প্রধান উপদেষ্টা)

২৪। নিপোর্ট (NIPORT) কী ধরনের গবেষণা প্রতিষ্ঠান?
উত্তর: জনসংখ্যা

২৫। ইউনিডো (UNIDO) এর সদর দপ্তর কোথায়?
উত্তর: ভিয়েনা, অস্ট্রিয়া

২৬। একটি পণ্য বিক্রয় করে পাইকারি বিক্রেতার ২০% এবং খুচরা বিক্রেতার ২০% লাভ হয়। যদি পণ্যটির খুচরা বিক্রয়মূল্য ৫৭৬ টাকা হয়, তবে পাইকারি বিক্রেতার ক্রয়মূল্য কত?
[সমাধান দেখুন: প্রশ্ন নং-৪৪৬; সমস্যা নং-১৩]

২৭। কোন আসল ৫ বছরে মুনাফা-আসলে ১৬৮০ টাকা এবং ৯ বছরে মুনাফা আসল ২০৬৪ টাকা হয়।
সমাধান আসল + ৯ বছরের সুদ = ২০৬৪ টাকা
আসল + ৫ বছরের সুদ = ১৬৮০ টাকা
(– করে) ৪ বছরের সুদ ৩৮৪ টাকা
১ ” ” $\frac{৩৮৪}{৪}$ ” = ৯৬ টাকা
৫ বছরের সুদ = ৯৬×৫ = ৪৮০টাকা
আসল = (১৬৮০–৪৮০) টাকা= ১২০০ টাকা
উত্তর: ১২০০ টাকা

২৮। আয়তাকার পানিপূর্ণ একটি ট্যাংকের দৈর্ঘ্য ৬ মিটার, প্রস্থ ৫ মিটার এবং গভীরতা ২ মিটার। ট্যাংকটির তলার পরিসীমা ও চার দেওয়ালে মোট ক্ষেত্রফল নির্ণয় করুন।
সমাধান ট্যাংকটির তলার পরিসীমা= ২(৬+৫) মি.= ২২মি.
চার দেয়ালের ক্ষেত্রফল = ২(দৈর্ঘ্য + প্রস্থ) × উচ্চতা
= ২(৬+৫)×২
= ৪৪ বর্গমিটার
উত্তর: পরিসীমা ২২ মিটার, ক্ষেত্রফল ৪৪ বর্গমিটার

২৯। $x^3 + y^3 = 9$ এবং $x + y = 3$ হলে xy এর মান কত?
সমাধান দেওয়া আছে, $x^3 + y^3 = 9$
বা, $(x + y)^3 - 3xy(x + y) = 9$
বা, $3^3 - 3xy.\ 3 = 9$
বা, $-9xy = 9 - 27$
∴ $xy = 2$ **(Answer)**

৪৪৮
হজ অফিস, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
উচ্চমান সহকারী

সময়: ৯০ মি | তারিখ: ১৮-০৪-২৫ | মান: ৭০

০১। **প্রকৃতি ও প্রত্যয় নির্ণয় করুন-**
ক) দোলনা = √দুল্+অনা
খ) কর্তব্য = √কৃ +তব্য

০২। **অর্থসহ বাক্য রচনা করুন:**
ক) শরতের শিশির = সুসময়ের বন্ধু/ ক্ষণস্থায়ী
খ) শিবরাত্রির সলতে = একমাত্র বংশধর/সন্তান
গ) উজানের কই = সহজলভ্য

০৩। **এক কথায় প্রকাশ করুন**
ক) যার অনুরাগ দূর হয়েছে = বীতরাগ
খ) যে নিজেকে পণ্ডিত মনে করে = পণ্ডিতম্মন্য
গ) যে জমিতে ফসল জন্মায় না = ঊষর

০৪। **ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করুন-**
ক) যথারীতি = রীতিকে অতিক্রম না করে -অব্যয়ীভাব
খ) হাসাহাসি = হাসিতে হাসিতে যে ক্রিয়া -ব্যতিহার বহুব্রীহি
গ) দেশে-বিদেশে = দেশে ও বিদেশে -দ্বন্দ্ব সমাস
ঘ) নীলকমল = নীল যে কমল -কর্মধারয়

০৫। **কারক নির্ণয় করুন-**
ক) কাঁচের জিনিস সহজে ভাঙ্গে। = করণে ৬ষ্ঠী
খ) বড় হও নিজের চেষ্টায়। = করণে ৭মী

০৬। **শুদ্ধ করে লিখুন-**
ক) সকল ছাত্ররা উপস্থিত ছিল।
➪ সকল ছাত্র উপস্থিত ছিল।
খ) তিনি এ ঘটনার চাক্ষুস সাক্ষী।
➪ তিনি এ ঘটনার প্রত্যক্ষ সাক্ষী।
গ) দ্বারিদ্রতা পরিত্যাজ্য।
➪ দরিদ্রতা পরিত্যাজ্য।

০৭। ক) 'আনন্দময়ীর আগমনে' ও (খ) 'সাত সাগরের মাঝি' কবিতার লেখকের নাম লিখুন।
উত্তর: ক) কাজী নজরুল ইসলাম খ) ফররুখ আহমদ

০৮। বাংলা বর্ণমালায় যৌগিক স্বর কয়টি?
উত্তর: ২টি (ঐ, ঔ)

০৯। **Fill in the blanks with prepositions:**
a) Call me..... phone.
Answer: by
b) He is superior..... me.
Answer: to
c) Guard..... all errors.
Answer: against
d) He is blind..... his son's fault.
Answer: to

১০। **Make sentences with the phrases:**
a) Come across = দেখা হওয়া
✍ I came across him yesterday.
b) Pray to = প্রার্থনা করা
✍ Pray to Allah for me.
c) To and fro = এদিক ওদিক
✍ He is moving to and fro.
d) Make out = বুঝতে পারা
✍ I could not make out your speech.

১১। **Correct the following sentences:**
a) I have no pen to write.
➪ I have no pen to write with.
b) He is more braver than me.
➪ He is braver than I.
c) The food was very tasteful.
➪ The food was very tasty.
e) His English knowledge is poor.
➪ His knowledge of English is poor.

১২। **Change the voice:**
a) He gave me a flower.
➪ I was given a flower by him.
b) Did you open the door?
➪ Was the door opened by you?
c) He fans himself.
➪ He fanned by himself.
d) He blamed me for their sufferings.
➪ I was blamed by him for their sufferings.

১৩। **Make sentences with the pairs of words:**
a) Tale = Grandma told a nice **tale**.
Tail = The dog moved its **tail**.
b) Eligible = He is **eligible** for the scholarship.
Illegible = His writing is **illegible**.

১৪। **পূর্ণরূপ লিখুন:** a) BKMEA b) UNSC c) BBS (d) BIMSTEC
Answer: a) BKMEA = Bangladesh Knitwear Manufacturers and Exporters Association
b) UNSC = United Nations Security Council
c) BBS = Bangladesh Bureau of Statistics
d) BIMSTEC = Bay of Bengal Initiative for Multi-Sectoral Technical and Economic Cooperation

১৫। '1984' গ্রন্থের লেখকের নাম লিখুন:
উত্তর: জর্জ অরওয়েল

১৬। RFID এর পূর্ণরূপ লিখুন।
উত্তর: Radio-Frequency IDentification

১৭। ২টি System Software এর নাম লিখুন।
উত্তর: Windows, macOS

১৮। ব্লু-টুথ কত দূরত্ব পর্যন্ত কাজ করে?
উত্তর: ১০-১০০ মিটার

১৯। Spyware কী?
উত্তর: স্পাইওয়্যার একটি কম্পিউটার সফটওয়্যার যা কম্পিউটার ব্যবহারকারীর আড়ালে অজান্তেই ল্যাপটপ বা কম্পিউটার এ ইন্সটল হয়ে যায় এবং কম্পিউটার ব্যবহারকারীর উপর নজরদারি করে। এটার মাধ্যমে ব্যবহারকারীর বাক্তিগত তথ্য চুরি হয়ে যেতে পারে।

২০। Cloud Computing কী?
উত্তর: ক্লাউড কম্পিউটিং হচ্ছে কম্পিউটার রিসোর্স যেমন- কম্পিউটার হার্ডওয়্যার ও সফটওয়্যার, নেটওয়ার্ক ডিভাইস প্রভৃতি ব্যবহার করে কম্পিউটার নেটওয়ার্কের মাধ্যমে (বিশেষত ইন্টারনেট) কোনো সার্ভিস বা সেবা প্রদান করা।

২১। ECNEC এর প্রধান কে?
উত্তর: প্রধানমন্ত্রী (বর্তমান- প্রধান উপদেষ্টা)

২২। নিপোর্ট (NIPORT) কী ধরনের গবেষণা প্রতিষ্ঠান?
উত্তর: জনসংখ্যা গবেষণা

২৩। বাংলাদেশের অর্থনৈতিক সমুদ্র সীমা কত নটিক্যাল মাইল?
উত্তর: ২০০ নটিক্যাল মাইল

২৪। ইউক্রেনের রাজধানীর নাম কী?
উত্তর: কিয়েভ

২৫। **১টি বইয়ের মূল্য 24 টাকা। এই মূল্যে বই তৈরির ব্যয় 80%। বাকি মূল্য সরকার ভর্তুকি দিয়ে থাকেন। ভর্তুকি কত?**

সমাধান দেখুন: প্রশ্ন নং-৪৪৬; সমস্যা নং-১১।

২৬। । **একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য ২০% বাড়ানো হয় এবং প্রস্থ ২০% কমানো হয় তাহলে এর ক্ষেত্রফলের কিরূপ পরিবর্তন ঘটবে?**

সমাধান মনে করি, আয়তক্ষেত্রটির দৈর্ঘ্য x একক এবং প্রস্থ y একক

∴ আয়তক্ষেত্রটির ক্ষেত্রফল xy বর্গ একক

20% বৃদ্ধি পাওয়ায়,

নতুন আয়তক্ষেত্রটির দৈর্ঘ্য = (x + x এর 20%) একক

$$= \left(x + \frac{20x}{100}\right) = \left(x + \frac{x}{5}\right) \text{ একক}$$

$$= \frac{6x}{5} \text{ একক}$$

20% হ্রাস পাওয়ায়,

নতুন আয়তক্ষেত্রের প্রস্থ $= \left(y - y \text{ এর } \frac{20}{100}\right)$ একক

$$= \left(y - \frac{20y}{100}\right) = \left(y - \frac{y}{5}\right) \text{ একক}$$

$$= \frac{4y}{5} \text{ একক}$$

∴ নতুন আয়তক্ষেত্রের ক্ষেত্রফল $= \left(\frac{6x}{5} \times \frac{4y}{5}\right)$ বর্গ একক

$$= \frac{24xy}{25} \text{ বর্গ একক}$$

সুতরাং, ক্ষেত্রফল হ্রাস পায় $= \left(xy - \frac{24xy}{25}\right)$ বর্গ একক

$$= \frac{xy}{25} \text{ বর্গ একক}$$

∴ ক্ষেত্রফল শতকরা হ্রাস পায় $= \left(\frac{\frac{xy}{25}}{xy} \times 100\right)\%$

$$= \left(\frac{xy}{25} \times \frac{1}{xy} \times 100\right)\%$$

$$= 4\%$$

∴ ক্ষেত্রফল 4% হ্রাস পায়।
উত্তর: 4%

২৭। **একজন দোকানদার $7\frac{১}{২}$% ক্ষতিতে একটি দ্রব্য বিক্রয় করল। যদি দ্রব্যটির ক্রয়মূল্য ১০% কম হতো এবং বিক্রয়মূল্য ৩১ টাকা বেশি হত তাহলে ২০% লাভ হত। দ্রব্যটির ক্রয়মূল্য কত?**

সমাধান ২০% লাভে বিক্রয়মূল্য= (১০০+২০)= ১২০ টাকা
১০% কমে ক্রয়মূল্য (১০০ − ১০) টাকা = ৯০ টাকা
২০% লাভে,
ক্রয়মূল্য ১০০ টাকা হলে বিক্রয়মূল্য ১২০ টাকা
" ১ " " " $\frac{১২০}{১০০}$ "
" ৯০ " " $\frac{১২০ \times ৯০}{১০০}$ টাকা
= ১০৮ টাকা

$7\frac{১}{২}\%$ ক্ষতিতে, বিক্রয়মূল্য $(১০০ - 7\frac{১}{২})$ টাকা

$= \frac{১৮৫}{২}$ টাকা

দুই বিক্রয়মূল্যের মধ্যে পার্থক্য $= \left(১০৮ - \frac{১৮৫}{২}\right)$ টাকা

$= \frac{৩১}{২}$ টাকা

বিক্রয়মূল্য $\frac{৩১}{২}$ টাকা বেশি হলে ক্রয়মূল্য ১০০ টাকা

" ১ " " " " $\frac{২ \times ১০০}{৩১}$ "

" ৩১ " " " " $\frac{১০০ \times ২ \times ৩১}{৩১}$ টাকা

$= ২০০$ টাকা

উত্তর: ২০০ টাকা।

২৮। $a^4 + a^2 + 1 = 0$ হলে $a^3 + \frac{1}{a^3} = ?$

সমাধান দেওয়া আছে, $a^4 + a^2 + 1 = 0$

বা, $a^4 + 1 = -a^2$

বা, $\frac{a^4 + 1}{a^2} = -1$

বা, $\frac{a^4}{a^2} + \frac{1}{a^2} = -1$

বা, $a^2 + \frac{1}{a^2} = -1$

বা, $\left(a + \frac{1}{a}\right)^2 - 2.a.\frac{1}{a} = -1$

বা, $\left(a + \frac{1}{a}\right)^2 = -1 + 2$

বা, $\left(a + \frac{1}{a}\right)^2 = 1$

$\therefore a + \frac{1}{a} = 1$

বামপক্ষ $= a^3 + \frac{1}{a^3}$

$= \left(a + \frac{1}{a}\right)^3 - 3a.\frac{1}{a}\left(a + \frac{1}{a}\right)$

$= 1^3 - 3.1$

$= -2$ (Answer)

৪৪৯

জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট

সাঁটমুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর

সময়: ৯০ মি | তারিখ: ১৮-০৪-২৫ | মান: ৭০

০১। টেলিফোনের কলের সংখ্যা ৫টি, প্রতি কলের মূল্য ৬.০০ টাকা, এর ভাড়া ২২০ টাকা এবং ভ্যাট ১০% হলে (ক) ভ্যাটের পরিমাণ কত? (খ) প্রতিদিন গড়ে ২টি কল করলে ২০০৯ সালের ফেব্রুয়ারি মাসের টেলিফোনের বিল বাবদ কত খরচ হবে?

সমাধান ক)

১টি কলের মূল্য ৬ টাকা

৫টি " " ৬×৫ "

$= ৩০$ টাকা

ভাড়াসহ মোট টাকা $= ২২০ + ৩০ = ২৫০$ টাকা

১০% ভ্যাট হলে ভ্যাটের পরিমাণ $= ২৫০$ এর ১০%

$= ২৫$ টাকা

খ)

২০০৯ সালে ফেব্রুয়ারি মাস ২৮ দিনে

প্রতিদিন ২টি করে কল করলে মোট কলের পরিমাণ $= ২৮ \times ২ = ৫৬$টি

১টি কলের মূল্য ৬ টাকা

৫৬টি " " ৬×৫৬ "

$= ৩৩৬$ টাকা

ভাড়াসহ টাকা $= ৩৩৬ + ২২০ = ৫৫৬$ টাকা

১০% ভ্যাটসহ মোট বিল $= ৫৫৬ + ৫৫৬$ এর ১০% টাকা

$= ৬১১.৬$ টাকা

self preparation

০২। **একটি ঘরের মেঝে কার্পেট দিয়ে ঢাকতে মোট ৭২০০ টাকা খরচ হয়। ঘরটির প্রস্থ ৩ মিটার কম হলে ৫৭৬ টাকা কম খরচ হতো। ঘরটির প্রস্থ কত?**

সমাধান মনে করি, ঘরটির দৈর্ঘ্য 'ক' মিটার।

প্রস্থ ৩ মিটার কমলে ক্ষেত্রফল কমে $= (ক \times ৩)$ বর্গমিটার

$= ৩ক$ বর্গমিটার।

অর্থাৎ ৩ক বর্গমিটারে খরচ কমে ৫৭৬ টাকা।

৫৭৬ টাকা খরচ হয় ৩ক বর্গমিটারে

$\therefore ১$ " " " $\frac{৩ক}{৫৭৬}$ বর্গমিটারে

$\therefore ৭২০০$ " " " $\frac{৩ক \times ৭২০০}{৫৭৬}$ "

$= \frac{৭৫ক}{২}$ বর্গমিটারে

অতএব, মেঝের ক্ষেত্রফল $\frac{৭৫ক}{২}$ বর্গমিটারে

$\therefore$ ঘরটির প্রস্থ $= \frac{\text{ক্ষেত্রফল}}{\text{দৈর্ঘ্য}}$

$= \left(\frac{৭৫ক}{২} \div ক\right)$ মিটার

$= \frac{৭৫ক}{২ \times ক}$ মিটার $= ৩৭·৫$ মিটার

উত্তর: প্রস্থ ৩৭.৫ মিটার

বিকল্প সমাধান:

৫৭৬ টাকা খরচ হয় ৩ মিটার প্রস্থে

১ " " " $\frac{৩}{৫৭৬}$ " "

৭২০০ " " " $\frac{৩ \times ৭২০০}{৫৭৬}$ " "

$= ৩৭.৫$ মিটার প্রস্থে

উত্তর: প্রস্থ ৩৭.৫ মিটার

০৩। $x^2 = 5 + 2\sqrt{6}$ হলে $\frac{x^6+1}{x^3} - \sqrt{2}\left(\frac{x^4+1}{x^2}\right)$ এর মান কত?

সমাধান দেওয়া আছে, $x^2 = 5 + 2\sqrt{6}$

$\therefore \frac{1}{x^2} = \frac{1}{5+2\sqrt{6}}$

$= \frac{5-2\sqrt{6}}{(5+2\sqrt{6})(5-2\sqrt{6})}$

$= \frac{5-2\sqrt{6}}{5^2-(2\sqrt{6})^2}$

$= \frac{5-2\sqrt{6}}{25-24}$

$= 5 - 2\sqrt{6}$

$\therefore x^2 + \frac{1}{x^2} = 5 + 2\sqrt{6} + 5 - 2\sqrt{6} = 10$

এখানে, বা, $x^2 + \frac{1}{x^2} = 10$

বা, $(x + \frac{1}{x})^2 - 2x.\frac{1}{x} = 10$

বা, $(x + \frac{1}{x})^2 = 12$

$\therefore x + \frac{1}{x} = 2\sqrt{3}$

প্রদত্ত রাশি $= \frac{x^6+1}{x^3} - \sqrt{2}\left(\frac{x^4+1}{x^2}\right)$

$= x^3 + \frac{1}{x^3} - \sqrt{2}(x^2 + \frac{1}{x^2})$

$= \left(x + \frac{1}{x}\right)^3 - 3.x.\frac{1}{x}\left(x + \frac{1}{x}\right) - \sqrt{2} \times 10$

$= (2\sqrt{3})^3 - 3 \times 2\sqrt{3} - 10\sqrt{2}$

$= 18\sqrt{3} - 10\sqrt{2}$ **(Answer)**

০৪। উৎপাদকে বিশ্লেষণ করুন:

$x^3+(4+\sqrt{3})x^2+(\sqrt{3}+4)\sqrt{3}x+3\sqrt{3}$

সমাধান $x^3 + (4+\sqrt{3})x^2 + (\sqrt{3}+4)\sqrt{3}x + 3\sqrt{3}$

$= x^3 + 4x^2 + \sqrt{3}x^2 + 3x + 4x\sqrt{3} + 3\sqrt{3}$

$= x^3 + \sqrt{3}x^2 + 4x^2 + 4x\sqrt{3} + 3x + 3\sqrt{3}$

$= x^2(x + \sqrt{3}) + 4x(x + \sqrt{3}) + 3(x + \sqrt{3})$

$= (x + \sqrt{3})(x^2 + 4x + 3)$

$= (x + \sqrt{3})(x^2 + 3x + x + 3)$

$= (x + \sqrt{3})\{x(x + 3) + 1(x + 3)\}$

$= (x + \sqrt{3})(x + 3)(x + 1)$ (Answer)

০৫। সংক্ষিপ্ত উত্তর দিন:

ক) কোন কারণে সাধু ও চলিত ভাষার মধ্যে পার্থক্য ঘটে?

উত্তর: ভাষারীতি ও শব্দ বব্যহারের ভিন্নতা। সাধু ও চলিত ভাষার মূল পার্থক্য হয় সর্বনাম ও ক্রিয়াপদে।

খ) কোন বর্ণের নিজস্ব কোন ধ্বনি নেই?

উত্তর: ঞ

গ) বাংলা সাহিত্যের প্রথম ব্যাকরণ গ্রন্থের রচয়িতা কে?

উত্তর: রাজা রামমোহন রায়/ ন্যাথানিয়েল ব্রাসি হালহেড

ঘ) কোন বিরাম চিহ্নে বিরাম নিতে হয়না?

উত্তর: হাইফেন

০৬। অর্থসহ বাক্য রচনা করুন:

ক) গরজ বড় বালাই = প্রয়োজনে গুরুত্ব

খ) ভেজা চুলে খোঁপা বাঁধা = বৃথা চেষ্টা করা

গ) উজানের কৈ = সহজলভ্য

ঘ) টুপভুজঙ্গ = নেশায় বিভোর

০৭। ব্যাস বাক্যসহ সমাসের নাম লিখুন:

ক) ঘরজামাই = ঘরে আশ্রিত জামাই -মধ্যপদলোপী কর্মধারয়

খ) মাথায়পাগড়ি= মাথায় পাগড়ি যার -বহুব্রীহি

গ) পরোক্ষ = অক্ষির অগোচরে -অব্যয়ীভাব

ঘ) দর্শনমাত্র = কেবল দর্শন -নিত্য সমাস

০৮। বাক্য সংকোচন করুন:

ক) অন্যের শ্রী দেখলে যে কাতর = পরশ্রীকাতর

খ) ঘর্ষনজাত সুগন্ধ = পরিমেল

গ) ক্রীড়াশীল তরঙ্গ = চলোর্মি

ঘ) গাছ ভেঙ্গে পড়ার শব্দ = মড়মড়

০৯। 'সদন' শব্দের ৪টি সমার্থক শব্দ লিখুন।
উত্তর: গৃহ, আলয়, বাড়ি, নিবাস

১০। **Fill in the blank with preposition:**

a) Lots of people are allergic ..... prawn.
Answer: to

b) The lights have been blown .....by the strong wind.
Answer: out

c) He is afflicted .....gout.
Answer: with

d) I have no bias ..... late marriage.
Answer: against

self preparation

১১। **Put the correct form of verb:**

a) The innings just ..... (begin).
Answer: has been began

b) Your bicycle needs ..... (repair).
Answer: to be repaired

c) Where you ..... (go) yesterday?
Answer: did you go

d) A lot of sugar from the sack ..... (steal).
Answer: was stolen

১২। **Make Sentences with meaning:**

a) Hard and fast = বাঁধা-ধরা

✍ There is no hard and fast rule in this case.

b) To pay lip service to someone = সমর্থ থাকা সত্ত্বেও সাহায্য না করা

✍ He paid lip service me doing this.

c) Raised one's eyebrow = বিস্মত হওয়া

✍ Seeing him at night I raised my eyebrow.

d) With flying colours = বিজয়

✍ He passed the examination with flying colours.

১৩। Translate into English:

(ক) রাস্তায় অসচেতনভাবে হেঁটো না

➪ Don't walk carelessly on the street.

(খ) গাইতে গাইতে গায়েন, বাজাতে বাজাতে বায়েন

➪ Practice makes a man perfect.

(গ) তুমি তাকে কতটা বুদ্ধিমান মনে কর?

➪ How much intelligent do you think he is?

(ঘ) বৃষ্টি থামার সাথে সাথে তারা বাইরে গেল।

➪ As soon as the rain stopped, they went outside.

১৪। সংক্ষিপ্ত উত্তর দিন:

(ক) ODOMETER কী?
উত্তর: যানবাহনের দূরত্ব পরিমাপের যন্ত্র

(খ) ২৪তম বিশ্বকাপ ফুটবল কত সালে অনুষ্ঠিত হবে।
উত্তর: মরক্কো, পর্তুগাল ও স্পেন ২০৩০ সালে

(গ) আইপিএল ২০২৫ এর ৩৩তম ম্যাচে কোন দুটি দল অংশগ্রহণ করেছিল?
উত্তর: মুম্বাই ইন্ডিয়ান্স এবং সানরাইজার্স হায়দ্রাবাদ

(ঘ) বিবিএস এর ২০২৪ সালের তথ্য অনুযায়ী বাংলাদেশের কত শতাংশ পরিবার ইন্টারনেট ব্যবহার করে?
উত্তর: ৪৭.২ শতাংশ

(ঙ) বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন মার্চ ফর জাস্টিস কর্মসূচি ঘোষণা করে কত তারিখে?
উত্তর: ঘোষনা করে ৩০জুলাই পালন করে ৩১ জুলাই ২০২৪

(চ) জেনকাস্ট কী?
উত্তর: এআই ভিত্তিক আবহাওয়ার পূর্বাভাস মডেল

(ছ) Serial port-এ কয়টি পিন থাকে?
উত্তর: ৯টি

(জ) ব্রিটেন ইউরোপীয় ইউনিয়ন ত্যাগ করে কবে?
উত্তর: ৩১ জানুয়ারি ২০২০

(ঝ) তুরস্কের আইন সভার নাম কি?
উত্তর: গ্রান্ড ন্যাশনাল অ্যাসেম্বলি

(ঞ) UNV এর সদর দপ্তর কোথায়?
উত্তর: বন, জার্মানি (United Nations Volunteers)

১৫। পূর্ণরূপ লিখুন: BCSIR, FAO, ISESCO, OAPEC, SMTP.

উত্তর: BCSIR = Bangladesh Council of Scientific and Industrial Research
FAO = Food and Agriculture Organization of the United Nations.
ISESCO = Islamic Educational, Scientific and Cultural Organization
OAPEC = Organization of Arab Petroleum Exporting Countries
SMTP = Simple Mail Transfer Protocol

৪৫০
জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট
অফিস সহায়ক

সময়: ৬০ মি | তারিখ: ১৮-০৪-২৫ | মান: ৭০

০১। সন্ধি বিচ্ছেদ করুন:

ক) নাবিক = নৌ + ইক

খ) স্বাধিকার = স্ব + অধিকার

গ) তন্বী = তনু + ঈ

ঘ) অতীব = অতি + ইব

ঙ) অব্ধি = অপ্ + √ধা + ই

০২। লিঙ্গান্তর করুন:

প্রদত্ত লিঙ্গ	বিপরীত লিঙ্গ
অরণ্য	অরণ্যানী
মাতুল	মাতুলানী
সভাপতি	সভানেত্রী
শুক	সারী
কল্যাণীয়	কল্যাণীয়া

০৩। বাক্য সংকোচন করুন:

ক) গভীর রাত্রি = নিশীথ

খ) যে জমিতে ফসল জন্মায় না= ঊষর

গ) অর্থহীন উক্তি = প্রলাপ

০৪। বিপরীত শব্দ লিখুন:

ক) চিরায়ত = সাময়িক

খ) চৌকস = অদক্ষ

গ) স্তুতি = নিন্দা

০৫। অর্থসহ বাক্য রচনা করুন:

ক) রুই-কাতলা = নেতৃস্থানীয় ব্যক্তি

খ) ঘর থাকতে বাবুই ভেজা= সুযোগ থাকতে কষ্ট

গ) চাপান-উতোর = পারস্পারিক সন্দেহ

০৬। সংক্ষিপ্ত উত্তর দিন:

ক) ভাষার ক্ষুদ্রতম উপাদান কী?

উত্তর: ধ্বনি

খ) কোন কারণে সাধু ও চলিত ভাষার পার্থক্য ঘটে?

উত্তর: ব্যবহারিক প্রয়োজন ও সময়ের পরিবর্তন

গ) বাংলা বাক্যের শেষে কয়টি বিরাম চিহ্ন ব্যবহৃত হয়?

উত্তর: ৩টি

০৭। **Fill in the blanks with preposition:**

a) He was absent..... the meeting.

Answer: from

b) The disgusted man grumbled..... his fate.

Answer: at

c) The police are looking..... the case.

Answer: into

d) I congratulate you..... your success.

Answer: on

০৮। **Write the opposite words:**

Given Word	Opposite Word
Enmity	Friendship
Analysis	Synthesis
Biased	Unbiased
Limpid	Cloudy

০৯। **Make sentences with meaning:**

a) Bread and butter = জীবিকা

He earns his bread and butter by means of honest labour.

b) In a nutshell = সংক্ষেপে

Tell the story in a nutshell.

c) Play hide and seek = লুকোচুরি খেলা

Let's play hide and seek in the garden.

d) Utopian scheme = আকাশ-কুসুম কল্পনা

His plan to make everyone rich is a utopian scheme.

১০। ইংরেজিতে অনুবাদ করুন:

ক) যখন খুশি আস

⇨ Come whenever you like.

খ) এই সংবাদটি পত্রিকায় প্রকাশিত হয়েছিল

⇨ This news was published in the newspaper.

গ) তুমি কীভাবে তার ব্যাগটি পেলে?

⇨ How did you get her bag?

ঘ) যা রটে তা কিছু বটে।

⇨ Where there's smoke, there's fire./ There is no smoke without fire./ Rumour has some element of truth in it.

১১। সংক্ষেপে উত্তর দিন:

ক) 'দোপেয়াজা' কোন শিল্পীর ছদ্মনাম?

উত্তর: কাজী আবুল কাশেম

খ) বিশ্বকাপ ফুটবল ২০২৬ কয়টি শহরে অনুষ্ঠিত হবে?

উত্তর: ১৬টি

গ) কোয়াসার কী?

উত্তর: কোয়াসার হলো কোয়াসি স্টেলার রেডিও সোর্সের সংক্ষিপ্ত নাম। কোয়াসার মহাবিশ্বের উজ্জ্বলতম বস্তু।

ঘ) আইপিএল ২০২৫ এর ৩৩তম ম্যাচে কোন দল জয়লাভ করেছে?

উত্তর: মুম্বাই ইন্ডিয়ান্স

ঙ) ইউনেস্কোর সর্বশেষ সদস্য দেশের নাম কী?

উত্তর: ফিলিস্তিন

চ) জাপান ও চীনের মুদ্রার নাম কী?

উত্তর: ইয়েন ও ইউয়ান

ছ) বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের বাংলা ব্লকেড পালিত হয় কবে?

উত্তর: ০৬ জুলাই ২০২৪

জ) বিখ্যাত আলাল ও দুলাল চরিত্র পাওয়া যায় কোন গীতিকাব্যে?

উত্তর: দেওয়ানা মদিনা

ঝ) ISO এর পুর্ণরূপ কী?

উত্তর: International Organization for Standardization

ঞ) দেশের আইন শৃঙ্খলা রক্ষায় 'অপারেশন ডেভিল হান্ট' শুরু হয় কবে?

উত্তর: ০৮ ফেব্রুয়ারি ২০২৫

১২। ক ও খ এর আয়ের অনুপাত ৩:৪ এবং ব্যয়ের অনুপাত ৪:৫। যদি ক এর সঞ্চয় তার আয়ের ০.২৫ অংশ হয়, তাদের সঞ্চয়ের অনুপাত নির্ণয় করুন।

ধরি, করিমের আয় = ৩ক; রহিমের আয় = ৪ক

করিমের ব্যয় = ৪খ ; রহিমের ব্যয়= ৫খ

করিমের সঞ্চয় = ৩ক - ৪খ

প্রশ্নমতে, ৩ক - ৪খ = ৩ক এর ০.২৫

বা, $৩ক - ৪খ = \frac{৩ক}{৪}$

বা, ১২ক - ১৬খ = ৩ক

বা, ৯ক = ১৬খ

$\therefore ক = \frac{১৬খ}{৯}$

রহিমের সঞ্চয় = ৪ক - ৫খ

সঞ্চয়ের অনুপাত = ৩ক - ৪খ : ৪ক - ৫খ

$= ৩ \times \frac{১৬খ}{৯} - ৪খ : ৪ \times \frac{১৬খ}{৯} - ৫খ$

$= \frac{৪৮খ}{৯} - ৪খ : \frac{৬৪খ}{৯} - ৫খ$

$= \frac{৪৮খ - ৩৬খ}{৯} : \frac{৬৪খ - ৪৫খ}{৯}$

$= \frac{১২খ}{৯} : \frac{১৯খ}{৯}$

= ১২ : ১৯

উত্তর: ১২:৯

১৩। একটি পুকুরের দৈর্ঘ্য ৩২ মিটার, প্রস্থ ২০ মিটার এবং পুকুরের পানির গভীরতা ৩ মিটার। একটি পানির মটর দ্বারা পুকুরটি পানি শূন্য করা হচ্ছে যা প্রতি সেকেন্ডে ০.১ ঘনমিটার পানি সেচতে পারে। পুকুরটি পানি শূন্য করতে কত সময় লাগবে?

সমাধান পুকুরের আয়তন=৩২×২০×৩= ১৯২০ ঘন মি.

০.১ ঘনমিটার পানি সেচতে পারে ১ সেকেন্ডে

১ " " " " $\frac{১}{০.১}$ "

১৯২০ " " " " $\frac{১৯২০}{০.১}$ "

= ১৯২০০ সেকেন্ড

= ৫ ঘন্টা ২০ মিনিট

উত্তর: ৫ ঘন্টা ২০ মিনিট

১৪। $x^2 + \frac{1}{x^2} = 1$ হলে $x^{102} + x^{96} + x^{90} + x^{84} + x^{78} + x^{72} + 5$ এর মান কত?

সমাধান

দেওয়া আছে, $x^2 + \frac{1}{x^2} = 1$

বা, $\frac{x^4 + 1}{x^2} = 1$

বা, $x^4 + 1 = x^2$

বা, $x^4 = x^2 - 1$.....(1)

বা, $x^4.x^2 = x^2(x^2 - 1)$

বা, $x^6 = x^4 - x^2$

বা, $x^6 = x^2 - 1 - x^2$ [x^4 এর মান বসিয়ে]

বা, $x^6 = -1$

$\therefore x^6 + 1 = 0$

প্রদত্ত রাশি $= x^{102} + x^{96} + x^{90} + x^{84} + x^{78} + x^{72} + 5$

$= x^6.x^{96} + x^{96} + x^6.x^{84} + x^{84} + x^6.x^{72} + x^{72} + 5$

$= x^{96}(x^6 + 1) + x^{84}(x^6 + 1) + x^{72}(x^6 + 1) + 5$

$= (x^6 + 1)(x^{96} + x^{84} + x^{72}) + 5$

$= 0 \times (x^{96} + x^{84} + x^{72}) + 5$

$= 5$ (Answer)

৪৫১

বাংলাদেশ চা বোর্ড

অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর

সময়: ৯০ মি | তারিখ: ১৮-০৪-২৫ | মান: ৭০

০১। কারক ও বিভক্তি নির্ণয় করুন:

ক) একবার চোখের দেখা দেখব = করণে ৬ষ্ঠী

খ) বাঘে মহিষে এক ঘাটে পানি খায় = কর্তায় ৭মী

গ) সমুদ্রে লবণ আছে = অধিকরণে ৭মী

ঘ) ব্যবহারে বংশের পরিচয় = করণে ৭মী

ঙ) শিক্ষককে শ্রদ্ধা করো = সম্প্রদানে ৪র্থী

০২। অর্থসহ বাক্য রচনা করুন:

ক) সাক্ষী গোপাল = নিষ্ক্রিয় দর্শক

খ) লঙ্কাকান্ড = হুলুস্থুল ব্যাপার

গ) যক্ষের ধন = কৃপণের কড়ি

ঘ) ঘাটের মরা = অতি বৃদ্ধ

ঙ) কূপমন্ডুক = ঘরকুনো, সীমাবদ্ধ জ্ঞান

০৩। সমার্থক বা প্রতিশব্দ লিখুন:

ক) বাতাস = বায়ু

খ) সূর্য = অর্ক

গ) পতাকা = নিশান

ঘ) হরিণ = মৃগ

ঙ) অগ্নি = আগুন

০৪। এক কথায় প্রকাশ করুন:

ক) অহনের পূর্বাংশ = পূর্বাহ্ন

খ) অতি কষ্টে যা নিবারণ করা যায় = দুর্নিবার

গ) অনুসন্ধানের ইচ্ছা = অনুসন্ধিৎসা

ঘ) উপকারীর অপকার করে যে = কৃতঘ্ন

ঙ) কী করতে হবে যে স্থির করতে পারে না = কিংকর্তব্যবিমূঢ়

০৫। ইংরেজি হতে বাংলা করুন:

a) He never deviated from truth.

⇨ সে কখনো সত্য হতে বিচ্যুত হয়নি।

b) He teaches us good manners and discipline.

⇨ তিনি আমাদের ভালো আচরণ ও শৃঙ্খলা শেখান।

c) A little learning is a dangerous thing.

⇨ অল্প বিদ্যা ভয়ংকর

০৬। Translate the following Bengali sentences into English:

ক) সকাল হতে মুষলধারে বৃষ্টি হচ্ছে

⇨ It has been raining cats and dogs since morning.

খ) সে কবুতরকে খাওয়ায়

⇨ He feeds the pigeon.

গ) বাতাস ও পানি মানুষের জন্য অপরিহার্য

⇨ Air and water are essential for human.

০৭। Write the right form of verbs:

a) I (read) for two hours.

Answer: have been reading

b) If I were you, I (plant) some trees round the house.

Answer: would plant

c) My father was (transfer) from Dhaka to Chattogram.

Answer: transfered

d) The size of the shoes (be) short.

Answer: is

e) There (be) two high schools in our village.

Answer: are

০৮। Fill in the blanks with the prepositions:

a) The duty was imposed.....me.

Answer: upon

b) The old man has no influence.....his sons.

Answer: over

c) We should not judge anyone..... appearance.

Answer: by

০৯। শতকরা বার্ষিক $৮\frac{১}{২}$ টাকা মুনাফায় কত টাকার ৬ বছরের মুনাফা ২৫৫০ টাকা হবে?

সমাধান ১০০ টাকার ১ বছরের মুনাফা $৮\frac{১}{২}$ টাকা

১০০ " ৬ " " $৮\frac{১}{২} \times ৬$ "

$= \frac{১০২}{২}$ টাকা

$\frac{১০২}{২}$ টাকা মুনাফা হয় আসল যখন ১০০ টাকা

১ " " " " " $\frac{১০০\times২}{১০২}$ "

২৫৫০ " " " " " $\frac{১০০\times২\times২৫৫০}{১০২}$ "

= ৫০০০

উত্তর: ৫০০০ টাকা

১০। গুণফল নির্ণয় করুনঃ

ক) ০.০১ × ০.০৭ × ৭.০০৯

উত্তর: ০.০০৪৯০৬৩

খ) ০.০১ × ০.১ × ০.১

উত্তর: ০.০০০১

১১। ভাগফল নির্ণয় করুনঃ

ক) ২.০ ÷ ০.০১

উত্তর: ২০০

খ) ৪.৫ ÷ ০.৯

উত্তর: ৫

১২। একটি চৌবাচ্চায় ৮০০০ লিটার পানি ধরে। চৌবাচ্চাটির দৈর্ঘ্য ২.৫৬ মিটার এবং প্রস্থ ১.২৫ মিটার হলে, গভীরতা কত?

সমাধান চৌবাচ্চাটির তলার ক্ষেত্রফল= ২.৫৬ মি. × ১.২৫ মি.
= ২৫৬ সে.মি. × ১২৫ সে.মি.
= ৩২০০০ বর্গ সে.মি.

চৌবাচ্চায় ৮০০০ লিটার বা ৮০০০ × ১০০০ ঘন সে.মি. পানি ধরে। [১০০০ ঘন সে.মি. = ১ লিটার]

অতএব, চৌবাচ্চাটির আয়তন ৮০০০০০০ ঘন সে.মি.

∴ চৌবাচ্চাটির গভীরতা = $\frac{৮০০০০০০}{৩২০০০}$ সে.মি.

= ২৫০ সে.মি. = ২.৫ মিটার।

উত্তর: ২.৫ মিটার

১৩। প্রমাণ করুন যে, $x^a = y$, $y^b = z$, $z^c = x$ হলে $abc = 1$

সমাধান দেওয়া আছে, $x^a = y$, $y^b = z$, $z^c = x$

এখানে, $x^a = y$

বা, $(z^c)^a = y$ [$x = z^c$ বসিয়ে]

বা, $(y^b)^{ca} = y$ [$z = y^b$ বসিয়ে]

বা, $y^{abc} = y^1$

∴ $abc = 1$ **(Proved)**

১৪। একজন চা ব্যবসায়ী একবাক্স চা পাতা কেজি প্রতি ৮০ টাকা হিসাবে ক্রয় করেন। সব চা পাতা কেজি প্রতি ৭৫ টাকা দরে বিক্রয় করায় ৫০০ টাকা ক্ষতি হয়। তিনি কত কেজি চা পাতা ক্রয় করেছিলেন?

সমাধান কেজি প্রতি চা পাতার ক্রয়মূল্য ৮০ টাকা
" " " বিক্রয়মূল্য ৭৫ টাকা

∴ ১ কেজি চা পাতা বিক্রয় করলে ক্ষতি হয় =৮০ −৭৫ টাকা
=৫ টাকা

৫ টাকা ক্ষতি হয় ১ কেজিতে

১ " " " $\frac{১}{৫}$ "

৫০০ " " " $\frac{১\times৫০০}{৫}$ "

= ১০০ কেজিতে

উত্তর: ১০০ কেজি।

১৫। নিম্নলিখিত প্রশ্নগুলোর উত্তর দিনঃ

ক) বর্তমান অন্তবর্তী সরকার কত তারিখে শপথ গ্রহণ করে?

উত্তর: ৮ আগস্ট ২০২৪

খ) থ্রি জিরো তত্ত্ব বলতে কী বুঝানো হয়েছে?

উত্তর: দারিদ্র্য, বেকারত্ব ও কার্বন নিঃসরণ শূন্যে নামিয়ে আনা

গ) বাংলাদেশের জাতীয় জরুরি সেবা নম্বর কোনটি?

উত্তর: ৯৯৯

ঘ) পূর্ণরুপ লিখুন: ECNEC; BEPZA

উত্তর: ECNEC = Executive Committee of the National Economic Council
BEPZA = Bangladesh Export Processing Zones Authority

ঙ) UNESCO এর সদর দপ্তর কোথায়?

উত্তর: প্যারিস, ফ্রান্স

চ) সেভেন সিস্টার্স রাজ্য কোন দেশে অবস্থিত?

উত্তর: ভারত

ছ) বাংলা ভাষা ও সাহিত্যের প্রাচীনতম নিদর্শন কী?

উত্তর: চর্যাপদ

জ) বাংলাদেশের কোন এলাকাকে Marine Protected Area হিসেবে ঘোষণা করা হয়েছে?

উত্তর: সেন্টমার্টিন এবং এর আশেপাশের এলাকা

ঝ) বাংলাদেশের প্রথম সার্চ ইঞ্জিনের নাম কী?

উত্তর: পিপীলিকা

ঞ) জুলাই গণঅভ্যুত্থান সম্পর্কে একটি অনুচ্ছেদ লিখুন।

উত্তর দেখুন: প্রশ্ন নং-৪৩০; সমস্যা নং-৬

Forma 6/A

৪৫২
বাংলাদেশ সুপ্রীম কোর্ট
ডাটা এন্ট্রি কন্ট্রোল অপারেটর

সময়: ৯০ মি | তারিখ: ১৯-০৪-২৫ | মান: ৯০

০১। নিম্নোক্ত বাগধারাসমূহের অর্থ লিখুন:

ক) রাবণের চিতা = চির অশান্তি।
খ) রাশভারী = গুরুগম্ভীর।
গ) ননীর পুতুল = শ্রমবিমুখ।
ঘ) খয়ের খাঁ = চাটুকার।
ঙ) কলমি কাপ্তেন = গরীব কিন্তু বিলাসী।

০২। এককথায় প্রকাশ করুন:

ক) হনন করার ইচ্ছা = জিঘাংসা।
খ) যার উপস্থিত বুদ্ধি আছে = প্রত্যুৎপন্নমতি
গ) উপকারীর অপকার করে যে = কৃতঘ্ন
ঘ) খেয়া পার করে যে = পাটনী
ঙ) যা বারবার দুলছে = দোদুল্যমান।

০৩। বানান শুদ্ধ করে লিখুন:

অশুদ্ধ	শুদ্ধ
ষ্টেশন	স্টেশন
প্রতিযোগীতা	প্রতিযোগিতা
বিভিষীকা	বিভীষিকা
সায়ত্বশাসন	স্বায়ত্তশাসন
উপরোক্ত	উপর্যুক্ত

০৪। অনুচ্ছেদ লিখুন (যেকোনো একটি): বাংলাদেশে শিল্প / নারী ক্ষমতায়ন / শুদ্ধাচারের গুরুত্ব

বাংলাদেশে শিল্প

বাংলাদেশে শিল্পখাতে নানা দিক রয়েছে, যার মধ্যে পোশাক, পাট, বস্ত্র এবং কারুশিল্প উল্লেখযোগ্য। এসব শিল্প দেশের অর্থনীতি ও সংস্কৃতির জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। তৈরি পোশাকশিল্প বাংলাদেশের সবচেয়ে বড় রপ্তানিমুখী শিল্প, যা কোটি কোটি টাকার বৈদেশিক মুদ্রা আনে এবং লাখ লাখ মানুষের কর্মসংস্থান সৃষ্টি করে। পাটশিল্প একসময় দেশের প্রধান রপ্তানি খাত ছিল, যা এখনো পরিবেশবান্ধব শিল্প হিসেবে গুরুত্বপূর্ণ। বস্ত্রশিল্প দেশের অভ্যন্তরীণ চাহিদা পূরণ ও রপ্তানিতে অবদান রাখে। এছাড়া, কারুশিল্প যেমন নকশিকাঁথা, বাঁশ-বেতের কাজ, এবং মাটির পুতুল গ্রামীণ নারীদের আয় বৃদ্ধিতে সহায়তা করে এবং দেশের ঐতিহ্য বহন করে। এসব শিল্পের উন্নয়নে সরকার ও বেসরকারি খাতের সমন্বিত উদ্যোগ প্রয়োজন।

০৫। Translate into English:

ক) শিক্ষাই জাতির মেরুদণ্ড।
⇨ Education is the backbone of a nation.
খ) আমাদের জীবন সংক্ষিপ্ত।
⇨ Our life is short.
গ) সৎ ব্যক্তিকে সকলেই সম্মান করে।
⇨ Everyone respects an honest person.
ঘ) ধূমপান খুব ক্ষতিকর।
⇨ Smoking is very injurious.
ঙ) এখন বৃষ্টি হচ্ছে।
⇨ It is raining now.

০৬। Fill in the blanks with preposition:

a) He does not hanker ..... money.
Answer: after
b) He has no ambition..... name and fame.
Answer: for
c) He prohibited..... doing it.
Answer: from
d) The girl is expert ..... drawing.
Answer: at
e) He was guilty ..... murder.
Answer: of

০৭। Correct the following sentences:

a) He is senior than me.
⇨ He is senior to me.
b) Let the work be do.
⇨ Let the work be done.
c) If he comes, I would have gone.
⇨ If he comes, I will go.
d) He does not know to swim.
⇨ He does not know how to swim.
e) Don't repeat it again.
⇨ Don't repeat it.

০৮। Write paragraph (any one) 'Global Warming'/ 'A Smartphone) (Maximum 150 words)

Global Warming

Global warming happens because harmful gases like carbon dioxide and methane increase in the air. These gases come mainly from burning fossil fuels, cutting down trees, and pollution from factories. When these gases trap heat from the sun.

the Earth's temperature rises. This causes many problems like melting ice, rising sea levels, floods, droughts, and more storms. Global warming harms animals, plants, and humans. To stop it, we should use clean energy like solar and wind power, plant more trees, save water, and reduce pollution. Everyone must work together to protect the Earth and keep it safe for the future.

০৯। **২১ মিটার দীর্ঘ এবং ১৫ মিটার প্রস্থ একটি বাগানের বাইরে চারদিকে ২ মিটার প্রশস্ত একটি পথ আছে । প্রতি বর্গমিটারে ৩ টাকা দরে পথটিতে ঘাস লাগাতে মোট কত টাকা খরচ হবে?**

সমাধান রাস্তাসহ বাগানের দৈর্ঘ্য = ২১ মি. + (২ + ২)মি.
= ২৫ মি.

" " প্রস্থ = ১৫ মি. + (২ + ২) মি.
= ১৯ মি.

রাস্তাসহ বাগানের ক্ষেত্রফল = (২৫ × ১৯) বর্গমিটার
= ৪৭৫ বর্গমিটার

রাস্তাবাদে বাগানের ক্ষেত্রফল = (২১ × ১৫) বর্গমিটার
= ৩১৫ বর্গমিটার

∴ রাস্তার ক্ষেত্রফল = (৪৭৫ − ৩১৫) বর্গমিটার
= ১৬০ বর্গমিটার

ঘাস লাগানোর মোট খরচ = (১৬০ × ৩) টাকা
= ৪৮০ টাকা

উত্তর : ৪৮০ টাকা।

১০। $a+\frac{1}{a}=7$ হলে, $a^3+\frac{1}{a^3}$ এর মান নির্ণয় করুন।

সমাধান $a^3+\frac{1}{a^3}=a^3+\left(\frac{1}{a}\right)^3$

$=\left(a+\frac{1}{a}\right)^3-3\times a\times\frac{1}{a}\left(a+\frac{1}{a}\right)$

$=(7)^3-3\times 7$

$=343-21$

$=322$ (Answer)

১১। উৎপাদকে বিশ্লেষণ করুন: $a^2-1+2b-b^2$

সমাধান $a^2-1+2b-b^2=a^2-(b^2-2b+1)$

$=a^2-(b-1)^2$

$=\{a+(b-1)\}\{a-(b-1)\}$

$=(a+b-1)(a-b+1)$ (Answer)

সাধারণ জ্ঞান

১২। সংক্ষেপে উত্তর দিন:

ক) RAM ও ROM এর মধ্যে ৩টি পার্থক্য লিখুন।

উত্তর: ১) RAM এর পূর্ণ রূপ হলো Random Access Memory এবং ROM এর পূর্ণ রূপ হলো Read Only Memory ।

২) RAM কে ভোলাটাইল মেমোরি বলা হয় আর ROM কে নন-ভোলাটাইল মেমোরি বলা হয় ।

৩) RAM হলো প্রাইমারী স্টোরেজ আর ROM হলো সেকেন্ডারি স্টোরেজ ।

খ) ২টি ইনপুট ও ২টি আউটপুট ডিভাইসের নাম লিখুন।

উত্তর: ইনপুট: কীবোর্ড, মাউস, আউটপুট: মনিটর, প্রিন্টার

গ) ChatGPT কী? এটি কত সালে চালু হয়?

উত্তর: ChatGPT হলো একটি চ্যাট বট যা আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স ভিত্তিক সার্চ টুল। ২০২২ সালে

ঘ) স্টারলিংক কী? এটি কোন দেশের প্রতিষ্ঠান?

উত্তর: ইন্টারনেট সেবা প্রদান কারী প্রতিষ্ঠান স্টারলিংক। যুক্তরাষ্ট্র

ঙ) কম্পিউটার ভাইরাস কী? ২টি অ্যান্টিভাইরাসের নাম লিখুন।

উত্তর: এক ধরনের ক্ষতিকর প্রোগ্রাম। পান্ডা, ক্যাসপারিস্কি

চ) MICR, OMR, OCR এর পূর্ণরূপ লিখুন।

উত্তর:

MICR = Magnetic Ink Character Recognition

OMR = Optical Mark Recognition

OCR = Optical Character Recognition

ছ) এফ-কমার্স নারী ক্ষমতায়নে কী ভূমিকা পালন করেছে?

উত্তর: এফ-কমার্স (Facebook-based e-commerce) এর মাধ্যমে নারীরা স্বল্প পুঁজিতে ব্যবসা শুরু করার সুযোগ পাচ্ছে, যা তাদের অর্থনৈতিকভাবে স্বাবলম্বী হতে সাহায্য করেছে। এছাড়া, এফ-কমার্স নারীদের ডিজিটাল দক্ষতা বৃদ্ধি, সামাজিক পরিচিতি ও আত্মবিশ্বাস বাড়াতেও সহায়ক হয়েছে।

ঝ) WWW এর পূর্ণরূপ কী। এর জনক কে?

উত্তর: World Wide Web টিম বার্নাস লি

ঞ) অপারেটিং সিস্টেম কী? উদাহরণসহ লিখুন।

উত্তর: অপারেটিং সিস্টেম হচ্ছে এমন একটি সফটওয়্যার যা কম্পিউটারের কার্যব্যবস্থা নিয়ন্ত্রণ করে এবং কম্পিউটারের ভিন্ন অঙ্গের সাথে সমন্বয় সাধন করে। যেমন: Windows, Linux

৪৫৩
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক

সময়: ৯০ মি | তারিখ: ২৫-০৪-২৫ | মান: ৯০

বাংলা-২৫

০১। ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করুন:

ক) উপকূল = কূলের সমীপে - অব্যয়ীভাব
খ) ক্রোধানল = ক্রোধ রূপ অনল - রূপক কর্মধারয়
গ) অন্তরীপ = অন্তর্গত অপ যার - বহুব্রীহি সমাস
ঘ) চৌরাস্তা = চার রাস্তার সমাহার - দ্বিগু
ঙ) কদাচার = কু যে আচার - কর্মধারয়

০২। সন্ধি বিচ্ছেদ করুন:

ক) বৃহস্পতি = বৃহৎ + পতি
খ) কুজ্ঝটিকা = কুৎ + ঝটিকা
গ) উপর্যুপরি = উপরি + উপরি
ঘ) পবিত্র = পো + ইত্র
ঙ) জ্যোতির্ময় = জ্যোতিঃ + ময়

০৩। শুদ্ধ করে লিখুন:

অশুদ্ধ	শুদ্ধ
মরুউদ্যান	মরূদ্যান
ইতমধ্যে	ইতোমধ্যে
সাপদসংকুল	শ্বাপদসংকুল
আদোক্ষর	আদ্যক্ষর
বুতপত্তি	ব্যুৎপত্তি

০৪। অর্থসহ বাক্য রচনা করুন:

ক) গড্ডলিকা প্রবাহ = অন্ধ অনুকরণ
খ) বিড়ালের আড়াই পা= ক্ষণস্থায়ী রাগ
গ) চর্বিত চর্বণ = পুনরাবৃত্তি
ঘ) মিছরির ছুরি = মুখে মধু অন্তরে বিষ
ঙ) গৌরচন্দ্রিকা = ভূমিকা

০৫। অনুচ্ছেদ লিখুন: "বাংলাদেশের অর্থনীতিতে প্রবাসী আয়ের ভূমিকা"

বাংলাদেশের অর্থনীতিতে প্রবাসী আয়ের ভূমিকা

বাংলাদেশের অর্থনীতিতে প্রবাসী আয়ের, অর্থাৎ রেমিট্যান্সের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। দেশের বহু মানুষ বিদেশে কাজ করে উপার্জিত টাকা পরিবারের কাছে পাঠান। এই রেমিট্যান্স দেশের বৈদেশিক মুদ্রার রিজার্ভ বাড়ায়, যা আমদানি খরচ মেটাতে এবং মুদ্রার মান স্থিতিশীল রাখতে সাহায্য করে। পাশাপাশি, প্রবাসী আয় গ্রামীণ অর্থনীতিতে প্রাণ সঞ্চার করে, লোকের খরচ বাড়ায় এবং স্থানীয় উৎপাদন ও ক্ষুদ্র ব্যবসার উন্নয়নে সহায়তা করে। অনেক পরিবার এই অর্থ দিয়ে শিক্ষা, চিকিৎসা ও বাড়ি নির্মাণ করে, যার ফলে তাদের জীবনমান উন্নত হয়। অর্থনৈতিক সংকট বা প্রাকৃতিক দুর্যোগের সময়ও প্রবাসী আয় দেশের অর্থনীতিকে স্থিতিশীল রাখে। তাই বাংলাদেশের উন্নয়নে প্রবাসী আয় এক অপরিহার্য চালিকাশক্তি।

ইংরেজি-২৫

০৬। Write down the right form of verb:

a) A fire (break) out in the slum last night.
Answer: broke
b) That room (use) for a meeting today.
Answer: is used
c) Internet connectivity (be) addressed in half a dozen different way.
Answer: is
d) Ancient Greek (teach) still in some school.
Answer: is still taught
e) I would rather (have) coffee than tea.
Answer: have

০৭। Change the Gender:

a) Don = Donna
b) Hero = Heroine
c) Tiger = Tigress
d) Monk = Nun
e) Colt = Filly

০৮। Fill in the blanks with preposition:

a) I acceded ..... his request.
Answer: to
b) The new rule is advantageous..... us
Answer: to
c) I cannot conceive..... such cruelty
Answer: of
d) His words conform..... his work.
Answer: with
e) The parliament invested the new organization..... Judicial authority.
Answer: with

০৯। Translate into English:

ক) সে গতকাল বাজারে গিয়েছিল;
⇨ He went to market yesterday.
খ) সে সাঁতার কাটতে জানে না;
⇨ He does not know how to swim
গ) আমি আজ জ্বর জ্বর বোধ করছি;
⇨ I feel feverish today.
ঘ) যত গর্জে তত বর্ষে না;
⇨ Barking dogs seldom bite
ঙ) ট্রেনটি ঢাকা যাবে।

➪ The train is bound for Dhaka

১০। **Write a short Paragraph on "The Contribution of RMG Sector in Bangladesh Economy".**

The Contribution of RMG Sector in Bangladesh Economy

The Ready-Made Garments (RMG) sector is a cornerstone of Bangladesh's economy. It is the largest export-earning industry, contributing over 80% of the country's total export revenue. This sector employs millions of people, especially women, playing a key role in reducing poverty and empowering women. It attracts significant foreign investment and supports many related industries such as textiles, accessories, packaging, and transportation. The RMG sector also helps stabilize the national economy by generating foreign currency and fostering industrial growth. Overall, it serves as a vital engine driving Bangladesh's economic development.

গণিত-২০

১১। **বার্ষিক ১০% মুনাফায় ৮০০০ টাকার ৩ বছরের চক্রবৃদ্ধি মূলধন নির্ণয় কর?**

সমাধান আমরা জানি, $C = P(১ + r)^n$

দেওয়া আছে, প্রারম্ভিক মূলধন, $P = ৮০০০$ টাকা

বার্ষিক মুনাফার হার, $r = ১০\%$

এবং সময়, $n = ৩$ বছর

$\therefore C = ৮০০০ \times \left(১ + \frac{১০}{১০০}\right)^৩$ টাকা

$= ৮০০০ \times \left(\frac{১১}{১০}\right)^৩$ টাকা

$= ৮০০০ \times \frac{১১}{১০} \times \frac{১১}{১০} \times \frac{১১}{১০}$ টাকা

$= ৮ \times ১১ \times ১১ \times ১১$ টাকা

$= ১০৬৪৮$ টাকা

$\therefore$ চক্রবৃদ্ধি মূলধন ১০৬৪৮ টাকা

উত্তর: চক্রবৃদ্ধি মূলধন ১০৬৪৮ টাকা

১২। **একটি বইয়ের দাম ২৪০ টাকা এবং এই দাম প্রকৃত দামের ৮০%। বাকি দাম সরকার ভর্তুকি দিলে বই প্রতি কত টাকা ভর্তুকি দেওয়া হয়?**

সমাধান মনে করি, বইটির প্রকৃত মূল্য x টাকা

প্রশ্নমতে, x এর 80% = 240

বা, $\frac{80x}{100} = 240$

বা, $80x = 24000$

বা, $x = \frac{24000}{80}$ $\therefore x = 300$

সুতরাং, বই এর প্রকৃত মূল্য 300 টাকা

মূল্য ধরা হয়েছে 240 টাকা

ভর্তুকি দেন = (300 – 240) = 60 টাকা

উত্তর : 60 টাকা।

১৩। **রহিম ও করিমের আয়ের অনুপাত ৭:৯। করিম ও পনিরের আয়ের অনুপাত ৬:৭। রহিমের আয় ২৫২ টাকা হলে পনিরের আয় কত?**

সমাধান রহিম ও করিমের আয়ের অনুপাত $৭ : ৯ = \frac{৭}{৯} = \frac{৭ \times ৬}{৯ \times ৬}$

$= \frac{৪২}{৫৪} = ৪২ : ৫৪$

করিম ও পনিরের আয়ের অনুপাত

$\frac{৬}{৭} = \frac{৬ \times ৯}{৭ \times ৯} = \frac{৫৪}{৬৩} = ৫৪ : ৬৩$

রহিমের আয় : করিমের আয় : পনিরের আয় = ৪২ : ৫৪ : ৬৩

$\therefore$ রহিমের আয় : পনিরের = ৪২ : ৬৩

বা, $\frac{\text{রহিমের আয়}}{\text{পনিরের আয়}} = \frac{৪২}{৬৩}$

$\therefore$ পনিরের আয় $= \frac{\text{রহিমের আয়} \times ৬৩}{৪২}$ টাকা

$= \frac{২৫২ \times ৬৩}{৪২}$ টাকা $= ৩৭৮$ টাকা

উত্তর: পনিরের আয় ৩৭৮ টাকা।

১৪। **$x^2 + 5x + 6$ কে উৎপাদকে বিশ্লেষণ কর?**

সমাধান $x^2 + 5x + 6$

$= x^2 + 3x + 2x + 6$

$= x^2 + 3x + 2x + 6$

$= x(x + 3) + 2(x + 3)$

$= (x + 3)(x + 2)$ (Answer)

১৫। **$x = 7$ এবং $y = 6$ হলে, $16x^2 - 40xy + 25y^2$ এর মান নির্ণয় করুন।**

সমাধান প্রদত্ত রাশি $= 16x^2 - 40xy + 25y^2$

$= (4x)^2 - 2 \times 4x \times 5y + (5y)^2$

$= (4x - 5y)^2$

$= \{(4 \times 7) - (5 \times 6)\}^2$ [মান বসিয়ে]

$= (28 - 30)^2 \quad = (-2)^2 \quad = 4$ (Answer)

সাধারণ জ্ঞান-২০

১৬। জাতীয় সংসদ ভবনের স্থপতির নাম কি?
উত্তর: লুই আই কান

১৭। বাংলাদেশে মোট বিভাগ কয়টি?
উত্তর: ৮টি

১৮। বিশ্বকাপ ক্রিকেটে বাংলাদেশের প্রথম অধিনায়কের নাম লিখুন।
উত্তর: আমিনুল ইসলাম বুলবুল

১৯। OIC এর সদর দফতর কোথায়?
উত্তর: জেদ্দা

২০। বাংলাদেশের জাতীয় পতাকার দৈঘ্য ও প্রস্থের অনুপাত কত?
উত্তর: ১০ঃ৬/ ৫ঃ৩।

২১। আয়তনে বাংলাদেশের সবচেয়ে ছোট জেলার নাম লিখুন?
উত্তর: নারায়নগঞ্জ

২২। স্বাধীন বাংলাদেশকে স্বীকৃতি দানকারী দেশের নাম লিখুন?
উত্তর: ভুটান

২৩। বাংলাদেশের জাতীয় পতাকা প্রথম উত্তোলনকারীর নাম লিখুন?
উত্তর: আ. স. ম আবদুর রব

২৪। বাংলাদেশের বর্তমান অর্থ উপদেষ্টার নাম লিখুন?
উত্তর: ড. সালেহউদ্দিন আহমেদ

২৫। জাতিসংঘের স্থায়ী সদস্য সংখ্যা কত?
উত্তর: ৫টি রাষ্ট্র

২৬। বাংলাদেশের দক্ষিণের সীমানা কী?
উত্তর: বঙ্গোপসাগর

২৭। দক্ষিণ এশিয়ার আয়তনে বাংলাদেশ কততম?
উত্তর: ৪র্থ

২৮। কুহেলিকা উপন্যাসের রচয়িতা কে?
উত্তর: কাজী নজরুল ইসলাম

২৯। বাংলাদেশের জাতীয় পতাকার ডিজাইনার কে?
উত্তর: কামরুল হাসান।

৩০। GDP এর পূর্ণরূপ কী?
উত্তর: Gross Domestic Product

৩১। তুরস্কের রাজধানীর নাম কী?
উত্তর: আঙ্কারা

৩২। উত্তরের ভেনিস কী?
উত্তর: স্টকহোম শহরকে

৩৩। নিউইয়র্ক কোন নদীর তীরে অবস্থিত?
উত্তর: হাডসন

৩৪। ২ ও ৫ টাকার নোটে কার স্বাক্ষর থাকে?
উত্তর: অর্থ সচিবের

৩৫। বাংলাদেশের প্রধান সংবাদ সংস্থার নাম লিখুন।
উত্তর: বাসস

৪৫৪

অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ

সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর

সময়: ৯০ মি | তারিখ: ২৫-০৪-২৫ | মান: ৯০

বাংলা-২৫

০১। ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করুন:
ক) বীণাপানি = বীণা পাণিতে যার -বহুব্রীহি
খ) চন্দ্রমুখ = মুখ চন্দ্রের ন্যায় -উপমিত কর্মধারয়
গ) দেশসেবা =দেশের সেবা -৬ষ্ঠী তৎপুরুষ
ঘ) পরোক্ষ = অক্ষির অগোচরে -অব্যয়ীভাব
ঙ) কদাচার = কু যে আচার -কর্মধারয়

০২। অর্থসহ বাক্য রচনা করুন:
ক) ভূষন্ডির কাক = দীর্ঘজীবী
খ) তামার বিষ = অর্থের কু প্রভাব
গ) বিন্দুবিসর্গ = সামান্য সম্পদ
ঘ) উজানের কই = সহজলভ্য
ঙ) চর্বিত চর্বণ = পুনরাবৃত্তি

০৩। শুদ্ধ বানান লিখুন:

অশুদ্ধ	শুদ্ধ
সমিচিন	সমীচীন
প্রসিতভর্তৃকা	প্রোষিতভর্তৃকা
মুমুর্ষ	মুমূর্ষু
ইতিপূর্বে	ইতঃপূর্বে
শায়ত্বশাসন	স্বায়ত্তশাসন

০৪। প্রকৃতি ও প্রত্যয় নির্ণয় করুন:
ক) গায়ক = √গৈ +ণক
খ) জয় = √জি+অল্ /অ
গ) সার্বভৌম = সর্বভূমি+ষ্ণ
ঘ) মহিমা = মহৎ+ইমন
ঙ) দীপ্যমান = √দীপ+ শানচ

০৫। অনুচ্ছেদ লিখুন: জাতীয় উন্নয়নে আয়করের ভূমিকা

জাতীয় উন্নয়নে আয়করের ভূমিকা

আয়কর একটি দেশের আর্থিক ভিত্তি শক্তিশালী কর অন্যতম প্রধান উপাদান। জাতীয় উন্নয়নে এর গুর বহুমাত্রিক। সরকার নাগরিকদের কাছ থেকে আয়কর সং করে বিভিন্ন উন্নয়নমূলক কাজ যেমন শিক্ষা, স্বা অবকাঠামো, পরিবহন, নিরাপত্তা ও সামাজিক সুর পরিচালনা করে। আয়কর দেশের বাজেটের বড় অংশ গ করে, যা দেশের সার্বিক অর্থনৈতিক উন্নয়নের ভিত্তি তৈ করে। নাগরিকদের দেওয়া আয়কর দেশের অর্থনৈতিক চা সচল রাখে এবং আত্মনির্ভরতা বৃদ্ধি করে। এছাড়া আয় প্রদানের মাধ্যমে একজন নাগরিক দেশের উন্নয়নে সরাস

অংশগ্রহণ করে, যা দায়িত্বশীল নাগরিকত্বের পরিচায়ক। তাই জাতীয় উন্নয়ন ও অগ্রগতিতে আয়করের ভূমিকা অপরিসীম।

ইংরেজি-২৫

০৬। **Write down the right form of verb:**

a) Don't mention anything unless you (ask) for.
Answer: are asked
b) Don't come tomorrow unless I (phone)
Answer: phone
c) As soon as I (hear) the bell ringing, I opened the door.
Answer: heard
d) We (wake) up by a loud sound during the night.
Answer: woke
e) The Principal had his teachers (plan) their lessons in advance.
Answer: planned

০৭। **Fill in the blanks with preposition:**

a) The division of this property was a sequel..... the agreement.
Answer: to
b) His behavior does not accord..... his stated principles.
Answer: with
c) I cannot conceive..... such cruelty.
Answer: of
d) He is no match ..... me.
Answer: for
e) The parliament invested the new organization..... judicial authority.
Answer: with

০৮। **Translate Bengali to English:**

ক) ঐশ্বর্য দীর্ঘ দিন থাকে না ।
⇨ Riches do not last long
খ) গোলাপ সুগন্ধী ফুল
⇨ The rose is a fragrant flower
গ) আমরা কাজ নিয়ে থাকি
⇨ We mean business.
ঘ) সে আমার মনের মতো লোক ।
⇨ He is a man after my heart
ঙ) সে বড় শক্ত লোক fb group: self preparation
⇨ He is a hard nut to crack

০৯। **Change the voice of the sentences:**

a) Never tell a lie.
⇨ Let not a lie ever be told.
b) He is said to be very rich.
⇨ People say he is very rich.
c) Nobody knows him here.
⇨ He is known to nobody here.
d) Panic seized me.
⇨ I was seized with panic
e) He is died of fever.
⇨ He was caused to die of fever

১০। Write a short paragraph on "The Prospect of Artificial Intelligence (AI) in Bangladesh"

The Prospect of Artificial Intelligence (AI) in Bangladesh

Artificial Intelligence (AI) offers great opportunities for Bangladesh's future by transforming many sectors. In agriculture, AI helps increase crop production using smart data analysis. In healthcare, it improves diagnosis and patient treatment. The financial sector benefits from faster and better customer services through AI. The government is working on policies to develop AI and build a strong AI environment by 2030. However, challenges like lack of proper infrastructure, shortage of skilled workers, and concerns about data privacy must be solved. With investments in education, technology, and ethical management, Bangladesh can use AI to boost its economy and improve services for its people.

গণিত-২০

১১। **একটি নৌকা স্থির পানিতে ঘন্টায় ৮ কি.মি. যেতে পারে। স্রোতের প্রতিকূলে ৮ কি.মি যেতে নৌকাটির ৪ গুণ সময় লাগে। স্রোতের অনুকূলে ৭০ কি.মি. যেতে নৌকাটির কত সময় লাগবে?**

সমাধান নৌকাটি স্থির পানিতে ৮ কি.মি. যায় ১ ঘন্টায়

স্রোতের প্রতিকূলে ৮ কি.মি. যায় ১×৪ ঘন্টায় বা ৪ ঘন্টায়

প্রশ্নমতে, ৪ ঘন্টায় যায় ৮ কি.মি.

$\therefore$ ১ " " $\frac{৮}{৪}$ " বা ২ কি.মি.

স্রোতের প্রতিকূলে,

নৌকার কার্যকরী বেগ= নৌকার প্রকৃত বেগ–স্রোতের বেগ

∴ স্রোতের বেগ =নৌকার প্রকৃত বেগ–নৌকার কার্যকরী বেগ

= (৮ – ২) কি.মি.

= ৬ কি.মি/ঘন্টায়

স্রেতের অনুকূলে,

নৌকার কার্যকরী বেগ = নৌকার প্রকৃত বেগ+স্রোতের বেগ

= (৮ + ৬) কি.মি

= ১৪ কি.মি./ঘন্টায়

স্রোতের অনুকূলে ১৪ কি.মি যায় ১ ঘন্টায়

" " ১ " " $\frac{১}{১৪}$ "

∴ " " ৭০ " " $\frac{১\times৭০}{১৪}$ ঘন্টায় বা ৫ ঘন্টায়

স্রোতের অনুকূলে যেতে ৫ ঘন্টা লাগবে।

উত্তর: ৫ ঘন্টা।

১২। একটি প্যান্ট ও একটি শার্টের মূল্য একত্রে ৫২৫ টাকা। যদি শার্টের মূল্য ১০% বাড়ে ও প্যান্টের মূল্য ৫% কমে তাহলে শার্ট ও প্যান্টের মূল্য একত্রে একই থাকে। শার্ট ও প্যান্টের প্রতিটির পূর্বমূল্য কত?

সমাধান মনে করি, শার্টের মূল্য ক টাকা

তাহলে, প্যান্টের মূল্য (৫২৫ – ক) টাকা

১০% বৃদ্ধিতে শার্টের মূল্য = ক + ক এর ১০% = $\frac{১১ক}{১০}$

৫% হ্রাসে প্যান্টের মূল্য =(৫২৫–ক)–{(৫২৫– ক)এর ৫%}

= $\frac{৯৯৭৫ - ১৯ক}{২০}$

প্রশ্নমতে,

$\frac{১১ক}{১০} + \frac{৯৯৭৫ - ১৯ক}{২০} = ৫২৫$

বা, $\frac{২২ক+৯৯৭৫-১৯ক}{২০} = ৫২৫$

বা, ৩ক = ১০৫০০ – ৯৯৭৫

বা, ৩ক = ৫২৫

∴ ক = ১৭৫

সুতরাং শার্টের মূল্য ১৭৫ টাকা

তাহলে, প্যান্টের মূল্য (৫২৫ – ১৭৫) টাকা = ৩৫০ টাকা

উত্তর: প্যান্টের মূল্য ৩৫০ টাকা এবং শার্টের মূল্য ১৭৫ টাকা

১৩। নাবিল সাহেবের মাসিক মূল বেতন ২৮,২৫০ টাকা। বার্ষিক মোট আয়ের প্রথম ২ লক্ষ ৮০ হাজার টাকার আয়কর ০ (শূন্য)। পরবর্তী টাকার উপর আয়করের হার ১০ টাকা হলে, নাবিল সাহেব কত টাকা আয়কর দেন?

সমাধান

১ মাসের মূল বেতন ২৮,২৫০ টাকা

∴ ১২" " " (২৮,২৫০ × ১২) টাকা

= ৩৩৯০০০ টাকা

∴ করযোগ্য টাকা = (৩৩৯০০০ –২,৮০,০০০) টাকা

= ৫৯০০০ টাকা

১০০ টাকায় আয়কর ১০ টাকা

∴ ১ " " $\frac{১০}{১০০}$ "

∴ ৫৯০০০ " " $\frac{১০ \times ৫৯০০০}{১০০}$ "

= ৫৯০০ টাকা।

উত্তর : নাবিল সাহেব ৫৯০০ টাকা আয়কর দেন।

১৪। $a + \frac{1}{a} = 7$ হলে, $a^3 + \frac{1}{a^3}$ এর মান নির্ণয় করুন।

সমাধান $a^3 + \frac{1}{a^3} = a^3 + \left(\frac{1}{a}\right)^3$

$= \left(a + \frac{1}{a}\right)^3 - 3 \times a \times \frac{1}{a}\left(a + \frac{1}{a}\right)$

$= (7)^3 - 3 \times 7$

$= 343 - 21$ fb group: self preparation

$= 322$ (Answer)

১৫। ৫+৮+১১+১৪+..... এ ধারাটির কত তম পদ ৩২০?

সমাধান ধারাটির প্রথম পদ a = 5,

সাধারণ অন্তর d = 8 – 5= 3

মনে করি, ধারাটির n তম পদ = 320

আমরা জানি, n তম পদ = a + (n – 1)d

∴ a + (n – 1)d = 320

বা, 5 + (n – 1)3 = 320

বা, 5 + 3n – 3 = 320

বা, 3n = 320 – 5 + 3

বা, 3n = 318

বা, $n = \frac{318}{3}$

∴ n = 106

∴ প্রদত্ত ধারার 106তম পদ = 320।

উত্তর: 106

সাধারণ জ্ঞান-২০

১৬। কেনিয়ার রাজধানীর নাম কী?
উত্তর: নাইরোবি

১৭। মুঘল সাম্রাজ্যের প্রতিষ্ঠাতার নাম কী?
উত্তর: 'জহির উদ্দিন মুহাম্মদ বাবর'

১৮। বাংলাদেশ নৌবাহিনী থেকে শহীদ বীরশ্রেষ্ঠ উপাধি পেয়েছিলেন কে?
উত্তর: স্কোয়াড্রন ইঞ্জিনিয়ার রহুল আমিন

১৯। বাংলাদেশে সংসদীয় গণতন্ত্র প্রতিষ্ঠিত হয় সংবিধানের কততম সংশোধনীর মাধ্যমে?
উত্তর: দ্বাদশ সংশোধনী

২০। বাংলাদেশের প্রথম জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হয় কত সালে?
উত্তর: ৭ মার্চ ১৯৭৩

২১। বাংলাদেশের সবচেয়ে বড় সেচ প্রকল্পের নাম লিখুন।
উত্তর: তিস্তা সেচ প্রকল্প

২২। FD এর পূর্ণ রূপ লিখুন।
উত্তর: Fixed Deposit.

২৩। বিশ্বের সবচেয়ে বড় দ্বীপের নাম কী?
উত্তর: গ্রিনল্যান্ড

২৪। SDG এর Goal সংখ্যা কতটি?
উত্তর: ১৭টি

২৫। ধূমকেতু পত্রিকার সম্পাদক কে ছিলেন?
উত্তর: কাজী নজরুল ইসলাম

২৬। বাংলাদেশের বৃহত্তম উদ্যানের নাম লিখুন?
উত্তর: সোহরাওয়ার্দী

২৭। বাংলাদেশের দক্ষিণ-পূর্ব কোণের উপজেলার নাম কী?
উত্তর: টেকনাফ

২৮। ঢাকার প্রতিপাদ স্থান কোথায় অবস্থিত?
উত্তর: চিলি

২৯। বাংলা ভাষা কোন ভাষাগোষ্ঠীর অন্তর্ভুক্ত?
উত্তর: ইন্দো ইউরোপীয় ভাষাগোষ্ঠী

৩০। "ছিয়াত্তরের মন্বন্তর"বাংলা কোন সনে সংঘটিত হয়?
উত্তর: ১১৭৬

৩১। w.w.w এর পূর্ণরূপ কী?
উত্তর: World Wide Web

৩২। বাংলাদেশ বিমান বাহিনীর প্রধানের পদবী কী?
উত্তর: এয়ার চিফ মার্শাল

৩৩। বাংলাদেশের সবচেয়ে বেশী পণ্য রপ্তানি হয় কোন দেশে?
উত্তর: যুক্তরাষ্ট্রে

৩৪। বাংলাদেশের প্রধান সংবাদ সংস্থার নাম কী?
উত্তর: বাসস

৩৫। IMF এর সদর দপ্তর কোথায়?
উত্তর: ওয়াশিংটন ডিসি, যুক্তরাষ্ট্র

৪৫৫

তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়

সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর

সময়: ৯০ মি | তারিখ: ২৫-০৪-২৫ | মান: ৯০

০১। নিচের অশুদ্ধ বানান শুদ্ধ করে লিখুনঃ

অশুদ্ধ	শুদ্ধ
ক) শান্তনা	সান্ত্বনা
খ) ফটোস্টেট	ফটোস্ট্যাট
গ) ইতিপূর্বে	ইতঃপূর্বে
ঘ) অন্বেষন	অন্বেষণ
ঙ) ভূমিধ্বশ	ভূমিধ্বস

০২। **এক কথায় প্রকাশ করুনঃ**
(ক) যে উপকারীর ক্ষতি করে = কৃতঘ্ন
(খ) প্রিয় বাক্য বলে যে নারী = প্রিয়ভাষী
(গ) কি কর্তব্য তা যে বুঝতে পারে না= কিংকর্তব্যবিমূঢ়
(ঘ) আদি হতে অন্ত পর্যন্ত = আদ্যন্ত/আদ্যোপান্ত
(ঙ) যার অন্য উপায় নেই = অনন্যোপায়

০৩। **বাগধারা দিয়ে অর্থবহ বাক্য রচনা লিখুনঃ**
(ক) সাক্ষী গোপাল = নিষ্ক্রিয় দর্শক
(খ) শিরে সংক্রান্তি = আসন্ন বিপদ
(গ) কঅক্ষর গোমাংস = সম্পূর্ণ মূর্খ
(ঘ) হাড়ে দুর্বা গজান = অত্যন্ত অলস/কর্মবিমূখ
(ঙ) লম্বা দেওয়া = পালানো

০৪। **নিম্নের প্রশ্নগুলির উত্তর দিনঃ**
(ক) অমর একুশে শীর্ষক কবিতার কবির নাম কী?
উত্তর: হাসান হাফিজুর রহমান
(খ) কুহেলিকা উপন্যাসটি কার লিখা?
উত্তর: কাজী নজরুল ইসলাম
(গ) সওগাত পত্রিকার সম্পাদক কে ছিলেন?
উত্তর: মোহাম্মদ নাসিরউদ্দীন
(ঘ) নৌকাডুবি কার লিখা?
উত্তর: রবীন্দ্রনাথ ঠাকুর
(ঙ) ইউসুফ-জুলেখা কাব্যের রচয়িতা কে?
উত্তর: শাহ মুহম্মদ সগীর

০৫। **ভাব সম্প্রসারণ করুনঃ**
জ্ঞান যেখানে সীমাবদ্ধ, বুদ্ধি সেখানে আড়ষ্ট, মুক্তি সেখানে অসম্ভব

মূলভাবঃ মানব সভ্যতার অভাবনীয় উন্নতির পেছনে রয়েছে মানুষের জ্ঞান । মানুষের নিজের ও সমাজের কল্যাণ এবং মুক্তি সাধনে জ্ঞানের ভূমিকা অনস্বীকার্য। কিন্তু জ্ঞানের

স্বাভাবিক বিকাশ যেখানে রুদ্ধ হয়, বুদ্ধির বিকাশও সেখানে অসম্ভব হয়ে পড়ে। ফলে সেখানে মুক্তির পথও রুদ্ধ হয়ে যায়।

সম্প্রসারিত ভাব: মানুষের জ্ঞান তার সবচেয়ে মূল্যবান সম্পদ। মানুষের এ সম্পদের কোন বিনাশ নেই। এ সম্পদ মানুষকে বুদ্ধির গভীরে প্রবেশের পথ খুলে দেয় এবং তখন মানুষ অতি সহজেই তার মুক্তির পথ খুঁজে নিতে পারে। বলা হয় , জ্ঞানহীন মানুষ পশুর সমান । পশুর সাথে মানুষের পার্থক্য হল মানুষের বুদ্ধি ও বিবেক আছে আর পশুর বুদ্ধি ও বিবেক নেই। জ্ঞানহীন মানুষের বুদ্ধিবৃত্তিগুলো সঠিকভাবে বিকশিত হয় না। আর হয় না বলেই সে আপনার ভালোমন্দ, ন্যায় অন্যায় সম্পর্কে সঠিক ধারণা লাভ করতে পারে না। জ্ঞান আর বুদ্ধির এ সীমাবদ্ধতাহেতু তাকে প্রতিনিয়ত প্রতিকূল পরিস্থিতির মোকাবিলা করতে হয়। অনেক ক্ষেত্রে দেখা যায়, জ্ঞানবান ব্যক্তি তার যুক্তির নিরিখে অনেক কঠিন বিষয়কেও নিজের জন্য এবং অপরের জন্য সহজতর করে ধরে তুলতে পারেন। এ কথাটি ব্যক্তির জীবনে যেমন সত্য, তেমনি জাতির জীবনেও সত্য। কোন জাতির লোকেরা যদি জ্ঞানের চর্চা না করে তাহলে সে জাতি কোন দিন উন্নতি করতে পারে না। যে জাতি যত বেশি শিক্ষিত সে জাতি তত বেশি উন্নত। জাতীয় জীবনে জ্ঞানচর্চার উপযুক্ত পরিবেশ না পেলে মানুষের বুদ্ধিবৃত্তির বিকাশ ঘটানোর সুযোগ সীমিত হয়ে আসে। তখন অনেক মেধার অপচয় হয়। কোন জাতি যখন মেধার এ অপচয় রোধ করে জ্ঞান ও মেধার সঠিক ব্যবহার নিশ্চিত করতে পারে, তখন সে জাতির মুক্তি ও উন্নতি নিশ্চিত। অন্যথায় তাদের পিছিয়ে পড়া ছাড়া কোন পথ নেই। তাছাড়া পৃথিবীর উন্নত দেশগুলোর দিকে তাকালেও আমরা এর সত্যতা দেখতে পাই।

০৬। Translate into English:

(ক) আমি গতকাল ক্রিকেট খেলাটি দেখেছি

➪ I watched a cricket match yesterday

(খ) আমার মা খুব ভাল রান্না করেন

➪ My mother cooks very well

(গ) আমি ইংরেজি শিখতে চাই

➪ I want to learn English

(ঘ) আজ খুব গরম পড়েছে

➪ It is very hot today.

(ঙ) তারা ছাত্রদের সাহায্য করেছে

➪ They have helped the students.

০৭। Fill in the blanks:

a) Copper is..... useful metal.
Answer: a

b) The Earth ..... round the sun.
Answer: moves

c) Either Rahim or his brother ..... done it.
Answer: has

d) There is no exception..... this rule.
Answer: to

e) He never pays ..... his accommodation.
Answer: for

০৮। Write the following essay in at least 20 sentences: Mobile addiction

Mobile Addiction

Mobile addiction has become a common problem in today's society. Many people, especially young individuals, spend excessive amounts of time using their mobile phones. This addiction affects daily life, relationships, and mental health. People often feel anxious or restless when they do not have their phones with them. They keep checking social media, messages, and notifications constantly. Mobile games and apps can be very addictive, leading users to lose track of time. As a result, mobile addiction reduces productivity at work or school.

The addiction also affects social interactions because people prefer to communicate through screens rather than face-to-face. This leads to feelings of loneliness and isolation. Moreover, excessive use of mobile phones can cause eye strain, headaches, and poor posture. Sleep problems are also common because many use phones late at night. Blue light from screens

interferes with the natural sleep cycle. Parents often worry about their children's mobile phone habits, as addiction can impact their studies and physical activities.

To overcome mobile addiction, it is important to set limits on daily usage. People should try to spend more time outdoors and engage in hobbies. Creating "phone-free" zones or times at home can also help reduce dependence. Awareness about the harmful effects of mobile addiction needs to be spread through education. Counseling and support groups may assist those who find it hard to control their phone use. Ultimately, using mobile phones responsibly ensures that technology benefits our lives instead of harming them.

০৯। **টাকায় ৪টি চকলেট বিক্রয় করায় ১০% ক্ষতি হয়। ২০% লাভ করতে হলে টাকায় কয়টি চকলেট বিক্রয় করতে হবে।**

সমাধান ১০% ক্ষতিতে বিক্রয়মূল্য = ১০০ − ১০ টাকা
= ৯০ টাকা

২০% লাভে বিক্রয়মূল্য = ১০০ + ২০ = ১২০ টাকা

পূর্ব বিক্রয়মূল্য ৯০ টাকা হলে বিক্রয় করতে হবে ১২০ টাকায়

" " ১ " " " " " $\frac{১২০}{৯০}$ "

$= \frac{৪}{৩}$ টাকায়

$\frac{৪}{৩}$ টাকায় বিক্রয় করতে হবে ৪ টি

১ " " " " $৪ \times \frac{৩}{৪}$ " = ৩ টি

উত্তর: ৩ টি।

১০। **একটি ক্রিকেট মাঠে ৩০০ দর্শক উপস্থিত ছিলেন। তাদের মধ্যে কয়েকজন ৬০ টাকার টিকেট কিনেন এবং অবশিষ্ট জন ৫০ টাকার টিকেট কিনেন। সর্বমোট প্রাপ্তি ১৫৮০০ টাকা হলে কতগুলো কম দামী টিকেট বিক্রি হয়েছিল।**

সমাধান মনে করি, ৫০ টাকার টিকেট কিনলো ক জন

∴ ৬০ টাকার টিকেট কিনলো (৩০০ - ক) জন

প্রশ্নমতে, ৫ক + ৬০ (৩০০ - ক) = ১৫৮০০

বা, ৫০ক + ১৮০০০ - ৬০ক = ১৫৮০০

বা, ১০ক = ২২০০

∴ ক = ২২০

৫০ টাকার অর্থাৎ কম দামের টিকেট বিক্রয় হয় ২২০টি

উত্তর: ২২০টি

১১। **সমাধান করুন: $2x^2 - 3x = 2$ হলে $x^3 - \frac{1}{x^3}$ এর মান নির্ণয় করুন:**

সমাধান দেওয়া আছে, $2x^2 - 3x = 2$

বা, $2x^2 - 2 = 3x$

বা, $2(x^2 - 1) = 3x$

বা, $\frac{x^2 - 1}{x} = \frac{3}{2}$

$\therefore x - \frac{1}{x} = \frac{3}{2}$

প্রদত্ত রাশি: $x^3 - \frac{1}{x^3} = \left(x - \frac{1}{x}\right)^3 + 3.x.\frac{1}{x}\left(x - \frac{1}{x}\right)$

$= \left(\frac{3}{2}\right)^3 + 3.\frac{3}{2}$

$= \frac{27}{8} + \frac{9}{2}$

$= \frac{63}{8}$ **(Answer)**

১২। **সমাধান করুন: $\frac{10}{2x-5} + \frac{1}{x+5} = \frac{18}{3x-5}$**

সমাধান $\frac{10}{2x-5} + \frac{1}{x+5} = \frac{18}{3x-5}$

বা, $\frac{10}{2x-5} + \frac{1}{x+5} = \frac{15}{3x-5} + \frac{3}{3x-5}$

বা, $\frac{10}{2x-5} - \frac{15}{3x-5} = \frac{3}{3x-5} - \frac{1}{x+5}$

বা, $\frac{30x - 50 - 30x + 75}{(2x-5)(3x-5)} = \frac{3x + 15 - 3x + 5}{(3x-5)(x+5)}$

বা, $\frac{25}{2x-5} = \frac{20}{x+5}$

বা, $\frac{5}{2x-5} = \frac{4}{x+5}$

বা, $5x + 25 = 8x - 20$

বা, $3x = 45$

$\therefore x = 15$ **(Answer)**

১৩। নিচের প্রশ্নগুলোর উত্তর লিখুন:

ক) বাংলাদেশের কোন দ্বীপটি প্রবাল দ্বীপ নামে পরিচিত?
উত্তর: সেন্টমার্টিন

খ) বাংলাদেশের জাতীয় সংগীতের কত চরণ বাজানো হয় রাষ্ট্রীয় অনুষ্ঠানে?
উত্তর: ৪ চরণ

গ) বাংলাদেশের তৈরী পোষাকের বৃহত্তম বাজার কোন দেশ?
উত্তর: যুক্তরাষ্ট্র

ঘ) বাংলাদেশের সর্ববৃহৎ বায়ু বিদ্যুৎ কেন্দ্র কোথায় অবস্থিত?
উত্তর: কক্সবাজার

ঙ) তথ্য মন্ত্রণালয়ের অধীন মোট কতটি দপ্তর/সংস্থা রয়েছে?
উত্তর:

চ) BFDC পূর্ণরূপ লিখুন।
উত্তর: Bangladesh Film Development Corporation

ছ) SDG-2030এর এজেন্ডায় কয়টি লক্ষ্য রয়েছে?
উত্তর: ১৭টি

জ) বিবিসি এর সদর দপ্তর কোথায়?
উত্তর: লন্ডন, যুক্তরাজ্য

ঝ) Poverty and Famines গ্রন্থের লেখক কে?
উত্তর: অমর্ত্য সেন

ঞ) আন্তর্জাতিক আদালত এর প্রধান কার্যালয় কোথায়?
উত্তর: হেগ, নেদারল্যান্ড

৪৫৬
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
অফিস সহায়ক

সময়: ৬০ মি | তারিখ: ২৬-০৪-২৫ | মান: ৪০

০১। বাগধারা দিয়ে অর্থসহ বাক্য রচনা লিখুনঃ

ক) সোনায় সোহাগা = উপযুক্ত মিলন

খ) অক্কা পাওয়া = মারা যাওয়া

০২। সন্ধি বিচ্ছেদ করুনঃ

ক) পরীক্ষা = পরি + ঈক্ষা

খ) নয়ন = নে + অন

০৩। এক কথায় প্রকাশ করুনঃ আকাশে উড়ে বেড়ায় যে

উত্তর: খেচর

০৪। ভাব সম্প্রসারণ করুনঃ

জন্ম হোক যথা তথা কর্ম হোক ভাল

জন্ম হোক যথা তথা, কর্ম হোক ভালো

মূলভাব: মানুষ পৃথিবীতে স্মরণীয় ও বরণীয় হয় তার কর্মগুণে। সেই সাথে জীবনে গৌরব ও মর্যাদার আসন লাভের পেছনেও থাকে কর্মের ভূমিকা। কর্মের দ্বারা মানুষ প্রতিষ্ঠা লাভ করে । জন্মের বা বংশের তথ্য সেখানে গৌণ।

ভাবসম্প্রসারণঃ কেউ কেউ ভাবেন, মানুষের প্রতিষ্ঠা ও গৌরব লাভের পেছনে বংশপরিচয় গুরুত্বপূর্ণ। প্রকৃতপক্ষে তা সঠিক নয়। কারণ মানুষ কোন বংশে জন্মগ্রহণ করেছে তা বিবেচনা না করে জীবনে সে কী অবদান রেখে গেছে সেটাই মানুষের মহিমাকে তুলে ধরে। সমাজের নীচু স্তরে জন্ম নিয়েও অনেক মানুষ কর্ম ও অবদানের মাধ্যমে বড় বলে পরিগণিত হয়েছে। মানবসমাজের ইতিহাসে এ রকম অজস্র উদাহরণ আছে। উঁচু বংশ বা নীচু বংশ বড় কথা নয়, মহৎ অবদানেই মানুষ বড় মাপের মানুষ হয়। কাজী নজরুল ইসলাম, বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর, মাইকেল মধুসূদন দত্ত, বিজ্ঞানী জগদীশ চন্দ্র বসুসহ আরও অনেকে তাদের কর্মের অবদানের জন্যে স্মরণীয় ও বরণীয় হয়ে আছেন। এঁরা কেউ জন্মপরিচয় বা বংশগৌরবের কারণে বড় বলে পরিগণিত নন। পদ্মফুলের জন্মস্থান বড় নয়, এর সৌন্দর্য বড়। তেমনি মানুষের কর্মের সাফল্যই বড়, বংশ ও জন্মপরিচয় নয়। কর্মই জীবন। জীবনে কাজ না থাকলে জীবনই ব্যর্থ হয়। মানুষই বিভিন্ন কর্ম দ্বারা দেশ, সমাজ ও জাতির উন্নতি সাধন করে। বংশ বা জন্মপরিচয় দিয়ে দেশের উন্নতি করা যায় না।

মানুষের জীবনের ব্রত হচ্ছে কর্ম কর্মের মধ্যে লুকিয়ে থাকে মানবজীবনের সাফল্য ও ব্যর্থতা। মানুষ কর্মের মাধ্যমে চেষ্টা চালায় জীবনে উন্নতি সাধনে, সাথে সাথে দেশ, জাতি ও সমাজের মঙ্গল সাধনে । মানুষের এ মহৎ কর্মগুণই তাকে অমরত্ব দান করে। জন্মপরিচয় বা বংশগৌরব কখনো মহৎ গুণের মাপকাঠি নয় ।

০৫। Translate into English:

ক) সে কি বাড়ি যায়?

⇨ Does he go home?

খ) তারা ক্রিকেট খেলছে

⇨ They are playing cricket.

গ) সে গ্রামে বাস করে

⇨ He lives in the village.

ঘ) সে পঞ্চম শ্রেণিতে পড়ে

⇨ He read in class five.

ঙ) তোমার পেশা কি?

⇨ What is your profession?

০৬। Write a paragraph on the following topic in at least 10 sentences My village

০৭। নিচের প্রশ্নটি সমাধান করুনঃ

ভাই ও বোনের বয়সের যোগফল ৩০ বছর। ভাই বোনের চেয়ে ৬ বছরের বড়। তাদের প্রত্যেকের বয়স কত?

সমাধান মনে করি, বোনের বয়স = ক বছর

ভাইয়ের বয়স = ক + ৬

প্রশ্নমতে, ক + ক + ৬ = ৩০

বা, ২ক = ২৪

∴ ক = ১২

সুতরাং বোনের বয়স = ১২ বছর

ভাইয়ের বয়স = ১৮ বছর

০৮। সমীকরণটি সমাধান করুনঃ $4x+5=3x+10$

সমাধান $4x+5=3x+10$

বা, $4x - 3x = 10 - 5$

$\therefore x = 5$ (Answer)

০৯। নিচের প্রশ্নগুলোর উত্তর লিখুনঃ

ক) বাংলাদেশের জাতীয় পাখির নাম কি?

উত্তর: দোয়েল

খ) বাংলাদেশের স্বাধীনতা দিবস কত তারিখে?

উত্তর: ২৬ মার্চ

গ) মহান মুক্তিযুদ্ধে বাংলাদেশকে কয়টি সেক্টরে ভাগ করা হয়েছিল?

উত্তর: ১১টি

ঘ) বাংলাদেশের নোবেল পুরস্কার বিজয়ী ব্যক্তির নাম কি?

উত্তর: ড. মোহাম্মদ ইউনুস

ঙ) বাংলাদেশের জাতীয় খেলা কোনটি?

উত্তর: হা-ডু-ডু

চ) বিশ্বের সবচেয়ে ছোট দেশ কোনটি?

উত্তর: ভ্যাটিকান সিটি

ছ) নেপালের মুদ্রার নাম কি?

উত্তর: গুলট্রাম

জ) পৃথিবীর সবচেয়ে বড় পর্বতমালা কোনটি?

উত্তর: আন্দিজ

ঝ) বিশ্বের সবচেয়ে বড় মহাসাগর কোনটি?

উত্তর: প্রশান্ত

ঞ) ভুটানের রাজধানীর নাম কি?

উত্তর: থিম্পু

৪৫৭

সমাজকল্যাণ মন্ত্রণালয়

অফিস সহায়ক

সময়: ৬০ মি | তারিখ: ২৬-০৪-২৫ | মান: ৪০

০১। সন্ধি বিচ্ছেদ করুন:

ক) ষড়যন্ত্র = ষট্ + যন্ত্র

খ) দর্শনীয় = দৃশ + অনীয়

০২। এক কথায় প্রকাশ করুন:

ক) যে ভবিষ্যতের চিন্তা করে না বা দেখে না = অপরিণামদর্শী

খ) যিনি অতিশয় হিসাবী = পাটোয়ারি

০৩। কারক ও বিভক্তি নির্ণয় করুন:

ক) অন্নহীনে অন্ন দাও = সম্প্রদানে ৭মী

খ) এ কলমে ভাল লেখা হয় না = করণে ৭মী

০৪। ভাবসম্প্রসারণ লিখুন: দুর্জন বিদ্বান হলেও পরিত্যাজ্য।

দুর্জন বিদ্বান হইলেও পরিত্যাজ্য

দুর্জন মানে দুষ্ট-প্রকৃতির লোক। এ ধরনের মানুষ বিদ্বান হলেও অবশ্যই পরিত্যাজ্য। দুষ্ট লোক দেশ ও সমাজের শত্রু। তারা বিদ্বান হলেও লোকে তাদের ঘৃণা করে।

বিদ্যা মানুষের অমূল্য সম্পদ। বিদ্বান ব্যক্তি সর্বত্র সম্মানিত। কিন্তু বিদ্বান ব্যক্তি যদি চরিত্রবান না হন, বরং দুষ্ট-প্রকৃতির হন, তবে তার কাছে থেকে দূরে থাকাই মঙ্গলজনক। কারণ, শিক্ষিত অথচ দুশ্চরিত্র লোক সবচেয়ে ভয়াবহ। যে কোন মুহূর্তে এ ধরনের লোক নৃশংসতম কাজটি করতে পারে। বিদ্যা যার চরিত্রকে সংশোধন করতে পারেনি, তাকে দিয়ে মানুষের কোনো কল্যাণ হতে পারে না। দুর্জন ব্যক্তি সাপের সাথে তুলনীয় এবং তার অর্জিত বিদ্যা সাপের মাথার মণির সঙ্গে তুলনীয়। সাপকে মানুষ ভয় করে। কারণ যে কোনো সময় সাপ তার ছোবল দিয়ে প্রাণনাশ করতে পারে। তেমনি বিদ্বান হয়েও যিনি দুর্জন, তার কাছ থেকে যে কোনো সময় ক্ষতির আশঙ্কা থাকে। এ ধরনের ব্যক্তির সান্নিধ্য কেউ কামনা করে না। সকলেই তাকে ঘৃণা করে।

চরিত্র মানুষের শ্রেষ্ঠ সম্পদ। বিদ্বান ব্যক্তি দুশ্চরিত্র হলে সে অমানুষে পরিণত হয়। তাই শিক্ষিত হলেও চরিত্রহীন দুর্জন ব্যক্তির সাহচর্য থেকে দূরে থাকা উচিত।

০৫। ইংরেজিতে অনুবাদ করুন।

ক) টাকায় টাকা আনে ।

⇨ Money begets money

খ) তাকে হাঁসতে হাঁসতে চলে যেতে দেখলাম।

⇨ I saw him to go laughing.

০৬। **Change the voice:**

a) Promise should be kept.

⇨ Keep your promise.

b) Write the letter without any delay.

⇨ Let the letter be written without any delay.

০৭। **Transformation of sentences:**

a) Every mother loves her child (make it negative)

⇨ There is no mother but loves her child

b) Read more and you can succeed (make it simple)

⇨ You read more in order to succeed.

০৮। **Write a paragraph on:- Honesty is the best policy.**

Honesty is the Best Policy

The proverb *"Honesty is the best policy"* means that we should always be honest and truthful in life, even in difficult situations. This famous saying was given by Benjamin Franklin, who believed that honesty is the key to a successful life. Honesty is the foundation of strong and lasting relationships. People who lie to their loved ones often face problems and lose trust.

One must be loyal and speak the truth in every aspect of life. Honesty, loyalty, and truthfulness bring peace of mind and inner satisfaction. It is observed that honest and truthful people lead a happy and respected life.

Honesty helps build strong and long-lasting relationships. On the other hand, dishonest people lose respect both in their family and in society. A person who lies often ruins relationships and loses the trust of others. Therefore, honesty is a powerful virtue that leads to success, peace, and happiness.

০৯। **একটি ঘরের মেঝের দৈর্ঘ্য ৪ মিটার এবং প্রস্থ ৩.৫ মিটার। ঘরটির উচ্চতা ৩ মিটার এবং এর দেওয়ালগুলো ১৫ সে.মি পুরু হলে, চার দেওয়ালের আয়তন কত?**

সমাধান দেওয়ালের পুরুত্ব ১৫ সে.মি= $\frac{১৫}{১০০}$ =০.১৫ মি.

দৈর্ঘ্যের দিকে ২টি দেওয়ালের ঘনফল

= (৪ + ২ × ০.১৫) × ৩ × ০.১৫ × ২ ঘনমিটার

= ৪.৩ × ৩ × ০.১৫ × ২ ঘনমিটার

= ৩.৮৭ ঘনমিটার

প্রস্থের দিকে ২টি দেওয়ালের ঘনফল = (৩.৫×৩×০.১৫× ২) ঘনমিটার

= ৩.১৫ ঘনমিটার

∴ দেওয়ালগুলোর মোট ঘনফল=(৩.৮৭+ ৩.১৫) ঘনমিটার

= ৭.০২ ঘনমিটার

উত্তর: ঘনফল ৭.০২ ঘনমিটার।

১০। **টাকায় ১২টি কলা বিক্রয় করায় ১০% ক্ষতি হয়। ২০% লাভ করতে হলে টাকায় কয়টি কলা বিক্রয় করতে হবে?**

সমাধান ১০% ক্ষতিতে বিক্রয়মূল্য =১০০–১০ টাকা

= ৯০ টাকা

২০% লাভে বিক্রয়মূল্য = ১০০ + ২০ = ১২০ টাকা

পূর্ববিক্রয়মূল্য ৯০টাকা হলে বিক্রয় করতে হবে ১২০ টাকায়

" " ১ " " " " " $\frac{১২০}{৯০}$ "

$= \frac{৪}{৩}$ টাকায়

$\frac{৪}{৩}$ টাকায় বিক্রয় করতে হবে ১২ টি

১ " " " " $১২ \times \frac{৩}{৪}$ " = ৯ টি

উত্তর: ৯ টি

১১। **$3x^2 + x - 10$ কে উৎপাদকে বিশ্লেষণ করুন।**

সমাধান $3x^2 + 6x - 5x - 10$

$=3x(x + 2) - 5(x + 2)$

$=(x + 2)(3x - 5)$ **Answer**

সাধারণ জ্ঞান

১২। নিচের প্রশ্নগুলোর উত্তর দিন:

ক) পূর্ণরুপ লিখুন: Wi-fi, AL, SAARC

উত্তর: Wi-fi = Wireless Fidelity

AI = Artificial intelligence

SAARC = South Asian Association for Regional Cooperation

খ) রাশিয়া-ইউক্রেন যুদ্ধ কত তারিখে শুরু হয়?

উত্তর: ২৪ ফেব্রুয়ারি ২০২২

গ) বাংলা একাডেমি ভবনের নাম কী?

উত্তর: বর্ধমান হাউস

ঘ) বাংলাদেশের সর্বোচ্চ রাষ্ট্রীয় পুরস্কার কী?

উত্তর: স্বাধীনতা পুরস্কার

ঙ) পরবর্তী বিশ্বকাপ ফুটবল কত সালে অনুষ্ঠিত হবে?

উত্তর: ২০২৬

চ) বাংলাদেশে প্রথম সংবাদভিত্তিক টিভি চ্যানেল কোনটি?

উত্তর: ATN

ছ) UNESCO এর সদর দপ্তর কোথায়?

উত্তর: প্যারিস, ফ্রান্স

৪৫৮

সমাজকল্যাণ মন্ত্রণালয়

সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর

সময়: ৯০ মি | তারিখ: ২৬-০৪-২৫ | মান: ৯০

০১। **ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করুন:**

ক) ভ্রমরকৃষ্ণকেশ= ভ্রমরের ন্যায় কৃষ্ণ কেশ -উপমান কর্মধারয়
খ) পুত্রবধূ = পুত্রের বধূ -৬ষ্ঠী তৎপুরুষ
গ) চৌরাস্তা = চার রাস্তার সমাহার -দ্বিগু সমাস
ঘ) উপকূল = কূলের সমীপে -অব্যয়ীভাব
ঙ) বহুব্রীহি = বহু ব্রীহি (ধান) আছে যার - বহুব্রীহি

০২। **এক কথায় প্রকাশ করুন:**

ক) ইতিহাস বিষয়ে অভিজ্ঞ যিনি = ইতিহাসবেত্তা
খ) যে বন হিংস্র পশুতে পরিপূর্ণ = শ্বাপদসংকুল

০৩। **শুদ্ধ করে লিখুন:**

ক) ইতঃমধ্যে = ইতোমধ্যে
খ) শাশত = শাশ্বত
গ) পূর্বাহ্ন = পূর্বাহ্ণ

০৪। **সন্ধি বিচ্ছেদ করুন:**

ক) বাগদান = বাক্ + দান
খ) অহরহ = অহঃ + অহ
গ) বৃহস্পতি = বৃহৎ + পতি

০৫। **প্রকৃতি ও প্রত্যয় নির্ণয় করুন:**

ক) ঈশ্বর = √ঈশ+বর
খ) মহিমা = মহৎ + ইমন

০৬। **অর্থসহ বাক্য রচনা করুন:**

ক) সাপের পাঁচ পা = অহংকারের বাড়াবাড়ি
খ) পাথরে পাঁচ কিল = অদৃষ্ট সুপ্রসন্ন
গ) নেই আঁকড়া = একগুঁয়ে
ঘ) ঢাক ঢাক গুড়গুড় = লুকোচুরি
ঙ) লগন চাঁদা = ভাগ্যবান

০৭। **৪র্থ শিল্প বিপ্লব সম্পর্কে নাতিদীর্ঘ রচনা লিখুন।**

চতুর্থ শিল্প বিপ্লব

চতুর্থ শিল্প বিপ্লব হল কৃত্রিম বুদ্ধিমত্তা (

a) Get rid of = You should get rid of smoking.
b) Face to face = They fought face to face.
c) Look into = The police are looking into the case
d) In a nutshell = Tell the story in a nutshell.
e) Blue blood = He is proud of his blue blood.

১১। Use the right form of verbs:

i) The door..... automatically.
Answer: opened
ii) Four and four..... eight.
Answer: makes
iii) He made me..... the car.
Answer: wash
iv) Have you..... the letter?
Answer: writeen
v) I wish I .....philosopher!
Answer: were

১২। Write a paragraph on "E-Commerce".

E-Commerce

E-commerce refers to the buying and selling of goods or services over the internet. It has transformed the way people shop by making it easier, faster, and more convenient. Customers can explore a wide variety of products, compare prices, and place orders from the comfort of their homes. Popular platforms like Amazon, eBay, and Alibaba have made online shopping a part of everyday life. For businesses, e-commerce provides access to global markets without the need for a physical store. The rise of digital payments, online banking, and fast delivery services has further accelerated its growth. However, challenges such as cybersecurity risks, online fraud, and the absence of personal interaction still remain. Despite these concerns, the future of e-commerce is promising. As technology continues to evolve, e-commerce offers endless opportunities for both consumers and businesses, playing a vital role in today's digital economy.

১৩। একটি গহনার ওজন ২৫ গ্রাম। এতে সোনা ও রুপা অনুপাত ৩:২। এতে কি পরিমাণ সোনা মেশালে সোনা রুপার অনুপাত ৫:১ হবে।

সমাধান অনুপাতটির রাশিদ্বয়ের সমষ্টি = ৩ + ২ = ৫

সোনার পরিমাণ = $\left(২৫ \text{ এর } \frac{৩}{৫}\right)$ গ্রাম

= ১৫ গ্রাম

রুপার পরিমাণ = $\left(২৫ \text{ এর } \frac{২}{৫}\right)$ গ্রাম

= ১০ গ্রাম

ধরি, x গ্রাম সোনা মেশালে অনুপাত ৫ ঃ ১ হবে।

শর্তমতে, (১৫ + x) ঃ ১০ = ৫ ঃ ১

বা, $\frac{১৫ + x}{১০} = \frac{৫}{১}$

বা, ১৫ + x = ৫০

∴ x = ৩৫

সুতরাং ৩৫ গ্রাম সোনা মেশালে অনুপাত হবে ৫ ঃ ১

উত্তর: ৩৫ গ্রাম।

১৪। টাকায় ৩টি এবং টাকায় ৫টি দরে সমান সংখ্যক আমল ক্রয় করে এক ব্যক্তি টাকায় ৪টি করে আমলকি বি করলেন। ঐ ব্যক্তির শতকরা কত লাভ বা ক্ষতি হলো হ তা নির্ণয় করুন।

সমাধান ৩টি আমের ক্রয়মূল্য ১ টাকা

১টি ,, ,, $\frac{১}{৩}$ টাকা

আবার, ৫টি আমের ক্রয়মূল্য ১ টাকা

১টি ,, ,, $\frac{১}{৫}$ টাকা

(১ + ১) বা, ২টি আমের ক্রয়মূল্য = $(\frac{১}{৩} + \frac{১}{৫})$ টাকা = $\frac{৮}{১৫}$ টা

২টি আমের ক্রয়মূল্য $\frac{৮}{১৫}$ টাকা

১টি ,, ,, $\frac{৮}{১৫\times২}$,,

৪টি ,, ,, $\frac{৮\times৪}{১৫\times২}$,,

$= \frac{১৬}{১৫}$ টাকা

∴ ক্ষতি হয় = $\frac{১৬}{১৫} - ১ = \frac{১}{১৫}$ টাকা

$\frac{১৬}{১৫}$ টাকায় ক্ষতি হয় $\frac{১}{১৫}$ টাকা

১ " " " $\frac{১\times১৫}{১৫\times১৬}$ "

১০০ " " " $\frac{১\times১৫\times১০০}{১৫\times১৬}$ "

= ৬.২৫ টাকা

উত্তর: ৬.২৫%

১৫। যদি $x^4+x^2+1=0$ হয় তবে, $x^3+\frac{1}{x^3}$ = কত?

সমাধান দেখুন: প্রশ্ন নং-৪৪৮; সমস্যা নং-২৮।

১৬। **একটি আয়তক্ষেত্রের ক্ষেত্রফল ২০০০ বর্গমিটার। যদি এর দৈর্ঘ্য ১০ মিটার কম হতো, তাহলে এটি একটি বর্গক্ষেত্র হতো। আয়তক্ষেত্রটির দৈর্ঘ্য কত মিটার?**

সমাধান মনে করি, আয়তক্ষেত্রটির দৈর্ঘ্য x মিটার এবং প্রস্থ y মি.

∴ আয়তক্ষেত্রটির ক্ষেত্রফল = xy বর্গমিটার

প্রশ্নানুসারে, $xy = 2000$ ..... (1)

এবং $x - 10 = y$ ..... (2)

সমীকরণ (1) এ $y = x - 10$ বসিয়ে পাই,

$x(x - 10) = 2000$

বা, $x^2 - 10x - 2000 = 0$

বা, $x^2 - 50x + 40x - 2000 = 0$

বা, $(x - 50)(x + 40) = 0$

∴ $x = 50$ অথবা, $x = -40$

কিন্তু দৈর্ঘ্য ঋণাত্মক হতে পারে না। ∴ $x = 50$

এখন, সমীকরণ (2) এ x-এর মান বসিয়ে পাই,

$y = 50 - 10 = 40$

আয়তক্ষেত্রটির দৈর্ঘ্য 50 মিটার এবং প্রস্থ 40 মিটার।

উত্তর: দৈর্ঘ্য 50 মিটার এবং প্রস্থ 40 মিটার।

১৭। পূর্ণরূপ লিখুন: BRRI, NASA, BIMSTEC, CIRDAP, ECNEC.

a) BRRI – Bangladesh Rice Research Institute

b) NASA – National Aeronautics and Space Administration

c) BIMSTEC – Bay of Bengal Initiative for Multi-Sectoral Technical and Economic Cooperation

d) CIRDAP – Centre on Integrated Rural Development for Asia and the Pacific

e) ECNEC – Executive Committee of the National Economic Council

১৮। নিচের প্রশ্নগুলোর উত্তর করুন:

ক) মোংলা সমুদ্রবন্দর কোন নদীর তীরে অবস্থিত?

উত্তর: পশুর নদীর তীরে

খ) হার্ডিঞ্জ ব্রীজের দৈর্ঘ্য কত?

উত্তর: ১.৮ কি.মি

গ) বাংলাদেশের প্রধান খনিজসম্পদ কী?

উত্তর: প্রাকৃতিক গ্যাস

ঘ) ঢাকা বিশ্ববিদ্যালয় কত সালে প্রতিষ্ঠিত?

উত্তর: ১৯২১ সালে

ঙ) বাংলাদেশ সর্বাধিক জনশক্তি রপ্তানি করে কোন দেশে?

উত্তর: সৌদি আরব

চ) জাতীয় সমাজসেবা দিবস কবে?

উত্তর: ২রা জানুয়ারি

ছ) রাশিয়ার মুদ্রার নাম কী?

উত্তর: রুবল

জ) বাংলাদেশের রাষ্ট্রপতি পদে নির্বাচিত হবার ন্যূনতম বয়স কত?

উত্তর: ৩৫ বছর

ঝ) এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংকের সদর দপ্তর কোথায়?

উত্তর: ম্যানিলা, ফিলিপাইন

ঞ) কোন প্রাকৃতিক দুর্যোগের পূর্বাভাস দেয়া যায় না?

উত্তর: ভূমিকম্প

ট) নিরাপত্তা পরিষদের স্থায়ী সদস্য সংখ্যা কত?

উত্তর: ৫টি

ঠ) সুয়েজখাল কোন দেশে অবস্থিত?

উত্তর: মিসরে

ড) চা-পাতায় কোন ভিটামিন আছে?

উত্তর: ভিটামিন বি কমপ্লেক্স

ঢ) বাংলাদেশ কত সালে টেস্ট ক্রিকেটের মর্যাদা পায়?

উত্তর: ২৬ জুন ২০০০ সালে

ণ) ম্যাকমোহন লাইন কী?

উত্তর: ভারত ও চীন এর মধ্যবর্তী সীমারেখা

Form 7/A

৪৫৯
সমাজকল্যাণ মন্ত্রণালয়
অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক

সময়: ৯০ মি | তারিখ: ২৬-০৪-২৫ | মান: ৯০

বাংলা-২৫

০১। **এক কথায় প্রকাশ করুন:**
ক) হনন করার ইচ্ছা = জিঘাংসা
খ) শত্রুকে পীড়া দেয় যে = পরন্তপ
গ) প্রতিকার করার ইচ্ছা = প্রতিচিকীর্ষা
ঘ) যিনি ভূত-ভবিষ্যৎ ও বর্তমান কালের বৃত্তান্ত জানেন = ত্রিকালজ্ঞ
ঙ) যা বরণ করার যোগ্য = বরেণ্য/বরণীয়

০২। **শুদ্ধ করে লিখুন:**

অশুদ্ধ	শুদ্ধ
পিপিলিকা	পিপীলিকা
পুংখানুপুংখ	পুঙ্খানুপুঙ্খ
বয়ঃজোষ্ঠ	বয়ঃজ্যেষ্ঠ
শশ্রষা	শুশ্রূষা
গিতাঞ্জলী	গীতাঞ্জলি

০৩। **কারক ও বিভক্তি নির্ণয় করুন:**
ক) সকালে সূর্য উঠে = অধিকরণে ৭মী
খ) মন দিয়ে পড়াশুনা কর = করণে ৩য়া
গ) জমি থেকে ফসল পাই = অপাদানে ৫মী
ঘ) গরুতে ঘাস খায় = কর্তায় ৭মী
ঙ) এ সুতায় কাপড় হয় না = করণে ৭মী

০৪। **অর্থসহ বাক্য লিখুন:**
ক) কাক ভূষন্ডী = দীর্ঘজীবী
খ) কুল কাঠের আগুন = তীব্র জ্বালা
গ) ছা পোষা = অত্যন্ত গরীব
ঘ) ছেঁড়া চুলে খোঁপা বাঁধা = বৃথা চেষ্টা
ঙ) ঘাটের মড়া = অতি বৃদ্ধ

০৫। **অনুচ্ছেদ লিখুন: সামাজিক নিরাপত্তা কর্মসূচি।**

ইংরেজি-২৫

০৬। **Fill in the blanks:**
i) All the glitters..... not gold.
Answer: is
ii) Rome was not..... in a day.
Answer: built
iii) This is the man..... lost his bag.
Answer: who
iv) Don't judge a book .....its cover.
Answer: by
v) The patient died after the doctor..... come.
Answer: had

০৭। **Changing sentences:**
i) He plays football (make it interrogative)
⇨ Doesn't he play football?
ii) He has much money (make it negative)
⇨ He has not a little money.
iii) My pen has been stolen (make it active)
⇨ Someone has stolen my pen
iv) I know you (make it complex)
⇨ I know who you are.
V) He who came here is my brother (make it compound)
⇨ He came here and he is my brother.

০৮। **Make sentences:**
i) Null and void = The deed has been null and void now
ii) Red flag = His sudden silence was a red flag for the team.
iii) In case of = You should try again in case of failure.
iv) Gala day = The victory day is gala day for the people of Bangladesh
v) For good = He left the country for good.

০৯। **Translate into English:**
ক) সূর্য পশ্চিম দিকে অস্ত যায়।
⇨ The sun sets in the west
খ) নাচতে না জানলে উঠান বাঁকা।
⇨ A bad workman quarrels with his tools
গ) সে এখনও বাড়িতে পৌঁছাতে পারেনি।
He has not reached home yet.
ঘ) আমার খুব ক্ষুধা পেয়েছে।
⇨ I feel very hungry
ঙ) আমার এই চাকরিটা খুবই প্রয়োজন।
⇨ I need this job badly

১০। **Write a paragraph on "Social Media Marketing".**

গণিত-২০

১১। **কোনো আসল ৩ বছরে মুনাফা–আসলে ৫৫০০ টাকা হয়। মুনাফা, আসলের $\frac{৩}{৮}$ অংশ হলে, আসল ও মুনাফার হার নির্ণয় করুন।**

সমাধান মনে করি, আসল ৮ টাকা

মুনাফা = ৮ এর $\frac{৩}{৮}$ টাকা = ৩ টাকা

মুনাফা–আসল = (৮ + ৩) টাকা = ১১ টাকা

মুনাফা–আসল ১১ টাকা হলে আসল ৮ টাকা

" ১ " " " $\frac{৮}{১১}$ "

∴ " ৫৫০০ " " " $\frac{৮ \times ৫৫০০}{১১}$ "

∴ = ৪০০০ টাকা

∴ মুনাফা = (৫৫০০ − ৪০০০) টাকা বা ১৫০০ টাকা

৪০০০ টাকার ৩ বছরের মুনাফা ১৫০০ টাকা

∴ ১ " ১ " " $\frac{১৫০০}{৪০০০ \times ৩}$ "

∴ ১০০ " ১ " " $\frac{১৫০০ \times ১০০}{৪০০০ \times ৩}$ "

$= \frac{২৫}{২}$ টাকা = $১২\frac{১}{২}$ টাকা

উত্তর: আসল ৪০০০ টাকা, মুনাফার হার $১২\frac{১}{২}$ %

১২। একটি ঘরের দৈর্ঘ্য প্রস্থের তিন গুণ। প্রতি বর্গমিটারে ৭.৫০ টাকা দরে ঘরটির মেঝে কার্পেট দিয়ে ঢাকতে মোট ১১০২.৫০ টাকা ব্যয় হয়। ঘরটির দৈর্ঘ্য ও প্রস্থ নির্ণয় করুন।

সমাধান ৭.৫০ টাকা খরচ হয় ১ বর্গমিটারে

∴ ১ " " " $\frac{১}{৭.৫০}$ "

∴ ১১০২.৫০ " " " $\frac{১ \times ১১০২.৫}{৭.৫০}$ "

= ১৪৭ বর্গমিটার

অর্থাৎ, ঘরের ক্ষেত্রফল ১৪৭ বর্গমিটার

মনে করি, প্রস্থ = ক মিটার

∴ দৈর্ঘ্য = ৩ক মিটার

∴ ক্ষেত্রফল = (দৈর্ঘ্য × প্রস্থ) বর্গ একক

= (৩ক × ক) বর্গমিটার = ৩ক^২ বর্গমিটার

শর্তানুসারে,

৩ক^২ = ১৪৭

বা, ক^২ = $\frac{১৪৭}{৩}$

বা, ক^২ = ৪৯

∴ ক = $\sqrt{৪৯}$ = ৭

অতএব, প্রস্থ=৭ মিটার, এবং দৈর্ঘ্য=(৩×৭)মিটার বা ২১ মিটার

উত্তর: দৈর্ঘ্য ২১ মিটার এবং প্রস্থ ৭ মিটার

১৩। সমাধান করুন: $x+4y = 14$

$7x-3y=5$

সমাধান $x+4y = 14$ ..... (i)

$7x-3y=5$ .....(ii)

(i) নং সমীকরণকে 7 দ্বারা গুণ করে (ii) নং বিয়োগ করে পাই,

$7x + 28y - 7x + 3y = 98 - 5$

বা, $31y = 93$

বা, $y = 3$

y এর মান (i) নং সমীকরণে বসাই,

$x + 4.3 = 14$

বা, $x = 14 - 12$

∴ $x = 2$

নির্ণেয় সমাধান: $(x, y) = (2,3)$

১৪। $x^3-3xy^2+2y^3$ এবং $x^2+xy-2y^2$ কে উৎপাদকে বিশ্লেষণ করুন।

সমাধান প্রদত্ত রাশি $x^3 - 3xy^2 + 2y^3$

এখানে,

x কে চলক এবং y কে ধ্রুবক হিসেবে বিবেচনা করি।

ধরি, $f(x) = x^3 - 3xy^2 + 2y^3$

তাহলে, $f(y) = y^3 - 3y.y^2 + 2y^3 = 3y^3 - 3y^3 = 0$

∴ $(x - y)$, $f(x)$ এর একটি উৎপাদক।

এখন, $x^3 - 3xy^2 + 2y^3$

$= x^3 - x^2y + x^2y - xy^2 - 2xy^2 + 2y^3$

$= x^2(x - y) + xy(x - y) - 2y^2(x - y)$

$= (x - y)(x^2 + xy - 2y^2)$ **(Answer)**

$x^2 + xy - 2y^2$

সমাধান প্রদত্ত রাশি $x^2 + xy - 2y^2$

এখানে,

x কে চলক এবং y কে ধ্রুবক হিসেবে বিবেচনা করি।

ধরি, $f(x) = x^2 + xy - 2y^2$

∴ $f(y) = y^2 + y^2 - 2y^2 = 0$

∴ $(x - y)$, $f(y)$ এর একটি উৎপাদক।

∴ $f(x) = x^2 + xy - 2y^2$

$= x^2 - xy + 2xy - 2y^2$

$= x(x - y) + 2y(x - y)$

$= (x - y)(x + 2y)$

∴ $x^3 - 3xy^2 + 2y^3 = (x - y)(x + 2y)$ (Answer)

সাধারণ জ্ঞান-২০

১৫। নিচের প্রশ্নগুলোর উত্তর দিন:

ক) বাংলাদেশের নারী ক্রিকেট দল টেস্ট মর্যাদা পায় কত সালে?
উত্তর: ১ এপ্রিল ২০২১

খ) জুম চাষ বাংলাদেশের কোন জেলায় সবচেয়ে বেশি হয়?
উত্তর: বান্দরবান

গ) কিয়েভ কোন দেশের রাজধানী?
উত্তর: ইউক্রেন

ঘ) OIC সদস্য সংখ্যা কত?
উত্তর: ৫৭

ঙ) ইউরিয়া সারের কাঁচামাল কী?
উত্তর: মিথেন গ্যাস

জ) ইউরোপ ও এশিয়াকে বিভাজন করেছে কোন প্রণালী?
উত্তর: বসফরাস প্রণালী

ছ) ECNEC-র বর্তমান সভাপতি কে?
উত্তর: ড. মুহাম্মদ ইউনুস

জ) ভুটানের মুদ্রার নাম কী?
উত্তর: গুলট্রাম

ঝ) নীলনদের দৈর্ঘ্য কত?
উত্তর: ৬,৬৯৫ কিলোমিটার (সূত্র: প্রথম আলো)

ঞ) জাতীয় সংসদ ভবনের স্থপতির নাম কী?
উত্তর: লুই আই কান

ট) WINDOWS কোন ধরনের সফটওয়্যার?
উত্তর: অপারেটিং সফটওয়্যার

ঠ) বয়স্ক ভাতা প্রাপ্তির ক্ষেত্রে পুরুষের ন্যূনতম বয়স কত?
উত্তর: ৬৫ বছর

ড) মাওরি কোন দেশের আদিবাসী?
উত্তর: নিউজিল্যান্ড

ঢ) আন্তর্জাতিক অটিজম সচেতনতা দিবস কবে?
উত্তর: ২ এপ্রিল

ণ) পেনিসিলিন কে আবিষ্কার করেন?
উত্তর: আলেকজেন্ডার ফ্লেমিং

ত) এপিকালচার কী?
উত্তর: মৌমাছির চাষ

থ) ২০২৪ সালে চিকিৎসা বিজ্ঞানে নোবেল পুরস্কার পান কে?
উত্তর: ভিক্টর অ্যামব্রোস ও গ্যারি রাভকুন

দ) বায়ুতে কোন উপাদান সবচেয়ে বেশি?
উত্তর: নাইট্রোজেন

ধ) কম্পিউটারের ব্রেইন কাকে বলা হয়?
উত্তর: প্রসেসর

ন) আয়তনে বাংলাদেশের সবচেয়ে বড় জেলা কোনটি?
উত্তর: রাঙ্গামাটি

৪৬০
সমাজকল্যাণ মন্ত্রণালয়
কম্পিউটার অপারেটর

সময়: ৯০ মি | তারিখ: ২৬-০৪-২৫ | মান: ৯০

০১। **এক কথায় প্রকাশ করুন:**

ক) দেখবার ইচ্ছা = দিদৃক্ষা
খ) পাখির কলরব = কূজন
গ) নষ্ট হওয়া স্বভাব যার = নশ্বর
ঘ) সময়ের পক্ষে সমীচীন = যুগোপযোগী
ঙ) সমুদ্রের ঢেউয়ের শব্দ = কল্লোল

০২। **কারক ও বিভক্তি নির্ণয়:**

ক) ওপারের হাটে যেতে হলে নৌকাতে নদী পার হতে হয়
= করণে ৭মী

খ) এমন সুখের মরণ কয়জনে মরে। = কর্মে শূন্য

গ) ট্রেন কমলাপুর ছাড়লো। = অপাদানে শূন্য

ঘ) তিলে তৈল আছে। = অধিকরণে ৭মী

ঙ) দুঃখীকে দয়া কর। = সম্প্রদানে ৪র্থী

০৩। **অর্থসহ বাক্য লিখুন।**

ক) আদায় কাঁচকলায় = শত্রুতা
খ) লবডঙ্কা = ফাঁকি, কিছু না
গ) সোনার পাথর বাটি = অলীক বস্তু
ঘ) শরতের শিশির = সুসময়ের বন্ধু/ ক্ষণস্থায়ী
ঙ) চিনে জোঁক = নাছোড়বান্দা

০৪। **অনুচ্ছেদ লিখুন: "ই-গভর্নেন্স"**

ই-গভর্নেন্স

ই-গভর্নেন্স (E-Governance) হলো তথ্য ও যোগাযো প্রযুক্তি (ICT) ব্যবহার করে সরকারি সেবা, তথ্য প্রশাসনিক কার্যক্রম ডিজিটাল ও ইন্টারেক্টিভভাবে সরবরা করার প্রক্রিয়া। এটি সরকার, নাগরিক এবং ব্যবসার মধ্ যোগাযোগ দ্রুততর করে সেবার মান উন্নত করে। ই গভর্নেন্সের মাধ্যমে সরকারি সংস্থাগুলো আরও স্বচ্ছ, দক্ষ কার্যকরভাবে কাজ করতে পারে।

ই-গভর্নেন্সের প্রধান চারটি ধরণ হলো:

১। সরকার থেকে নাগরিক (G2C): নাগরিকদের ক প্রদান, ভোটার আইডি আপডেট, জমির রেকর্ড ইত্যাদি সেবা প্রদান।

২। সরকার থেকে ব্যবসা (G2B): ব্যবসায়ীদের লাইসেন্স প্রদান, কর পেমেন্ট সহ সরকারি কার্যক্রম।

৩। সরকার থেকে সরকার (G2G): সরকারি দপ্তরগুলোর মধ্যে তথ্য ও সম্পদ বিনিময়।

৪। সরকার থেকে কর্মচারী (G2E): সরকারি কর্মচারীদের বেতন, ছুটি ইত্যাদি বিষয়ক কার্যক্রম।

ই-গভর্নেন্স দক্ষতা বৃদ্ধি, খরচ কমানো, সহজলভ্যতা এবং নাগরিক অংশগ্রহণ বাড়ায়। এতে সরকারী কার্যক্রম দ্রুত ও কার্যকর হয়, এবং নাগরিকদের জন্য সেবা গ্রহণ সহজ হয়। তবে, প্রযুক্তিগত অসামঞ্জস্য, ডিজিটাল বিভাজন, নিরাপত্তা ও গোপনীয়তার সমস্যা এবং প্রশাসনিক জটিলতা ই-গভর্নেন্স বাস্তবায়নে চ্যালেঞ্জ।

বাংলাদেশে ই-গভর্নেন্স বাস্তবায়নে উল্লেখযোগ্য অগ্রগতি হয়েছে। ইউনিয়ন ডিজিটাল সেন্টার (UDC) এর মাধ্যমে সহজ ও দ্রুত সরকারি সেবা প্রদান হচ্ছে, যা সময় ও খরচ বাঁচায়।

সারাংশে, ই-গভর্নেন্স প্রযুক্তি ব্যবহার করে সরকারী সেবা ডিজিটালীকরণ ও স্বচ্ছতা, খরচ হ্রাস এবং নাগরিক সুবিধা বৃদ্ধি নিশ্চিত করে, যা ভবিষ্যতের উন্নত ও আধুনিক প্রশাসনের ভিত্তি হিসেবে কাজ করবে।

০৫। **Fill in the blanks:**

a) ..... moves round the sun.
Answer: The earth

b) He is ..... FRCS.
Answer: an

c) To..... is human.
Answer: err

d) What is the time..... your watch.
Answer: by

e) He is died..... overeating.
Answer: from/by

০৬। **Change the gender:**

Given Gender	Opposite Gender
Duck	Drake
Nun	Monk
Wizard	Witch
Duke	Duchess
Tiger	Tigress

০৭। **Make sentences by the following words:**

a) Call to mind = I can not call to mind your name.

b) Dead against = He is dead against me.

c) End in smoke = All his plans ended in smoke.

d) A rainy day = We should save something against a rainy day.

e) At large = Birds fly at large in the sky.

০৮। **Write a paragraph on 'Cyber Security'**

Cyber Security

Cyber security is very important in today's digital world. We use the internet every day for many things like studying, shopping, banking, and talking to friends. We also store a lot of personal information online, like our photos, addresses, and bank details. If this information is not protected, hackers can steal it and cause harm. Cyber security helps to keep all our online data safe. There are many ways to stay safe online. We should always use strong passwords that are hard to guess. We must not share our passwords with others. It is also important not to click on unknown links or download things from unsafe websites. Updating our apps and software regularly makes our devices stronger against cyber-attacks. Cyber-attacks can cause big problems like losing money, losing important files, or even getting our identity stolen. That is why everyone should learn about cyber security and follow safe habits when using the internet. With good cyber security, we can enjoy the benefits of the internet without fear.

০৯। **বায়ু পানির তুলনায় ০.০০১২৯ গুণ ভারী। যে ঘরের দৈর্ঘ্য, প্রস্থ ও উচ্চতা যথাক্রমে ১৬ মিটার, ১২ মিটার ও ৪ মিটার, তাতে কত কিলোগ্রাম বায়ু আছে?**

সমাধান ঘরের আয়তন = দৈর্ঘ্য × প্রস্থ × উচ্চতা
= ১৬ মি. × ১২ মি. × ৪ মি.
= ৭৬৮ ঘনমিটার
= ৭৬৮ × ১০০০০০০ ঘন সে.মি.

= ৭৬৮০০০০০০ ঘন সে.মি.

বায়ু পানির তুলনায় ০.০০১২৯ গুণ ভারী।

∴ ১ ঘন সে.মি. বায়ুর ওজন = ০.০০১২৯ গ্রাম

অতএব, ঘরটিতে বায়ুর পরিমাণ= ৭৬৮০০০০০০ × ০.০০১২৯ গ্রাম

= ৯৯০৭২০ গ্রাম

= ৯৯০.৭২ কিলোগ্রাম

উত্তর : ঘরটিতে ৯৯০.৭২ কিলোগ্রাম বায়ু আছে।

১০। $x = 4, y = -8$ এবং $z = 5$ হলে, $25(x+y)^2 - 20(x+y)(y+z) + 4(y+z)^2$ এর মান কত?

সমাধান

প্রদত্ত রাশি= $25(x+y)^2 - 20(x+y)(y+z) + 4(y+z)^2$

$= \{5(x+y)\}^2 - 2.5(x+y).2(y+z) + \{2(y+z)^2\}$

$= [\{5(x+y)\} - 2(y+z)\}]^2$

$= (5x+5y-2y-2z)^2$

$= (5x+3y-2z)^2$

$= \{5.4 + 3(-8) - 2.5\}^2$

$= (20 - 24 - 10)^2$

$= (-14)^2$

$= 196$ **(Answer)**

১১। ক) উৎপাদকে বিশ্লেষণ করুন: $x^3 + 6x^2y + 11xy^2 + 6y^3$

সমাধান $x^3 + 6x^2y + 11xy^2 + 6y^3$

$= x^3 + 6x^2y + 12xy^2 + 8y^3 - xy^2 - 2y^3$

$= \{x^3 + 3.x^2.2y + 3.x.(2y)^2 + (2y)^3\} - xy^2 - 2y^3$

$= (x+2y)^3 - y^2(x+2y)$

$= (x+2y)\{(x+2y)^2 - y^2\}$

$= (x+2y)(x+2y+y)(x+2y-y)$

$= (x+2y)(x+3y)(x+y)$

$= (x+y)(x+2y)(x+3y)$ (Answer)

খ) প্রমাণ করুন যে, $3\log_{10}2 + \log_{10}5 = \log_{10}40$

সমাধান বামপক্ষ $= 3\log_{10}2 + \log_{10}5$

$= \log_{10}2^3 + \log_{10}5$

$= \log_{10}8 + \log_{10}5$

$= \log_{10}(8\times5)$

$= \log_{10}40$

= ডানপক্ষ

∴ বামপক্ষ= ডানপক্ষ

১২। রমিজ সাহেব ব্যাংকে ৫০০০ টাকা জমা রাখলেন এবং ঠিক করলেন যে, আগামী ৬ বছর তিনি ব্যাংক থেকে টাকা উঠাবেন না। ব্যাংকের বার্ষিক মুনাফা ১০% হলে, ৬ বছর পর তিনি মুনাফা কত পাবেন? মুনাফা-আসল কত হবে?

সমাধান

১০০ টাকার ১ বছরের মুনাফা ১০ টাকা

∴ ১ " ১ " " $\frac{১০}{১০০}$ "

∴ ৫০০০ " ১ " " $\frac{১০ \times ৫০০০}{১০০}$ "

∴ ৫০০০" ৬ " " $\frac{১০ \times ৫০০০ \times ৬}{১০০}$ "

= ৩০০০ টাকা

∴ মুনাফা-আসল = আসল + মুনাফা

= (৫০০০ + ৩০০০) টাকা

= ৮০০০ টাকা

উত্তর: মুনাফা ৩০০০ টাকা এবং মুনাফা-আসল ৮০০০ টাকা।

বিকল্প সমাধান:

আমরা জানি,

$I = Prn$

$= ৫০০০ \times \frac{১০}{১০০} \times ৬$

∴ I = ৩০০০ টাকা

∴ মুনাফা-আসল=(৫০০০+ ৩০০০) টাকা =৮০০০ টাকা

এখানে,

আসল P = ৫০০০ টাকা

সময়, n = ৬ বছর

মুনাফার হার r = ১০%

মুনাফা I = ?

উত্তর: মুনাফা: ৩০০০, মুনাফা-আসল ৮০০০ টাকা

১৩। সাধারণ জ্ঞান

ক) কম্পিউটারের ভাইরাস কী? বহুল ব্যবহৃত চার অ্যান্টিভাইরাস এর নাম লিখুন।

উত্তর: কম্পিউটার ভাইরাস হল একটি ক্ষতিকারক প্রোগ্রাম বহুল ব্যবহৃত চারটি অ্যান্টিভাইরাস হলো:

১. ক্যাসপারস্কি (Kaspersky) ২. নর্টন (Norton)

৩. অ্যাভাস্ট (Avast) ৪. ম্যাকাফি (McAfee)

খ) সংখ্যা পদ্ধতি কত ধরনের ও কী কী?

উত্তর: সংখ্যা পদ্ধতি মূলত চার ধরনের:

১. দশমিক বা দশভিত্তিক সংখ্যা পদ্ধতি (Decimal)

২. দ্বিমিক বা বাইনারি সংখ্যা পদ্ধতি (Binary)
৩. অষ্টক বা অক্টাল সংখ্যা পদ্ধতি (Octal)
৪. ষোড়শমিক বা হেক্সাডেসিমেল সংখ্যা পদ্ধতি (Hexadecimal)

গ) ফর্মুলা ও ফাংশনের পাঁচটি পার্থক্য লিখুন?

উত্তর: ফর্মুলা ও ফাংশনের পাঁচটি পার্থক্য হলো:

১. গঠন: ফর্মুলা গাণিতিক অপারেটর (+, -, *, /) এবং সেল রেফারেন্স ব্যবহার করে তৈরি করা হয়। অপরপক্ষে, ফাংশন একটি পূর্বনির্ধারিত নাম এবং আর্গুমেন্ট সহ তৈরি করা হয়।

২. উদ্দেশ্য: ফর্মুলা সাধারণত ব্যবহারকারীর নির্দিষ্ট গণনা করার জন্য তৈরি করা হয়। অপরপক্ষে, ফাংশন একটি নির্দিষ্ট কাজ সম্পাদনের জন্য ডিজাইন করা হয়।

৩. জটিলতা: ফর্মুলা তুলনামূলকভাবে সরল হতে পারে। অপরপক্ষে, ফাংশন জটিল গণনা বা প্রক্রিয়া সম্পাদন করতে পারে।

৪. পুনর্ব্যবহারযোগ্যতা: ফাংশনগুলি একাধিকবার ব্যবহার করা যেতে পারে। অপরপক্ষে, ফর্মুলা সাধারণত একটি নির্দিষ্ট সেলের জন্য তৈরি করা হয়।

৫. উদাহরণ: একটি সাধারণ যোগ করার ফর্মুলা হতে পারে '=A1+B1, অপরপক্ষে একটি যোগ করার ফাংশন হতে পারে '=SUM(A1:B1)'|

ঘ) রিলেশনাল ডাটাবেজ কী? তিনটি রিলেশনাল ডাটাবেজ সফটওয়্যারের নাম লিখুন।

উত্তর: রিলেশনাল ডাটাবেজ হলো এমন একটি ডাটাবেজ যেখানে ডেটা টেবিলের মাধ্যমে সংগঠিত থাকে এবং টেবিলগুলোর মধ্যে সম্পর্ক স্থাপন করা যায়। তিনটি রিলেশনাল ডাটাবেজ সফটওয়্যার হলো:

১. ওরাকল (Oracle)
২. মাইএসকিউএল (MySQL)
৩. মাইক্রোসফট এসকিউএল সার্ভার (Microsoft SQL Server)

উত্তর: বায়োমেট্রিক্স হলো মানুষের শারীরিক বা আচরণগত বৈশিষ্ট্য ব্যবহার করে ব্যক্তিকে শনাক্ত বা যাচাই করার প্রযুক্তি। এর চারটি ব্যবহার হলো:

১.নিরাপত্তা: অ্যাক্সেস কন্ট্রোল (যেমন দরজা খোলা বা কম্পিউটার লগইন)।
২. শনাক্তকরণ: অপরাধী শনাক্তকরণ বা নিখোঁজ ব্যক্তি খুঁজে বের করা।
৩. সময় ও উপস্থিতি: কর্মক্ষেত্রে কর্মীদের উপস্থিতি এবং ছুটির হিসাব রাখা।
৪. স্মার্টফোন আনলক: ব্যক্তিগত ডিভাইসের নিরাপত্তা বৃদ্ধি করা।

চ) MFS সম্পর্কে সংক্ষেপে বর্ণনা করুন?

উত্তর: MFS (Mobile Financial Services) হলো মোবাইল ফোনের মাধ্যমে আর্থিক লেনদেন এবং অন্যান্য আর্থিক পরিষেবা প্রদানের একটি ব্যবস্থা। এর মাধ্যমে ব্যবহারকারীরা টাকা পাঠানো, গ্রহণ করা, বিল পরিশোধ করা, মোবাইল রিচার্জ করা এবং অন্যান্য আর্থিক কাজ সহজেই করতে পারে। বাংলাদেশে বিকাশ, নগদ, রকেট ইত্যাদি জনপ্রিয় MFS প্রদানকারী প্রতিষ্ঠান।

ছ) LAN ও MAN কী?

উত্তর: LAN (Local Area Network): একটি নির্দিষ্ট ভৌগোলিক এলাকার মধ্যে (যেমন - একটি বাড়ি, অফিস, বা স্কুল) কম্পিউটার এবং অন্যান্য ডিভাইসগুলির একটি নেটওয়ার্ক। এটি সাধারণত উচ্চ গতির ডেটা স্থানান্তর এবং রিসোর্স শেয়ার করার জন্য ব্যবহৃত হয়।

MAN (Metropolitan Area Network): একটি বৃহত্তর ভৌগোলিক এলাকা জুড়ে (যেমন - একটি শহর বা মেট্রোপলিটন এলাকা) বিস্তৃত একটি কম্পিউটার নেটওয়ার্ক। এটি LAN-এর চেয়ে বড় এবং WAN-এর চেয়ে ছোট।

৪৬১
বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র
অফিস সহায়ক/নিরাপত্তা প্রহরী

সময়: ৬০ মি | তারিখ: ২৬-০৪-২৫ | মান: ৪০

বাংলা (নম্বর ১০)

০১। বানান অশুদ্ধি সংশোধন করে লিখুন:

ক) কিম্বা = কিংবা
খ) দরিদ্র = দরিদ্রতা
গ) নিরপরাধী = নিরপরাধ
ঘ) সখ্যতা = সখ্য

০২। বিপরীত শব্দ লিখুন:

ক) অতিকায় = ক্ষুদ্রকায়
খ) দ্যুলোক = ভূলোক
গ) গৌণ = মুখ্য
ঘ) ভূস্বামী = ভূমিহীন

০৩। কারকসহ বিভক্তি নির্ণয় করুন:

ক) আলোয় আঁধার কাটে। = করণে ৭মী
খ) শুক্রবার স্কুল বন্ধ। = অধিকরণে শূন্য
গ) কাননে কুসুমকলি সকলি ফুটিল।= অধিকরণে ৭মী
ঘ) আমার যাওয়া হয়নি। = কর্তৃকারকে ৬ষ্ঠী

০৪। দুই দিনের নৈমিত্তিক ছুটি চেয়ে পরিচালক (প্রশাসন), বিপিএটিসির নিকট একটি দরখাস্ত লিখুন।

০১ নভেম্বর ২০২৫

পরিচালক (প্রশাসন)

বাংলাদেশ পাবলিক অ্যাডমিনিস্ট্রেশন ট্রেনিং সেন্টার (বিপিএটিসি)

সাভার, ঢাকা।

বিষয়: নৈমিত্তিক ছুটি মঞ্জুর ও কর্মস্থল ত্যাগের অনুমতি প্রার্থনা।

জনাব,

বিনীত নিবেদন এই যে, আমি অত্র প্রতিষ্ঠানে অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে কর্মরত আছি। নিয়মিত আমি আমার উপর অর্পিত দায়িত্ব পালন করে আসছি। হঠাৎ জানতে পারলাম, মা গুরুতর অসুস্থ হয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন। মায়ের সু-চিকিৎসার জন্য বাড়িতে যাওয়া জরুরি হয়ে পড়েছে। তাই আমার আগামী ০২/১১/২০২৫ থেকে ০৩/১১/২০২৫ পর্যন্ত ২ (দুই) দিনের ছুটি প্রয়োজন।

০২। অতএব, মহোদয়ের নিকট আকুল আবেদন এই যে আমাকে উক্ত ২ (দুই) দিনের নৈমিত্তিক ছুটি মঞ্জুর করে আমাকে কর্মস্থল ত্যাগের অনুমতি দিয়ে বাধিত করবেন।

বিনীত নিবেদক
সাফিন হাওলাদার
অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক
বাংলাদেশ পাবলিক অ্যাডমিনিস্ট্রেশন ট্রেনিং সেন্টার (বিপিএটিসি)
সাভার, ঢাকা।

ইংরেজি (নম্বর ১০)

০৫। Translate the following sentences into English:

ক) তেল পানিতে ভাসে।
⇨ Oil floats on water.
খ) পুষ্টিকর খাদ্য স্বাস্থ্যের জন্য ভালো।
⇨ Nutritious food is good for health
গ) সূর্য উঠেছে।
⇨ The sun is up.
ঘ) আমি তাকে বুঝাতে চেষ্টা করবো।
⇨ I will try make him understand

০৬। Write Bangla meaning of the following idioms and make sentences in English.

a) Dead letter = অচল
⇨ This law is a dead letter now.
b) Snake under the grass = গোপন শত্রু
⇨ He is a snake under the grass.
c) Head in the cloud = অলীক কল্পনায় মগ্ন
⇨ He has his head in the clouds and does not listen to anyone.

০৭। Fill in the blanks with preposition:

a) I strongly object .....the services of your approach.
Answer: to

b) The master dispensed..... servant.
Answer: with
c) I do not have any prejudice..... reception. poetry.
Answer: against
d) Please leave your key.....the reception.
Answer: at

০৮। **Write 06 (six) sentences on 'The person I like most."**

The Person I Like Most

The person I like most is my mother. She is the most caring and loving person in my life. From early morning to late at night, she works hard to make our family happy. Her honesty, patience, and dedication inspire me every day. She not only takes care of our home but also teaches me good manners and values. Whenever I face any problem, she listens to me and gives the best advice. My mother always encourages me to study well, be kind to others, and never give up. I admire her strength, her calm nature, and her unconditional love. For me, she is not only a mother but also my best friend and guide. I am truly grateful to have her in my life, and that is why she is the person I like most.

গণিত (নম্বর ১০)

০৯। **৮৮ এর ১২.৫ শতাংশ কত?**
উত্তর: ১১

১০। **শতকরা বার্ষিক ৪ টাকা হার সরল সুদে ২০০ টাকার ২ বছর ৯ মাসের সুদ কত?**
সমাধান ১০০ টাকার ১ বছরের মুনাফা ৪ টাকা

১ " ১ " " $\frac{8}{100}$ "

২০০ " ২.৭৫ " " $\frac{8\times200\times2.75}{100}$ "

= ২২ টাকা

উত্তর: ২২ টাকা

১১। **$9x^2 - 36$ এর উৎপাদক কত?**
সমাধান $9x^2 - 36$
$= 9(x^2 - 4)$
$= 9(x^2 - 2^2)$
$= 9(x + 2)(x - 2)$ Answer

১২। **একটি আয়তাকার মাঠের দৈর্ঘ্য ২৫০ মিটার এবং প্রস্থ ১০০ মিটার হলে উক্ত মাঠের ক্ষেত্রফল কত হেক্টর।**
সমাধান মাঠের ক্ষেত্রফল = ২৫০ × ১০০ বর্গমিটার
= ২৫০০০ বর্গমিটার
আমরা জানি, ১০,০০০ বর্গমিটার = ১ হেক্টর
∴ ২৫০০০ বর্গমিটার = ২.৫ হেক্টর

উত্তর: ২.৫ হেক্টর

১৩। **সাধারণ জ্ঞান**
ক) ইনসুলিন কি ও এর কাজ কি?
উত্তর: ইনসুলিন এক ধরণের হরমোন। অগ্ন্যাশয় হতে নিঃসৃত 'ইনসুলিন' রক্তে গ্লুকোজের মাত্রা কমায়।
খ) NATO কি? এর সদর দফতর কোথায়?
উত্তর: North Atlantic Treaty Organization; বেলজিয়াম
গ) ভিটামিন ডি এর অভাবে কি কি রোগ হয়?
উত্তর: রিকেটস
ঘ) শব্দের তীব্রতা নির্ণায়ক যন্ত্রের নাম কি?
উত্তর: অডিওমিটার
ঙ) ভূমিকম্প নির্ণায়ক যন্ত্রের নাম কী?
উত্তর: সিসমোগ্রাফ
চ) ফরমালিন কি?
উত্তর: ফরমালডিহাইডের ৪০% জলীয় দ্রবণ
ছ) ডায়াবেটিস রোগের কারণ কি?
উত্তর: ইনসুলিন নামক হরমোনের অভাব
জ) মানব দেহের সর্ববৃহৎ অঙ্গের নাম কি?
উত্তর: ত্বক
ঝ) গ্রীনিচ সময়ের সাথে বাংলাদেশের সময়ের পার্থক্য কত ঘন্টা?
উত্তর: ৬ ঘন্টা
ঞ) অপটিক্যাল ফাইবার কি?
উত্তর: অত্যন্ত সরু এক ধরনের কাঁচের তন্তু

৪৬২
বাংলাদেশ সরকারি কর্মচারী হাসপাতাল
পরিবার কল্যাণ পরিদর্শিকা

সময়: ৯০ মি | তারিখ: ০২-০৫-২৫ | মান: ৯০

বাংলা-২৫

০১। শুদ্ধ বানান লিখুন:

অশুদ্ধ	শুদ্ধ
অভিষন্দর্ভ	অভিসন্দর্ভ
উদযাপন	উদ্‌যাপন
কৃচ্ছতাসাধন	কৃচ্ছ্রতাসাধন
তসরুপ	তদ্‌রূপ

০২। সন্ধি বিচ্ছেদ করুন:

ক) রক্তোষ্ঠ = রক্ত + ওষ্ঠ
খ) ঐতিহ্য = ইতিহ্ + য
গ) প্রেষণ = প্র + এষণ
ঘ) পাঠক = √পঠ্ + অক/ পঠ্+অক (প্রত্যয়)

০৩। অর্থ নির্দেশ করে বাগধারা দিয়ে বাক্য রচনা করুন:

ক) গৌরচন্দ্রিকা = ভূমিকা
খ) ছাইচাপা আগুন = অপ্রকাশিত দুঃখ
গ) অঞ্চল প্রভাব = স্ত্রীর প্রভাব
ঘ) ছিনিমিনি খেলা = নষ্ট করা

০৪। ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করুন:

ক) চন্দ্রমুখ = মুখ চন্দ্রের ন্যায় -উপমিত কর্মধারয়
খ) সিলমোহর = সিল ও মোহর -দ্বন্দ্ব
গ) তেরনদী = তের নদীর সমাহার -দ্বিগু
ঘ) লেফাফাদুরস্ত = যিনি লেফাফার মত পরিপাটি-বহুব্রীহি
ঙ) প্রত্যুত্তর = প্রতি উত্তর -অব্যয়ীভাব

০৫। এক কথায় প্রকাশ করুন:

ক) মাটিতে গড়াগড়ি দিচ্ছে এমন = উপাবৃত্ত
খ) উচ্চস্থানে অবস্থিত ক্ষুদ্র কুটির = টঙ্গি
গ) অক্ষির সমীপে = সমক্ষ
ঘ) জ্বলজ্বল করছে যা = জাজ্বল্যমান

০৬। বিপরীত শব্দ লিখুনঃ

ক) গরিষ্ঠ = লঘিষ্ঠ
খ) করাল = সৌম্য
গ) ঐহিক = পারত্রিক
ঘ) সন্নিধান = ব্যবধান

English-25

০৭। **Read the following sentences and write the correct form of the verb given in brackets:**

a) It is many years since I (come) to your house.
Answer: came
b) He talked as if he (know) everything.
Answer: had known
c) You, he and I (be) friends.
Answer: are
d) Time and tide (wait) for none.
Answer: wait
e) While (read) a book, I saw a picture of an ox.
Answer: reading

০৮। **Change the following sentences as directed in the brackets:**

a) I prayed for your job. (complex)
⇨ I prayed that you might get job
b) He admitted that he was guilty. (simple)
⇨ He admitted his guilty.
c) You will pass if you work hard. (compound)
⇨ Work hard and you will pass.
d) He gave me a book. (passive)
⇨ I was given a book by him.
e) Let it be done by her. (active)
⇨ Let her do it.

০৯। **Fill in the blanks with prepositions:**

a) Always be polite and gentle .....everyon
Answer: to
b) The cat jumped..... the table to the sofa.
Answer: from
c) Do you know..... what time you have t arrive there?
Answer: at
d) My birthday is .....20th January.
Answer: on
e) Mary has known Jenny..... she was a baby girl.
Answer: since

১০। **Write the correct parts of speech of the underlined words:**

a) Go <u>ahead</u>.
Answer: adverb
b) The medicine relieved my <u>headache</u>.
Answer: noun
c) Muslims <u>fast</u> during Ramadan.
Answer: verb
d) I went through a great <u>suffering</u>.

Answer: noun

e) The person is unable to pay his debt.

Answer: adjective

১১। **Translate into English:**

ক) দূষিত পানি জীবাণু বহন করে।

➪ Polluted water carries germ

খ) ফুলের সৌন্দর্য সবাইকে মুগ্ধ করে।

➪ The beauty a flower charm all

গ) তার বাবা গরিবদের জন্য একটি হাসপাতাল স্থাপন করেছেন।

➪ His father has established a hospital for the poor.

ঘ) দেশপ্রেম একটি মহৎ গুণ।

➪ Patriotism is a noble/great virtue.

ঙ) রোগীটি এখন বিপদমুক্ত।

➪ The patient is now out of danger.

গনিত- ২০

১২। $x+\frac{1}{x}=2$ হলে, $\frac{x}{x^2+x+1}$ এর মান কত?

সমাধান দেওয়া আছে, $x+\frac{1}{x}=2$

বা, $\frac{x^2+1}{x}=2$

$\therefore x^2+1=2x$

প্রদত্ত রাশি $=\frac{x}{x^2+x+1}$

$=\frac{x}{x^2+1+x}$

$=\frac{x}{2x+x}$

$=\frac{x}{3x}$

$=\frac{1}{3}$ (Answer)

১৩। **একটি আয়তাকার ঘরের দৈর্ঘ্য প্রস্থের দেড়গুণ। এর ক্ষেত্রফল ২৯৪ বর্গমিটার হলে পরিসীমা কত?**

সমাধান মনে করি, আয়তাকার ক্ষেত্রের প্রস্থ = x মিটার

$\therefore$ দৈর্ঘ্য = 1.5x মিটার

$\therefore$ ক্ষেত্রফল = $(1.5x \times x)$ বর্গমিটার = $1.5x^2$ বর্গমিটার

শর্তমতে, $1.5x^2 = 294$

বা, $x^2=\frac{294}{1.5}$

বা, $x^2 = 196$

বা, $x=\sqrt{196}$ $\therefore x = 14$

$\therefore$ প্রস্থ = 14 মিটার।

তাহলে, দৈর্ঘ্য = (1.5×14) মিটার = 21 মিটার

$\therefore$ আয়তাকার ক্ষেত্রের পরিসীমা = 2(দৈর্ঘ্য + প্রস্থ) একক

$= 2(21+14)$ মিটার

$= (2 \times 35)$ মিটার

$= 70$ মিটার

উত্তর: 70 মিটার

১৪। **কোন বর্গক্ষেত্রের প্রতি বাহু যদি ১০% বৃদ্ধি পায়, তবে তার ক্ষেত্রফল শতকরা কত বৃদ্ধি পাবে?**

সমাধান ধরি, বর্গক্ষেত্রের প্রত্যেক বাহুর দৈর্ঘ্য a মিটার।

সুতরাং বর্গক্ষেত্রটির ক্ষেত্রফল a^2 বর্গমিটার।

10% বৃদ্ধি পেলে প্রত্যেক বাহুর দৈর্ঘ্য হয়= (a + a এর 10%)

$= 1.10a$ মিটার।

বর্গক্ষেত্রটির ক্ষেত্রফল $(1.10a)^2$ বর্গমিটার = $1.21a^2$ বর্গমিটার

ক্ষেত্রফল বৃদ্ধি পায় $(1.21a^2 - a^2) = 0.21a^2$ বর্গমিটার

$\therefore$ ক্ষেত্রফল শতকরা বৃদ্ধি পাবে $\frac{0.21a^2}{a^2} \times 100\% =$ 21%

উত্তর: 21%

১৫। **একটি বৃত্তের ক্ষেত্রফল ৩১৪ বর্গসেন্টিমিটার হলে তার ব্যাস কত? (π= ৩.১৪১৬)**

সমাধান আমরা জানি বৃত্তের ক্ষেত্রফল = πr^2

বা, $314 = \pi r^2$

বা, $r^2 = \frac{314}{\pi} = \frac{314}{3.14} = 100$

$\therefore r = 10$

সুতরাং ব্যাস = $2r = 2 \times 10 = 20$

উত্তর: ২০ সেমি

১৬। **তিনটি সংখ্যার গড় ৫৬। যদি ১ম সংখ্যাটি ২য় সংখ্যার দ্বিগুণ এবং ৩য় সংখ্যার অর্ধেক হয়, তবে ক্ষুদ্রতম সংখ্যাটি কত?**

সমাধান প্রথম সংখ্যাটি = ২ক

দ্বিতীয় সংখ্যাটি = ক

তৃতীয় সংখ্যাটি = ৪ক

প্রশ্নমতে, (২ক + ক + ৪ক) ÷ ৩ = ৫৬

বা, ৭ক = ১৬৮

$\therefore$ ক = ২৪

সুতরাং দ্বিতীয় সংখ্যাটি ২৪ যা ক্ষুদ্রতম।

উত্তর: ২৪

সাধারণ জ্ঞান- ২০

১৭। **সংক্ষেপে উত্তর দিন**

ক) Pre-eclampsia এর একটি লক্ষণ লিখুন।

উত্তর: গর্ভবতী মায়ের প্রি-এক্লাম্পসিয়া উচ্চ রক্তচাপ জনিত একটি সমস্যা। এর লক্ষণ হলো উচ্চ রক্তচাপ, ওজন বৃদ্ধি পাওয়া।

খ) SDG-এর লক্ষ্য কতটি?

উত্তর: ১৭টি

গ) বর্জ্য ব্যবস্থাপনায় 3R দ্বারা কী বুঝায়?

উত্তর: Reduce, Recycle, Reuse

ঘ) ETP এর পূর্ণরূপ কী?

উত্তর: Effluent Treatment Plant-

ঙ) সন্তান প্রসবের ছয় মাসের মধ্যে কোন জন্মনিয়ন্ত্রণ পদ্ধতি ব্যবহার করা যাবে না?

উত্তর: Implant

চ) বিশ্বের বৃহত্তম দ্বীপ কোনটি?

উত্তর: গ্রীনল্যান্ড

ছ) লাল রংয়ের বিন কোন ধরনের বর্জ্য সংগ্রহের জন্য ব্যবহৃত হয়?

উত্তর: ধারালো বর্জ্য যেমন, সূঁচ, ব্লেড, ভাঙ্গা কাঁচ

জ) কোন হরমোনের প্রভাবে ডায়াবেটিস রোগ হয়?

উত্তর: ইনসুলিন

ঝ) কত ডিগ্রি সেলসিয়াস তাপমাত্রায় পানির ঘনত্ব সবচেয়ে বেশি?

উত্তর: ৪° সেলসিয়াস

ঞ) ফারেনহাইট স্কেলে মানবদেহের স্বাভাবিক তাপমাত্রা কত?

উত্তর: ৯৮.৪°

ট) WHO এর পূর্ণরূপ কী?

উত্তর: World Health Organization

ড) ইপিআই কর্মসূচিতে সর্বশেষ অন্তর্ভুক্ত বিশেষ টিকা কোনটি?

উত্তর: এইচপিভি

ঠ) GAVI এর পূর্ণরূপ কী?

উত্তর: Global Alliance for Vaccines and Immunization.

ঢ) মৌলিক রঙ কতটি?

উত্তর: ৩টি

ণ) বিশ্ব পরিবেশ দিবস কোন তারিখে পালিত হয়?

উত্তর: ৫ জুন

ত) জনসংখ্যা তত্ত্বের প্রবক্তা কে?

উত্তর: টমাস ম্যালথাস

থ) বিসিজি কোন রোগের টিকা?

উত্তর: যক্ষ্মা

দ) Nosocomial Infection এর উৎস কী?

উত্তর: হাসপাতাল

ধ) সোয়াচ অব নো গ্রাউন্ড কোথায় অবস্থিত?

উত্তর: বঙ্গোপসাগরে

ন) আন্তর্জাতিক মানবাধিকার দিবস কবে পালিত হয়?

উত্তর: ১০ ডিসেম্বর

৪৬৩
অর্থ মন্ত্রণালয়
অফিস সহায়ক

সময়: ৬০ মি | তারিখ: ০২-০৫-২৫ | মান: ৪০

০১। **সন্ধি বিচ্ছেদ করুন:**

ক) অন্বেষণ = অনু + এষণ

খ) পদ্ধতি = পদ্ + হতি

০২। **শুদ্ধ করে লিখুন:**

ক) শপ্তর্ষী = সপ্তর্ষি

খ) সর্বাঙ্গিন = সর্বাঙ্গীণ

০৩। **অর্থসহ বাক্য রচনা করুন:**

ক) লেফাফাদুরস্ত = বাহিরে পরিপাটি

খ) শাপে বর = অনিষ্টে ইষ্ট লাভ

০৪। অনুচ্ছেদ লিখুন: 'কৃষি উৎপাদনে ক্ষুদ্র ঋণের ভূমিকা'

০৫। **Change the Gender**

a) Fox = Vixen

b) Spinster = Bachelor

০৬। **Fill in the blanks with preposition:**

a) During the rain, we took shelter..... a big banyan tree.

Answer: under

b) He retired..... a small pension.

Answer: on

০৭। **Write the Bengali Meaning of the following words:**

a) Horizontal = অনুভূমিক

b) Copyright = গ্রন্থস্বত্ব/মেধাস্বত্ব

০৮। **Translate into English:**

ক) শিশুটি কাঁদতে কাঁদতে আমার কাছে এলো।

⇨ The child came to me crying.

খ) ছেলেটি মাঠে ফুটবল খেলছে।

⇨The boy is playing football in the field

০৯। **Write a paragraph on 'The rainy Day'**

The rainy Day

A rainy day is a day when it rains all day long. Some timed it rains cats and dogs and sometimes it drizzles. A rainy day is dull and gloomy. The sky is overcast with thick clouds. The sky is not seen. On a rainy day none can go out without an umbrella. The roads go under water and roads become muddy. Sometimes peoples slip and fall on the muddy road. The poor people and day

laborers suffer much on a rainy day. They cannot go out and earn money. School going boys and girls enjoy a rainy day because they do not go to school. The rich also enjoy the day. They pass the day sitting before a television set, reading, novels and playing indoor games. On a whole a rainy day is not pleasant.

১০। ১০ মি.মি. পুরুত্ববিশিষ্ট একটি বর্গাকার ফাঁপা লোহার পাইপের বাইরের এক বাহুর দৈর্ঘ্য ১০০ সে.মি.। ১ ঘন সে.মি. লোহার ওজন ৭.২ গ্রাম হলে ৫০০ মিটার পাইপের ওজন কত?

সমাধান লোহার পাইপের পুরুত্ব = ১০ মি.মি = ১ সে.মি
বর্গাকার পাইপের বাহিরের এক বাহুর দৈর্ঘ্য = ১০০ সে.মি
∴ বাহিরের অংশের ক্ষেত্রফল=১০০×১০০=১০০০০ বর্গসে.মি
বর্গাকার পাইপের ভিতরের এক বাহুর দৈর্ঘ্য={১০০-(১×২)} সে.মি
= ৯৮ সে.মি

ভিতরের অংশের ক্ষেত্রফল=(৯৮×৯৮)বর্গসে.মি=৯৬০৪ বর্গসে.মি
লোহার অংশের ক্ষেত্রফল = (১০০০০- ৯৬০৪) বর্গসে.মি
= ৩৯৬ বর্গসে.মি

৫০০ মিটার বা ৫০০০০ সে.মি লোহার আয়তন
= (৩৯৬ × ৫০০০০) ঘন সে.মি
= ১৯৮০০০০০ ঘন সে.মি

১ ঘন সে.মি লোহার আয়তন ৭.২ গ্রাম
১৯৮০০০০০ ঘন সে.মি " ৭.২× ১৯৮০০০০০ গ্রাম
= ১৪২৫৬০০০০ গ্রাম
= ১৪২৫৬০ কিলোগ্রাম

উত্তর: ১৪২৫৬০ কিলোগ্রাম

১১। ৬০ মিটার দীর্ঘ একটি ট্রেনের গতিবেগ ঘণ্টায় ৪৮ কি.মি। রেললাইনের পাশের একটি খুঁটিকে অতিক্রম করতে ট্রেনটির কত সময় লাগবে?

সমাধান খুঁটিটি অতিক্রম করতে ট্রেনটিকে নিজের দৈর্ঘ্যের সমান দূরত্ব অতিক্রম করতে হবে।
৪৮ কি.মি. = ৪৮ × ১০০০ মিটার বা ৪৮০০০ মিটার
১ ঘন্টা = ৩৬০০ সেকেন্ড
ট্রেনটি ৪৮০০০ মি. অতিক্রম করে ৩৬০০ সেকেন্ডে
১ " " " $\frac{৩৬০০}{৪৮০০০}$ "
∴ ৬০ " " " $\frac{৩৬০০ \times ৬০}{৪৮০০০}$ "
$= \frac{৯}{২}$ সেকেন্ডে $= ৪\frac{১}{২}$ সেকেন্ডে

উত্তর: $৪\frac{১}{২}$ সেকেন্ড।

১২। যদি $a = \sqrt{3} + \sqrt{2}$ হয়, তবে প্রমাণ করুন যে, $a^3 + \frac{1}{a^3} = 18\sqrt{3}$

সমাধান দেওয়া আছে, $a = \sqrt{3} + \sqrt{2}$

$$\therefore \frac{1}{a} = \frac{1}{\sqrt{3}+\sqrt{2}}$$
$$= \frac{\sqrt{3}-\sqrt{2}}{(\sqrt{3}+\sqrt{2})(\sqrt{3}-\sqrt{2})}$$

[লব ও হরকে $(\sqrt{3}-\sqrt{2})$ দ্বারা গুণ করে]

$$= \frac{\sqrt{3}-\sqrt{2}}{(\sqrt{3})^2-(\sqrt{2})^2}$$
$$= \frac{\sqrt{3}-\sqrt{2}}{3-2}$$
$$= \sqrt{3}-\sqrt{2}$$
$$\therefore a + \frac{1}{a} = (\sqrt{3}+\sqrt{2}) + (\sqrt{3}-\sqrt{2})$$
$$= \sqrt{3}+\sqrt{2}+\sqrt{3}-\sqrt{2}$$
$$= 2\sqrt{3}$$

এখন, $a^3 + \frac{1}{a^3} = \left(a+\frac{1}{a}\right)^3 - 3.a.\frac{1}{a}\left(a+\frac{1}{a}\right)$
$= (2\sqrt{3})^3 - 3(2\sqrt{3})$ **Error!**
$= 2^3.(\sqrt{3})^3 - 3 \times 2\sqrt{3}$
$= 8.3\sqrt{3} - 6\sqrt{3}$
$= 24\sqrt{3} - 6\sqrt{3}$
$= 18\sqrt{3}$ (প্রমাণিত)

১৩। উৎপাদকে বিশ্লেষণ করুন: $x^2 + 7x + 12$

সমাধান $x^2 + 7x + 12$
$= x^2 + 4x + 3x + 12$
$= x(x+4) + 3(x+4)$
$= (x+4)(x+3)$

১৪। সাধারণ জ্ঞান:

ক) বাংলার সর্বপ্রাচীন জনপদের নাম কী?
উত্তর: পুণ্ড্র

খ) 'কিউই' বলা হয় কোন দেশের অধিবাসীকে?
উত্তর: নিউজিল্যান্ড

গ) বাংলাদেশের সংবিধান কয়টি ভাষায় রচিত?
উত্তর: ২টি

ঘ) 'ব্রুনেই' এর রাজধানীর নাম কী?
উত্তর: বন্দর সেরি বেগওয়ান

ঙ) বাংলাদেশের 'হোয়াইট গোল্ড' হিসেবে পরিচিত কোনটি?
উত্তর: চিংড়ি

চ) বিশ্ব পরিবেশ দিবস কত তারিখে পালিত হয়?
উত্তর: ৫ জুন

ছ) বাংলাদেশের কোন জেলায় সবচেয়ে বেশি চা বাগান আছে?

উত্তর: মৌলভীবাজার

জ) প্রথম ইন্টারনেট ব্যবহারকারী দেশ কোনটি?

উত্তর: যুক্তরাষ্ট্র

ঝ) বায়ুমন্ডলে কোন গ্যাসের পরিমাণ সবচেয়ে বেশি?

উত্তর: নাইট্রোজেন

ঞ) ডেঙ্গু রোগের জন্য কোন মশা দায়ী?

উত্তর: এডিস মশা

৪৬৪
অর্থিক প্রতিষ্ঠান বিভাগ
সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর

সময়: ৯০ মি | তারিখ: ০৩-০৫-২৫ | মান: ৯০

০১। প্রকৃতি ও প্রত্যয় লিখুন।

ক) মানব = মনু+ষ্ণ

খ) কাঠুরে = কাঠ + উরিয়া

গ) হিংস্র = √হিন+স্+র

ঘ) ক্রেতা =√ক্রী + তৃচ্

ঙ) বৃষ্টি = বৃষ্ + তি

০২। কারক ও বিভক্তি নির্ণয় করুন

ক) গাছে কাঠাল গোঁফে তেল = অধিকরণে ৭মী

খ) ছাদ হইতে পানি পড়ে = অপাদানে ৫মী

গ) চোরে না শুনে ধর্মের কাহিনী = কর্তায় ৭মী

ঘ) সর্বভূতে ধন দাও = সম্প্রদানে ৭মী

ঙ) লোকটি কানে খাটো = করণে ৭মী

০৩। ব্যাসবাক্যসহ সমাস লিখুন:

ক) নীলকণ্ঠ = নীল কণ্ঠ যার - বহুব্রীহি

খ) দম্পতি = জায়া ও পতি - দ্বন্দ্ব

গ) যথারীতি = রীতিকে অতিক্রম না করে - অব্যয়ীভাব

ঘ) গৃহান্তর = অন্য গৃহ -নিত্য সমাস

ঙ) পলান্ন = পল মিশ্রিত অন্ন -মধ্যপদলোপী কর্মধারয়

০৪। এক কথায় প্রকাশ করুন:

ক) তালু থেকে উদ্ধারিত = তালব্য

খ) দুই দিকে অপ যায় = দ্বীপ

গ) বর্ণমালার ক্রম রক্ষা করে = বর্ণানুক্রমিক

০৫। শুদ্ধ বানান লিখুন:

ক) ফটোষ্ট্যাট = ফটোস্ট্যাট

খ) কৃষিজীবি = কৃষিজীবী

গ) শারীরীক = শারীরিক

ঘ) সুচিস্মিতা = শুচিস্মিতা

০৬। ভাবসম্প্রসারণ লিখুন 'অর্থই অনর্থের মূল'

অর্থই অনর্থের মূল

"অর্থই অনর্থের মূল" একটি প্রচলিত প্রবাদ, যার অর্থ হলো–অর্থ বা টাকা লাভের জন্য মানুষ অনেক সময় অশুচি কাজ করতে প্রস্তুত থাকে, যা শেষপর্যন্ত তার নিজের ক্ষতির কারণ হয়ে দাঁড়ায়। যখন মানুষ শুধুমাত্র অর্থের পিছনে ছুটতে থাকে, তখন সে নৈতিকতা, সততা এবং ন্যায্যতার মত মূল্যবোধ ভুলে যায়। এমনকি কখনো কখনো অর্থের প্রলোভনে মানুষ অপরাধমূলক কাজেও জড়িয়ে পড়ে। তবে, দীর্ঘমেয়াদে এই অর্থের জন্য কৃত কর্মই তাদের জীবনে অশান্তি, দুঃখ, এবং বিপদ নিয়ে আসে। তাই, অর্থের প্রতি অতিরিক্ত ভালোবাসা বা লোভ মানুষকে ধ্বংসের দিকে নিয়ে যেতে পারে। আমাদের উচিত, অর্থ উপার্জন করা, তবে তা সৎভাবে এবং ন্যায্য পথে।

০৭। Fill in the blanks with prepositions:

a) He never skims..... the text.
Answer: through

b) The stars are shinning..... the world.
Answer: over

c) Shila poured..... coffee the glass.
Answer: into

d) Rony is going ..... the street.
Answer: across

e) Take me..... the airport.
Answer: to

০৮। Change the parts of speech according to the direction given in the bracket:

a) Laugh (Noun) ⇒ Laughter

b) Hand (Verb) ⇒ Hand

c) True (Noun) ⇒ Truth

d) People (Adjective) ⇒ Populous

e) Loss (Verb) ⇒ Lose

০৯। Translate into English:

(ক) ঠান্ডায় জল জমে যায়

⇨ Water freezes in cold

খ) মেয়েটি কান্নায় ভেঙ্গে পড়লো।

⇨ The girl burst into tears

গ) আমার ঘড়িতে পৌনে চারটা বাজে।

⇨ It is quarter to four by my watch.

(ঘ) আমরা ম্যাচটি জিততে পারতাম।

⇨ We could have won the match.

ঙ) দোয়াতে কি কালি নেই?

⇨ Is there no ink in the pen?

১০। **Transform the following sentences according to the direction given in the bracket:**

a) I need hundred taka only (Negative)
⇨ I do not need more than hundred taka.
b) Only Allah can help you (Negative)
⇨ None but Allah can help you.
c) It was a very terrible side (Exclamatory)
⇨ What a terrible side it was!
d) Very few subjects are so easy as English (Comparative)
⇨ English is easier than most other subjects.
e) There is no mother who does not love her child. (Assertive)
⇨ Every mother loves her child.

১১। **Write a short paragraph on 'INFLATION'**

Inflation

Inflation means things are getting more expensive. When the price of food, clothes, and other things goes up, people need more money to buy them. But if people's income does not go up, life becomes hard. Poor and middle-class people suffer the most. They cannot buy all the things they need. So, it is important to keep prices low and stable so everyone can live a better life.

গণিত-২০

১২। **একটি পণ্য ৪০০০ টাকায় বিক্রি করায় কিছু ক্ষতি হলো। ঐ পণ্যটি ৫,০০০ টাকায় বিক্রি করলে যত ক্ষতি হয়েছিল। তার $\frac{২০০}{৩}$ % লাভ হত। পণতটির ক্রয়মূল্য কত?**

সমাধান ধরি, 4000 টাকায় বিক্রি করলে x টাকা ক্ষতি হয়

∴ ক্রয়মূল্য = (4000 + x) টাকা

5000 টাকায় বিক্রিতে লাভ হয়=(x এর $\frac{200}{3}\times 100$) টাকা

$= \frac{2x}{3}$ টাকা

∴ ক্রয়মূল্য = $5000 - \frac{2x}{3}$

প্রশ্নমতে, $4000 + x = 5000 - \frac{2x}{3}$

বা, $x + \frac{2x}{3} = 5000 - 4000$

বা, $\frac{3x+2x}{3} = 1000$

বা, $5x = 3000$

∴ $x = 600$

∴ ক্রয়মূল্য = 4000+600=4600 টাকা ।

উত্তর: 4600 টাকা

১৩। **$x^2 - \sqrt{5}x + 1 = 0$ হলে, $x^2 - \frac{1}{x^2}$ এর মান নির্ণয় করুন।**

সমাধান দেওয়া আছে, $x^2 - \sqrt{5}x + 1 = 0$

১৫। **একটি ঘড়ি ৫৪০ টাকায় বিক্রয় করলে ১০% ক্ষতি হয়। ঘড়িটি ৬৬০ টাকায় বিক্রয় করলে শতকরা কত লাভ বা ক্ষতি হবে?**

সমাধান ১০% ক্ষতিতে বিক্রয়মূল্য= ১০০–১০= ৯০ টাকা
বিক্রয়মূল্য ৯০ টাকা হলে ক্রয়মূল্য ১০০ টাকা

" ১ " " " $\frac{১০০}{৯০}$ "

" ৫৪০ " " " $\frac{১০০ \times ৫৪০}{৯০}$ "
= ৬০০ "

∴ লাভ = (৬৬০ − ৬০০) = ৬০ টাকা
৬০০ টাকায় লাভ হয় ৬০ টাকা

১ " " " $\frac{৬০}{৬০০}$ "

১০০ " " " $\frac{১০০ \times ৬০}{৬০০}$ "
= ১০টাকা

উত্তর: ১০%

১৬। $x - \frac{1}{x} = 2$ হলে $x^4 + \frac{1}{x^4}$ = কত?

সমাধান দেওয়া আছে, $x - \frac{1}{x} = 2$

বামপক্ষ= $x^4 + \frac{1}{x^4}$

$= (x^2)^2 + \left(\frac{1}{x^2}\right)^2$

$= \left(x^2 + \frac{1}{x^2}\right)^2 - 2.x^2.\frac{1}{x^2}$

$= \left(x^2 + \frac{1}{x^2}\right)^2 - 2$

$= \left\{\left(x - \frac{1}{x}\right)^2 + 2.x.\frac{1}{x}\right\}^2 - 2$

$= (2^2 + 2)^2 - 2$
$= (4 + 2)^2 - 2$
$= (6)^2 - 2$
$= 36 - 2$
= 34 (Answer)

সাধারণ জ্ঞান

১৭। সংক্ষেপে উত্তর দিন।

ক) সুন্দরবনকে 'বিশ্ব ঐতিহ্য' ঘোষণা করেছে কোন সংস্থা?
উত্তর: ইউনেস্কো

খ) বাংলাদেশের জাতীয় সংসদ ভবনের স্থপতি কে?
উত্তর: লুই আই কান

গ) BIMSTEC এর সদর দপ্তর কোথায়?
উত্তর: ঢাকা

ঘ) CIRDAP এর পূর্ণরূপ কী?
উত্তর: Centre on Integrated Rural Development for Asia and the Pacific

ঙ) কত ডিগ্রি সেলসিয়াস তাপমাত্রায় পানি বাষ্পে পরিণত হয়?
উত্তর: ১০০ ডিগ্রি

চ) ময়মনসিংহ শহর কোন নদের তীরে অবস্থিত?
উত্তর: ব্রহ্মপুত্র নদ

ছ) www এর পূর্ণরূপ কী?
উত্তর: World Wide Web

জ) সালোক সংশ্লেষণ প্রক্রিয়ায় উৎপন্ন মৌলিক গ্যাসের নাম কী?
উত্তর: অক্সিজেন

ঝ) 'নাগানো কারাবাখ' কোন দেশে অবস্থিত?
উত্তর: আজারবাইজান (আজারবাইজান ও আর্মেনিয়ার বিরোধপূর্ণ অঞ্চল)

ঞ) 'বসফরাস প্রণালী' কোন দেশে অবস্থিত?
উত্তর: তুরস্ক

ট) ASEAN এর সদস্য সংখ্যা কয়টি?
উত্তর: ১০টি

ঠ) গ্রিনল্যান্ডের মালিকানা কোন দেশের?
উত্তর: ডেনমার্ক

ড) প্রথম বিশ্বযুদ্ধ কত সালে শুরু হয়?
উত্তর: ১৯১৪ সাল

ঢ) কাতারের বর্তমান আমিরের নাম কী?
উত্তর: শেখ তামিম বিন হামাদ আল থানি

ণ) নিঝুম দ্বীপ কোন জেলায় অবস্থিত?

উত্তর: নোয়াখালী

ত) মুক্তিযুদ্ধে বাংলাদেশে কতটি সেক্টরে বিভক্ত ছিল?
উত্তর: ১১টি

থ) OIC এর সদস্য সংখ্যা কত?
উত্তর: ৫৭টি

দ) বরিশালের পূর্ব নাম কী?
উত্তর: চন্দ্রদ্বীপ

ধ) সরকারি কর্মচারী হাসপাতাল কত শয্যাবিশিষ্ট হাসপাতাল?
উত্তর: ৫০০

ন) ভাওয়াল রাজবাড়ি কোন জেলায় অবস্থিত?
উত্তর: গাজীপুর

৪৮২
বাংলাদেশ সমরাস্ত্র কারখানা (বিওএফ)
গোডাউন কিপার

সময়:	৯০ মি	তারিখ:	১৬-০৫-২৫	মান:	৭০

বাংলা-১০

০১। কারক নির্ণয় করুন:
ক) পাগলে কিনা বলে, ছাগলে কিনা খায়। = কর্তায় ৭মী
খ) আমারে তুমি করিবে ত্রাণ, এ নহে মোর প্রার্থনা। = কর্ম ২য়া

০২। সন্ধি বিচ্ছেদ করুনঃ
ক) ষষ্ঠ = ষষ্ + থ
খ) নিরাকার = নিঃ + আকার
গ) বাগদান = বাক্ + দান

০৩। সমাস নির্ণয় করুনঃ
ক) চতুর্ভুজ = চার ভুজের সমাহার -দ্বিগু
খ) সেতার = সে (তিন) তার যে যন্ত্রের - বহুব্রীহি

০৪। আমি তাহাকে বলিলাম আমি ভাল আছি- বাক্যটির চলিত রূপ কি?
উত্তর: আমি তাকে বললাম আমি ভাল আছি।

০৫। নিচের বাগধারাগুলোর অর্থসহ বাক্য রচনা করুনঃ
ক) আমড়া কাঠের ঢেঁকি = অপদার্থ
খ) অর্ধচন্দ্র = গলা/ঘাড় ধাক্কা

ইংরেজী-১০

০৬। Change the voice :
a) He hurt himself
⇨ He was hurt by himself.
b) The rose smells sweet
⇨ The rose is smelt sweet.

০৭। Translate into English:
ক) ঢাকা একটি জনবহুল শহর।
⇨ Dhaka is a populous city
খ) অল্প বিদ্যা ভয়ংকরী।
⇨ A little learning is a dangerous thing

০৮। Write the plural number:
a) Wife ⇒ Wives
b) Foot ⇒ Feet
c) Deer ⇒ Deer
d) Goose ⇒ Geese

০৯। Use appropriate article
a) I saw.....one eyed man.
Answer: a
b) Karim plays.....guitar.
Answer: the
c) .....sun rises in .....east.
Answer: the, the

১০। Change the following sentences:
a) May he be happy. (Into negative)
⇨ May he not be unhappy.
b) Dipak plays football. (Into interrogative)
⇨ Doesn't Dipak play football?

গণিত-১০

১১। ঈদের গরুর হাটে একটি গরু ৮% ক্ষতিতে বিক্রয় করা হলো। গরুটি আরও ৮,০০০ টাকা বেশী মূল্যে বিক্রয় করলে ৮% লাভ হতো। গরুটির ক্রয় মূল্য কত?

সমাধান মনে করি, গরুটির ক্রয়মূল্য ১০০ টাকা
৮% ক্ষতিতে বিক্রয়মূল্য (১০০−৮)= ৯২ টাকা
৮% লাভে বিক্রয়মূল্য (১০০+৮)= ১০৮ টাকা
বিক্রয়মূল্য বেশি (১০৮ − ৯২) = ১৬ টাকা
বিক্রয়মূল্য ১৬ টাকা বেশি হলে ক্রয়মূল্য ১০০ টাকা
" ১ " " " " $\frac{১০০}{১৬}$ "
" ৮০০০ " " " $\frac{১০০ \times ৮০০০}{১৬}$ "
= ৫০০০০ টাকা

উত্তর: ৫০০০০ টাকা

১২। ১২ ডজন খাতার দাম ২,৩০৪ টাকা। ৮টি খাতার দাম কত?

সমাধান ১২ ডজন = ১৪৪টি খাতা
১৪৪টি খাতার দাম ২৩০৪ টাকা
১টি " " $\frac{২৩০৪}{১৪৪}$ "
৮টি " " $\frac{২৩০৪ \times ৮}{১৪৪}$ " = ১২৮ টাকা

উত্তর: ১২৮ টাকা

১৩। একটি গাড়ীর চাকা মিনিটে ৯০ বার ঘোরে। এক সেকেন্ডে চাকাটি কত ডিগ্রি ঘুরবে তা নির্ণয় করুন।

সমাধান ১ বার ঘুরলে অতিক্রম করে ৩৬০°

৯০ " " " " ৩৬০° × ৯০

= ৩২৪০০°

৬০ সেকেন্ডে ঘুরে ৩২৪০০° বার

১ " " $\frac{৩২৪০০°}{৬০}$ " = ৫৪০°

উত্তর: ৫৪০°

১৪। ১০ জন পুরুষ দিনে ৬ ঘন্টা কাজ করে একটি কাজ ১৪ দিনে শেষ করতে পারে। একই কাজ ১২ জন পুরুষ ১০ দিনে শেষ করতে সর্বমোট কত ঘন্টা কাজ করতে হবে?

সমাধান

১০ জন পুরুষ ১৪ দিনে শেষ করে ৬ ঘন্টায়

১ " " ১ " " " ১০×১৪×৬"

১২ " " ১০" " "$\frac{১০×১৪×৬}{১২×১০}$" "

= ৭ ঘন্টা

উত্তর: ৭ ঘন্টা

সাধারণ জ্ঞান-১০

১৫। নিচের প্রশ্নগুলোর উত্তর লিখুন:

ক) বাংলাদেশ রাষ্ট্র সংস্কারে গঠিত কমিশনের মধ্যে সংবিধান সংস্কার কমিশনের প্রধান কে?

উত্তর: অধ্যাপক আলী রীয়াজ

খ) সার্কের বর্তমান সদস্য দেশ কতটি?

উত্তর: ৮টি

গ) বাংলাদেশ ক্রিকেট খেলায় টেষ্ট স্ট্যাটাস লাভ করে কত সালে?

উত্তর: ২০০০ সালে

ঘ) কোন রাষ্ট্রের দ্বিতীয় ভাষা বাংলা?

উত্তর: সিয়েরালিওন

ঙ) বাংলাদেশকে স্বীকৃতি দানকারী প্রথম আরব দেশ কোনটি?

উত্তর: ইরাক

চ) মুক্তিযুদ্ধের সময় ঢাকা জেলা কোন সেক্টরের অধীনে ছিল?

উত্তর: ২ নম্বর

ছ) বাংলাদেশ জাতীয় সংসদের স্থপতি কে?

উত্তর: লুই আই কান

জ) কোন রাষ্ট্রীয় অনুষ্ঠানে জাতীয় সংগীতের কত চরণ বাজানো হয়?

উত্তর: প্রথম ৪ চরণ

ঝ) ড. মুহাম্মদ ইউনুস কত সালে শান্তিতে নোবেল পুরস্কার পেয়েছেন?

উত্তর: ২০০৬ সালে

ঞ) বাংলাদেশের সীমান্ত কোন কোন দেশের সাথে রয়েছে?

উত্তর: ভারত ও মিয়ানমার

কম্পিউটার সংক্রান্ত-৩০

১৬। কম্পিউটারের কি বোর্ডে নিম্নের ফাংশনগুলোর **Shortcut Key** লিখুনঃ

ক) Undo the last action ⇒ Ctrl + Z

খ) Find and replace ⇒ Ctrl + H

গ) Paste ⇒ Ctrl + V

ঘ) Select all objects on page ⇒ Ctrl + A

১৭। **ইন্টারনেট ব্যবহারে বর্তমানে শীর্ষ দেশের নাম কি?**

উত্তর: চীন

১৮। **কম্পিউটারের ব্রেন বলা হয় কাকে? চ্যাট জিপিটির প্রতিষ্ঠাতা কে?**

উত্তর: মাইক্রোপ্রসেসর; স্যাম অল্টম্যান

১৯। **RAM ও ROM এর পার্থক্য সমূহ লিখুন।**

উত্তর: র‍্যাম ও রোমের মধ্যে পার্থক্য

১.RAM এর পূর্ণ রূপ হলো Random Access Memory এবং ROM এর পূর্ণ রূপ হলো Read Only Memory ।

২.RAM কে ভোলাটাইল মেমোরি বলা হয় আর ROM কে নন-ভোলাটাইল মেমোরি বলা হয় ।

৩.RAM হলো প্রাইমারী স্টোরেজ আর ROM হলো সেকেন্ডারি স্টোরেজ ।

৪.RAM এর তথ্য(ডাটার সমষ্টি) কম্পিউটার প্রসেসর সরাসরি এক্সেস করতে পারে তবে ROM এর তথ্য(ডাটার সমষ্টি)কম্পিউটার প্রসেসর সরাসরি এক্সেস করতে পারে না ।

৫.RAM এ সংরক্ষণকৃত ডাটা Read ও Write উভয়ই করা যায় তবে ROM এ সংরক্ষণকৃত ডাটা শুধু Read করা যায়।

৬.RAM মেমরি ব্যবহৃত হয় টেম্পোরারি স্টোরেজ হিসেবে কিন্তু ROM মেমরি ব্যবহৃত হয় পারমানেন্ট স্টোরেজ হিসেবে ।

২০। **কি বোর্ডের নিম্নোক্ত Short Command গুলোর কাজ লিখুন।**

(ক) Ctrl+E ⇒ Center text

(খ) Ctrl+P ⇒ Print Word document

(গ) Ctrl+F ⇒ Find

(ঘ) Ctrl+Z ⇒ Undo

(ঙ) Ctrl+H ⇒ Replace

২১। **Artificial Intelligence (AI) কি?**

উত্তর: মানুষের বুদ্ধিমত্তা ও চিন্তাশক্তিকে কৃত্রিম উপায়ে প্রযুক্তি নির্ভর করে যন্ত্রের মাধ্যমে বাস্তবায়ন করাকে Artificial Intelligence (AI) বলে।

২২। নিচের শব্দগুলোর পূর্ণাঙ্গরূপ লিখুনঃ

ক) ICT খ) WWW গ) HTML
ঘ) HTTP ঙ) WAN

উত্তর:

ICT –Information and Communication Technology
WWW –World Wide Web
HTML –HyperText Markup Language
HTTP –HyperText Transfer Protocol
WAN –Wide Area Network

২৩। Save এর জন্য সংক্ষিপ্ত Key কোনটি?

উত্তর: Ctrl + S

২৪।একটি কম্পিউটার নেটওয়ার্কে একটি LAN এর একাধিক ডিভাইসকে একটি WAN এর সাথে যুক্ত করে এমন ডিভাইস কোনটি?

উত্তর: রাউটার

২৫। মাইক্রোসফটের প্রথম প্রোগ্রাম কোনটি?

উত্তর: MS Dos

২৬। গোডাউন কিপার মানে কি এবং ৩টি দায়িত্ব লিখুন।

উত্তর: গোডাউন কিপার বলতে বোঝায় এমন একজন ব্যক্তি যিনি কোনো গোডাউনে (গুদামে) পণ্য বা মালামালের নিরাপত্তা ও সংরক্ষণ দায়িত্বে থাকেন।

৩টি প্রধান দায়িত্ব:

১. মালামাল গ্রহণ ও গুদামে সঠিকভাবে রাখা: মালামাল গুদামে এসে গেলে তা গ্রহণ করে সঠিক স্থানে সংরক্ষণ করা।

২. মালামালের নিরাপত্তা নিশ্চিত করা: গোডাউনের মালামাল চুরি, ক্ষতি বা নষ্ট না হয় সেজন্য সতর্ক থাকা ও নিরাপত্তার ব্যবস্থা করা।

৩. রেকর্ড রাখা ও জিনিসপত্রের হিসাব করা: গুদামের মালামালের হিসাব-নিকাশ ঠিকঠাক রাখা এবং মালামালের আগমন ও প্রস্থান সংক্রান্ত নথি তৈরি করা।

৪৮৩
জেলা প্রশাসকের কার্যালয়, মানিকগঞ্জ
অফিস সহায়ক

সময়: ৪০ মি | তারিখ: ১৬-০৫-২৫ | মান: ৪০

০১। সন্ধি বিচ্ছেদ করুন: জনৈক

উত্তর: জনৈক = জন + এক

০২। এক কথায় প্রকাশ করুন: যিনি বক্তৃতা দানে পটু।

উত্তর: বাগ্মী

০৩। অর্থসহ বাক্য রচনা করুন

ক) কলুর বলদ = একটানা
খ) আমড়া কাঠের ঢেঁকি = অপদার্থ/অকেজো

০৪। বঙ্গানুবাদ করুন:

(a) Bangladesh is the eighth most populous country in the world

উত্তর: বাংলাদেশ পৃথিবীর অষ্টম জনবহুল দেশ।

(b) Had I the wings of a bird!

উত্তর: আমার যদি পাখির মতো ডানা থাকতো!

০৫। পিতার অসুস্থতার কারণে ০৩ দিনের নৈমিত্তিক ছুটি চেয়ে যথাযথ কর্তৃপক্ষের নিকট একটি ছুটির দরখাস্ত লিখুন।

উত্তর:

বরাবর,
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)
মানিকগঞ্জ

বিষয়: পিতার অসুস্থতার কারণে ০৩ দিনের নৈমিত্তিক ছুটির আবেদন।

মহোদয়,

সবিনয় নিবেদন এই যে, আমি মোহাম্মদ সাহেদ আলী, অফিস সহায়ক হিসেবে সাধারণ শাখায় কর্মরত আছি। গতকাল থেকে আমার পিতা হঠাৎ গুরুতর অসুস্থ হয়ে পড়েছেন এবং বর্তমানে তিনি চিকিৎসাধীন আছেন। এই পরিস্থিতিতে আমার পিতার পাশে থাকা অত্যন্ত জরুরি।

০২। অতএব, বিনীত প্রার্থনা, আমাকে আগামীকাল ১৭/০৫/২০২৫ থেকে ১৯/০৫/২০২৫ তারিখ পর্যন্ত ০৩ (তিন) দিনের নৈমিত্তিক ছুটি মঞ্জুর করে বাধিত করবেন।

মোহাম্মদ সাহেদ আলী
অফিস সহায়ক, সাধারণ শাখা
জেলা প্রশাসকের কার্যালয়, মানিকগঞ্জ
মোবাইল: ০১৮১৩৪৫.....

০৬। **Introduce yourself (5 sentences)**

Myself

My name is Mahin, and I am 25 years old. I enjoy spending my free time reading books, which helps me gain knowledge and relax my mind. I am also very passionate about playing football, as it keeps me active and energetic. Traveling is one of my favorite hobbies, and I love exploring new places and learning about different cultures. I consider myself a hardworking and dedicated person who always tries to give the best effort in everything I do.

০৭। **Translate Bangla into English:**

ক) পদ্মা নদীর তীরে মানিকগঞ্জ জেলা অবস্থিত।

⇨ Manikganj District is situated on the bank of the Padma river.

অথবা, Manikganj District stands on the bank of the Padma river.

খ) মানিকগঞ্জ জেলা সবজি উৎপাদনের জন্য বাংলাদেশে বিখ্যাত।

⇨ Manikganj District is famous for vegetable production in Bangladesh.

০৮। **Make sentences with words:**

Cricket = Cricket is my favourite game.

Maiden speech = His maiden speech impressed me.

০৯। **Fill in the gaps with prepositions:**

Do not step..... sharp things.....bare foot.

Answer: on, with

১০। মানিকগঞ্জ জেলায় কোন ভাষা শহীদের জন্মস্থান?

উত্তর: ভাষা শহীদ রফিকউদ্দিন আহমদ

১১। Three Zeros তত্ত্বের প্রবক্তা কে?

উত্তর: ড. মুহাম্মদ ইউনুস

১২। বাংলাদেশের জাতীয় স্মৃতিসৌধের স্থপতি কে?

উত্তর: সৈয়দ মাইনুল হোসেন

১৩। বাংলাদেশ কত সালে জাতিসংঘের সদস্যপদ লাভ করে?

উত্তর: ১৯৭৪ সালে

১৪। বাংলাদেশ ও মিয়ানমারের সীমানায় প্রবাহিত নদীর নাম কি?

উত্তর: নাফ নদী

১৫। EFT ও UNDP এর পূর্ণরূপ কী?

উত্তর: EFT = Electronic Fund Transfer

UNDP = United Nations Development Programme.

১৬। ২০২২ সালে ফিফা বিশ্বকাপ কোথায় অনুষ্ঠিত হয়েছিলো?

উত্তর: কাতার।

১৭. "অগ্নিবীণা" কাব্যগ্রন্থের রচয়িতা কে?

উত্তর: কাজী নজরুল ইসলাম

১৮। রাশিয়ার মুদ্রার নাম কি?

উত্তর: রুবল

১৯। কম্বোডিয়ার রাজধানীর নাম কি?

উত্তর: নমপেন।

২০। ৯৭ এর ৪% কত?

উত্তর: ৩.৮৮

২১। ১০ টাকায় ০৪টি লেবু ক্রয় করে ১৫ টাকায় বিক্রয় করলে শতকরা কত লাভ/ক্ষতি হবে?

সমাধান ক্রয়মূল্য ১০ টাকা; বিক্রয়মূল্য ১৫ টাকা

লাভ (১৫-১০) = ৫ টাকা

১০ টাকায় লাভ হয় ৫ টাকা

১ " " " $\frac{৫}{১০}$ "

১০০ " " " $\frac{৫\times১০০}{১০}$ "

= ৫০ টাকা

উত্তর: ৫০%

২২। সরল কর: $(4m + 2n)^3 + 3(4m+2n)^2(m-2n) + 3(4m+2n)(m-2n)^2 + (m-2n)^3$

সমাধান $(4m + 2n)^3 + 3(4m+2n)^2(m-2n) + 3(4m+2n)(m-2n)^2 + (m-2n)^3$

$= \{(4m + 2n) + (m - 2n)\}^3$

$= (4m + 2n + m - 2n)^3$

$= (5m)^3$

$= 125m^3$ **(Answer)**

২৩। প্রতিদিন ৯ঘণ্টা কাজ করে ১০ জন লোক একটি বর্গাকৃতি জমির ধান ২ দিনে কাটতে পারে। উক্ত জমির ধান ১দিনে ১২ ঘণ্টা কাজ করে শেষ করতে অতিরিক্ত কতজন লোক লাগবে?

সমাধান

১৮ ঘণ্টায় জমির ধান কাটতে পারে ১০ জন

১ " " " " " ১০×১৮ "

১২ " " " " " $\frac{১০\times১৮}{১২}$ "

= ১৫ জন

অতিরিক্ত লোক লাগবে = ১৫ - ১০ = ৫ জন

উত্তর: ৫ জন

৪৮৪
বাংলাদেশ সুপ্রীম কোর্ট
ব্যক্তিগত কর্মকর্তা ও স্টেনো-টাইপিস্ট

সময়: ৯০ মি | তারিখ: ১৮-০৫-২৫ | মান: ১০০

০১। রচনা লিখুন (যে কোন ১টি)
ক) প্রযুক্তি নির্ভর দাপ্তরিক কার্যক্রমের প্রয়োজনীয়তা।
খ) বাংলাদেশের পরিবেশ বিপর্যয় ও তার প্রতিকার।

০২। নিচের বাক্যগুলোর ভুল সংশোধন করুন:
ক) আমি জানি তুমি আজকে আসিতেছ।
⇨ আমি জানি তুমি আজকে আসছ।
খ) তাহার মত মানুষ খুব কম দেখা যায়।
⇨ তার মতো মানুষ খুব কম দেখা যায়।
গ) তারা নিজ দায়িত্বে কাজ করিল
⇨ তারা নিজের দায়িত্বে কাজ করল।
ঘ) ছাত্রেরা পরীক্ষা দিতেছে।
⇨ ছাত্ররা পরীক্ষা দিচ্ছে।
ঙ) এমন সুযোগ বারবার আসে না যায়।
⇨ এমন সুযোগ বারবার আসে না।

০৩। এক কথায় প্রকাশ করুন:
ক) যার জন্ম হয়নি = অজ
খ) যে একাধিক ভাষায় পারদর্শী = বহুভাষাবিদ
গ) যে দান করে = দানশীল
ঘ) যে সব কিছু জানে = সর্বজ্ঞ/সবজান্তা
ঙ) যার স্মরণশক্তি প্রখর = স্মৃতিমান

০৪। নিচের বাগধারাগুলো ব্যবহার করে অর্থ সহ বাক্য গঠন করুন: (যে কোন ৫টি)
ক) গড্ডলিকা প্রবাহ = অন্ধ অনুকরণ
খ) নাটের গুরু = মূল নায়ক
গ) বাঁশের চেয়ে কঞ্চি বড় = বয়স্কদের চেয়ে ছোটদের গুরুত্ব
ঘ) তামার বিষ = অর্থের কুপ্রভাব
ঙ) তালপাতার সেপাই = অতি দুর্বল
চ) মন না মতি = অস্থির মানব মন

০৫। Write an essay on "Role of Students in Nation Building"

০৬। Translate the following sentences into English:
ক) সে নিয়মিত অফিসে যায়।
⇨ He goes to the office regularly.
খ) আমরা সময়মতো কাজ শেষ করেছি।
⇨ We finished the work on time.
গ) একজন সৎ কর্মচারী সবার শ্রদ্ধা পায়।
⇨ An honest employee earns everyone's respect.
ঘ) নাগরিকদের জন্য অনলাইন সেবা চালু হয়েছে।
⇨ Online services have been launched for the citizens.
ঙ) দায়িত্বশীল হওয়া একজন সরকারি কর্মচারীর গুরুত্বপূর্ণ গুণ।
⇨ Being responsible is an important quality of a government employee.

০৭। Make sentence of your own with any five of the following:
a) Initiative = She took the initiative to start a reading club.
b) On the Contrary = He is not lazy; on the contrary, he works very hard.
c) Linked to = This disease is linked to poor hygiene.
d) Combat = We must work together to combat climate change.
e) Customary = It is customary to remove shoes before entering mosque.
f) Apparent = The reason for his sadness was apparent to everyone.

০৮। অংক করুন (যেকোন ২টি)
ক) একটি দ্রব্য ১০% লাভে বিক্রয় করলে ১০% ক্ষতিতে বিক্রয় মূল্য অপেক্ষা ২৫ টাকা বেশি পাওয়া যায়। দ্রব্যটির ক্রয়মূল্য কত?

সমাধান ১০% লাভে বিক্রয়মূল্য = ১১০ টাকা
১০% ক্ষতিতে বিয়মূল্য = ৯০ টাকা
বিক্রয়মূল্যের পার্থক্য = ১১০ - ৯০ =২০ টাকা

বিক্রয়মূল্য ২০ টাকা বেশি হলে ক্রয়মূল্য ১০০ টাকা
" ১ " " " " $\frac{১০০}{২০}$ "
" ২৫ " " " " $\frac{১০০\times২৫}{২০}$ "
= ১২৫

উত্তর: ১২৫ টাকা

খ) যদি, $2x + 3y = 19$ এবং $x - y = 2$ তবে x ও y এর মান কত?

সমাধান $2x + 3y = 19$ ..... (i)
এবং $x - y = 2$ .....(ii)
(ii) নং সমীকরণকে 3 দ্বারা গুণ করে, (i) নং সমীকরণের সাথে যোগ করে পাই,
$2x + 3y = 19$
$3x - 3y = 6$

$5x = 25$

$\therefore x = 5$

এর মান (ii) নং সমীকরণে বসিয়ে পাই,

$5 - y = 2$

$\therefore y = 3$

x এর মান $= 5$, y এর মান $= 3$

গ) একটি পাত্রে পানির পরিমাণ ৪০ লিটার। প্রথমে এর ২৫% পানি বের করে ফেলা হলো, পরে অবশিষ্টের ৪০% আবার ফেলে দেওয়া হলো। পাত্রে বর্তমানে কত লিটার পানি আছে?

সমাধান

২৫% পানি বের করার অবশিষ্ট থাকে=৪০- ৪০ এর ২৫%
= ৩০ লিটার

৪০% পানি বের করার অবশিষ্ট থাকে=৩০- ৩০ এর ৪০%
= ১৮ লিটার

উত্তর: ১৮ লিটার

০৪। নিচের প্রশ্নগুলির উত্তর দিন।

ক) বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতির নাম কি এবং তিনি কততম প্রধান বিচারপতি?

উত্তর: সৈয়দ রেফাত আহমেদ; ২৫তম

খ) উত্তরা গণভবন কোথায় অবস্থিত?

উত্তর: নাটোর

গ) UNO-এর পূর্ণরূপ কী?

উত্তর: Upazila Nirbahi Officer

ঘ) বিশ্বব্যাংকের সদর দপ্তর কোথায়?

উত্তর: ওয়াশিংটন ডিসি, যুক্তরাষ্ট্র

ঙ) বাংলাদেশে মোট কয়টি বিভাগ রয়েছে এবং সর্বশেষ সংযুক্ত বিভাগ কোনটি?

উত্তর: ৮টি; ময়মনসিংহ

চ) BIDA এর পূর্ণ অর্থ কি?

উত্তর: Bangladesh Investment Development Authority

ছ) বাংলাদেশের জাতীয় পতাকায় দৈর্ঘ্য ও প্রস্থের অনুপাত কত?

উত্তর: ১০:৬

জ) ব্রেটন উডস চুক্তির মাধ্যমে গঠিত দুটি আন্তর্জাতিক প্রতিষ্ঠান কী কী?

উত্তর: IMF, World Bank

ঝ) পৃথিবীর সবচেয়ে কঠিন প্রাকৃতিক পদার্থ কোনটি?

উত্তর: হীরক/হীরা

ঞ) গোল্ডেন ট্রায়াংগল কোন কোন এলাকা নিয়ে গঠিত?

উত্তর: মায়ানমার, থাইল্যান্ড ও লাওস

৪৮৫
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
চেইনম্যান

সময়: ৬০ মি | তারিখ: ২৩-০৫-২৫ | মান: ৪০

০১। সাধারণত চর্যাপদের ভাষাকে কি ভাষা বলে?
উত্তর: সান্ধ্য ভাষা

০২। "আমার সন্তান যেন থাকে দুধে ভাতে"- এ প্রার্থনা কে করেছেন?
উত্তর: ঈশ্বরী পাটনী

০৩। বাংলা কাব্য সাহিত্যে আধুনিক যুগের প্রবর্তক কে?
উত্তর: মাইকেল মধুসূধন দত্ত

০৪। 'নয়নচারা' গল্পটি কে লিখেছেন?
উত্তর: সৈয়দ ওয়ালীউল্লাহ

০৫। যুক্তবর্ণ কত প্রকার ও কি কি?
উত্তর: ২ প্রকার; যথা- স্বচ্ছ ও অস্বচ্ছ যুক্তবর্ণ

০৬। 'চারিত্রিক' শব্দটি কোন প্রত্যয় যোগে গঠিত হয়েছে?
উত্তর: ইক

০৭। 'কানে কানে যে কথা কানা কানি' এটি কোন সমাসের উদাহরণ?
উত্তর: ব্যাতিহার বহুব্রীহি

০৮। সন্ধি বিচ্ছেদ করুন- ক) বাগদান খ) তথৈবচ
উত্তর: ক) বাগদান = বাক্ + দান
খ) তথৈবচ = তথা + এবচ

০৯। নিচের শব্দ জোড় এর অর্থ লিখুন: আসক্তি, আসত্তি
উত্তর: আসক্তি = লিপ্সা; আসত্তি = মিলন

১০। কায়কোবাদের প্রকৃত নাম কি?
উত্তর: কাজেম আল কোরায়েশী

১১। 'সূর্য দীঘল বাড়ি' কোন প্রকারের রচনা?
উত্তর: উপন্যাস

১২। বাংলা ভাষায় মৌলিক ধ্বনি কয়টি?
উত্তর: ৩৭টি

১৩। 'বাবা' শব্দটি কোন ভাষা থেকে এসেছে?
উত্তর: তুর্কি

১৪। 'যে বিষয়ে কোন বিতর্ক নেই' এর এক কথায় প্রকাশ কি?
উত্তর: অবিসংবাদী

১৫। 'বিভিষীকা' শব্দের শুদ্ধ বানান কি?
উত্তর: বিভীষিকা

১৬। Change the Voice of 'Movies are not watched by him.'
Answer: He does not watch movies.

১৭। He asked me <u>why I was late</u>. The underlined clause which type of subordinate clause?

Answer: Noun clause

১৮। He shut the door and went out (Make it simple).

Answer: Sutting the door he went out.

১৯। 'সকাল থেকে গুড়ি গুড়ি বৃষ্টি হচ্ছে' এর ইংরেজী অনুবাদ করুন।

Answer: It has been drizzling since morning

২০। Write correct form of verb- It is high time we (give up) smoking.

Answer: gave up

২১। Write correct form of verb- As soon as he saw me, he (fleed) away.

Answer: fled

২২। **Fill in the gap with preposition-**

a) You must adhere..... your principle.

Answer: to

b) The man died..... over work.

Answer: from

২৩। **Identify parts of speech-**

a) The sun went down.

Answer: Adverb

b) The post must be manned immediately.

Answer: Verb

২৪। **What is the feminine gender:**

a) Waiter = Waitress

b) Sultan = Sultana

২৫। **Fill in the gap with article-**

A) He pulled the girl by..... car.

Answer: the

B) He is..... heir to the property.

Answer: an/the

২৬। **কোন একটি ত্রিভুজের তিনটি বাহুর দৈর্ঘ্য যথাক্রমে ৭ সে. মি., ৮ সে. মি. ও ৯ সে. মি.। ত্রিভুজটির ক্ষেত্রফল নির্ণয় করুন।**

সমাধান মনে করি, ত্রিভুজটির বাহুর $a = 7, b = 8,$ ও $c = 9$

ত্রিভুজটির তিনটি বাহুই ভিন্ন, তাই এটি বিষমবাহু ত্রিভুজ।

ত্রিভুজটির পরিসীমা $2S = 7+8+9 = 24$

ত্রিভুজটির অর্ধপরিসীমা $S = 24 \div 2 = 12$

আমারা জানি,

বিষমবাহু ত্রিভুজের ক্ষেত্রফল $= \sqrt{s(s-a)(s-b)(s-c)}$

$= \sqrt{12(12-7)(12-8)(12-9)}$

$= \sqrt{12 \times 5 \times 4 \times 3}$

$= \sqrt{720} = 26.83$

উত্তর: 26.83 টাকা

২৭) **একটি ত্রিভুজের পরিসীমা ৪৫ সে. মি.। বাহুগুলোর দৈর্ঘ্যের অনুপাত ৩:৫:৭ হলে প্রত্যেক বাহুর দৈর্ঘ্য নির্ণয় করুন।**

সমাধান মনে করি, ত্রিভুজের তিনটি বাহুর দৈর্ঘ্য যথাক্রমে ৩ক, ৫ক ও ৭ক

প্রশ্নমতে, ৩ক + ৫ক + ৭ক = ৪৫

বা, ১৫ক = ৪৫ ∴ ক = ৩

সুতরাং ১ম বহুর দৈর্ঘ্য (৩ × ৩) = ৯ সে.মি

২য় বাহুর দৈর্ঘ্য (৫ × ৩) = ১৫ সে.মি

৩য় বাহুর দৈর্ঘ্য (৭ × ৩) = ২১ সে.মি

উত্তর: ৯ সে.মি, ১৫ সে.মি, ২১ সে.মি

২৮। **দুটি সংখ্যার অনুপাত ৫:৭। এদের গ.সা.গু, ৪ হলে সংখ্যা দুটির ল.সা.গু. কত?**

সমাধান দেওয়া আছে, সংখ্যা দুটির অনুপাত = 5 : 7

মনে করি, সংখ্যা দুটি 5x ও 7x

5x ও 7x গ. সা. গু. = x

প্রশ্নমতে, x = 4

5x ও 7x এর ল. সা. গু. = 35x

$= 35 \times 4 \quad [\because x = 4]$

$= 140$

∴ সংখ্যা দুটির ল. সা. গু. 140

২৯। **a:b = b:c হয় তবে প্রমাণ কর যে $a^2b^2c^2\left(\frac{1}{a^3}+\frac{1}{b^3}+\frac{1}{c^3}\right) = a^3+b^3+c^3$**

সমাধান দেওয়া আছে, a:b = b:c

বা, $\frac{a}{b} = \frac{b}{c}$

$\therefore b^2 = ac$

$L.H.S = a^2b^2c^2\left(\frac{1}{a^3}+\frac{1}{b^3}+\frac{1}{c^3}\right)$

$= \frac{a^2b^2c^2}{a^3}+\frac{a^2b^2c^2}{b^3}+\frac{a^2b^2c^2}{c^3}$

$= \frac{b^2c^2}{a}+\frac{a^2c^2}{b}+\frac{a^2b^2}{c}$

$= \frac{ac.c^2}{a}+\frac{(ac)^2}{b}+\frac{a^2.ac}{c}$

$= c^3+\frac{b^4}{b}+a^3$

$= c^3+b^3+a^3$

$= R.H.S$

৩০। **উৎপাদকে বিশ্লেষণ করুন: $9x^2-30xy+25y^2$**

সমাধান $9x^2-30xy+25y^2$

$= (3x)^2 - 2.3x.5y + (5y)^2$

$= (3x-5y)^2$

$= 3x-5y)(3x-5y)$ (Answer)

৪৮৬
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
অফিস সহায়ক

সময়: ৬০ মি | তারিখ: ২৩-০৫-২৫ | মান: ৪০

০১। **সন্ধি বিচ্ছেদ করুন-**
ক) শুভেচ্ছা = শুভ + ইচ্ছা
খ) অতীত = অতি + ইত
ঘ) তৃষ্ণার্ত = তৃষ্ণা + ঋত
ঘ) পবিত্র = পো + ইত্র

০২। **বিপরীত শব্দ লিখুন।**
ক) বিরাগ = অনুরাগ
খ) প্রফুল্ল = বিমর্ষ
গ) পশ্চাৎ = অগ্র
ঘ) ক্ষীণ = পুষ্ট

০৩। **অর্থসহ বাগধারা লিখুন।**
ক) কানকাটা = বেহায়া
খ) শাঁখের করাত = উভয় সংকট
গ) শিরে সংক্রান্তি = আসন্ন বিপদ
ঘ) হাড় হাভাতে = হত্য ভাগ্য

০৪। **নিচের শব্দ জোড়ের অর্থ লিখুন।**
ক) বিত্ত = সম্পদ
বৃত্ত = গোলাকার
খ) দিন = দিবস
দীন = গরীব

০৫। **দুটি করে সমার্থক শব্দ লিখুন।**
সূর্য = অর্ক, রবি
বৃক্ষ = গাছ, তরু

০৬। **পরিভাষা লিখুন:**
a) White paper = শ্বেতপত্র
b) Deed = দলিল/চুক্তি

০৭। **শুদ্ধ বানান লিখুনঃ**
ক) সমিচীন ⇒ সমীচীন
ক) নিশিথীনি ⇒ নিশীথিনী

০৮। **কার ও ফলা কাকে বলে?**
উত্তর: বাংলা স্বরবর্ণের সংক্ষিপ্ত রূপকে কার এবং ব্যঞ্জনবর্ণের সংক্ষিপ্ত রূপকে ফলা বলে।

০৯। **দ্বারা, দিয়া, কর্তৃক এগুলো কোন বিভক্তি?**
উত্তর: ৩য় বিভক্তি

১০। **শব্দার্থ লিখুন: জমক, শিখণ্ডী**
উত্তর: জমক = দীপ্তি শিখণ্ডী = ময়ূর

১১। **'অপমান' শব্দের 'অপ' উপসর্গটি কোন অর্থে ব্যবহৃত?**
উত্তর: বিপরীত

১২। **Change the voice:**
a) Honey tastes sweet.
⇨ Honey is tasted sweet
b) Open the door.
⇨ Let the door be opened.

১৩।
a) Everyone hates a liar. (Make it interrogative)
⇨ Who does not hate a liar?
b) Though he tried hard, he failed. (Make it compound)
⇨ He tried hard but failed.

১৪) **ইংরেজী অনুবাদ করুন:**
ক) যত গর্জে তত বর্ষে না।
⇨ Empty vessels sound much
খ) শিশুটি কাদতে কাদতে আমার কাছে আসল।
⇨ The child came to me crying

১৫। **Write full form: BBS, SPARRSO**
a) BBS – Bangladesh Bureau of Statistics
b) SPARRSO – Space Research and Remote Sensing Organization

১৬। **Fill in the gap with preposition:**
a) I want to live..... peace with you.
Answer: in
b) Guard..... all errors.
Answer: against
c) The shed is ..... my head.
Answer: over
d) His words conform..... his work.
Answer: to

১৭। **Change the gender:**
a) Buck → Doe
b) Monk → Nun
c) Lion → Lioness
d) Jack-ass → Jenny-ass

১৮। **Fill in the gap-**
a) He is afraid ..... his father.
Answer: of
b) The train is going ..... the tunnel.
Answer: through
c) Do not laugh ..... the poor man.
Answer: at
d) I will be there ..... 4:00 PM
Answer: at

১৯। একটি ত্রিভুজের পরিসীমা ৩৬ সে. মি এবং বাহুগুলোর দৈর্ঘ্যের অনুপাত ৩:৪:৫। বৃহত্তম বাহু ও ক্ষুদ্রতম বাহুর দৈঘ্য কত সে. মি.?

সমাধান মনে করি, ত্রিভুজের তিনটি বাহুর দৈর্ঘ্য যথাক্রমে ৩ক, ৪ক ও ৫ক

প্রশ্নমতে, ৩ক + ৪ক + ৫ক = ৩৬

বা, ১২ক = ৩৬ ∴ ক = ৩

সুতরাং ১ম বহুর দৈর্ঘ্য (৩ × ৩) = ৯ সে.মি

২য় বাহুর দৈর্ঘ্য (৪ × ৩) = ১২ সে.মি

৩য় বাহুর দৈর্ঘ্য (৫ × ৩) = ১৫ সে.মি

উত্তর: ক্ষুদ্রতম বাহুর দৈর্ঘ্য ৯ সে.মি, বৃহত্তম বাহুর দৈর্ঘ্য ১৫ সে.মি

২০। একটি বর্গের বাহুর দৈঘ্য দ্বিগুন হলে এর ক্ষেত্রফল কতগুন বৃদ্ধি পাবে?

সমাধান মনে করি একটি বর্গের বাহুর দৈর্ঘ্য ক মিটার,

∴ ক্ষেত্রফল = $ক^২$

বর্গের বাহুর দৈর্ঘ্য দ্বিগুণ হলে, বাহুর দৈর্ঘ্য = ২ক

তাহলে ক্ষেত্রফল হবে = $(২ক)^২ = ৪ক^২$

সুতরাং ক্ষেত্রফল বৃদ্ধি পাই ৪ গুণ।

উত্তর: ৪ গুণ

২১। আরিফ ও জারিফের বয়সের অনুপাত ৫:৩, আরিফের বয়স ২০ বছর হলে কত বছর পরে তাদের বয়সের অনুপাত ৭:৫ হবে?

সমাধান আরিফের বয়স ৫ অনুপাত = ২০ বছর

১ অনুপাত = ২০/৫ = ৪ বছর

আকিবের বয়স ৩ অনুপাত = ৪ × ৩ = ১২ বছর

ধরি,

ক বছর পর তাদের বয়সের অনুপাত ৭ঃ৫ হবে।

প্রশ্নমতে, ২০ + ক + ১২ + ক = ৭ঃ৫

বা, ৮৪ + ৭ক = ১০০ + ৫ক

বা, ২ক = ১৬

∴ক = ৮

উত্তর: ৮ বছর

২২। a = 5, b = 4 হলে $(a+b)^2$ এর মান কত?

উত্তর: 81

২৩। সংজ্ঞা লিখুন: সমবাহু ত্রিভুজ, বিষমবাহু ত্রিভূজ এবং সমদ্বিবাহু ত্রিভুজ।

উত্তর: সমবাহু ত্রিভুজ = যে ত্রিভুজের তিনটি বাহুই সমান তাকে সমবাহু ত্রিভুজ বলে।

বিষমবাহু ত্রিভূজ = যে ত্রিভুজের তিনটি বাহুর দৈর্ঘ্যই ভিন্ন ভিন্ন, তাকে বিষমবাহু ত্রিভুজ বলে।

সমদ্বিবাহু ত্রিভুজ = যে ত্রিভুজের দুটি বাহুর দৈর্ঘ্য সমান তাকে সমদ্বিবাহু ত্রিভুজ বলে।

৪৮৭
বাংলাদেশ চা বোর্ড
অফিস সহায়ক

সময়: ৬০ মি | তারিখ: ২৩-০৫-২৫ | মান: ৪০

০১। বিপরীত শব্দ লিখুন:

ক) অর্বাচীন = প্রাচীন

খ) সংশয় = প্রত্যয়

গ) বৈরাগ্য = আসক্তি

ঘ) অগ্র = পশ্চাৎ

০২। সন্ধি বিচ্ছেদ করুন:

ক) নাবিক = নৌ + ইক

খ) সন্দেশ = সম্ + দেশ

গ) স্বৈর = স্ব + ঈর

ঘ) দ্যুলোক = দিব্ + লোক

০৩। অর্থসহ বাক্য রচনা করুন:

ক) অষ্টরম্ভা = কাঁচকলা/ ফাঁকি

খ) কংস মামা = নির্মম আত্মীয়

গ) সাপের পাঁচ পা দেখা = অহংকার

০৪। এক কথায় প্রকাশ করুন:

ক) নিন্দার যোগ্য = নিন্দনীয়

খ) নৌকা চলাচলের যোগ্য = নাব্য

গ) যার দুই হাত সমান চলে = সব্যসাচী

ঘ) উপস্থিত বুদ্ধি আছে যার = প্রত্যুৎপন্নমতি

০৫। শুদ্ধ বানান লিখুনঃ

ক) জোৎস্না = জ্যোৎস্না

খ) ঐক্যমত্য = ঐকমত্য

গ) অন্তোষঠিক্রিয়া = অন্ত্যেষ্টিক্রিয়া

ঘ) সায়ওসাশন = স্বায়ত্তশাসন

০৬। মে দিবসের উপর একটি অনুচ্ছেদ লিখুনঃ

মে দিবস

মে দিবস বা শ্রমিক দিবস প্রতি বছর ১লা মে বিশ্বব্যাপী পালিত হয়। এটি শ্রমজীবী মানুষের অধিকার ও মর্যাদা প্রতিষ্ঠার লক্ষ্যে উদযাপিত একটি আন্তর্জাতিক দিবস। ১৮৮৬ সালে যুক্তরাষ্ট্রের শিকাগো শহরের হে মার্কেট আন্দোলনের মাধ্যমে এই দিবসটির সূচনা হয়। সেই সময় শ্রমিকেরা দৈনিক ৮ ঘণ্টা কাজের দাবিতে আন্দোলনে নেমে ছিলেন। এই আন্দোলনে পুলিশের গুলিতে বহু শ্রমিক প্রাণ হারান, কিন্তু তাদের আত্মত্যাগ বিশ্বব্যাপী শ্রমিক আন্দোলনে নতুন জোয়ার এনে দেয়।

বাংলাদেশসহ বিশ্বের অধিকাংশ দেশেই এ দিনটি সরকারি ছুটির দিন হিসেবে গণ্য করা হয়। বিভিন্ন শ্রমিক সংগঠন, রাজনৈতিক দল ও সামাজিক সংগঠন এই দিনে মিছিল, সমাবেশ ও আলোচনা সভার আয়োজন করে। মে দিবস

আমাদের মনে করিয়ে দেয় যে, শ্রমিকদের ন্যায্য মজুরি, নিরাপদ কর্মপরিবেশ ও কর্মঘণ্টা নির্ধারণের দাবি একটি মৌলিক মানবাধিকার।

শ্রমিক ছাড়া উন্নয়ন সম্ভব নয়–এই উপলব্ধি থেকেই মে দিবসের গুরুত্ব আজও সমান প্রাসঙ্গিক। সুতরাং, শ্রমিকদের প্রতি সম্মান জানানো এবং তাদের অধিকার রক্ষায় সচেতন হওয়া আমাদের সকলের দায়িত্ব।

ইংরেজি (২০)

০৭। **Fill in the blanks with the preposition:**

a) Your conduct admits..... no excuse.

Answer: of

b) They travelled to Szlhet..... walking.

Answer: by

c) He has assured me .....safety.

Answer: of

০৮। **Translate into English:**

ক) আমার ঘড়িতে এখন দশটা পনের মিনিট।

➪ Now it is fifteen minutes past ten by my watch

খ) যুদ্ধ মানবজাতির জন্য অভিশাপ।

➪ War is a curse for humankind

০৯। **Make sentence with the following words:**

a) Run Short (ঘাটতি) = I ran short of money.

b) Give up (ত্যাগ করা) = You should give up smoking.

১০। **Write the Synonym word:**

a) Modernization ⇒ Development / Upgradation / Industrialization

b) Pertinent ⇒ Relevant / Appropriate / Related

১১। **Write down the Antonym of "Populer"**

Answer: unpopuler

১২। **Write down the meaning of the word English to Bengali:**

ক) Soak = সিক্ত হওয়া

খ) Whisper = ফিসফিস করে বলা

গ) Prompt = চটপট/সঙ্গে সঙ্গে

১৩। **Write down the English form of following words:**

ক) বিশৃঙ্খলা = Disorder

খ) ক্ষয়সাধন = Erosion

১৪। **Write an e-mail to the railway booking clerk asking him to reserve a seat for you.**

To: railwaybooking@railwaymail.com
Subject: Request for Seat Reservation

Dear Sir/Madam,
I hope this message finds you well. I would like to request a reservation for a seat on the train from **Mymensingh** to **Dhaka** on **1st July 2025**. Please find the necessary details below:

Name: Md. Jamil
Date of Journey: 1 July 2025
Departure Station: Mymensingh
Destination Station: Dhaka
Preferred Class: AC Chair,
Number of Passengers: 2
Contact Number: 017172504

If a seat is available, kindly reserve it in my name and let me know the fare and payment procedure. I would be grateful for your assistance.
Thank you in advance for your support.

Best regards,
Md. Jamil
Administrative Officer
Mymensingh DC Office

১৫। ভাগ করুনঃ ক) $10a^5b^7 \div 5a^2b^3$

সমাধান $10a^5b^7 \div 5a^2b^3$

$= \frac{10a^5b^7}{5a^2b^3} = 2a^3b^4$ (Answer)

খ) $40\ x^8\ y^{10}\ z^5 \div (-8x^4y^2z^4)$

সমাধান $40\ x^8\ y^{10}\ z^5 \div (-8x^4y^2z^4)$

$= \frac{40\ x^8\ y^{10}\ z^5}{-8x^4y^2z^4} = -5x^4y^8z$ (Answer)

১৬। গুণ করুনঃ $\frac{২}{৩}$ ফুট $\times \frac{৩}{৪}$ ফুট

সমাধান $\frac{২}{৩}$ ফুট $\times \frac{৩}{৪}$ ফুট $= \frac{৬}{১২}$ বর্গফুট $= \frac{১}{২}$ বর্গফুট

উত্তরঃ $\frac{১}{২}$ বর্গফুট

১৭। সরল করুনঃ $3x-[5y-\{10z-(5x-10y+3z)\}]$

সমাধান $3x - [5y - \{10z - (5x - 10y + 3z)\}]$
$= 3x - [5y - \{10z - 5x + 10y - 3z\}]$
$= 3x - [5y - 7z + 5x - 10y]$
$= 3x + 5y + 7z - 5x$
$= 5y - 2x + 7z$ (Answer)

১৮। $(6x^2+x-2)$ কে $(2x-1)$ দিয়ে ভাগ করুন।

সমাধান
$2x-1 \mid 6x^2 + x - 2 \mid 3x + 2$
$6x^2 - 3x$
$(-) \quad (+)$
$4x - 2$
$4x - 2$
$(-) \quad (+)$
0

Answer: $3x + 2$

১৯। একটি গুণোত্তর ধারার প্রথম ও দ্বিতীয় পদ যথাক্রমে ২৭ ও ৯। ধারাটির ৫ম ও ১০ম পদটি নির্ণয় করুন।

সমাধান

প্রদত্ত ধারাটির প্রথম পদ $a = ২৭$, দ্বিতীয় পদ $= ৯$

তাহলে সাধারণ অনুপাত $r = \frac{9}{27} = \frac{1}{3}$

$\therefore$ পঞ্চম পদ $= ar^{5-1} = 27 \times \left(\frac{1}{3}\right)^4 = 27 \times \frac{1}{81} = \frac{1}{3}$

এবং দশম পদ $= ar^{10-1} = 27 \times \left(\frac{1}{3}\right)^9$

$= 27 \times \frac{1}{19683} = \frac{1}{729}$

২০। মান নির্ণয় করুনঃ $\frac{1-\sin^2 45^0}{1+\sin^2 45^0} + \tan^2 45^0$

সমাধান $\frac{1-\sin^2 45^0}{1+\sin^2 45^0} + \tan^2 45^0$

$= \frac{1 - \left(\frac{1}{\sqrt{2}}\right)^2}{1 + \left(\frac{1}{\sqrt{2}}\right)^2} + 1^2$

$= \frac{1 - \frac{1}{2}}{1 + \frac{1}{2}} + 1$

$= \frac{\frac{2-1}{2}}{\frac{2+1}{2}} + 1$

$= \frac{\frac{1}{2}}{\frac{3}{2}} + 1$

$= \frac{1}{3} + 1$

$= \frac{4}{3}$ (Answer)

সাধারণ জ্ঞান (১০)

২১। নিম্নলিখিত প্রশ্নগুলোর উত্তর দিন:

ক) লীগ অব নেশনস কবে, কেন সৃষ্টি হয়েছিল?

উত্তর: ১৯২০ সালে, বিশ্বশান্তি রক্ষা ও ভবিষ্যতে যুদ্ধ প্রতিরোধ করার লক্ষ্যে সৃষ্টি হয়েছিল।

খ) বর্তমান সরকারের বাণিজ্য উপদেষ্টার নাম কী?

উত্তর: শেখ বশিরউদ্দীন

গ) বাংলাদেশে কত সালে এবং কোথায় প্রথম বাণিজ্যিকভাবে চা উৎপাদন শুরু হয়?

উত্তর: ১৮৫৭ সালে; সিলেটের মালনীছড়ায়

ঘ) পূর্ণরূপ লিখুন: RADAR

উত্তর: Radio Detection And Ranging

ঙ) বিশ্বে সর্বপ্রথম কোন দেশে জাতীয় পতাকার প্রচলন হয়?

উত্তর: ডেনমার্ক

চ) ওয়াইজ ম্যান অব ওল্ড কাকে বলা হয়?

উত্তর: সক্রেটিস, প্লেটো ও এরিস্টটল এ তিনজনকে ওয়াইজ ম্যান অব ওল্ড (Wise men of the old) বলা হয়।

ছ) কর্কটক্রান্তি রেখা বাংলাদেশের কোন জেলার উপর দিয়ে গেছে?

উত্তর: মুন্সীগঞ্জ

জ) ওয়াই ম্যাক্স কী?

উত্তর: WiMAX (Worldwide Interoperability for Microwave Access) হলো একটি তারবিহীন ব্রডব্যান্ড প্রযুক্তি, যা দূরত্বে উচ্চগতির ইন্টারনেট সংযোগ প্রদান করে।

ঝ) বাংলাদেশের সীমান্তবর্তী জেলা কয়টি?

উত্তর: ৩২টি

৪৮৮

বাংলাদেশ সুপ্রীম কোর্ট
অফিস সহকারী

সময়: ৯০ মি | তারিখ: ২৩-০৫-২৫ | মান: ৭০

বাংলা-২০ (১০+৫+৫)

০১। **বাংলা ব্যাকরণ:**

ক) সন্ধি বিচ্ছেদ করুন: অন্তর্ধান।
উত্তর: অন্তঃ + ধান

খ) সমাস নির্ণয় করুন: পণ্ডিতমূর্খ।
উত্তর: পণ্ডিত হয়েও যিনি মূর্খ = বহুব্রীহি

গ) এক কথায় প্রকাশ করুন: যে পুরুষের স্ত্রী বিদেশে থাকে।
উত্তর: প্রোষিতপত্নীক

ঘ) বাগধারাটির অর্থ লিখুন: কেঁচো গণ্ডুষ।
উত্তর: পুনরায় আরম্ভ করা

ঙ) বিপরীত শব্দ লিখুন: উৎকর্ষ।
উত্তর: অপকর্ষ

চ) সমুচ্চারিত শব্দ দ্বারা বাক্য গঠন করুন। কুট, কূট।
উত্তর: কুট = তিনি নতুন কুট ঘর তৈরি করেছে।
কূট = এই সমস্যার কূট বিশ্লেষণ দরকার

ছ) বিশেষণ শব্দে রূপান্তর করুন: অরণ্য
উত্তর: আরণ্যক

জ) কারক ও বিভক্তি নির্ণয় করুন। গাড়ি স্টেশন ছাড়ে।
উত্তর: অপাদান কারকে শুন্য বিভক্তি

ঝ) সঠিক বানান লিখুন। সাজুজ্য।
উত্তর: সাযুজ্য

ঞ) কর্তৃবাচ্য থেকে ভাববাচ্যে পরিবর্তন করুন। তোমরা কখন এলে?
উত্তর: তোমাদের কখন আসা হলো?

০২। **সংক্ষেপে উত্তর লিখুন:**

ক) কবি কাজী নজরুল ইসলামকে বাংলাদেশের জাতীয় কবি হিসেবে আনুষ্ঠানিক স্বীকৃতি দিয়ে সরকার কত তারিখে প্রজ্ঞাপন জারি করে?
উত্তর: ১৫ ডিসেম্বর ২০২৪

খ) কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরকে বিশ্বকবি উপাধি দিয়েছিলেন কে?
উত্তর: ব্রহ্মবান্ধব উপাধ্যায়

গ) 'সোজন বাদিয়ার ঘাট' এর লেখক কে?
উত্তর: জসীমউদদীন

ঘ) বাংলা একাডেমি কত সালে প্রতিষ্ঠিত হয়?
উত্তর: ৩ডিসেম্বর ১৯৫৫

ঙ) মানিক বন্দোপাধ্যায় রচিত পদ্মানদীর মাঝি উপন্যাসের প্রধান চরিত্রের নাম কী?
উত্তর: কুবের

০৩। **ভাব-সম্প্রসারণ করুন: দাও ফিরে সে অরণ্য, লও এ নগর।**

দাও ফিরে সে অরণ্য, লও এ নগর।

মূল ভাব: এই বাক্যটি রবীন্দ্রনাথ ঠাকুরের একটি কবিতার অংশ, যেখানে কবি প্রকৃতির সঙ্গে মানুষের সহজ, স্বাভাবিক ও শান্তিপূর্ণ জীবন ফিরে পেতে চান। তিনি যান্ত্রিক নগরজীবনের কৃত্রিমতা ও অবসাদ ছেড়ে প্রাকৃতিক জীবনের সরলতা ও প্রশান্তি কামনা করছেন।

ভাব-সম্প্রসারণ: আধুনিক সভ্যতার নগর জীবন মানুষকে যন্ত্রে পরিণত করেছে। এখানে মানুষের জীবন কৃত্রিম, ব্যস্ত ও আত্মকেন্দ্রিক। প্রকৃতি থেকে বিচ্ছিন্ন এই জীবন মানসিক শান্তি ও আনন্দ থেকে বঞ্চিত। মানুষ এখানে প্রতিনিয়ত প্রতিযোগিতা, ক্লান্তি ও অস্থিরতার মধ্যে বসবাস করে। কবি এই যান্ত্রিক নগরজীবনের পরিবর্তে চেয়েছেন প্রকৃতির কোলে ফিরে যেতে–সেই সবুজ অরণ্যে, যেখানে জীবন ছিল সহজ, শান্ত এবং নির্মল। অরণ্যজীবনে ছিল প্রকৃতির সঙ্গে মানুষের মেলবন্ধন, ছিল প্রাণের ছোঁয়া, ছিল সজীবতা ও মানবিকতা।

এই পঙক্তিতে কবি যেন আহ্বান জানাচ্ছেন–
"আমাকে দাও সেই স্বতঃস্ফূর্ত, সজীব প্রকৃতিজীবন;
নিয়ে যাও এই নিষ্প্রাণ, কৃত্রিম নগরজীবন।"

সারাংশ: এই পঙক্তির মাধ্যমে কবি প্রকৃতির সহজ-সরল জীবন ফিরে পেতে চান এবং যান্ত্রিক নগরসভ্যতার কৃত্রিমতা ত্যাগ করতে আহ্বান জানান।

ইংরেজি-২০ (৫+১০+৫)

০৪। **Translate into English:**

ক) মিলন সাইদের চেয়ে দশ বছরের বড়।
⇨ Milon is senior to Sayed by ten years

খ) ভাগ্যের লিখন না যায় খণ্ডন।
⇨ What is done can't be undone.

গ) দুইটি বই এর মধ্যে আমার বইটিতে ভুল কম।
⇨ Of the two books, my book has fewer mistakes.

ঘ) সে জুনের মাঝামাঝি এখানে পৌঁছে যাবে।
⇨ He will arrive here in mid-June.

ঙ) এখন সকাল ১০টা বেজে ১০ মিনিট।
⇨ Now, it is 10 minutes past 10 am

০৫। **Grammar and literature:**

a) Correct the sentence: There are oasis in the desert.
Answer: There are oases in the desert.

b) Complete the sentence with the right form of verb: Not only Alex but also his friends.....buying books.

Answer: are

c) Fill in the gap: His father is..... L.L.B.

Answer: an

d) Make a sentence with the idiom: Tooth and nail.

Answer: He fought **tooth and nail** to save his reputation.

e) What is the noun form of the word 'negative'?

Answer: negativity

f) Change the voice: Will he be teaching me?

Answer: Will I be being taught by him?

g) Write sentences with the words:

i) Eminent, ii) Imminent.

Answer:

i) **Eminent** – Dr. Yunus is an **eminent** economist known worldwide.

ii) **Imminent** – A storm is **imminent**, so we should stay indoors.

h) Complete the sentence: No sooner had he reached the school..... he met him.

Answer: than

i) Who is the writer of 'War and Peace"?

Answer: Leo Tolstoy

j) Who is the writer of "The Adventures of Huckleberry Finn'?

Answer: Mark Twain

০৬। **Suppose you are working as an Office Assistant in the High Court Division. Write an application for leave in advance to the Registrar, High Court Division without mentioning your real name and address.**

Answer:

To

The Registrar

High Court Division

Supreme Court of Bangladesh

Dhaka

Subject: Application for Leave in Advance

Sir,

With due respect, I would like to inform you that I am an Office Assistant in your esteemed office. I humbly seek your kind permission to grant me leave in advance from 25 May 2025 to 28 May 2025 due to some unavoidable personal reasons. I shall be grateful if you kindly consider my request and allow me the said leave. During my absence, I shall ensure that all necessary duties are managed properly and no disruption occurs in official work.

I, therefore, pray and hope that you would be kind enough to grant me leave for the mentioned period and oblige thereby.

Yours obediently,

Md. Mizan
Office Assistant
High Court Division

গণিত-১৫ (৫+৫+৫)

০৭। **২০ মিটার দীর্ঘ একটি কামরার মেঝে কার্পেট দিয়ে ঢাকতে ৭৫০০ টাকা খরচ হয়। যদি ঐ কামরাটির প্রস্থ ৪ মিটার কম হতো, তবে ৬০০০ টাকা খরচ হতো। কামরাটির প্রস্থ কত?**

সমাধান কামরার দৈর্ঘ্য ২০ মিটার। প্রস্থ ৪ মিটার কমলে ক্ষেত্রফল কমে (২০ মিটার × ৪ মিটার) = ৮০ বর্গমিটার

ক্ষেত্রফল ৮০ বর্গমিটার কমার জন্য খরচ কমে (৭৫০০–৬০০০) টাকা

= ১৫০০ টাকা

১৫০০ টাকা খরচ হয় ৮০ বর্গমিটারে

১ " " " $\frac{৮০}{১৫০০}$ "

৭৫০০ " " " $\frac{৮০ \times ৭৫০০}{১৫০০}$ "= ৪০০ বর্গমিটার

অতএব, কামরার ক্ষেত্রফল ৪০০ বর্গমিটার

∴ কামরাটির প্রস্থ = $\frac{\text{ক্ষেত্রফল}}{\text{দৈর্ঘ্য}} = \frac{৪০০}{২০}$ মিটার= ২০ মিটার

∴ কামরাটির প্রস্থ ২০ মিটার।

উত্তর: ২০ মিটার

০৮। **বর্তমানে বাবার বয়স ছেলের বয়সের তিনগুণ। বর্তমানে ছেলের বয়স ১০ বছর হলে ৫ বছর পর তাদের বয়সের অনুপাত কত হবে?**

সমাধান ছেলের বর্তমান বয়স ১০ বছর

∴ বাবার বর্তমান বয়স ১০ × ৩ = ৩০ বছর

৫ বছর পর ছেলে ও বাবার বয়সের অনুপাত হবে=১৫ঃ৩৫

=৩ঃ৭

উত্তর: ছেলে ও বাবার বয়সের অনুপাত ৩ ঃ ৭

০৯। সরল করুনঃ $\frac{x-y}{xy}+\frac{y-z}{yz}-\frac{z-x}{zx}$

সমাধান: $\frac{x-y}{xy}+\frac{y-z}{yz}-\frac{z-x}{zx}$

$=\frac{z(x-y)+x(y-z)-y(z-x)}{xyz}$

$=\frac{zx-yz+xy-zx-yz+xy}{xyz}$

$=\frac{2xy-2yz}{xyz}$

$=\frac{2y(x-z)}{xyz}$

$=\frac{2(x-z)}{xz}$ (Answer)

সাধারণ জ্ঞান-১৫

১০। সংক্ষেপে উত্তর লিখুন:

ক) পাহাড়পুর বৌদ্ধবিহার কোন উপজেলায় অবস্থিত?

উত্তর: বদলগাছী উপজেলা, নওগা

খ) 'ওয়াটার লু' কোন দেশে অবস্থিত?

উত্তর: বেলজিয়াম

গ) উইঘুর সম্প্রদায় চীনের কোন প্রদেশে বসবাস করে?

উত্তর: শিনচিয়াং/জিনজিয়াং

ঘ) বিশ্বব্যাংক এর কোন অঙ্গ সংগঠনটি 'Soft loan window' নামে পরিচিত?

উত্তর: IDA

ঙ) বিজ্ঞানী আলফ্রেড নোবেল কোন বিষয়ে নোবেল পুরস্কার প্রবর্তন করে যাননি?

উত্তর: অর্থনীতি

চ) HTML এর পূর্ণরূপ কী?

উত্তর: Hypertext Markup Language

ছ) বিজ্ঞানী নিউটন কত সালে মহাকর্ষ বলের সূত্র প্রকাশ করেন?

উত্তর:১৬৮৭ সালে

জ) বেলফোর ঘোষণার বেলফোর কে ছিলেন?

উত্তর: আর্থার জেমস বেলফোর

ঝ) গভর্নর হাউজের নাম পরিবর্তন করে কত সালে বঙ্গভবন করা হয়?'

উত্তর: ২৩ ডিসেম্বর, ১৯৭১

ঞ) বাংলাদেশ কত সালে প্রথম টেস্ট সিরিজ জয়লাভ করে?

উত্তর: ২০০৫ সালে

ট) বাংলাদেশের প্রধান বিচারপতি ড. সৈয়দ রেফাত আহমেদ কত তারিখে বাংলাদেশের প্রধান বিচারপতি হিসেবে শপথ গ্রহণ করেন?

উত্তর: ১১ আগস্ট, ২০২৪

ঠ) জাতিসংঘের মহাসচিব আন্তোনিও গুতেরেস কত তারিখে কক্সবাজারের রোহিঙ্গা ক্যাম্প পরিদর্শন করেন?

উত্তর: ১৪ মার্চ, ২০২৫

ড) সংবিধান রচনা কমিটির একমাত্র নারী সদস্য কে ছিলেন?

উত্তর: রাজিয়া বানু

ঢ) ২০২৫ সালে কোন বিদেশী নাগরিককে বাংলাদেশের সম্মানসূচক নাগরিকত্ব প্রদান করা হয়?

উত্তর: কিহাক সাং

৭) পাটের জিন বিন্যাস কে আবিষ্কার করেন?

উত্তর: ড. মাকসুদুল আলম

৪৮৯

সিভিল সার্জনের কার্যালয়, ফরিদপুর

স্বাস্থ্য সহকারী

সময়:	৯০ মি	তারিখ:	২৩-০৫-২৫	মানঃ	৮০

০১। সন্ধি বিচ্ছেদ করুন:

ক) বিদ্যালয় = বিদ্যা + আলয়

খ) নায়ক = নৈ + অক

গ) রবীন্দ্র = রবি + ইন্দ্র

ঘ) পদ্ধতি = পদ্+ হতি

০২। বিপরীত শব্দ নির্ণয় করুন:

প্রদত্ত শব্দ	বিপরীত শব্দ
প্রাচীন	অর্বাচীন
ভালোবাসা	ঘৃণা
অম্ল	মধুর
উত্থান	পতন
ঈষৎ	অধিক

০৩। ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করুন:

ক) মৃগশিশু = মৃগের শিশু -৬ষ্ঠী তৎপুরুষ

খ) নদীমাতৃক = নদী মাতা যার -বহুব্রীহি

গ) পথভ্রষ্ট = পথ থেকে ভ্রষ্ট -৫মী তৎপুরুষ

ঘ) চন্দ্রমুখ = মুখ চন্দ্রের ন্যায় -উপমিত কর্মধারয়

ঙ) পঙ্কজ = পঙ্কে জন্মে যে -উপপদ তৎপুরুষ

০৪। এক কথায় প্রকাশ করুন:

ক) দুই হাত সমান চলে যার = সব্যসাচী
খ) ঐতিহাসিক কালের পূর্ববর্তী = প্রাগৈতিহাসিক
গ) আকাশে উড়ে যে = খেচর
ঘ) জয় করিবার ইচ্ছা = জিগীষা
ঙ) যে নারীর বিবাহ হয়নি = কুমারী

০৫। শুদ্ধ বানা নির্ণয় করুন:

শুদ্ধ	অশুদ্ধ
পীপিলিকা	পিপীলিকা
সাস্থ্য	স্বাস্থ্য
মুমুর্ষু	মুমূর্ষু
শ্রদ্ধাঞ্জলী	শ্রদ্ধাঞ্জলি
শুণ্য	শূন্য

০৬। Fill in the blanks with preposition:

a) Call me..... you leave.
Answer: before
b) He climbed..... the mountain.
Answer: up
c) The train is..... to start.
Answer: about
d) What is the time..... your watch.
Answer: by
e) The dog jump..... the wall.
Answer: over

০৭। Change the voice

a) Take care of your health.
⇨ Let your health be taken care of.
b) I know the man.
⇨ The man is known to me.
c) We made him captain.
⇨ He was made captain by us.
d) Honey tastes sweet.
⇨ Honey is tasted sweet./ Honey is sweet when it is tasted.
e) Change the voice.
⇨ Let the voice be changed.

০৮। Answer the correct article:

a) He is..... one eyed man.
Answer: a
b) He is doing..... activity.
Answer: an
c) ..... rich are not always happy.
Answer: The
d) She has..... pet dog.
Answer: a
e) Mr. John is ..... European.
Answer: a

০৯। Translate into English:

ক) সূর্য পূর্ব দিকে উদিত হয়
⇨ The sun rises in the east
খ) রোগী ব্যাথায় কষ্ট পাচ্ছে।
⇨ The patient is suffering from pain.
গ) ওয়াশিংটন আমেরিকার রাজধানী
⇨ Washington is the capital of America.
ঘ) ইচ্ছা থাকলে উপায় হয়
⇨ Where there is a will, there is a way.
ঙ) ফরিদপুর পদ্মা নদীর তীরে অবস্থিত।
⇨ Faridpur stands on the bank of Padma River.

১০। Write a paragraph on "Upazila Health Complex"

১১। উৎপাদকে বিশ্লেষণ করুন: $4a^4 - 4a^2 + 9$

সমাধান $4a^4 - 4a^2 + 9$
$= (2a^2)^2 - 2.2a^2.3 + 3^2 - 16a^2$
$= (2a^2 + 3)^2 - (4a)^2$
$= (2a^2 + 3 + 4a)(2a^2 + 3 - 4a)$
$= (2a^2 + 4a + 3)(2a^2 - 4a + 3)$ (Answer)

১২। মান নির্ণয় করুন: $2x + \frac{2}{x} = 3$ হলে, $x^2 + \frac{1}{x^2}$ এর মান কত?

সমাধান দেওয়া আছে, $2x + \frac{2}{x} = 3$

বা, $2\left(x + \frac{1}{x}\right) = 3$

বা, $x + \frac{1}{x} = \frac{3}{2}$

বা, $\left(x + \frac{1}{x}\right)^2 = \left(\frac{3}{2}\right)^2$ [উভয়পক্ষকে বর্গ করে]

বা, $(x)^2 + 2.x.\frac{1}{x} + \left(\frac{1}{x}\right)^2 = \frac{9}{4}$

বা, $x^2 + 2 + \frac{1}{x^2} = \frac{9}{4}$

বা, $x^2+\frac{1}{x^2}=\frac{9}{4}-2$

বা, $x^2+\frac{1}{x^2}=\frac{9-8}{4}$

$\therefore x^2+\frac{1}{x^2}=\frac{1}{4}$ (Answer)

বিকল্প সমাধান:

দেওয়া আছে, $2x+\frac{2}{x}=3$

বা, $2\left(x+\frac{1}{x}\right)=3$

$\therefore x+\frac{1}{x}=\frac{3}{2}$

প্রদত্ত রাশি $=x^2+\frac{1}{x^2}$

$=\left(x+\frac{1}{x}\right)^2-2.x.\frac{1}{x}$

$=\left(\frac{3}{2}\right)^2-2$

$=\frac{9}{4}-2$

$=\frac{9-8}{4}$

$=\frac{1}{4}$ (Answer)

১৩। একটি ঘড়ি ৪৫০ টাকায় বিক্রয় করলে ১০% ক্ষতি হয়। কত টাকায় বিক্রয় করলে ১০% লাভ হবে।

সমাধান ১০% ক্ষতিতে বিক্রয়মূল্য (১০০ − ১০) = ৯০ টাকা

বিক্রয়মূল্য ৯০ টাকা হলে ক্রয়মূল্য ১০০ টাকা

$\therefore$ " ১ " " " $\frac{১০০}{৯০}$ "

$\therefore$ " ৪৫০ " " " $\frac{১০০\times৪৫০}{৯০}$ "

$=৫০০$ টাকা

আবার, ১০% লাভে, বিক্রয়মূল্য=(১০০+১০)=১১০ টাকা

এখন, ক্রয়মূল্য ১০০ টাকা হলে বিক্রয়মূল্য = ১১০ টাকা

$\therefore$ " ১ " " " $=\frac{১১০}{১০০}$ "

$\therefore$ " ৫০০ " " " $=\frac{১১০\times৫০০}{১০০}$ "

$=৫৫০$ টাকা

উত্তর: ৫৫০ টাকা।

১৪। নিচের প্রশ্নগুলোর উত্তর দিন:

ক) EPI এর পূর্ণ নাম লিখুন?

উত্তর: Expanded Programme on Immunization

খ) LED এর পূর্ণ নাম লিখুন?

উত্তর: Light Emitting Diode

গ) EPI কর্মসূচী কত সাল থেকে শুরু হয়?

উত্তর: ১৯৭৯

ঘ) পেরুর রাজধানীর নাম কী?

উত্তর: লিমা

ঙ) সোনার তরীর লেখক কে?

উত্তর: রবীন্দ্রনাথ ঠাকুর

চ) বিশ্ব স্বাস্থ্য দিবস কবে?

উত্তর: ৭ এপ্রিল

ছ) ভিটামিন এ এর অভাবে কি রোগ হয়?

উত্তর: রাতকানা

জ) মুক্তিযুদ্ধের কয়টি সেক্টর ছিল?

উত্তর: ১১টি

ঝ) জুলাই বিপ্লবের সর্বকনিষ্ঠ শহীন কে?

উত্তর: আব্দুল আহাদ

ঞ) ধলেশ্বরীর শাখা নদীর নাম কী?

উত্তর: বুড়িগঙ্গা

ট) সবচেয়ে বেশিবার ব্যালন ডি আর কে জিতেছেন?

উত্তর: লিওনেল মেসি (৮ বার)

ঠ) ইলিশ মাছে কোন উপকারী খাদ্য উপাদান থাকে?

উত্তর: ওমেগা থ্রি ফ্যাটি অ্যাসিড

ড) পাটের জিনোম কে আবিষ্কার করেন?

উত্তর: ড. মাকসুদুল আলম

ঢ) বাংলাদেশ কবে পোলিও মুক্ত হয়?

উত্তর: ২০১৪ সালে

ন) বিশ্ব স্বাস্থ্য সংস্থার সদর দপ্তর কোথায়?

উত্তর: জেনেভা, সুইজারল্যান্ড

৪৯০
বন অধিদপ্তর
বন প্রহরী

সময়: ৯০ মি | তারিখ: ২৪-০৫-২৫ | মান: ১০০

০১। **সন্ধি বিচ্ছেদ করুন:**
ক) উল্লাস = উৎ + লাস
খ) প্রত্যূষ = প্রতি + ঊষ
গ) পাবক = পৌ + অক
ঘ) ষড়ানন = ষট্ + আনন
ঙ) পদ্ধতি = পদ্+ হতি

০২। **ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করুন:**
ক) দেশে-বিদেশে = দেশে ও বিদেশে - দ্বন্দ্ব
খ) বিষাদসিন্ধু = বিষাদ রূপ সিন্ধু - রূপক কর্মধারয়
গ) ব্যথাতুর = ব্যাথায় আতুর - ৭মী তৎপুরুষ
ঘ) বিপত্নীক = বিগত পত্নী যার - বহুব্রীহি সমাস
ঙ) আমরা = তুমি, আমি ও সে - নিত্য সমাস

০৩। **কারক ও বিভক্তি নির্ণয় করুন:**
ক) কাননে কুসুম কলি সকলি ফুটিল। = অধিকরণে ৭মী
খ) গাঁয়ে মানে না আপনি মোড়ল। = কর্তায় ৭মী
গ) ট্রেনটি স্টেশন ছেড়ে গেল। = অপাদানে শূন্য
ঘ) গুরুজনে ভক্তি কর। = সম্প্রদানে ৭মী
ঙ) জিজ্ঞাসিবে জনে জনে। = কর্মে ৭মী

০৪। **এক কথায় প্রকাশ করুন:**
ক) উপকারীর অপকার করেন যিনি = কৃতঘ্ন
খ) জীবিত থেকেও যে মৃত = জীবন্মৃত
গ) ফল পাকলে যে গাছ মরে যায় = ওষধি
ঘ) অভিজ্ঞতার অভাব আছে যার = অনভিজ্ঞ
ঙ) যার উপস্থিত বুদ্ধি আছে = প্রত্যুৎপন্নমতি

০৫। **অর্থসহ বাক্য রচনা করুন:**
ক) ঢাকের কাঠি = মোসাহেব/ তোষামদে
খ) ব্যাঙের সর্দি = অসম্ভব ঘটনা
গ) আকাশ কুসুম = অসম্ভব কল্পনা
ঘ) ছকড়া নকড়া = সস্তা দর
ঙ) চাঁদের হাট = আনন্দের প্রাচুর্য

০৬। **শুদ্ধ বানান লিখুন:**

অশুদ্ধ	শুদ্ধ
মুমূর্ষু	মুমূর্ষু
দোষনীয়	দূষণীয়
কৃষিজিবি	কৃষিজীবী
হরিন	হরিণ
সমিচীন	সমীচীন

০৭। **Fill in the blanks :**
a) He died ..... cholera.
Answer: of
b) Rahim came to Dhaka..... foot.
Answer: on
c) I live..... Mirpur 10.
Answer: at
d) Morality is dying ..... gradually.
Answer: out
e) My father was working..... the garden.
Answer: in

০৮। **Change the voice:**
a) Never tell a lie.
⇨ Let not a lie ever be told.
b) Honey tastes sweet.
⇨ Honey is tasted sweet./
⇨ Honey is sweet when it is tasted.
c) Who will help me?
⇨ By whom will I be helped?
d) She is writing a letter.
⇨ A letter is being written by her
e) Do the work.
⇨ Let the work be done.

০৯। **Rewrite the following sentences using right form of verbs:**
a) I (open) the book already.
Answer: have opened
b) One of the boys (be) absent yesterday.
Answer: was
c) Start (write).
Answer: writing
d) He came here with a view to (help) me.
Answer: helping
e) Where they (go) yesterday?
Answer: did they go

১০। **Write the meaning of Phrases/Idioms and make sentences in English:**
a) By and Large = মোটামুটি/প্রধানতঃ
✍ By and large he gets a good salary.
b) Maiden speech = প্রথম বক্তৃ
✍ His maiden speech pleased all.
c) Pros and cons = খুঁটিনাটি
✍ I know the pros and cons of the matter
d) Get rid of = মুক্তি পাওয়া
✍ You should get rid of smoking.
e) Call to mind = স্মরণ করা
✍ I can not call to mind your name

১১। **Write the correct spelling:**

Incorrect	Correct
Acomodation	Accommodation
Chanceler	Chancellor
Afidavit	Affidavit
Defination	Definition
Resturent	Restaurant

১২। **Translate into English:**

ক) তিনি এক কথার মানুষ।

⇨ He is a man of word.

খ) ১০ টা বাজতে পনের মিনিট বাকি।

⇨ It is fifteen minutes to ten.

গ) আমার মাথায় কাজ করছে না।

⇨ My brain isn't working.

ঘ) আপনি কি একজন বেকার?

⇨ Are you an unemployed person?

ঙ) আজ বৃষ্টি হতে পারে।

⇨ It may rain today.

১৩। **লঞ্চ ও স্রোতের গতিবেগ যথাক্রমে ঘন্টায় ১২ কি.মি. ও ৪ কি.মি.। নদীপথে ৩২ কি.মি. অতিক্রম করে পুনরায় ফিরে আসতে কত সময় লাগবে?**

সমাধান স্রোতের অনুকূলে,

লঞ্চের কার্যকরী গতিবেগ = লঞ্চের প্রকৃত গতিবেগ + স্রোতের গতিবেগ

= (১২ + ৪) কি.মি./ঘণ্টা

= ১৬ কি.মি./ঘণ্টা

স্রোতের অনুকূলে, ১৬ কি.মি. যায় ১ ঘণ্টায়

১ " " $\frac{১}{১৬}$ "

৩২ " " $\frac{৩২}{১৬}$ " = ২ ঘণ্টা

স্রোতের প্রতিকূলে,

লঞ্চের কার্যকরী গতিবেগ = লঞ্চের প্রকৃত গতিবেগ − স্রোতের গতিবেগ

= (১২ − ৪) কি.মি./ঘণ্টা

= ৮ কি.মি./ঘণ্টা

স্রোতের প্রতিকূলে, ৮ কি.মি. যায় ১ ঘণ্টায়

১ " " $\frac{১}{৮}$ "

৩২ " " $\frac{৩২}{৮}$ " = ৪ ঘণ্টায়

∴ মোট সময় লাগে = (২ + ৪) ঘণ্টা

= ৬ ঘণ্টা

উত্তর: ৬ ঘণ্টা।

১৪। একটি ঘরের দৈর্ঘ্য প্রস্থের ৩ গুন। প্রতি বর্গমিটারে ৭.৫০ টাকা দরে ঘরটির মেঝে কার্পেট দিয়ে ঢাকতে মোট ১১০২.৫০ টাকা ব্যয় হয়। ঘরটির দৈর্ঘ্য ও প্রস্থ নির্ণয় করুন।

সমাধান ৭.৫০ টাকা খরচ হয় ১ বর্গমিটারে

১ " " " $\frac{১}{৭.৫০}$ "

∴ ১১০২.৫০ " " " $\frac{১ \times ১১০২.৫}{৭.৫০}$ "

= ১৪৭ বর্গমিটার

অর্থাৎ, ঘরের ক্ষেত্রফল ১৪৭ বর্গমিটার

মনে করি, প্রস্থ = ক মিটার ∴ দৈর্ঘ্য = ৩ক মিটার

∴ ক্ষেত্রফল = (দৈর্ঘ্য × প্রস্থ) বর্গ একক

= (৩ক × ক) বর্গমিটার = $৩ক^২$ বর্গমিটার

শর্তানুসারে, $৩ক^২ = ১৪৭$

বা, $ক^২ = \frac{১৪৭}{৩}$

বা, $ক^২ = ৪৯$

∴ $ক = \sqrt{৪৯} = ৭$

অতএব, প্রস্থ=৭ মিটার, এবং

দৈর্ঘ্য=(৩×৭)মিটার বা ২১ মিটার

উত্তর: দৈর্ঘ্য ২১ মিটার এবং প্রস্থ ৭ মিটার

১৫। প্রমাণ করুন যে, $(a+b)^4 - (a-b)^4 = 8ab(a^2+b^2)$

সমাধান $(a+b)^4 - (a-b)^4$

$= \{(a+b)^2\}^2 - \{(a-b)^2\}^2$

$= \{(a+b)^2 + (a-b)^2\}\ \{(a+b)^2 - (a-b)^2\}$

$= 2(a^2+b^2) \times 4ab \quad = 8ab(a^2+b^2)$

∴ $(a+b)^4 - (a-b)^4 = 8ab(a^2+b^2)$ (প্রমাণিত)

১৬। একটি নির্দিষ্ট স্থান থেকে দুইটি রাস্তা 120^0 কোণে চলে গেছে। দুইজন লোক ঐ নির্দিষ্ট স্থান থেকে যথাক্রমে ঘন্টায় 10 কিলোমিটার ও ঘন্টায় 8 কিলোমিটর বেগে বিপরীত দিকে রওনা হলো। 5 ঘন্টা পরে তাদের মধ্যে সরাসরি দূরত্ব নির্ণয় করুন।

সমাধান

মনে করি, A থেকে দুইজন লোক যথাক্রমে ঘন্টায় 10 কি. মি. ও ঘন্টায় 8 কি. মি. বেগে রওনা হয়ে 5 ঘন্টা পর B ও C বিন্দুতে এসে



পৌঁছাল। তাহলে 5 ঘণ্টা
পর তাদের মধ্যে সরাসরি
দূরত্ব হবে BC.
C থেকে BA বাহুর বর্ধিতাংশের ওপর CD লম্ব টানি।
তাহলে, AB= 5 × 10 কি. মি. = 50 কি. মি.
AC = 5 × 8 কি. মি. = 40 কি. মি.
∠BAC = 120°
অতএব, ∠CAD = 60°
এখন, ACD সমকোণী ত্রিভুজ থেকে পাই,

$$\frac{CD}{AC} = \sin 60°$$

$$\therefore CD = AC.\sin 60° = 40 \times \frac{\sqrt{3}}{2} = 20\sqrt{3}$$

এবং $\frac{AD}{AC} = \cos 60°$

$$\therefore AD = AC\cos 60° = 40 \times \frac{1}{2} = 20$$

অতএব, BCDসমকোণী ত্রিভুজ থেকে পাই,

$$BC^2 = BD^2 + CD^2 = (BA + AD)^2 + CD^2$$
$$= (50 + 20)^2 + (20\sqrt{3})^2$$
$$= 4900 + 1200$$
$$= 6100$$
$$=$$

$$\therefore BC = \sqrt{6100} = 78.1 \text{ (প্রায়)}$$

অতএব, দুইজন লোকের মধ্যে সরাসরি দূরত্ব 78.1 কি. মি. (প্রায়)
উত্তর: 78.1 কি.মি (প্রায়)

সাধারণ জ্ঞান

১৭। বাংলাদেশে মুক্ত বাজার অর্থনীতি কত সালে চালু হয়?
উত্তর: ১ জানুয়ারি ১৯৯১

১৮। সংবিধানের কোন অনুচ্ছেদে পরিবেশ, বন ও জীববৈচিত্র্য সংরক্ষণ ও উন্নয়নের কথা বলা হয়েছে?
উত্তর: ১৮(ক)

১৯। পৃথিবীর একক বৃহত্তম ম্যানগ্রোভ বন কোনটি?
বা, $8x = 24$

বা, $x = 3$

$\therefore x + 4 = 3 + 4 = 7$

$\therefore \frac{x}{x+4} = \frac{3}{7}$

$\therefore$ ভগ্নাংশটি $\frac{3}{7}$

উত্তর: $\frac{3}{7}$

১০। একটি গাছের উচ্চতা 105 মিটার। গাছটির শীর্ষ ভূমির কোনো বিন্দুতে উন্নতি কোণ 60° তৈরি করলে, গাছটির গোড়া থেকে ভূতলস্থ বিন্দুটির দূরত্ব নির্ণয় কর।

সমাধান



মনে করি, গাছের গোড়া থেকে ভূতলস্থ বিন্দুটির দূরত্ব BC = x মিটার, গাছের উচ্চতা AB = 105 মিটার এবং C বিন্দুতে গাছটির শীর্ষ A বিন্দুর উন্নতি $\angle ACB = 60°$

সমকোণী ΔABC থেকে পাই, $\tan\angle ACB = \frac{AB}{BC}$

বা, $\tan 60° = \frac{105}{x}$

বা, $\sqrt{3} = \frac{105}{x}$ [$\because \tan 60° = \sqrt{3}$]

বা, $\sqrt{3}x = 105$

বা, $x = \frac{105}{\sqrt{3}}$

বা, $x = \frac{105\sqrt{3}}{3}$

বা, $x = 35\sqrt{3}$ $\therefore x = 60.622$ (প্রায়)

$\therefore$ গাছটির গোড়া থেকে ভূতলস্থ বিন্দুটির দূরত্ব 60.62 মিটার (প্রায়)

উত্তর: 60.62 মিটার (প্রায়) বা,

১১. সমাধান করুনঃ $\frac{6x+1}{15} - \frac{2x-4}{7x-1} = \frac{2x-1}{5}$

সমাধান $\frac{6x+1}{15} - \frac{2x-4}{7x-1} = \frac{2x-1}{5}$

বা, $\frac{6x+1}{15} - \frac{2x-1}{5} = \frac{2x-4}{7x-1}$

বা, $\frac{6x+1-6x+3}{15} = \frac{2x-4}{7x-1}$

বা, $\frac{4}{15} = \frac{2x-4}{7x-1}$

বা, $30x - 60 = 28x - 4$

বা, $2x = 56$

$\therefore x = 28$ (Answer)

সাধারণ জ্ঞান-১৫

১২.

ক) টিভির রিমোট কন্ট্রোলে কোন তরঙ্গ ব্যবহার হয়?
উত্তর: ইনফ্রারেড/ অবলোহিত রশ্মি

খ) পানিতে আংশিক ডুবানো লাঠি বাঁকা দেখায় কেন?
উত্তর: আলোর প্রতিসরণের জন্য

গ) 'জুলাই অনির্বাণ' কি?
উত্তর: ছাত্র-জনতার অভ্যুত্থান ও আত্মত্যাগ নিয়ে নির্মিত ভিডিওচিত্র। ২১ নভেম্বর, ২০২৪ ভিডিওচিত্রটি প্রকাশ করা হয়।

ঘ) বাংলায় 'ঠাকুর' শব্দটি তুর্কি কোন শব্দ থেকে এসেছে?
উত্তর: তিগির/তাগরি

ঙ) কে কবে ৫ আগস্টের অভ্যুত্থানকে 'মনসুন অভ্যুত্থান' হিসেবে আখ্যায়িত করেন?
উত্তর: ড. মুহাম্মদ ইউনূস; ২৭ সেপ্টেম্বর ২০২৪

চ) ফিলিস্তিন যুদ্ধে আলোচিত 'রাফা ক্রসিং' কোন দেশের সীমান্তে অবস্থিত?
উত্তর: মিশর ও ফিলিস্তিন

ছ) স্থানীয় সরকার সংস্কার কমিশনের প্রধান কে?
উত্তর: অধ্যাপক তোফায়েল আহমেদ

জ) আউশ ধান রোপণ করা হয় ইংরেজি কোন কোন মাসে?

ঝ) বিশ্ব মানসিক স্বাস্থ্য দিবস কবে?
উত্তর: ১০ অক্টোবর

ঞ) রোম নগরী প্রতিষ্ঠা করেন কে?
উত্তর: লাতিন রাজা রোমিউলাস

ট) ISPR এর পূর্ণরূপ কি?
উত্তর: Inter-Services Public Relations

ঠ) মুক্তিযুদ্ধ ভিত্তিক উপন্যাস 'দুই সৈনিক' কার লেখা?
উত্তর: শওকত ওসমান

ড) ম্যানোমিটার কি?
উত্তর: গ্যাসের চাপ নির্ণয়ক যন্ত্র

ঢ) ফিল্যাটেলি কি সম্পর্কিত বিদ্যা?
উত্তর: ডাকটিকেট সম্বন্ধীয় বিদ্যা

ণ) কোন যুদ্ধের ভয়াবহতা দেখে সম্রাট অশোক বৌদ্ধ ধর্ম গ্রহণ করেন?
উত্তর: কলিঙ্গ যুদ্ধ

৫০০
বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ
সাঁটলিপিকার-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক

সময়: ৯০ মি | তারিখ: ৩১-০৫-২৫ | মান: ৭০

বাংলা- ২০

০১। এক কথায় প্রকাশ করুনঃ
ক) যা নিন্দার যোগ্য নয় = অনিন্দ্য/ অনিন্দনীয়
খ) গোপন করার ইচ্ছা = জুগুপ্সা
গ) যিনি ভাল ব্যাকরণ জানেন = বৈয়াকরণ
ঘ) অকালে যাকে জাগরণ করা হয় = অকালবোধন
ঙ) দাঁতে বিষ যার = আশীবিষ

০২। অর্থসহ বাক্য রচনা করুনঃ
ক) উলুখাগড়া = গুরুত্বহীন লোক
খ) সপ্তমে চড়া = প্রচন্ড উত্তেজনা
গ) নিরানব্বইয়ের ধাক্কা = সঞ্চয়ের প্রবৃত্তি
ঘ) কাক ভূষণ্ডি = দীর্ঘজীবী
ঙ) হাতভারী = কৃপণ

০৩। বিপরীত শব্দ লিখুনঃ

প্রদত্ত শব্দ	বিপরীত শব্দ
তির্যক	সরল
আশু	বিলম্ব
সহোদর	বৈমাত্রেয়
তামসিক	রাজসিক
চপল	গম্ভীর

০৪। নিচের বানানগুলো শুদ্ধ করুনঃ

অশুদ্ধ	শুদ্ধ
দোষনীয়	দূষণীয়
আদ্যোক্ষর	আদ্যাক্ষর
মনীশী	মনীষী
মুহুর্মুহ	মুহুর্মুহু
শিরোচ্ছেদ	শিরশ্ছেদ

ইংরেজী - ২০

০৫। Translate into English:
ক) সে অনেক কথা।
⇨ It is a long story
খ) লোকটির কান পাতলা।
⇨ The man is credulous
গ) গাছটিতে ফুল ধরেছে।
⇨ The tree is in bloom/flower.
ঘ) আমার ক্ষুধা নেই।
⇨ I have no appetite
ঙ) গুজবে কান দেওয়া উচিৎ নয়।
⇨ One should not give ear to rumour.

০৬। Correct the following sentences:
ক) Each boys have done this
⇨ Each boy has done this
খ) I am not in the committee.
⇨ I am not on the committee.
গ) I do not know nothing.
⇨ I do not know anything.
ঘ) Myself and he went out.
⇨ He and I went out.
ঙ) Did you finish the work yet?
⇨ Have you finished the work yet?

০৭। Write word meaning and make sentence:
a) Soft soap = মন ভুলানো কথ
✍ Never believe in other's soft soap.
b) Wild goose chase = পণ্ডশ্রম
✍ Do not waste time in wild goose chase

c) Ten to one = খুব সম্ভবত

✍ Ten to one they'll lose.

d) Moot point = অমীমাংসিত বিষয়

✍ Dowry system is still a moot point in Bangladesh

e) Pan the buck = নিজের দোষ অন্যের উপর চাপানো

✍ Don't pan the buck.

০৮. Correct the following words:

Incorrect	Correct
Scizophrenia	Schizophrenia
Blusphamy	Blasphemy
Misschivous	Mischievous
Razzmataz	Razzmatazz
Gilotine	Guillotine

গণিত - ১৫

০৯। একটি বইয়ের মূল্য ২৪ টাকা। এই মূল্য বই তৈরির ব্যয়ের ৮০%। বাকি মূল্য সরকার ভর্তুকি দিয়ে থাকেন। সরকার প্রতি বইয়ে কত টাকা ভর্তুকি দেন?

সমাধান মনে করি, বইটির প্রকৃত মূল্য x টাকা

প্রশ্নমতে, x এর 80% = 24

বা, $\frac{80x}{100} = 24$

বা, $80x = 2400$

বা, $x = \frac{2400}{80}$

$\therefore x = 30$

সুতরাং, বই এর প্রকৃত মূল্য 30 টাকা

মূল্য ধরা হয়েছে 24 টাকা

ভর্তুকি দেন = (30 – 24) = 6 টাকা

উত্তর : 6 টাকা।

১০। একজন দোকানদার ক্রয়মূল্যের থেকে ৩৫% বেশি মূল্য নির্ধারণ করেন। ৮% লাভ করতে চাইলে তিনি শতকরা কত কমিশন দিতে পারবেন?

সমাধান

৩৫% বেশিতে বিক্রয়মূল্য = ১০০+ ৩৫ = ১৩৫ টাকা

৮% লাভে বিক্রয়মূল্য = ১০০ + ৮ = ১০৮ টাকা

কমিশন দিতে হবে = ১৩৫ - ১০৮ = ২৭ টাকা

১৩৫ টাকায় কমিশন দেয় ২৭ টাকা

১ " " " $\frac{২৭}{১৩৫}$ "

১০০ " " " $\frac{২৭\times১০০}{১৩৫}$ "

= ২০ টাকা

উত্তর: ২০%

১১। প্রমাণ করুন যে, $(a+b)^4 - (a-b)^4 = 8ab(a^2+b^2)$

সমাধান $(a+b)^4 - (a-b)^4$

$= \{(a+b)^2\}^2 - \{(a-b)^2\}^2$

$= \{(a+b)^2 + (a-b)^2\}\{(a+b)^2 - (a-b)^2\}$

$= 2(a^2+b^2) \times 4ab$

$= 8ab(a^2+b^2)$

$\therefore (a+b)^4 - (a-b)^4 = 8ab(a^2+b^2)$ (প্রমাণিত)

সাধারণ জ্ঞান-১৫

১২। নিচের প্রশ্নগুলোর উত্তর দিন:

ক) "ষোল নয় আমাদের মাতৃভাষার ষোলশত রূপ" উক্তিটি কার?

উত্তর: মুনীর চৌধুরী

খ) Wifi এর জনক কে?

উত্তর: ভিক হেইস

গ) ইনকা সভ্যতার বিলুপ্তি ঘটে কত শতাব্দীতে?

উত্তর: ষোড়শ শতাব্দীতে

ঘ) বাণভট্ট কার সভাকবি ছিলেন?

উত্তর: হর্ষবর্ধন

ঙ) ১৯৪৭ সালের সীমানা কমিশন কি নামে পরিচিত?

উত্তর: র‍্যাডক্লিফ

চ) ট্রয় নগরীর বর্তমান অবস্থান কোন দেশে?

উত্তর: তুরস্ক

ছ) 'Art of triumph' সংকলন গ্রন্থের বিষয়বস্তু কি?

উত্তর: ২০২৪ এর জুলাই বিপ্লব চলাকালে এবং পরবর্তীতে শিক্ষার্থীদের আঁকা বর্ণিল ও বৈচিত্র্যময় গ্রাফিতি চিত্রের একটি সংকলন।

জ) বাংলাদেশে রাষ্ট্রীয় বনভূমি নেই কতটি জেলায়?

উত্তর: ২৯টি

ঝ) সংবিধান সংস্কার কমিশনের প্রধান কে?

উত্তর: অধ্যাপক আলী রীয়াজ

ঞ) 'ব্লু লাইন' কোন দেশ দুটিকে পৃথক করেছে?

উত্তর: লেবানন ও ইসরাইল

ট) মুক্তিযুদ্ধভিত্তিক কবিতা 'বাংলা ছাড়ো' কার লেখা?

উত্তর: সিকান্দার আবু জাফর

ঠ) 'বড়কাটরা' এর নির্মাতা ছিলেন কোন মোঘল শাসক?

উত্তর: শাহ সুজা

ড) 'গোয়ের্নিকা' চিত্রটির চিত্রকর কে?

উত্তর: পাবলো পিকাসো

ঢ) সেরিকালচার কি সংক্রান্ত বিদ্যা?

উত্তর: রেশম চাষ

ণ) সর্বমোট কয়টি বিষয়ে নোবেল পুরস্কার দেওয়া হয়?

উত্তর: ৬টি (শান্তি, সাহিত্য, চিকিৎসাবিজ্ঞান, পদার্থবিজ্ঞান, রসায়ন, অর্থনীতি)

৫০১

প্রাণিসম্পদ অধিদপ্তর

অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক

সময়: ৯০ মি | তারিখ: ২০-০৬-২৫ | মান: ৯০

বাংলা

০১। **অনুচ্ছেদ লিখুন: কৃত্রিম বুদ্ধিমত্তা**

কৃত্রিম বুদ্ধিমত্তা

কৃত্রিম বুদ্ধিমত্তা (Artificial Intelligence বা AI) হলো এমন একটি প্রযুক্তি, যার মাধ্যমে যন্ত্র বা কম্পিউটার মানুষের মতো চিন্তা করতে, সিদ্ধান্ত নিতে এবং কাজ সম্পাদন করতে সক্ষম হয়। এটি আধুনিক বিজ্ঞান ও তথ্যপ্রযুক্তির যুগান্তকারী আবিষ্কারগুলোর মধ্যে অন্যতম। কৃত্রিম বুদ্ধিমত্তা ব্যবহার করে এমন সফটওয়্যার বা যন্ত্র তৈরি করা হয়, যা মানুষের ভাষা বুঝতে পারে, নিজে থেকেই শিখতে পারে, এবং জটিল কাজ স্বয়ংক্রিয়ভাবে সম্পাদন করতে পারে। উদাহরণস্বরূপ, গুগল অ্যাসিস্ট্যান্ট, অ্যাপলের সিরি, স্বয়ংচালিত গাড়ি, চিকিৎসাক্ষেত্রে রোগ নির্ণয়কারী সিস্টেম এবং রোবটিক্স–এসবই কৃত্রিম বুদ্ধিমত্তার বাস্তব প্রয়োগ। বর্তমানে শিক্ষা, চিকিৎসা, ব্যবসা, কৃষি ও যোগাযোগসহ নানা ক্ষেত্রে কৃত্রিম বুদ্ধিমত্তার ব্যবহার বাড়ছে। যেমন, মোবাইলের ভয়েস অ্যাসিস্ট্যান্ট, স্বয়ংচালিত গাড়ি, অনলাইন ক্লাসে স্বয়ংক্রিয় উত্তর যাচাই ইত্যাদি এর উদাহরণ। কৃত্রিম বুদ্ধিমত্তা আমাদের জীবনকে সহজ ও গতিশীল করেছে, তবে এটি যদি নিয়ন্ত্রণহীন হয়ে পড়ে, তাহলে মানুষের কর্মসংস্থানে ও নিরাপত্তায় হুমকি সৃষ্টি করতে পারে। তাই এর সুফল পেতে হলে দায়িত্বশীলভাবে এবং মানবকল্যাণে এর ব্যবহার নিশ্চিত করা জরুরি।

০২। **সন্ধি-বিচ্ছেদ করুন:**

ক) অভ্যুদয় = অভি + উদয়
খ) দুষ্কৃতি = দুঃ + কৃতি
গ) শঙ্কা = শম্ + কা
ঘ) ক্ষুধার্ত = ক্ষুধা-ঋত
ঙ) তন্ময় = তৎ + ময়

০৩। **ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করুন:**

ক) ব্যক্তিগত = ব্যক্তিকে গত (দ্বিতীয় তৎপুরুষ)
খ) অপরাহ্ন = অহ্নের শেষভাগ (ষষ্ঠী তৎপুরুষ)
গ) বিপদাপন্ন = বিপদকে আপন্ন (দ্বিতীয় তৎপুরুষ)
ঘ) নীলপদ্ম = নীল যে পদ্ম (কর্মধারয়)
ঙ) পঞ্চবটী = পঞ্চ বটের সমাহার (দ্বিগু সমাস)

০৪। **এককথায় প্রকাশ করুন:**

ক) যে বন হিংস্র জন্তুতে পরিপূর্ণ = শ্বাপদসংকুল
খ) পৃথিবীর পুত্র = ভৌম/ভূঁইয়া
গ) ঈষৎ আমিষ গন্ধ যার = আঁষটে
ঘ) স্মৃতি শাস্ত্রে পারদর্শী = স্মার্ত

০৫। **অর্থসহ বাক্য রচনা করুন:**

ক) তামার বিষ = অর্থের কুপ্রভাব
খ) গাছ-পাথর = হিসাব নিকাশ
গ) ঘটিরাম = অপদার্থ
ঘ) অগস্ত্যযাত্রা = শেষ বিদায়
ঙ) কাপুড়ে বাবু = ভণ্ড / বাহ্যিক সভ্য

০৬। **Write a Paragraph on: social media.**

Social Media

Social media is a powerful tool of modern communication that allows people to connect, share, and interact instantly across the world. Platforms like Facebook, Twitter, Instagram, and WhatsApp have revolutionized the way we communicate, offering opportunities to express ideas, share news, and build relationships. It plays a vital role in education, business, and entertainment by spreading information quickly and engaging a large audience. However, excessive use of social media can lead to addiction, reduce face-to-face interactions, and spread misinformation. Therefore, while social media offers many benefits, it should be used responsibly and wisely.

০৭। **ইংরেজীতে অনুবাদ করুন:**

ক) সে নাচতে নাচতে চলে গেল।
⇨ He went away dancing.
খ) সকাল হতে গুঁড়ি গুঁড়ি বৃষ্টি হচ্ছে।
⇨ It has been drizzling since morning.
গ) এখন দশটা বেজে পাঁচ মিনিট।
⇨ It is five minutes past ten
ঘ) তিনি দরিদ্র হলেও সৎ।
⇨ Though he is poor, he is honest.
ঙ) গত রাতে আমার ভাল ঘুম হয়েছে।

➪ I slept well last night./ I had sound sleep last night

০৮। **Fill in the gaps with appropriate word.**

ক) What is the time..... your watch?

Answer: by

খ) I wish I.... a king.

Answer: were

গ) They suffered much..... tornado had hit their village

Answer: since

ঘ) I saw..... one eyed man.

Answer a

ঙ) Environment pollution is ..... key source of greenhouse effects.

Answer: a/ main

০৯। **Change the sentences as directed:**

ক) Medicine should be taken on time. (Make it Active)

➪ One should take medicine on time.

খ) Does John often swim across the river? (Make it affirmative)

➪ John often swims across the river.

গ) Man is mortal. (Make it negative)

➪ Man is not immortal

ঘ) The old man said to the boy, "What do you want?" (Indirect speech)

➪ The old man asked the boy what he wanted.

ঙ) Besides going to the book fair, I bought a number of books. (Make it compound)

➪ I went to the book fair and bought a number of books.

১০। **Make sentence with following words:**

ক) Out of date = সেকেলে

✍ The law is out of date now.

খ) Red letter day = স্মরণীয় দিন

✍ 16th December is a red letter day in the history of Bangladesh.

গ) Blue blood = আভিজাত্য

✍ He was born a blue blood family.

ঘ) Once in a blue moon = কদাচিৎ

✍ He comes here once in a blue moon

ঙ) Null and Void = বাতিল

✍ The law has been null and void now.

১১। **পূর্ণরূপ লিখুন: BLRI, ECNEC, IUCN**

BLRI =Bangladesh Livestock Research Institute.

ECNEC =Executive Committee of the National Economic Council

IUCN =International Union for Conservation of Nature.

১২। বাংলাদেশ সংবিধানের অনুচ্ছেদ কয়টি?

উত্তর: ১৫৩ টি

১৩। ঢাকা বিশ্ববিদ্যালয় কত সালে প্রতিষ্ঠিত হয়?

উত্তর: ১৯২১ সালে

১৪। কেন্দ্রীয় শহীদ মিনারের স্থপতি কে?

উত্তর: হামিদুর রহমান

১৫। বাংলাদেশের সর্বোচ্চ পর্বত শৃঙ্গের নাম কি?

উত্তর: তাজিংডং (বিজয়)

১৬। ১৯৫২ সালের ২১ শে ফেব্রুয়ারি ফাল্গুন মাসের কত তারিখ ছিল?

উত্তর: ৮ ফাল্গুন।

১৭। তিন বিঘা করিডোর কোন জেলায় অবস্থিত?

উত্তর: লালমনিরহাট

১৮। আন্তর্জাতিক নারী দিবস কত তারিখে অনুষ্ঠিত হয়?

উত্তর: ৮ মার্চ

১৯। হরমুজ প্রণালী কোথায় অবস্থিত?

উত্তর: ওমান ও পারস্য উপসাগরের মধ্যে

২০। জাপানের সংসদের নাম কি?

উত্তর: ডায়েট

২১। ডেনমার্কের মুদ্রার নাম কি?

উত্তর: ক্রোন

২২। রোহিঙ্গা জনগোষ্ঠী কোন দেশের অধিবাসী?

উত্তর: মিয়ানমার

২৩। নিঝুম দ্বীপ কোন নদীর মোহনায় অবস্থিত?

উত্তর: মেঘনা

২৪। পরিবেশবাদী গ্রেটা থুনবার্গ কোন দেশের নাগরিক?

উত্তর: সুইডেন

২৫। পৃথিবীর সর্ববৃহৎ ম্যানগ্রোভ বনের নাম কি?
উত্তর: সুন্দরবন

২৬। এক কিলোবাইট কত বাইটের সমান?
উত্তর: ১০২৪ বাইট

২৭। কোন ভিটামিনের অভাবে রাতকানা রোগ হয়?
উত্তর: ভিটামিন এ

২৮। 'ইউনেস্কো' এর সদর দপ্তর কোথায় অবস্থিত?
উত্তর: প্যারিস, ফ্রান্স

২৯। **একটি বইয়ের মূল্য ১০০ টাকা। বিক্রয়ের সুবিধার্থে বইটির মূল্য ১০% হ্রাস করা হলো। তিন মাস পর বইটির নতুন মূল্যের উপর আরো ৫% ছাড় দিয়ে বইটি বিক্রয় করা হলে বইটি কত টাকায় বিক্রয় হলো?**

সমাধান ১০% হ্রাসে মূল্য = ১০০ - ১০০ এর ১০%
= ৯০ টাকা

আবার, ৫% হ্রাসে বিক্রয় মূল্য = ৯০ - ৯০ এর ৫%
= ৮৫.৫ টাকা

৩০। **কোন বিদ্যালয়ের ছাত্র ও ছাত্রীর অনুপাত ৩:২। ছাত্রদের মধ্য থেকে ২০% এবং ছাত্রীদের মধ্য থেকে ২৫% বৃত্তি পেয়ে থাকলে ঐ বিদ্যালয়ে মোট কত শতাংশ ছাত্র-ছাত্রী বৃত্তি পায়নি?**

সমাধান মনে করি, ছাত্র = ৩ জন এবং ছাত্রী = ২ জন
মোট ছাত্র-ছাত্রী = ৩+ ২ = ৫ জন
ছেলেরা বৃত্তি পায় = ৩ এর ২০% = ০.৬ জন
মেয়েরা বৃত্তি পায় = ২ এর ২৫% = ০.৫ জন
মোট বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থী = ০.৬ + ০.৫ = ১.১ জন
বৃত্তি পায়নি = ৫ - ১.১ = ৩.৯ জন
৫ জনের মধ্যে বৃত্তি পায়নি ৩.৯ জন

১ " " " " $\frac{৩.৯}{৫}$ "

১০০" " " " $\frac{৩.৯\times১০০}{৫}$ "

= ৭৮ জন

উত্তর: ৭৮ জন

৩১। **একটি ঘরের মেঝের দৈর্ঘ্য ৪ মিটার এবং প্রস্থ ৩.৫ মিটার ঘরটির উচ্চতা ৩ মিটার এবং এর দেওয়ালগুলো ১৫ সে.মি পুরু হলে, চার দেওয়ালের আয়তন কত?**

সমাধান দেওয়ালের পুরুত্ব ১৫ সে.মি.= $\frac{১৫}{১০০}$
=০.১৫ মিটার

দৈর্ঘ্যের দিকে ২টি দেওয়ালের ঘনফল
= (৪ + ২ × ০.১৫) × ৩ × ০.১৫ × ২ ঘনমিটার
= ৪.৩ × ৩ × ০.১৫ × ২ ঘনমিটার
= ৩.৮৭ ঘনমিটার

প্রস্থের দিকে ২টি দেওয়ালের ঘনফল = (৩.৫×৩ ×০.১৫×২) ঘনমি.
= ৩.১৫ ঘনমিটার

∴ দেওয়ালগুলোর মোট ঘনফল=(৩.৮৭+৩.১৫) ঘনমি.
= ৭.০২ ঘনমিটার

উত্তর: ঘনফল ৭.০২ ঘনমিটার।

৩২। $3x^2 - x - 14$ কে উৎপাদকে বিশ্লেষণ করুন।

সমাধান $3x^2 - x - 14$
$= 3x^2 + 6x - 7x - 14$
$= 3x(x + 2) - 7(x + 2)$
$= (x + 2)(3x - 7)$ **(Answer)**

৩৩। $x - \frac{1}{x} = 2$ হলে, $x^4 + \frac{1}{x^4}$ এর মান কত?

সমাধান প্রদত্ত রাশি= $x^4 + \frac{1}{x^4}$

$= (x^2)^2 + \left(\frac{1}{x^2}\right)^2$
$= \left(x^2 + \frac{1}{x^2}\right)^2 - 2.x^2.\frac{1}{x^2}$
$= \left(x^2 + \frac{1}{x^2}\right)^2 - 2$
$= \left\{\left(x - \frac{1}{x}\right)^2 + 2.x.\frac{1}{x}\right\}^2 - 2$
$= (2^2 + 2)^2 - 2$
$= (4 + 2)^2 - 2$
$= (6)^2 - 2$
$= 36 - 2$
$= 34$ (Answer)

৫০২
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক

সময়:	৯০ মি	তারিখ:	২০-০৬-২৫	মান:	৯০

বাংলা: মান-২৫

০১। ভাষা ও সাহিত্য

ক) "যেসব বঙ্গেতে জন্মি হিংসে বঙ্গবাণী, সেসব কাহার জন্ম নির্ণয় ন জানি"- কোন কাব্যগ্রন্থের অন্তর্গত?

উত্তর: নূরনামা

খ) কোন বাংলা গানকে UNESCO 'Heritage of Humanity' অভিধায় ভূষিত করেছে?

উত্তর: বাউল গানকে

গ) বাংলা একাডেমির 'প্রমিত বাংলা বানানের নিয়ম' প্রথম কত সালে প্রণীত?

উত্তর: ১৯৯২ সালে

ঘ) 'রঞ্জন' চরিত্রটি রবীন্দ্রনাথ ঠাকুরের কোন নাটকের?

উত্তর: রক্তকরবী

ঙ) 'তৈল' প্রবন্ধটি কে লিখেছেন?

উত্তর: হরপ্রসাদ শাস্ত্রী

চ) 'যথারীতি' কোন সমাসের দৃষ্টান্ত?

উত্তর: অব্যয়ীভাব সমাস

ছ) কাজী নজরুল ইসলামের 'অগ্নিবীণা' কাব্যের প্রথম কবিতা কোনটি?

উত্তর: প্রলয়োল্লাস

জ) 'আমার সন্তান যেন থাকে দুধে ভাতে'- এই মনোবাঞ্ছাটি কার?

উত্তর: ঈশ্বরী পাটনী

ঝ) 'আসমান' কোন ভাষা থেকে আগত শব্দ?

উত্তর: ফারসি

ঞ) 'জিজীবিষা' শব্দটির অর্থ কী?

উত্তর: বেঁচে থাকার ইচ্ছা

০২। বানান ভুল থাকলে শুদ্ধ করে লিখুন:

অশুদ্ধ	শুদ্ধ
সমিচিন	সমীচীন
সায়ত্বশাসন	স্বায়ত্তশাসন
অঙ্গীকারবদ্ধ	অঙ্গীকারবদ্ধ
অন্তর্ভুক্ত	অন্তর্ভুক্ত
মনিষি	মনীষী

০৩। অর্থসহ বাক্য রচনা করুন:

ক) শরতের শিশির = ক্ষণস্থায়ী

খ) শিবরাত্রির সলতে = একমাত্র সন্তান/বংশধর

গ) শিরে সংক্রান্তি = আসন্ন বিপদ

০৪। এক কথায় প্রকাশ করুন:

ক) মৃত্তিকা দিয়ে তৈরি = মৃন্ময়

খ) যিনি ন্যায়শাস্ত্র জানেন = নৈয়ায়িক

০৫। 'অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক' পদে যোগদানের নিমিত্ত অভ্যন্তরীণ সম্পদ বিভাগের সচিব বরাবর একটি যোগদান পত্র লিখুন।

তারিখ: ১০-০৭-২০২৫

বরাবর,
সচিব
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

বিষয়: 'অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক' পদে যোগদান প্রসঙ্গে।

মহোদয়,
যথা বিহীত সম্মান প্রদর্শন পূর্বক বিনীত নিবেদন এই যে, আমি মোহাম্মদ রাকিব হোসেন, পিতা:....., কুমিল্লা সদর, কুমিল্লা; অভ্যন্তরীণ সম্পদ বিভাগের গত ০৮ জুলাই ২০২৫ তারিখের ০৫.৪২.১৯০০.০০৮.২৫.০০২.২৩-২১৭ নং স্মারক পত্রে আমাকে অভ্যন্তরীণ সম্পদ বিভাগের রাজস্ব খাতে অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে অস্থায়ীভাবে নিয়োগপত্র প্রদান করা হয়েছে। এর প্রেক্ষিতে আমি আজ অর্থাৎ ১০ই জুলাই, ২০২৫ পূর্বাহ্নে অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয় রাজস্ব খাতে অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে যোগদান পত্র দাখিল করিতেছি।

এমতাবস্থায়, আমার যোগদান পত্র গ্রহণ করতে মহোদয়ের সদয় মর্জি হোক।

বিনীত নিবেদক,

(মোহাম্মদ রাকিব হোসেন)
রোল নং- ১০০২৭৪
মেধাক্রম-১ম

English: Marks 25

০১। **Write a paragraph in ten sentences on Unemployment Problem in Bangladesh.**

Unemployment Problem

The unemployment problem in Bangladesh is one of the most pressing issues facing the country today. A large number of educated youths remain jobless despite having academic qualifications. This situation creates frustration and hopelessness among them. The rapid growth of population makes it more difficult to provide jobs for everyone. Industrial development is still limited, failing to absorb the growing labor force. Many young people migrate abroad for better job opportunities, often facing exploitation. Unemployment also leads to social problems such as crime, drug abuse, and political unrest. The government has taken some steps, like promoting vocational training and encouraging entrepreneurship. However, these efforts are not yet sufficient to solve the crisis. Proper planning, investment, and education reforms are needed to reduce unemployment and ensure a brighter future for the youth.

০২। **Fill in the blanks:**

a) There were many people..... the concert.
Answer: at

b) Water changes..... vapour.
Answer: into

c) Would you please find out Bangladesh..... the map.
Answer: on

d) He has great confidence ..... his assistant.
Answer: in

e) He is concerned .....his faults.
Answer: about

০৩। **Make sentences with the following phrases and idioms:**

a) Close-fisted man = কৃপণ
✍ He is a close-fisted man

b) By and by = শীঘ্রই
✍ He will come back by and by.

c) Below the salt = নিম্ন সামাজিক অবস্থান
✍ Though he worked hard, he was always treated as someone below the salt in the company.

d) Hit the sack = শুয়ে পড়া
✍ It is high time to hit the sack.

e) Full-fledged = পূর্ণাঙ্গ/ পরিপূর্ণ
✍ He is now a full-fledged doctor after completing his internship.

০৪। **Transform the following sentences:**

a) I wish I could help the poor. (Exclamatory)
⇨ Would that I could help the poor!

b) In spite of his being healthy, he is lazy. (Compound)
⇨ He is healthy but lazy.

c) An honest man will get his reward. (Complex)
⇨ The man who is honest will get his reward.

d) You must shut the door. (Passive)
⇨ The door must be shut by you.

e) Do away with it. (Passive)
⇨ Let it be done away with.

০৫। **Translate into English**

ক) সাহিত্যের প্রতি তার অগাধ অনুরাগ রয়েছে।
⇨ He has a deep affection for literature.

খ) আমি তাকে নাচতে দেখলাম।
⇨ I saw her dancing.

গ) উলুবনে মুক্তা ছড়িও না।
⇨ Don't cast pearls before swine.

ঘ) যতক্ষণ শ্বাস, ততক্ষণ আশ।
⇨ While there is life, there is hope.

ঘ) ভিক্ষার চাল কাঁড়া আর আকাঁড়া।

⇨ Beggars cannot be choosers.

গণিত: মান ২০

০১। ৫টি লেবুর ক্রয়মূল্য ৪টি লেবুর বিক্রয়মূল্যের সমান হল শতকরা লাভ বা ক্ষতি কত?

সমাধান মনে করি, ক্রয়মূল্য ১ টাকা

৫টি লেবুর ক্রয়মূল্য ১ টাকা

১টি " " $\frac{১}{৫}$ "

আবার,

৪টি লেবুর বিক্রয় মূল্য ১ টাকা

১টি " " " $\frac{১}{৪}$ "

সুতরাং লাভ হয় $= \frac{১}{৪} - \frac{১}{৫} = \frac{১}{২০}$ টাকা

$\frac{১}{৫}$ টাকায় লাভ হয় $\frac{১}{২০}$ টাকা

১ " " " $\frac{৫}{২০}$ "

১০০ " " " $\frac{৫\times১০০}{২০}$ "

$= ২৫$ টাকা

উত্তর: ২৫% লাভ

০২। পিতার বয়স পুত্রের বয়সের ৪ গুণ। ৪ বছর পূর্বে পিতা পুত্রের বয়সের সমষ্টি ছিল ৫২ বছর। পিতার বর্তমান বয়স কত?

সমাধান মনে করি, পুত্রের বর্তমান বয়স x বছর

পিতার বর্তমান বয়স 4x বছর

4 বছর পূর্বে পুত্রের বয়স ছিল $x - 4$ বছর

4 " " পিতার ", " $4x - 4$ বছর

প্রশ্নমতে, $x - 4 + 4x - 4 = 52$

বা, $5x - 8 = 52$

বা, $5x = 60$

$\therefore x = 12$

$\therefore$ পুত্রের বর্তমান বয়স 12 বছর

পিতার বর্তমান বয়স $= (4\times 12)$ বছর

$= 48$ বছর

০৩। একটি লঞ্চে ডেকের যাত্রী সংখ্যা কেবিনের যাত্রী সংখ্যার চারগুণ অপেক্ষা 2 জন বেশি। মাথাপিছু কেবিনের ভাড়া ডেকের ভাড়ার দ্বিগুণ। ডেকের ভাড়া মাথাপিছু 30 টাকা এবং মোট ভাড়া প্রাপ্তি 1680 টাকা হলে. মোট যাত্রী সংখ্যা কত?

সমাধান মনে করি, কেবিনের যাত্রী সংখ্যা = x জন।

$\therefore$ ডেকের যাত্রী সংখ্যা $= (4x + 2)$ জন

ডেকের ভাড়া মাথাপিছু 30 টাকা

$\therefore$ কেবিনের মাথাপিছু ভাড়া (30×2) টাকা $= 60$ টাকা

এখন, ডেকের মাথাপিছু ভাড়া 30 টাকা হলে ডেকের মোট ভাড়া $= 30(4x+2)$ টাকা

আবার, কেবিনের মাথাপিছু ভাড়া 60 টাকা হলে কেবিনের মোট ভাড়া $= 60x$ টাকা।

$\therefore$ সর্বমোট ভাড়া $= 60x + 30(4x+2)$

প্রশ্নমতে, $60x + 30(4x+2) = 1680$

বা, $60x + 120x + 60 = 1680$

বা, $180x = 1680 - 60$

বা, $x = \frac{1620}{180}$

$\therefore x = 9$

$\therefore$ কেবিনের যাত্রী সংখ্যা 9 জন।

$\therefore$ ডেকের যাত্রী সংখ্যা $= 36 + 2 = 38$ জন

$\therefore$ মোট যাত্রী সংখ্যা $= 38 + 9 = 47$ জন

০৪। একটি সমকোণী ত্রিভুজের অতিভুজের দৈর্ঘ্য ১৫ সে.মি ও অপর বাহুদ্বয়ের দৈর্ঘ্যের অন্তর ৩ সে.মি। ঐ বাহুদ্বয়ের দৈর্ঘ্য নির্ণয় করুন।

সমাধান মনে করি,

ত্রিভুজটির সমকোণ সংলগ্ন বাহুর দৈর্ঘ্য x সে.মি.

সমকোণ সংলগ্ন অপর বাহুর দৈর্ঘ্য $= (x + 3)$ সে.মি.

পীথাগোরাসের উপপাদ্য অনুযায়ী।

$x^2 + (x + 3)^2 = 15^2$ [$\because$ অতিভুজ = 15 সে.মি.]

বা, $x^2 + x^2 + 6x + 9 = 225$

বা, $2x^2 + 6x - 216 = 0$

বা, $2(x^2 + 3x - 108) = 0$

বা, $x^2 + 3x - 108 = 0$

বা, $x^2 + 12x - 9x - 108 = 0$

বা, $x(x + 12) - 9(x + 12) = 0$

বা, $(x + 12)(x - 9) = 0$

$\therefore (x + 12)(x - 9) = 0$

হয়, $x + 12 = 0$ | অথবা, $x - 9 = 0$

বা, $x = -12$ | বা, $x = 9$

$\therefore x = -12$ | $x = 9$

যেহেতু দৈর্ঘ্য ঋণাত্মক হতে পারে না, সুতরাং $x \neq -12$

তাহলে ত্রিভুজটির ক্ষুদ্রতম বাহুর দৈর্ঘ্য = 9 সে.মি.
এবং অপর বাহুর দৈর্ঘ্য= (9+3) সে.মি.= 12 সে.মি.।
উত্তর: বাহুর দৈর্ঘ্য 9 সে.মি. এবং 12 সে.মি.

কম্পিউটার বিষয়ক সাধারণ জ্ঞান: মান ২০

০১। ইন্টারনেট তথ্য আদান প্রদানের গতি বুঝাতে Mbps ইউনিটের পূর্ণরূপ কী?
উত্তর: Megabits per second.

০২। BIOS পূর্ণরূপ কী?
উত্তর: Basic Input Output System.

০৩। AI কী?
উত্তর: মানুষের বুদ্ধিমত্তা ও চিন্তাশক্তিকে কৃত্রিম উপায়ে প্রযুক্তি নির্ভর করে যন্ত্রের মাধ্যমে বাস্তবায়ন করাই কৃত্রিম বুদ্ধিমত্তা AI-Artificial intelligence।

০৪। HTML পূর্ণরূপ কী?
উত্তর: Hyper Text Markup Language.

০৫। MICR পূর্ণরূপ কী?
উত্তর: Magnetic Ink Character Recognition.

০৬। সমস্ত বাইনারি সংখ্যার প্রতিনিধিত্বকারী সংখ্যা কী?
উত্তর: ০ ও ১।

০৭। ২ মেগাবাইটে কত কিলোবাইট?
উত্তর: ২০৪৮ কিলোবাইট

০৮। USB পূর্ণরূপ কী?
উত্তর: Universal Serial Bus.

০৯। কম্পিউটার কী বোর্ডে কতটি 'ফাংশন কী' থাকে?
উত্তর: ১২ টি।

১০। বাইনারি ডিজিট কে সংক্ষেপে কী বলে?
উত্তর: বিট (Bit)।

১১। ইউনিকোড কত বিটের হয়?
উত্তর: ১৬ বিট।

১২। MS Word এ প্রিন্ট করতে শর্টকাট কমান্ড কী?
উত্তর: Ctrl + P

১৩। Wifi পূর্ণরূপ কী?
উত্তর: Wireless Fidelity.

১৪। ব্লু-টুথের মাধ্যমে কোন ধরনের Wireless নেটওয়ার্ক তৈরি করা হয়?
উত্তর: PAN (Personal Area Network)

১৫। Hotspot কী?
উত্তর: হটস্পট হল একটি নির্দিষ্ট এলাকা বা স্থান যেখানে ওয়াই-ফাই সংযোগ প্রদান করার জন্য একটি ডিভাইস ব্যবহার করা হয়।

১৬। প্রোগ্রাম থেকে কপি করা ডাটা কোথায় থাকে?
উত্তর: Clipboard এ

১৭। কত বিটে ১ বাইট?
উত্তর: ৮ বিট

১৮। ফিঙ্গার প্রিন্ট আইডেন্টিফিকেশন কোন ধরনের প্রযুক্তি?
উত্তর: বায়োমেট্রিক (Biometric)

১৯। কম্পিউটারের স্থায়ী স্মৃতিশক্তিকে কী বলে?
উত্তর: ROM

২০। কোন কম্পিউটার ডিভাইস একসাথে ইনপুট এবং আউটপুট ডিভাইস হিসেবে কাজ করে?
উত্তর: টাচস্ক্রিন মনিটর

৫০৩
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
অফিস সহায়ক

সময়:	৬০ মি	তারিখ:	২০-০৬-২৫	মান:	৪০

বাংলা

০১। 'আমল দেওয়া' বাগধারাটির অর্থ কী?
উত্তর: গুরুত্ব দেওয়া

০২। 'পদ্মরাগ' কার রচিত গ্রন্থ?
উত্তর: বেগম রোকেয়া সাখাওয়াত হোসেন

০৩। 'একেই কি বলে সভ্যতা' -প্রহসনটি কার রচিত?
উত্তর: প্রমথ চৌধুরী

০৪। যুদ্ধে স্থির থাকেন যিনি- এক কথায় প্রকাশ করুন।
উত্তর: যুধিষ্ঠির

০৫। অর্থসহ বাক্য রচনা করুন: তামার বিষ
উত্তর: অর্থের কুপ্রভাব- তামার বিষে ছেলেটি নষ্ট হলো।

০৬। 'সাদা মেঘে বৃষ্টি হয় না'- এখানে 'সাদা মেঘে' কোন কারকে কোন বিভক্তি?
উত্তর: অপাদান কারকে ৭মী বিভক্তি

০৭। 'অধম' এর বিপরীত শব্দ লিখুন।
উত্তর: উত্তম

০৮। 'অলস' এর বিপরীত শব্দ লিখুন।
উত্তর: পরিশ্রমী

০৯। 'শারিরীক' বানানটি শুদ্ধ করে লিখুন।
উত্তর: শারীরিক

১০। 'আবশ্যকীয়' বানানটি শুদ্ধ করে লিখুন।
উত্তর: আবশ্যক

ইংরেজি

01. The adjective of 'hardness' is.....
Answer: hard

02. What is the meaning of the phrase "to break the ice"?
Answer: সংলাপ শুরু করা

03. What is the plural of 'sheep'?
Answer: sheep

04. Which part of speech is the word "empower"?
Answer: Verb

05. I must do it (make it a negative sentence)
Answer: I can not but do it.

06. One must keep one's promises (make it passive)
Answer: Promises must be kept.

07. The verb form of the word "deep' is.....
Answer: Deepen

08. Translate into English: সে স্কুলে গিয়েছে।
Answer: He has gone to school.

09. Translate into English: কেউ তাকে পছন্দ করে না।
Answer: Nobody likes him.

10. Translate into English: আমাকে যেতে দিন।
Answer: Let me go.

গণিত

০১। **জনাব রেজা তার সম্পদের ১২% স্ত্রীকে, ৫৮% ছেলেকে এবং অবশিষ্ট ৭,২০,০০০ টাকা মেয়েকে দিলেন তার মোট সম্পদের মূল্য কত?**

মনে করি, মোট সম্পদের মূল্য = ক
স্ত্রীকে দেয় = ক এর ১২% = ০.১২ক
ছেলেকে দেয় = ক এর ৫৮% = ০. ৫৮ক
মেয়ের জন্য অবশিষ্ট থাকে = ক - (০.১২ক + ০. ৫৮ক)
= ০.৩০ক
প্রশ্নমতে, ০.৩০ক = ৭,২০,০০০
∴ ক = ২৪,০০,০০০
সুতরাং মোট সম্পদের মূল্য = ২৪,০০,০০০ টাকা
উত্তর: ২৪,০০,০০০ টাকা

০২। **কোনো ভগ্নাংশের লব ও হরের প্রত্যেকটির সাথে 1 যোগ করলে ভগ্নাংশটি $\frac{4}{5}$ হবে। আবার, লব ও হরের প্রত্যেকটি থেকে 5 বিয়োগ করলে ভগ্নাংশটি $\frac{1}{2}$ হবে। ভগ্নাংশটি নির্ণয় করুন।**

সমাধান মনে করি, ভগ্নাংশটির লব = x এবং হর = y
∴ ভগাংশটি = $\frac{x}{y}$

১ম শর্তমতে, $\frac{x+1}{y+1} = \frac{4}{5}$
বা, $5x + 5 = 4y + 4$
বা, $5x - 4y = 4 - 5$
∴ $5x - 4y = -1$ ..... (i)

এবং ২য় শর্তমতে, $\frac{x-5}{y-5} = \frac{1}{2}$
বা, $2x - 10 = y - 5$
বা, $2x - y = -5 + 10$
বা, $2x - y = 5$
বা, $2x = y + 5$
∴ $x = \frac{y+5}{2}$ ..... (ii)

x এর মান (i) নং সমীকরণে বসিয়ে পাই,
$5\left(\frac{y+5}{2}\right) - 4y = -1$
বা, $\frac{5y + 25 - 8y}{2} = -1$
বা, $25 - 3y = -2$
বা, $-3y = -2 - 25$
বা, $-3y = -27$
∴ $y = 9$ [–3 দ্বারা ভাগ করে]
y এর মান (ii) নং সমীকরণে বসিয়ে পাই,
$x = \frac{9+5}{2} = \frac{14}{2} = 7$
∴ নির্ণেয় ভগ্নাংশ = $\frac{7}{9}$
উত্তর: $\frac{7}{9}$

সাধারণ জ্ঞান

০১। I have a dream এই ঐতিহাসিক বইটি কার রচনা?
উত্তর: মার্টিন লুথার কিং জুনিয়র

০২। WTO প্রতিষ্ঠিত হয় কত সালে?

উত্তর: ১৯৯৫ সালে

০৩। ভারতীয় উপমহাদেশ বিভক্তির সময় ভারতবর্ষের ভাইসরয় কে ছিলেন?

উত্তর: লর্ড মাউন্টব্যাটেন

০৪। হো চি মিন নগরীর পূর্বনাম কি ছিল?

উত্তর: সায়গন

০৫। UNCHR এর সদর দপ্তর কোথায়?

উত্তর: জেনেভা, সুইজারল্যান্ড

০৬। বাংলাদেশের সাংবিধানিক নাম কি?

উত্তর: গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ

০৭। TIN এর পূর্ণরূপ লিখুন।

উত্তর: Taxpayer's Identification Number

০৮। SDG এর পূর্ণরূপ লিখুন।

উত্তর: Sustainable Development Goals

০৯। বাংলাদেশ ও মায়ানমারকে বিভক্তকারী নদীর নাম কি?

উত্তর: নাফ

১০। বাংলা নববর্ষ পহেলা বৈশাখ চালু করেছিলেন কে?

উত্তর: সম্রাট আকবর

৫০৪

জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ

বেঞ্চ সহকারী/লাইব্রেরী সহকারী/হিসাব সহকারী

সময়: ৯০ মি | তারিখ: ২০-০৬-২৫ | মান: ১০০

বাংলা-২৫

০১। **বিপরীত শব্দ লিখুনঃ**

ক) ইতিবাচক ⇒ নেতিবাচক

খ) শান্ত ⇒ চঞ্চল

গ) শাসক ⇒ শাসিত

০২। **এক কথায় প্রকাশ করুনঃ**

ক) অঘটন ঘটাতে দক্ষ যে = অঘটনঘটনপটীয়সী

খ) সাগরে বিচরণ করে যে নারী = সাগরিকা

গ) সবার জন্য প্রযোজ্য = সর্বজনীন

০৩। **বাগধারা গুলোর অর্থসহ বাক্য লিখুনঃ**

ক) আমড়া কাঠের ঢেঁকি = অপদার্থ

খ) উদোর পিণ্ডি বুধোর ঘাড়ে = একের দোষ অপরের ওপর চাপানো

গ) আকাশ কুসুম = অসম্ভব কল্পনা

০৪। **সন্ধি বিচ্ছেদ করুনঃ**

ক) সংকল্প = সম্ + কল্প

খ) অতীত = অতি + ইত

গ) বিদ্যালয় = বিদ্যা আলয়

০৫। **১টি করে সমার্থক শব্দ লিখুনঃ**

ক) ময়ূর → শিখণ্ডী

খ) তনু → শরীর

গ) নয়ন → চোখ

০৬। **নিম্নলিখিত প্রশ্নগুলোর উত্তর লিখুনঃ**

ক) লালসালু উপন্যাসের লেখক কে?

উত্তর: সৈয়দ ওয়ালীউল্লাহ।

খ) রবীন্দ্রনাথ ঠাকুর কিসের জন্য কত সালে নোবেল পুরস্কার পান?

উত্তর: তার গীতাঞ্জলি (ইংরেজি অনুবাদ The Song Offerings) এর জন্য ১৯১৩ খ্রিষ্টাব্দে নোবেল পান।

গ) 'যবে উৎপীড়িতের ক্রন্দন রোল আকাশে বাতাসে ধ্বনিবে না' পংক্তিটির লেখক কে এবং কোন কবিতা থেকে নেয়া হয়েছে?

উত্তর: কাজী নজরুল ইসলামের 'বিদ্রোহী' কবিতা থেকে নেওয়া হয়েছে।

ঘ) পথের পাঁচালী উপন্যাসের লেখক কে?

উত্তর: বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়

ঙ) আগুনের পরশমণি উপন্যাসটির লেখক কে?

উত্তর: হুমায়ূন আহমেদ

০৭। **কারক ও বিভক্তি নির্ণয় করুনঃ**

ক) কেন তোমায় দিইনি আমি সকল শূন্য করে

উত্তর: সম্প্রদানে ৭মী বিভক্তি।

খ) প্রভাতে উঠিল রবি লোহিত বরণ

উত্তর: অধিকরণে ৭মী বিভক্তি।

গ) দ্বীনে দান কর

উত্তর: সম্প্রদান ৭মী বিভক্তি।

০৮। **বানানগুলো শুদ্ধ করে লিখুনঃ**

ক) অনুভূতী ⇒ অনুভূতি

খ) শমিছিন ⇒ সমীচীন

ইংরেজী-২৫

০৯। **নিম্নলিখিত বাক্যগুলো ইংরেজীতে অনুবাদ করুনঃ**

ক) আমি না হেসে পারলাম না।

⇨ I could not but laugh.

খ) আমি তাকে দিয়ে চিঠি লিখিয়ে নিয়েছি।

⇨ I had him write a letter

গ) সে দুই দিন ধরে উপোস রয়েছে।

⇨ He has been fasting for two days.

ঘ) তিনি আর বেঁচে নেই।

⇨ He is no more.

ঙ) তুমি কি কখনো লন্ডন গিয়েছো?

⇨ Have you ever been to London?

১০। Fill in the gap with preposition

a) He died..... hunger.

Answer: of

b) He boasts..... himself.

Answer: of

c) The book is..... the table.

Answer: on

১১। Use the correct form of verbs:

a) The sun (rise) in the east.

Answer: rises

b) The wearer best knows where the shoe (pinch)

Answer: pinches

c) It is high time you (do) it.

Answer: did

d) The condition of flood victims (beggar) description.

Answer: Beggars

১২। Change the voice

a) He wrote a letter.

⇨ A letter was written by him.

b) The machine is printing.

⇨ The machine is being printed.

c) He did it for me.

⇨ It was done for me by him.

১৩। Write down the right spelling of the following words

a) Acomodation → Accommodation

b) Leftenant → Lieutenant

১৪। Fill in the gap with appropriate article

a) He pulled me by..... neck.

Answer: the

b) He is..... one eyed man.

Answer: a

c) .....apple a day, keeps the doctor away.

Answer: An

১৫। Change the Number

a) Child ⇒ Children

b) Leaf ⇒ Leaves

১৬। Write down the Bangla meaning of the following Phrases and Idioms

a) A bolt from the blue = বিনা মেঘে বজ্রপাত

b) All on a sudden = হঠাৎ

c) At sixes and sevens = এলোমেলো/বিশৃঙ্খলা

গণিত-২৫

১৭। দুটি সংখ্যার যোগফল ১৮ এবং তাদের বিয়োগফল ৪, সংখ্যা দুটি কত?

সমাধান মনে করি, ছোট সংখ্যাটি x

বড় সংখ্যাটি (x + ৪)

শর্তমতে, x + x + ৪ = ১৮

বা, ২x = ১৪ ∴ x = ৭

সুতরাং ছোট সংখ্যাটি ৭ এবং

বড় সংখ্যাটি (৭+৪) বা ১১।

উত্তর: ১১ ও ৭

১৮। $a-\frac{1}{a}=3$ হলে, $a^3-\frac{1}{a^3}$ এর মান কত?

সমাধান দেওয়া আছে, $a-\frac{1}{a}=3$

প্রদত্ত রাশি $=a^3-\frac{1}{a^3}$

$=\left(a-\frac{1}{a}\right)^3+3.a.\frac{1}{a}\left(a-\frac{1}{a}\right)$

$=(3)^3+3.3$

$=27+9 \quad =36$ **(Answer)**

১৯। ৪টি আপেল ২০ টাকায় কিনে ৩০ টাকায় বিক্রি করলে কত শতাংশ লাভ হবে?

সমাধান ৪ আপেলে লাভ হয় = ৩০ - ২০ = ১০ টাকা

২০ টাকায় লাভ হয় ১০ টাকা

১ " " " $\frac{১০}{২০}$ "

১০০ " " " $\frac{১০\times১০০}{২০}$ "

= ৫০ টাকা

উত্তর: ৫০%

২০। ঘড়ির কাঁটায় যখন ৩টা বাজে তখন ঘন্টার কাঁটা এবং মিনিটের কাঁটার মধ্যবর্তী সর্বোচ্চ এবং সর্বনিম্ন কত ডিগ্রি কোণ উৎপন্ন করে তা চিত্রের মাধ্যমে নির্ণয় করুন।

সমাধান



একটি পূর্ণ বৃত্ত/ঘড়ি = ৩৬০ ডিগ্রি

১২টা থেকে ১২টা = ৩৬০ ডিগ্রি = ১ ঘন্টা = ৩০ ডিগ্রি (প্রতি ঘন্টায়)

১ মিনিটে মিনিটের কাঁটা অগ্রসর হয়(৩৬০÷৬০)= ৬ ডিগ্রি

১ মিনিটে ঘন্টার কাঁটা অগ্রসর হয়(৩০÷ ৬০)= ০.৫ ডিগ্রি

যখন ঠিক ৩টা বাজে:

ঘন্টার কাঁটা থাকে ৩-এর উপর ⟶ অর্থাৎ:

৩ × ৩০ = ৯০ ডিগ্রি

মিনিটের কাঁটা থাকে ১২-এর উপর ⟶ অর্থাৎ:

০× ৬ = ০ ডিগ্রি

ঘন্টার কাঁটা ও মিনিটের কাঁটার মধ্যবর্তী কোণ:

দুই কাঁটার মধ্যে কোণ = ।৯০ - ০। = ৯০ ডিগ্রি

সর্বনিম্ন কোণ = ৯০°

সর্বোচ্চ কোণ = ৩৬০° – ৯০° = ২৭০°

উত্তর: সর্বনিম্ন কোণ ৯০° এবং সর্বোচ্চ কোণ ২৭০°

২১। **খোকন ও মন্টুর আয়ের অনুপাত ৫:৪, খোকনের আয় ৮৫ টাকা হলে মন্টুর আয় কত?**

সমাধান খোকন ও মন্টুর আয় যথাক্রমে ৫ক ও ৪ক

শর্তমতে, ৫ক = ৮৫ ∴ ক = ১৭

মন্টুর আয় = ৪ × ১৭ = ৬৮ টাকা

উত্তর: ৬৮ টাকা

সাধারণ জ্ঞান-১৫

২২। **নিম্নলিখিত প্রশ্নগুলোর উত্তর দিন**

ক) বাংলাদেশের বিভাগ কয়টি ও কি কি?

উত্তর: ৮টি। যথা- ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, সিলেট, বরিশাল, রংপুর এবং ময়মনসিংহ

খ) বাংলাবান্ধা কোথায় অবস্থিত?

উত্তর: পঞ্চগড়

গ) ভারতের কোন বিমানবন্দর থেকে উড্ডয়নের সাথে সাথেই এয়ার ইন্ডিয়া এআই ১৭১ বিমান দুর্ঘটনা ঘটে এবং এই বিমানে মোট কতোজন যাত্রী ছিল?

উত্তর: ভারতের আহমেদাবাদের সর্দার বল্লভভাই প্যাটেল আন্তর্জাতিক বিমানবন্দর। যাত্রী ছিল ২৪২ জন।

ঘ) মানব দেহে কতটি হাড় আছে?

উত্তর: ২০৬ টি।

ঙ) মানুষের ফর্সা হওয়ার পেছনে কি Pigment (রঞ্জক) দায়ী?

উত্তর: মেলানিন।

চ) বাংলাদেশের সবথেকে শীতল ও উষ্ণতম স্থানের নাম কি?

উত্তর: শীতলতম স্থান মৌলভীবাজারের শ্রীমঙ্গল ও উষ্ণতম স্থান নাটোরের লালপুর।

ছ) বাংলাদেশের একমাত্র প্রবাল দ্বীপের নাম কি এবং এর আয়তন কত?

উত্তর: সেন্টমার্টিন এবং ৮ বর্গ কিলোমিটার।

জ) ময়মনসিংহ সিটি কর্পোরেশন কত সালে প্রতিষ্ঠিত হয়?

উত্তর: ২০১৮ সালে।

ঝ) দ্বিতীয় বিশ্বযুদ্ধ কত সালে শুরু হয়?

উত্তর: ১ সেপ্টেম্বর, ১৯৩৯

ঞ) সংবিধান সংস্কার কমিটির প্রধানের নাম কি?

উত্তর: অধ্যাপক আলী রীয়াজ।

২৩। টিকা লিখুন ক) স্টারলিংক, খ) জুলাই বিপ্লব

উত্তর: ক) স্টারলিংক

স্টারলিংক হলো একটি স্যাটেলাইট-ভিত্তিক ইন্টারনেট সেবা প্রকল্প, যা যুক্তরাষ্ট্রের বিখ্যাত মহাকাশ গবেষণা প্রতিষ্ঠান ঝড়ধপবঢ পরিচালনা করে। এর মালিক ও প্রতিষ্ঠাতা হলেন এলন মাস্ক (Elon Musk)। স্টারলিংকের প্রথম স্যাটেলাইট উৎক্ষেপণ করা হয় ২০১৯ সালের মে মাসে। স্টারলিংকের লক্ষ্য হলো পৃথিবীর প্রত্যন্ত ও দুর্গম এলাকাগুলোতেও উচ্চগতির ইন্টারনেট পৌঁছে দেওয়া। এটি পৃথিবীর কক্ষপথে হাজার হাজার ছোট উপগ্রহ স্থাপন করে একটি বৈশ্বিক নেটওয়ার্ক তৈরি করছে। স্টারলিংক বাংলাদেশে আনুষ্ঠানিকভাবে যাত্রা শুরু করে ২০ মে, ২০২৫ তারিখে।

খ) জুলাই বিপ্লব

জুলাই গণঅভ্যুত্থান ২০২৪, যা 'জুলাই বিপ্লব' হিসেবেও পরিচিত, বাংলাদেশের ইতিহাসে একটি গুরুত্বপূর্ণ

গণতান্ত্রিক আন্দোলন। এই আন্দোলন ২০২৪ সালের ১ জুলাই থেকে ৫ আগস্ট পর্যন্ত চলেছিল এবং এর মাধ্যমে ১৬ বছরের স্বৈরাচারী শাসনের অবসান ঘটে। আন্দোলনের সূচনা হয় সরকারি চাকরিতে কোটা পদ্ধতি বাতিলের দাবিতে। সরকারের কঠোর অবস্থানের কারণে আন্দোলন তীব্রতর হয় এবং ৫ আগস্ট চূড়ান্ত রূপ লাভ করে। এই সময়ে প্রায় ১,৫০০ মানুষ প্রাণ হারায়। পরবর্তীতে, সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা পদত্যাগ করে ভারতে পালিয়ে যান। হাসিনা সরকারের পতনের তিন দিন পর, ৮৪ বছর বয়সী নোবেল বিজয়ী অধ্যাপক মুহাম্মদ ইউনূসকে প্রধান উপদেষ্টা করে একটি অন্তর্বর্তী সরকার গঠিত হয়। এই অন্তর্বর্তী সরকারের মাধ্যমে দেশে গণতান্ত্রিক প্রক্রিয়া পুনঃপ্রতিষ্ঠা এবং স্বৈরাচারী শাসনের অবসান ঘটে। জুলাই গণঅভ্যুত্থান ২০২৪ বাংলাদেশের জনগণের সাহস, ঐক্য এবং গণতান্ত্রিক মূল্যবোধের এক উজ্জ্বল দৃষ্টান্ত হিসেবে চিহ্নিত হয়েছে।

কম্পিউটার-১০

২৪। ক) আস্কি কোড (ASCII) এর পূর্ণরূপ কি এবং এটি কত বিটের?

উত্তর: American Standard Code for Information Interchange. এটি ৭ বিটের।

খ) মাইক্রোসফট অফিসে কপি, পেস্ট, সেভ এর শর্টকাট Keyboard কমান্ড কি?

উত্তর: Copy = Ctrl + C, Paste = Ctrl + V Save = Ctrl + S

গ) ৩ টি ইনপুট ডিভাইস ও ৩ টি আউটপুট ডিভাইস এর নাম লিখুন।

উত্তর: ইনপুট ডিভাইস: কীবোর্ড, মাউস ও স্ক্যানার। আউটপুট ডিভাইস: মনিটর, প্রিন্টার ও স্পিকার।

ঘ) পেগাসাস কি, এটি কি কাজে ব্যবহৃত হয়?

উত্তর: Pegasus একধরনের স্পাইওয়্যার (Spyware)। যা ইসরায়েলি সাইবার আর্মস সংস্থা NSO কর্তৃক উদ্ভাবিত। এটি দ্বারা যে কোন ব্যক্তির মোবাইল কল লগ, মেসেজ, ডিভাইসের অন্য তথ্য হ্যাক করা যায়।

ঙ) HTML, http এর পূর্ণরূপ লিখুন।

উত্তর: HTML= HyperText Markup Language.

http = HyperText Transfer Protocol.

৫০৫
সিভিল সার্জনের কার্যালয়, চুয়াডাঙ্গা
স্বাস্থ্য সহকারী

সময়: ৯০ মি | তারিখ: ২০-০৬-২৫ | মান: ৮০

বাংলা

০১। শুদ্ধ বানান লিখুন।

অশুদ্ধ	শুদ্ধ
মুমুর্ষ	মুমূর্ষু
স্বায়ত্বশাসন	স্বায়ত্তশাসন
পুংখানুপুংখ	পুঙ্খানুপুঙ্খ
আকষ্মিক	আকস্মিক
উদ্রোধন	উদ্বোধন
আতংক	আতঙ্ক

০২। সন্ধি বিচ্ছেদ করুন।

ক) মরুদ্যান = মরু + উদ্যান

খ) সঞ্চয় = সম্ + চয়

গ) দেবর্ষি = দেব + ঋষি

ঘ) দর্শনীয় = দৃশ্ + অনীয়

ঙ) পাবক = পৌ + অক

চ) উচ্চারণ = উৎ + চারণ

০৩। ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করুন।

ক) দশানন = দশ আনন যার - বহুব্রীহি সমাস

খ) প্রতিচ্ছবি = ছবির প্রতিনিধি - অব্যয়ীভাব সমাস

গ) ক্ষীণজীবী = ক্ষীণভাবে বাঁচে যে - উপপদ তৎপুরুষ

ঘ) ত্রিফলা = তিন ফলের সমাহার- দ্বিগু সমাস

০৪। কারক ও বিভক্তি নির্ণয় করুন।

ক) বুলবুলিতে ধান খেয়েছে। = কর্তৃ কারকে ৭মী

খ) কুকর্মে বিরত হও। = অপাদানে ৭মী

গ) ছেলেটি বল দিয়ে খেলা করছে। = করণে ৩য়া

০৫। বাংলা সাহিত্যে অন্ধকার যুগ কাকে বলে?

উত্তর বাংলা সাহিত্যে অন্ধকার যুগ বলতে ১২০১ থেকে ১৩৫০ খ্রিস্টাব্দ পর্যন্ত সময়কালকে বোঝায়।

০৬। বাংলা সাহিত্যে প্রথম সার্থক ট্রাজেডি নাটক কোনটি?

উত্তর: কৃষ্ণকুমারী (মাইকেল মধুসূদন দত্ত)

০৭। বাংলা সাহিত্যে চলিত রীতির প্রবর্তক কে?

উত্তর: প্রমথ চৌধুরী

০৮। 'ভানুমতি' কার ছদ্মনাম?

উত্তর: সমরেশ বসু

০৯। 'কুহেলিকা' কোন ধরনের গ্রন্থ?

উত্তর: উপন্যাস (কাজী নজরুল ইসলাম)

১০। 'ধূমকেতু' পত্রিকার সম্পাদক কে?

উত্তর: কাজী নজরুল ইসলাম

১১। 'হাওয়ান আলী' মীর মোশাররফ হোসেন রচিত কোন নাটকের চরিত্র?

উত্তর: জমিদার দর্পণ

১২। 'বাংলার মুখ আমি দেখিয়াছি, তাই পৃথিবীর রূপ খুঁজিতে যাই না আর'-উক্তিটি কার?

উত্তর: জীবনানন্দ দাশ

১৩। তুমি কী খেয়েছ? এখানে কী কোন পদ?

উত্তর: সর্বনাম পদ

১৪। বাংলা সাহিত্যের প্রথম মহিলা কবি কে?

উত্তর: চন্দ্রাবতী

১৫। এক কথায় প্রকাশ করুন:

ক) উপস্থিত বুদ্ধি আছে যার = প্রত্যুৎপন্নমতি

খ) যে ভবিষ্যত না ভেবেই কাজ করে = অবিমৃষ্যকারী

১৬। **Classify the sentence according to construction.**

Answer: Simple. Complex, Compound

১৭। **Write the singular form of the words.**

i) Bacteria ⇒ Bacterium

ii) Larva ⇒ Larvae

১৮। **Fill in the gaps with preposition.**

i) He has been ill..... Sunday last.

Answer: since

ii) Smoking is detrimental ..... health.

Answer: to

iii) She is senior to me .....three years.

Answer: by

iv) Dhaka is the capital .....which country?

Answer: of

v) He got angry .....me.

Answer: with

১৯। **Write down the parts of speech of the following words.**

i) She had come before I went.

Answer: conjunction

ii) The mother had vigilantly sat beside the sick baby.

Answer: Preposition

iii) I know him better than you.

Answer: adverb

২০। **Change the voice of the following sentences as directed.**

i) You need to do your duty. (Passive)

➪ Your duty needs to be done by you.

ii) She has not stolen the watch. (Passive)

➪ The watch has not been stolen by her.

iii) What is being done by you? (Active)

➪ What are you doing?

২১। **Translate into English.**

ক) ডাক্তার আসিবার পরে রোগীটি মারা গেল।

➪ The patient died after the doctor had come.

খ) বাংলাদেশ নদী মাতৃক দেশ।

➪ Bangladesh is a riverine country.

২২। **Translate into Bengali.**

i) The duty of a health assistant is to vaccinate the children.

➪ স্বাস্থ্য সহকারীর দায়িত্ব হলো শিশুদের টিকা দেওয়া।

ii) What are you thinking of?

➪ আপনি কী ভাবছেন/চিন্তা করছেন?

২৩। **Write five sentences on Computer.**

Computer

A computer is an electronic device that processes and analyzes information according to a set of instructions called programs. It mainly consists of five key components: input unit, output unit, memory unit, control unit, and arithmetic logic unit (ALU). In the modern world, computers have become essential in various fields such as education, healthcare, communication, business, and entertainment. With the help of the internet, computers provide access to a vast store of knowledge and information, enabling people to make quick and effective decisions. Nowadays, computers

come in different forms like desktops, laptops, tablets, and smartphones, each specially designed for specific purposes.

২৪। একজন চাকুরীজীবির বেতন ১১% বৃদ্ধি পেয়ে ২২২০০ টাকা হলে পূর্বের বেতন কত ছিল?

সমাধান ১১% বৃদ্ধিতে বর্তমান বেতন = ১১১ টাকা

বর্তমান বেতন ১১১ টাকা হলে পূর্বের বেতন ১০০ টাকা

" " ১ " " " " $\frac{১০০}{১১১}$ "

" " ২২২০০ " " " " $\frac{১০০ \times ২২২০০}{১১১}$

= ২০,০০০ টাকা

উত্তর: ২০,০০০ টাকা

২৫। একটি তেল পূর্ণ পাত্রের ওজন ৪২ কেজি এবং অর্ধেক তেল পূর্ণ পাত্রের ওজন ৩০ কেজি হলে, পাত্রটির ওজন কত কেজি?

সমাধান

পাত্রের ওজন + সম্পূর্ণ বা ১ অংশের তেলের ওজন = ৪২কেজি

পাত্রের ওজন + বালতির $\frac{১}{২}$ অংশের পানির ওজন = ৩০ কেজি

(- করে) $\frac{১}{২}$ অংশ তেলের ওজন = ১২ কেজি

১ বা সম্পূর্ণ অংশ তেলের ওজন (১২ × ২) = ২৪ কেজি

∴ খালি পাত্রের ওজন = ৪২ - ২৪ কেজি

= ১৮ কেজি

উত্তর: ১৮ কেজি।

২৬। উৎপাদকে বিশ্লেষণ করুন: $x^2 + 14x + 45$

সমাধান $x^2 + 14x + 45$

$= x^2 + 5x + 9x + 45$

$= x(x + 5) + 9(x+5)$

$= (x + 5)(x + 9)$ **(Answer)**

২৭। একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য প্রস্থের ৩ গুণ। এর ক্ষেত্রফল ৩০০ বর্গমিটার হলে, পরিসীমা কত?

সমাধান মনে করি, আয়তকার ক্ষেত্রের প্রস্থ x মিটার এবং দৈর্ঘ্য ৩x মিটার

প্রশ্নমতে, $3x^2 = ৩০০$

বা, $x^2 = ১০০$

∴ $x = ১০$

আয়তকার ক্ষেত্রের প্রস্থ ১০ মিটার এবং দৈর্ঘ্য ৩০ মিটার

পরিসীমা = ২(৩০ + ১০) = ৮০ মিটার

উত্তর: ৮০ মিটার

২৮। UNICEF এর পূর্ণরূপ কী? এর সদর দপ্তর কোথায়?

উত্তর: United Nations Children's Fund। সদর দপ্তর নিউইয়র্ক

২৯। নোবেল বিজয়ী ড. মুহাম্মদ ইউনুসের গ্রামের নাম কী?

উত্তর: বাথুয়া গ্রাম, হাটহাজারী উপজেলা, চট্টগ্রাম

৩০। কবি কাজী নজরুল ইসলাম 'লিচু চোর' কবিতা কোন কাব্যগ্রন্থের অন্তর্গত?

উত্তর: ঝিঙে ফুল

৩১। বাংলার প্রচীনতম নগরকেন্দ্র কোথায় অবস্থিত?

উত্তর: মহাস্থানগড়, বগুড়া (পুণ্ড্র)

৩২। একদিনের ক্রিকেট বিশ্বকাপে এক ইনিংসে সর্বোচ্চ রান সংগ্রহ করেন কে?

উত্তর: মার্টিন গাপটিল

৩৩। বাংলাদেশে ইপিআই কার্যক্রম কত সালে শুরু হয়?

উত্তর: ১৯৭৯ সালে

৩৪। PULSE OXYMETRE এর কাজ কী?

উত্তর: রক্তে অক্সিজেনের পরিমাণ নির্ণয় করা

৩৫। ইউক্রেন এবং ইরানের রাজধানীর নাম কী?

উত্তর: কিয়েভ এবং তেহরান

৩৬। 'ব্লু ইকোনমি' (সুনীল অর্থনীতি) কোন বিষয়ের সাথে সম্পর্কিত?

উত্তর: সমুদ্র অর্থনীতি

৩৭। 'ভিটামিন ডি' এর অভাবে শিশুদের কী রোগ হয়?

উত্তর: রিকেটস

৩৮। ডেঙ্গু রোগের বাহক কী। ডেঙ্গু রোগ কত প্রকার ও কী কী?

উত্তর: এডিস মশা। ডেঙ্গু রোগ মূলত ৪ প্রকার সেরোটাইপের হয়: DENV-1, DENV-2, DENV-3, এবং DENV-4

www.selfpublicationbd.com

Fb Group: Self preparation

WhatsApp: 01813992944

৫০৬
রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ
স্বাস্থ্য সহকারী/স্টোর কিপার

সময়: ৯০ মি | তারিখ: ২১-০৬-২৫ | মান: ৮০

বাংলা- ২০

০১। **শুদ্ধ বানান লিখুন।**

অশুদ্ধ	শুদ্ধ
বুদ্ধীমতি	বুদ্ধিমতী
মূর্ধণ্য	মূর্ধন্য
ধ্বণী	ধ্বনি
প্রাণীবিদ্যা	প্রাণিবিদ্যা

০২। **সন্ধি বিচ্ছেদ করুন।**

ক) অপেক্ষা = অপ + ঈক্ষা
খ) অন্যান্য = অন্য + অন্য
গ) বৃষ্টি = বৃষ্ + তি
ঘ) শুভেচ্ছা = শুভ + ইচ্ছা

০৩। **এক কথায় প্রকাশ করুন।**

ক) উপকারীর অপকার করে যে = কৃতঘ্ন
খ) যা মাটি ভেদ করে জন্মায় = উদ্ভিদ
গ) যে ভবিষ্যৎ না ভেবে কাজ করে = অবিমৃষ্যকারী
ঘ) অক্ষির অভিমুখে = প্রত্যক্ষ

০৪। **সঠিক উত্তর লিখুন-**

ক) বাংলা বর্ণমালায় বর্ণের সংখ্যা কয়টি?
উত্তর: ৫০টি
খ) 'কবর' কবিতাটি কার লেখা?
উত্তর: জসীমউদদীন
গ) স্বরবর্ণের সংক্ষিপ্ত রূপকে কী বলা হয়?
উত্তর: কার
ঘ) 'তেইশ নম্বর তৈলচিত্র' কার লেখা?
উত্তর: আলাউদ্দিন আল আজাদ

০৫। **'সাইবার অপরাধ' সম্পর্কে একটি অনুচ্ছেদ লিখুন।**

সাইবার অপরাধ

সাইবার অপরাধ হলো কম্পিউটার ও ইন্টারনেটের মাধ্যমে সংঘটিত বিভিন্ন ধরনের বেআইনি কার্যকলাপ। এর মধ্যে হ্যাকিং, ডেটা চুরি, ফিশিং, সাইবার বুলিং, পরিচয় চুরি ও অনলাইন প্রতারণা অন্যতম। অপরাধীরা আধুনিক প্রযুক্তির সাহায্যে ব্যক্তিগত তথ্য চুরি, আর্থিক জালিয়াতি বা সিস্টেমের ক্ষতি সাধন করে থাকে। যেমন: অননুমোদিতভাবে কম্পিউটার সিস্টেমে প্রবেশ, প্রতারণামূলক উপায়ে তথ্য হাতিয়ে নেওয়া কিংবা অনলাইনে কাউকে হুমকি বা হয়রানি করাও সাইবার অপরাধের অন্তর্ভুক্ত। এসব অপরাধ প্রতিরোধে শক্তিশালী ও নিরাপদ পাসওয়ার্ড ব্যবহার, অপরিচিত লিঙ্কে ক্লিক না করা, সফটওয়্যার নিয়মিত আপডেট রাখা এবং অনলাইনে সচেতন আচরণ করা জরুরি। কোনো সন্দেহজনক কার্যকলাপ দেখলে আইন-শৃঙ্খলা রক্ষাকারী সংস্থার সহায়তা নেওয়া উচিত। সাইবার অপরাধ মোকাবেলায় জনসচেতনতা বৃদ্ধি ও প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণ অত্যন্ত গুরুত্বপূর্ণ।

English-20

০৬। **Fill in the blanks with suitable word:**

a) He died..... cholera. Answer: of
b) This ..... unique case.
Answer: a
c) I am good..... English.
Answer: at
d) The monkey climbed.... the mango tree.
Answer: up
e) He has been ill..... Sunday Last.
Answer: since

০৭। **Translate to English:**

ক) পাখি গান গায়।
⇨ Birds sing.
খ) সততাই মহৎ গুণ।
⇨ Honesty is great/novel virtue.
গ) সে বড় হচ্ছে।
⇨ He is growing up.
ঘ) মুষলধারে বৃষ্টি হচ্ছে।
⇨ It is raining cats and dogs.
ঙ) গরু ঘাস খেয়ে বাঁচে।
⇨ The cow lives on grass

০৮। **Correct the following sentences:**

a) I am fond for my father.
⇨ I am fond of my father.
b) The man is mortal.
⇨ Man is mortal.
c) The ship drowned.
⇨ The ship sank

d) He learns the poem by memory.
⇨ He learns the poem by heart
e) Ill news run fast.
⇨ Ill news runs fast.

০৯। **Write 5 sentences about "Kaptai Lake"**

Kaptai Lake

Kaptai Lake is the largest man-made lake in Bangladesh, situated in the Rangamati district of the Chittagong Hill Tracts. It was created in 1960 by constructing a dam on the Karnaphuli River for a hydroelectric power project. This lake plays a significant role in electricity generation, irrigation, and fisheries, contributing to the local economy. Its natural beauty and serene environment make it a popular tourist destination. Visitors often enjoy boat rides, sightseeing, and experiencing the unique culture of the indigenous communities living around the lake.

গণিত-২০

১০। **উৎপাদকে বিশ্লেষণ করুন: $x^2-9x+20$**

সমাধান $x^2-9x+20$
$= x^2-5x-4x+20$
$= x(x-5)-4(x-5)$
$= (x-5)(x-4)$ **(Answer)**

১১। **আপেলের দাম ২৫% বৃদ্ধি পাওয়ায় এর ব্যবহার কত হ্রাস করলে খরচ অপরিবর্তিত থাকবে?**

সমাধান ২৫% বৃদ্ধি পাওয়ায় বর্তমান মূল্য = ১২৫ টাকা
বর্তমান মূল্য ১২৫ টাকা হলে পূর্বমূল্য ১০০ টাকা
" " ১ " " " $\frac{১০০}{১২৫}$ "
" " ১০০ " " $\frac{১০০ \times ১০০}{১২৫}$ "
= ৮০ টাকা

∴ আপেলের ব্যবহার শতকরা কমাতে হবে = (১০০ − ৮০)%
= ২০%

উত্তর: ২০%।

বিকল্প সমাধান:
২৫% বৃদ্ধিতে বর্তমান মূল্য = ১২৫ টাকা
মূল্য বৃদ্ধি পায় = (১২৫ − ১০০) টাকা = ২৫ টাকা
১২৫ টাকায় কমাতে হবে ২৫ টাকা
১ " " " $\frac{২৫}{১২৫}$ "
১০০ " " " $\frac{২৫ \times ১০০}{১২৫}$ " = ২০ টাকা

উত্তর: ২০%।

১২। **যদি $a+\frac{1}{a}=3$ হয়, দেখাও যে, $a^3+\frac{1}{a^3}=18$**

সমাধান L.H.S $= a^3+\frac{1}{a^3}$
$= a^3+\left(\frac{1}{a}\right)^3$
$= \left(a+\frac{1}{a}\right)^3-3\times a\times\frac{1}{a}\left(a+\frac{1}{a}\right)$
$= (3)^3-3\times 3$
$= 27-9$
$= 18$
$=$ R.H.S

১৩। **একটি সমদ্বিবাহু সমকোণী ত্রিভুজের অতিভুজের দৈর্ঘ্য ১০ সে. মি.। ত্রিভুজটির ক্ষেত্রফল কত?**

সমাধান সমান সমান বাহুর দৈর্ঘ্য ক হলে,
পিথাগোরাসের সূত্র অনুযায়ী,
$ক^২+ক^২ = ১০^২$
বা, $২ক^২ = ১০০$
বা, $ক^২ = ৫০$
$\therefore ক = ৫\sqrt{২}$

সমকোণী ত্রিভুজের ক্ষেত্রফল $= \frac{১}{২}\times$ ভূমি $\times$ উচ্চতা
$= \frac{১}{২}\times ৫\sqrt{২}\times ৫\sqrt{২}$
$=$ ২৫ বর্গ সে.মি

উত্তর: ২৫ বর্গ সে.মি

সাধারণ জ্ঞান-২০

১৪। রাঙ্গামাটি জেলায় একমাত্র ভূ-উপগ্রহ কেন্দ্র কোথায় অবস্থিত?
উত্তর: বেতবুনিয়ায়

১৫। জাতীয় সংসদ ভবনের স্থপতি কে?

উত্তর: লুই আই কান

১৬। রাঙ্গামাটি জেলা ঘোষিত হওয়ার পূর্ব নাম কি ছিল?
উত্তর: কার্পাস মহল

১৭। রাঙ্গামাটি জেলা পরিষদ কত তারিখে গঠন করা হয়?
উত্তর: ২৬ ফেব্রুয়ারি ১৯৮৯

১৮। বাংলাদেশের প্রাচীনতম নগরের নাম কী?
উত্তর: পুণ্ড্র

১৯। পলাশীর যুদ্ধ হয় কত সালে?
উত্তর: ২৩ জুন ১৭৫৭

২০। বাংলার শেষ স্বাধীন নবাবের নাম কী?
উত্তর: সিরাজউদ্দৌলা

২১। বাংলাদেশের বৃহত্তম বিলের নাম কী?
উত্তর: চলন বিল

২২। বিশ্বের বৃহত্তম সমুদ্র সৈকত কোথায় অবস্থিত?
উত্তর: কক্সবাজার

২৩। বাংলাদেশের প্রথম ইকো পার্ক কোথায় অবস্থিত?
উত্তর: সীতাকুন্ডের চন্দ্রনাথ পাহাড়ে

২৪। বাংলাদেশের পর্যটন রাজধানীর নাম কী?
উত্তর: কক্সবাজার

২৫। বিশ্বের বৃহত্তম ম্যানগ্রোভ অরণ্য কোথায় অবস্থিত?
উত্তর: বাংলাদেশ (সুন্দরবন)

২৬। জাপানের মুদ্রার নাম কী?
উত্তর: ইয়েন

২৭। পৃথিবীর সর্বোচ্চ বুদ্ধমূর্তিটি কোথায় অবস্থিত?
